বসুমতী-শাস্ত্র-প্রচার

শিবাবতার

# শঙ্করাচার্য্যের গ্রন্থমালা

শ্রীমদ্‌যতীশ্বর-শঙ্করাচার্য্য প্রণীত গ্রন্থসমূহের সমাবেশ

[ প্রথম খণ্ড ]

নানাশাস্ত্র-পরমাচার্য্য-পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন সম্পাদিত

শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় প্রকাশিত

অষ্টম সংস্করণ

১৬৬নং বহুবাজার ষ্ট্রীট, বসুমতী-বৈদ্যুতিক-রোটারী-মেসিন-যন্ত্রে
শ্রীপূর্ণচন্দ্র মুখোপাধ্যায় মুদ্রিত।

মূল্য ২৲ দুই টাকা।

# সূচীপত্র

## স্তোত্রভাগ

---

## অনুমতি বা আদেশভাগ



---

প্রথমখণ্ডের সূচীপত্র সমাপ্ত।

# ভূমিকা

'শঙ্করাচার্য্য-গ্রন্থমালা' বসুমতীর প্রতিষ্ঠাতা স্বর্গীয় উপেন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্তৃক সম্পাদিত হইয়া অনুমান ১৩০১ সালে প্রকাশিত হয়। শ্রীরঙ্গমের শঙ্কর-গ্রন্থমালার প্রচার এ দেশে তখন হয় নাই। শ্রীশঙ্করচার্য্যভগবৎকৃত বহুগ্রন্থের সমাবেশ গ্রন্থমালায় ছিল। সংগ্রাহকের অনবধানতায় শঙ্করাচার্য্যকৃত নহে, এমন দুইখানি গ্রন্থও এই সংস্করণে সংযোজিত ছিল, ১। 'আত্মজ্ঞান-কথন' (পূর্ব্ব সংস্করণে পৃঃ ৭৮) তাহার প্রারম্ভেই আছে 'আত্মজ্ঞানং প্রবক্ষ্যামি শৃণু নারদ তত্ত্বতঃ'। বলা বাহুল্য, ভগবান্ শঙ্করাচার্য্য, ভগবান্ বেদব্যাসেরও উপদেষ্টা দেবর্ষি নারদকে আত্মজ্ঞান উপদেশ দেন নাই। ২। 'হরিনাম-মালাস্তোত্র'—ইহা বলিরাজ-কৃত; স্তোত্রান্তে আছে—

হরিনামকৃতা মালা পবিত্রা পাপনাশিনী।
বলি-রাজেন্দ্রেণ চোক্তা কণ্ঠে ধার্য্যা প্রযত্নতঃ॥

আমরা এই সংস্করণে উক্ত ২টি স্তোত্র বর্জ্জন করিতে বাধ্য হইয়াছি।

শঙ্করাচার্য্য-রচিত এমন অনেকগুলি গ্রন্থই আছে, যাহা স্তোত্র নহে,—আদেশ অথবা উপদেশস্বরূপ। আদেশ গ্রন্থও উপদেশই বটে, কিন্তু কিছু প্রভেদ আছে। আদেশ গ্রন্থে 'কুরু'—কর বা 'মা কুরু'—করিও না—ইত্যাদি বিশেষভাবের অনুজ্ঞা থাকে—এবং তাহাই সেই গ্রন্থের প্রাণস্বরূপ। উপদেশগ্রন্থে বিধি থাকিতে পারে, কিন্তু ইহা বিশেষভাবে প্রদত্ত বা উপদেশগ্রন্থের প্রাণস্বরূপ নহে। প্রশ্নোত্তর-রূপে, গুরু-শিষ্য সংবাদরূপে, নিজ অভিমতরূপে অথবা সংক্ষিপ্ত শাস্ত্রার্থ সংগ্রহ (প্রকরণ) রূপেই উপদেশ-গ্রন্থসমূহ রচিত। আদেশ ও উপদেশ গ্রন্থের মধ্যে কয়েক-খানি স্তোত্র নামেই পূর্ব্ব পূর্ব্ব সংস্করণে উল্লিখিত হইয়াছে, এবারে তাহার পরিবর্ত্তন সাধিত হইয়াছে, যথা ধন্যাষ্টক-স্তোত্র, দ্বাদশপঞ্জরিকা-স্তোত্র, চর্পটপঞ্জরিকা-স্তোত্র ইত্যাদি; এগুলি কোন দেবদেবীর স্তোত্র নহে, তাহা পাঠ করিবামাত্রেই বুঝা যায়। শঙ্করাচার্য্যকৃত বলিয়া প্রসিদ্ধ কয়েকটি স্তোত্র পূর্ব্ব-সংস্করণে যোজিত হয় নাই, এবারে তাহার যোজনা করা হইয়াছে। যথা—হনুমৎপঞ্চরত্ন, গণেশপঞ্চরত্ন, ভ্রমরা-ষ্টক, বিষ্ণুপাদাদি কেশান্তস্তোত্র প্রভৃতি। সকল স্তোত্রেরই অনুবাদ প্রদত্ত হইয়াছে। তদ্ভিন্ন—আবশ্যকমত ব্যাখ্যা, সংস্কৃত টীকা বা পাদটীকা

প্রদত্ত হইয়াছে। বহু স্তোত্রই পণ্ডিতগণের পক্ষেও সহজবোধ্য নহে, তাঁহাদিগেরই জন্য সংস্কৃত টীকা। অত্রত্য স্তোত্রসংখ্যা (৫২) এই গ্রন্থমালায় আনন্দলহরীস্তোত্র এবং আনন্দলহরী দু'টি নামের দুইটি স্তব আছে। 'আনন্দলহরী-স্তোত্র' এ দেশে প্রাচীন পণ্ডিতগণের মধ্যে প্রচারিত ছিল না। এই স্তোত্র আকারেও ক্ষুদ্র। 'আনন্দলহরী' সুপ্রসিদ্ধ। এই আনন্দলহরীর অন্যূন ৪৫০ বৎসর পূর্ব্বেকার সময়াচার-সম্মত প্রাচীন টীকা ও তদীয় মর্ম্মানুবাদ এইবারে প্রদত্ত হইয়াছে, তৎসঙ্গে পূর্ব্ব-সংস্করণের টীকা ও অনুবাদ ত' আছেই। আনন্দলহরীর এই প্রাচীন টীকা বাঙ্গালায় মুদ্রিত হয় নাই, ৫০ বৎসর পূর্ব্বে মহীশূরে একবার মুদ্রিত হইয়াছিল, এক্ষণে আর প্রাপ্ত হওয়া যায় না। টীকাকারের নাম লক্ষ্মীধর। তিনি মহাপ্রভুর কৃপাপাত্র উৎকলাদি দক্ষিণদেশাধিপতি সুপ্রসিদ্ধ প্রতাপরুদ্রের সভাপণ্ডিত, সময়াচারী ও বহুগ্রন্থ-রচয়িতা। তাঁহার ঊর্দ্ধতন সপ্তম পুরুষ পর্য্যন্ত সকলেই বিখ্যাত পণ্ডিত ও গ্রন্থকার। বাঙ্গালী তান্ত্রিক সাধক অচ্যুতানন্দকৃত ব্যাখ্যা ও তাহার অনুবাদ স্থানে স্থানে কিঞ্চিৎ সংশোধিত হইয়া এই সংস্করণেও আনন্দলহরীতে সংযোজিত হইয়াছে। এই আনন্দলহরীর নামান্তর সৌন্দর্য্যলহরী। টীকাকার লক্ষ্মীধরকৃত পাঠের সহিত বাঙ্গালায় প্রচলিত পাঠের প্রভেদ অনেক স্থলে আছে। পাদটীকাকারে পাঠভেদ উদ্ধৃত হইয়াছে। 'লক্ষ্মীধরের' নাম বা 'ল' সঙ্কেত ঐ সব পাঠে আছে। অন্যরূপ পাঠভেদও ক্বচিৎ উল্লিখিত হইয়াছে।

এ খণ্ডে যে কতিপয় স্তোত্র যোজিত হয় নাই, তাহা প্রকীর্ণকভাগে বা শেষ খণ্ডে প্রদত্ত হইবে। আদি অন্তে স্তোত্রপাঠ কল্যাণেরই হেতু। পূর্ব্বে বসুমতী সাহিত্য-মন্দির হইতে যে 'শঙ্করাচার্য্য-গ্রন্থমালা' প্রকাশিত হইয়াছিল, তাহা সংশোধিত এবং আবশ্যকমতে পরিবর্জ্জিত, পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়া প্রথম খণ্ড নামে প্রকাশিত হইল। অবশিষ্ট অংশ অপর খণ্ডে প্রকাশিত হইবে। প্রথম খণ্ডের প্রথম স্তোত্রভাগ, তৎপরে আদেশভাগ আছে। তৎপরে উপদেশভাগ প্রকীর্ণক ভাগের গ্রন্থাবলী এবং লঘুভাষ্য-ভাগ—হস্তামলকভাষ্য, বিষ্ণুসহস্রনামভাষ্য, ললিতা ত্রিশতী ভাষ্যাদি দ্বিতীয় ও তৃতীয় খণ্ডে প্রকাশিত হইবে। উপনিষদ্ ভাষ্য ও শারীরক ভাষ্য ব্যতীত আর যত কিছু শাঙ্করগ্রন্থ—সমস্তই এই শঙ্করাচার্য্য-গ্রন্থমালার এক একটি পারিজাত সদৃশ পুষ্প।

আদেশগ্রন্থ—মঠাম্নায়, মোহমুদ্গর, দ্বাদশপঞ্জরিকা, চর্পটপঞ্জরিকা, এবং সাধন-পঞ্চক। যোগতারাবলি, বাক্যবৃত্তি ও প্রৌঢ়ানুভূতি অনুজ্ঞাবাক্যযুক্ত হইলেও সেই অনুজ্ঞাই উহার প্রাণস্বরূপ নহে, ঐ গ্রন্থগুলি উপদেশগ্রন্থমধ্যেই গ্রহণীয়।

এক্ষণে আদেশগ্রন্থ বিষয়ে আবশ্যক বোধে কিঞ্চিৎ আলোচনা করিতেছি।

১। মঠাম্নায়।—এক্ষণে যে 'মঠাম্নায়' প্রসিদ্ধিলাভ করিয়াছে, তাহা মূলতঃ ভগবান্ শঙ্করাচার্য্যের। বোধ হয়, গ্রন্থখানি খণ্ডিত, পূর্ণগ্রন্থ প্রাপ্তির সম্ভাবনাই নাই। কারণ, ভগবান্ শঙ্করাচার্য্য—চারিটি নহে, পাঁচটি মঠ যে স্থাপন করিয়াছিলেন, প্রচলিত মঠাম্নায় হইতেই তাহার ইঙ্গিত পাওয়া যায়। কি ইঙ্গিত, তাহা পরে বলিব। এক্ষণে সেই মঠ, তাহার স্থানাদি নির্দ্দেশ ও তাহার বিলোপাদি বৃত্তান্ত প্রকাশ করিতেছি। অপর মঠের নাম সুমেরু মঠ। কাশীধামে তাহার স্থান; তাহাই প্রধান মঠ।' এখনও তাহার অস্তিত্ব বিলুপ্ত হয় নাই, কিন্তু মঠাম্নায় হইতে—তাহার অস্তিত্ব চিরতরে বিলুপ্ত হইয়াছে। *

আমার মনে হয়, বর্ত্তমান সময়ে ক্ষেমেশ্বর ঘাটের পশ্চিমে মহাবীর মন্দিরের সমীপে যে শৃঙ্গেরির শাখা-মঠ আছে, তাহাই সুমেরু মঠের পুরাতন পীঠ ছিল। মহারাজ মানসিংহের সময়েও সুমেরু মঠের আসন ঐ পীঠেই ছিল। তৎপরে, এক শঙ্করাচার্য্য আনুমানিক ২৫০ বৎসর পূর্ব্বে বামমার্গ অবলম্বন করেন, প্রকাশ, সেই পথে তিনি সিদ্ধিলাভ করেন। তাঁহার বিভূতিদর্শনে অনেকেই তাঁহার শিষ্যত্ব গ্রহণ করে। ভগবান্ শঙ্করাচার্য্যের বিশুদ্ধ সম্প্রদায়ে শ্রীচক্রপূজা থাকিলেও তাহা শ্রৌতমতে সম্পাদিত হইয়া থাকে; বামমার্গের সহিত তাহার সম্বন্ধ নাই। কাশীর সুমেরু মঠের—অর্থাৎ সর্ব্বপ্রধান মঠের আচার্য্যের এইরূপ বিপর্য্যয়ে শ্রীশঙ্করাচার্য্য-মণ্ডলে—অতীব বিক্ষোভ উপস্থিত হইল। খুব সম্ভব, শৃঙ্গেরি মঠের প্রভাব সুমেরু মঠের সদৃশই ছিল। সেই মঠাধীশের সহিত বিচার-ফলেই হউক, বা তৎপ্রবর্ত্তিত রাজকীয় নিয়োগেই হউক, তাৎকালিক সুমেরু মঠাধীশ "অন্যথারূঢ় পীঠোঽপি নিগ্রহার্হো মনীষিণাম্" (মঠাম্নায়—মহানুশাসন ১০ শ্লোক) নিয়মানুসারে পীঠচ্যুত হইলেন। তিনি সুপণ্ডিত, বহুশিষ্যমণ্ডিত, প্রতিষ্ঠাবান্ আচার্য্য ছিলেন, তাঁহার পীঠচ্যুতি অর্থে সুমেরু মঠের যে সকল সম্পত্তি ছিল, তাহা হইতে চ্যুতি, কিন্তু তিনি তাঁহার পাণ্ডিত্যের উপকরণ পুস্তকসমূহ, শ্রীযন্ত্র ও ভগবান্ শঙ্করাচার্য্যের পাদুকাসহ যখন নির্গত হইলেন, তখন তাঁহাকে শ্রীযন্ত্র, পাদুকা ও পুস্তকাবলী হইতে বঞ্চিত করিতে কেহ সাহসী হয়েন নাই। তিনি পূর্ব্ব-মঠ হইতে নিষ্ক্রান্ত হইয়া শিষ্যমণ্ডলী-প্রদত্ত অর্থসাহায্যে নূতন সুমেরু মঠ স্থাপন করিলেন। সেই মঠ পরবর্ত্তী আচার্য্যের সময় সুগঠিত হয়, এখন তাহা গণেশ মহল্লায়

---

* সুমেরু মঠের অর্থাৎ গুরুস্বামীর মঠের বর্ত্তমান আচার্য্য বলেন, "সুমেরু মঠ শারদামঠের শাখা।"

গুরুস্বামীর মঠ নামে প্রসিদ্ধ। এই মঠের কোন পীঠাধীশ কাশী-নরেশের তান্ত্রিক দীক্ষাগুরু হইয়াছিলেন। যাহাই হউক, নিষ্কাশিত আচার্য্যের নূতন মঠ স্থাপিত হওয়ায়, তাঁহার প্রভাবে পুরাতন সুমেরু পীঠ নিষ্প্রভ হইয়া গেল,—ইহাতে অন্যান্য পীঠাধীশগণ মিলিত হইয়া মঠাম্নায় হইতে সুমেরু মঠকে বহিষ্কৃত করিলেন। তাহাতে যে সকল দেশে সুমেরু মঠের তাৎকালিক আচার্য্যের সমধিক প্রভাব ছিল, তত্তাবতের নামও উঠিয়া গেল। আর পুরাতন সুমেরু মঠ শৃঙ্গেরির শাখা-মঠ নামে গৃহীত হইল। জ্যোতির্ম্মঠ বা জোশী মঠের আচার্য্যও সম্ভবতঃ পরে সুমেরু মঠাচার্য্য-বর্গের প্রভাবে বামমার্গ গ্রহণ করাতে তিনিও পীঠচ্যুত হয়েন, তাঁহার সম্পত্তি রাজকীয় অধিকারভুক্ত হয়। কিন্তু তাঁহার সম্প্রদায়ের প্রভাবেই হউক বা অন্য কারণেই হউক, তথায় শুদ্ধমঠ আর স্থাপিত হয় নাই। 'মঠাম্নায়' পুনঃ সঙ্কলনের পরে জ্যোতির্ম্মঠের অস্তিত্ব বিলুপ্ত হইয়াছে, ইহাও মনে হয়। আমার অনুমিত এই বৃত্তান্তের ঐতিহাসিক প্রমাণ বিশেষভাবে অনুসন্ধেয়, পোষক প্রমাণ আমি যেটুকু জানিতে পারিয়াছি, তাহা এই—

(১) কাশী সারনাথ, বৌদ্ধ ধর্ম্মের অন্যতম প্রধান স্থান ছিল, কাশীর লুপ্ত গৌরব উদ্ধারের জন্য ভগবান্ আচার্য্যের বহু আয়াসের কিংবদন্তী সুপ্রসিদ্ধ। সেই আচার্য্য, বৌদ্ধপ্লাবিত অঙ্গ বঙ্গ মগধকে গোবর্দ্ধন পীঠের শাসনাধীন করিলেন, কিন্তু কাশী অঞ্চলের নামমাত্রও করিলেন না; মধ্যদেশ, ব্রহ্মর্ষি দেশের নামও করিলেন না; প্রয়াগ অযোধ্যা মথুরা প্রভৃতি স্থান—যাহা বর্ত্তমানে ইউ, পি বলিয়া অভিহিত, তাহার বহুলাংশের নামই কোন পীঠের বিভাগমধ্যে নিবেশিত হয় নাই, প্রকাশিত মঠাম্নায় পাঠ করিলেই বুঝিবেন; কিন্তু ইহা একান্ত অসঙ্গত।

(২) পুরীধামের ন্যায় বা তদপেক্ষা অধিকতর প্রাচীন ও প্রসিদ্ধ বিদ্যাপীঠ কাশীধামে একটি প্রধান মঠ যে স্থাপিত হইয়াছিল, তাহাতে সংশয় করিবার কারণ আমি স্থির করিতে পারিতেছি না। তদধীন দেশসমূহ কিয়দংশে অপর মঠাধীশগণ বিভাগ করিয়া লইলেও সুমেরু মঠের তাৎকালিক আচার্য্যের প্রভাবভুক্ত দেশগুলির উল্লেখ পূর্ব্বক বিভাগ করিয়া লইলে প্রদেশব্যাপী গোলযোগের সৃষ্টি হইবার আশঙ্কায় তাহা হইতে বিরত হয়েন, ইহা অনুমান হয়।

(৩) আমি বিশ্বস্তসূত্রে শুনিয়াছি, মহারাজ মানসিংহের এক দানপত্রে মানসরোবরের সীমামধ্যে অগ্নিকোণে সুমেরু মঠের উল্লেখ আছে। (এই দানপত্র নাকি জঙ্গম স্বামীর অধীনে আছে)। বর্ত্তমান সুমেরু মঠ মানসরোবর হইতে অনেক দূরে এবং উত্তর দিকে। আর শৃঙ্গেরি শাখা-মঠ অগ্নিকোণেই আছে।

( ৪ ) গোবর্দ্ধন মঠে ভগবান্ শঙ্করাচার্য্যের যেমন মর্ম্মর-প্রস্তরময় মূর্ত্তি আছেন, কাশীর শৃঙ্গেরি শাখা-মঠমধ্যেও ঠিক সেইরূপ মূর্ত্তি।

( ৫ ) বর্ত্তমান সুমেরু মঠে আচার্য্যের পাদুকা এখনও আছে; কিন্তু মূর্ত্তি নাই।

( ৬ ) দুর্লভ পুস্তকাবলি বর্ত্তমান মঠাধীশের পূর্ব্ববর্ত্তী কোন স্বামী—বহুমূল্যে ইউরোপে বিক্রয় করিয়াছেন, তাহার সাক্ষী এখনও বর্ত্তমান আছেন।

( ৭ ) মঠ বিষয়ে আরও কতিপয় গ্রন্থ আছে, তন্মধ্যে ২।১ খানি গ্রন্থে সুমেরু মঠের ও তাহার অধীন দেশ-সমূহের উল্লেখ আছে। ৺তারকেশ্বরের মোকর্দ্দমার সময়ে সেই গ্রন্থ সুমেরু মঠ হইতে আনীত হয়, তাহার নাম আমার ঠিক স্মরণ নাই। কিন্তু সুমেরু মঠের বর্ত্তমান আচার্য্যের মত এই বৃত্তান্তের অনুকূল নহে। তিনি বলিয়াছেন, সুমেরু মঠ—শাখা শারদা মঠ। যাহা হউক, আমি যাহা সম্ভাবনা করিয়াছি, তাহার তথ্য নির্ণয় আবশ্যক।

ফলতঃ ৺কাশীধামে যে ভগবান্ শঙ্করাচার্য্যের এক প্রধান পীঠ ছিল—তাহাতে আমি অনেকটা নিঃসন্দেহ। 'মঠাম্নায়ে' তাহার কোন উল্লেখ না থাকায় ইহা যে খণ্ডিত, সে বিষয়েও আমার সন্দেহ নাই। তথাপি যখন অপূর্ণ হর্ষচরিতও বাণ-ভট্টের কীর্ত্তি-রক্ষক বলিয়া আদৃত, তখন খণ্ডিত মঠাম্নায়ই বা আচার্য্যের অনু-শাসন-রক্ষক বলিয়া আদৃত না হইবে কেন? এই হিসাবেই আমরা তাহার আদর করি। কিন্তু এই খণ্ডিত মঠাম্নায় ভাষার তুলনা করিলে আচার্য্য শঙ্করের রচিত বলিতে প্রবৃত্তি হয় না, তাঁহারই কথাগুলি—তাঁহারই প্রতিষ্ঠিত বিধান গুলি যদি পরে অন্য কাহারও দ্বারা লিপিবদ্ধও হইয়া থাকে—তথাপি বিধান-রচয়িতারূপে আচার্য্য দেবের মৌলিক সম্বন্ধ যে এ গ্রন্থে আছে, তাহা ত' অস্বীকার করিবার উপায় নাই। সেই কারণে ভগবানের ধর্ম্মরক্ষার্থ প্রকৃষ্ট মঠ বিষয়ে বিশেষ ভাবের আদেশ মঠাম্নায়কে প্রথম আসন প্রদান করিয়াছি।

২। মোহমুদ্গর। 'বাণীবিলাসের প্রকাশিত এক মোহমুদ্গরই—তিনখানি পুস্তিকার সমষ্টি অর্থাৎ দ্বাদশপঞ্জরিকা ও চর্পটপঞ্জরিকা সেই মোহমুদ্গরের অন্তর্গত; উহাদিগের পৃথক্ অস্তিত্ব নাই। কিন্তু বাঙ্গালা ও অন্য কতিপয় প্রদেশে তিনখানি গ্রন্থেরই নাম নির্দ্দেশ আছে। যদিচ এই তিনখানি গ্রন্থের মধ্যে মোহমুদ্গর ও দ্বাদশপঞ্জরিকার অনেক পদ্য একেবারেই অভিন্ন, তথাপি কয়েকটি শ্লোক: উভয় গ্রন্থেই ভিন্ন ভিন্ন।

শিষ্যভেদে আদেশের বা আজ্ঞার আকার-ভেদ হওয়া বিচিত্র নহে।

'মোহমুদ্গর, গুরুভক্ত শিষ্যের প্রতি প্রদত্ত আদেশ বা উপদেশ; দ্বাদশপঞ্জরিকা শুশ্রূষু শিষ্যের প্রতি গুরুভক্ত হইবার আদেশ। আর চর্পটপঞ্জরিকা ভক্তি ও জ্ঞানের সমন্বয়ার্থ উপদেশ। মোহমুদ্গরে ষোড়শ শ্লোক, দ্বাদশপঞ্জরিকায় দ্বাদশ শ্লোক, ইহা গ্রন্থকারের রচনাতেই প্রকাশিত আছে, মোহমুদ্গরের অন্তিম শ্লোক 'ষোড়শ' পজ্ঝটিকাভিরশেষঃ' আর দ্বাদশপঞ্জরিকার অন্তে 'দ্বাদশপঞ্জরিকাময় এষঃ'! অতএব ঐ দুইখানি গ্রন্থ এক হইতে পারে না। বাণীবিলাস সংস্করণে 'ষোড়শপজ্ঝটিকাভিঃ' 'দ্বাদশপঞ্জরিকাময়ঃ' এই দুইটি শ্লোক পরিত্যক্ত হইয়াছে। বাণীবিলাস মুদ্রিত মোহমুদ্গরের শ্লোকসংখ্যা ৩১টি মাত্র, কিন্তু ঐ দুইটি শ্লোক স্বীকার করিলে কেবল 'মোহমুদ্গর' নাম ব্যবহার করা যায় না। আমরা বহুদেশপ্রসিদ্ধি অনুসারে গ্রন্থত্রয় মানিয়া লইয়াছি। মোহমুদ্গর যথার্থ নাম— এই নাম-যাথার্থ্য রক্ষার জন্য এবং পূর্ব্ব-মুদ্রিত গ্রন্থমালায় মোহমুদ্গরে আদেশ বা উপদেশাত্মক পদ্য ১৫টি মাত্র ছিল—সেই ন্যূনতা পূরণের জন্য—বাণীবিলাসের একটি শ্লোক ইহাতে যোজিত হইয়াছ। কিন্তু তাহাতে যে রচনা-রীতিক্রম-ভঙ্গ ছিল, তাহা লিপিকরপ্রমাদমূলক বলিয়া সংশোধন করিয়া নিবেশিত করা হইয়াছে। পাদটীকা সহ ষোড়শ শ্লোকটি পাঠ করিলেই সমস্ত হৃদয়ঙ্গম হইবে। বাণীবিলাসের মোহমুদ্গরে আর দুইটি শ্লোক অধিক ছিল—যাহা আমাদিগের মোহমুদ্গর, দ্বাদশপঞ্জরিকা ও চর্পটপঞ্জরিকাতে ছিল না, সে দুইটি শ্লোক চর্পটপঞ্জরিকাতে যোগ করিয়া দেওয়া হইল। পূর্ব্বেই বলিয়াছি, সর্ব্বসমেত বাণীবিলাস-মুদ্রিত মোহমুদ্গরের শ্লোকসংখ্যা ৩১। আমাদিগের মোহমুদ্গর প্রভৃতি তিনখানি গ্রন্থের শ্লোকসংখ্যা মোট ৪৯। তবে এতন্মধ্যে কয়েকটি শ্লোক—একাকার বা প্রায় একাকার।

৩। 'দ্বাদশপঞ্জরিকা' পূর্ব্ব-সংস্করণে 'দ্বাদশপঞ্জরিকা-স্তোত্র' এইরূপ নাম ছিল। আদেশ বলিয়া স্তোত্র নাম পরিত্যক্ত হইল। পঞ্জরশব্দের অর্থ শরীর-বন্ধ অস্থি। এই আদেশ গ্রন্থশরীরের দ্বাদশটি পদ্য দ্বাদশখানি অস্থি সদৃশ। ইহাই দ্বাদশপঞ্জরিকা নামের অর্থ।

৪। 'চর্পটপঞ্জরিকা'—ইহারও চর্পটপঞ্জরিকা-স্তোত্র নাম ছিল, একই কারণে স্তোত্র নাম পরিত্যক্ত হইল। এই আদেশ-গ্রন্থ—দেহের অস্থি অধিক এবং ব্যাপক,—জ্ঞান ও ভগবদ্‌ভক্তি দুইটি সাধনকে ব্যাপিয়া ইহা অবস্থিত, এই কারণে এবং সংখ্যাধিক্যেও বটে—পঞ্জরস্থলীয় পদ্যাবলি, চর্পট—স্ফার—বিস্তৃত। এই কারণে ইহার নাম চর্পটপঞ্জরিকা।

৫। সাধনপঞ্চক—বাণীবিলাস মুদ্রিত পুস্তকে ইহা 'উপদেশপঞ্চক' নামে উল্লিখিত।

অতঃপর উপদেশ গ্রন্থ; গ্রন্থমধ্যেই তত্তাবতের পরিচয় পাইবেন। ঐ সকল গ্রন্থের পূর্ব্ব-সংস্করণে যে অনুবাদ প্রদত্ত হইয়াছিল, তাহা পাঠকের ধারণা করিবার পক্ষে অধিক উপযোগী, এই কারণে ঠিক আক্ষরিক অনুবাদ না হইলেও বিশেষ পরিবর্ত্তন করা হয় নাই। বিশিষ্ট স্থান আবশ্যকমতে সংশোধন করা হইয়াছে। যে সকল গ্রন্থ নূতন সংগৃহীত, তাহার অনুবাদ ও ব্যাখ্যাদি সমগ্রই নূতন।

কাশীধাম,<br>ঝুলনপূর্ণিমা,<br>১৩৪১।

সম্পূরক—<br>শ্রীপঞ্চানন তর্করত্ন।

# শঙ্করাচার্য্য-গ্রন্থমালা

## প্রাতঃস্মরণস্তোত্র।

প্রাতঃ স্মরামি হৃদি সংস্ফুরদাত্মতত্ত্বং,
সচ্চিৎসুখং পরমহংসগতিং তুরীয়ম্।
যস্ত্ব প্রজাগর সুষুপ্তমবৈতি নিত্যং,
তদ্‌ব্রহ্ম নিষ্কলমহং ন চ ভূতসঙ্ঘঃ ॥ ১ ॥

**অনুবাদ**।—আমি হৃদয়ে স্ফুরিত, সচ্চিদানন্দ, পরমহংসগণের গতিস্বরূপ, (জাগ্রৎস্বপ্ন-সুষুপ্তির অতীত বলিয়া) তুরীয়, আত্মতত্ত্ব (নিজস্বরূপ) প্রাতঃকালে স্মরণ করিতেছি,—আমি জাগ্রৎ-স্বপ্ন-সুষুপ্তির নিত্য দ্রষ্টা, অখণ্ড ব্রহ্মচৈতন্য; ভূত-সঙ্ঘ অর্থাৎ দেহাদি আমি নহি ॥ ১ ॥

প্রাতর্ভজামি মনসাং বচসামগম্যং,
বাচো বিভান্তি নিখিলা যদনুগ্রহেণ।
যন্নেতি নেতি বচনৈর্নিগমা অবোচং-
স্তং দেবদেবমজমচ্যুতমাহুরগ্র্যম্ ॥ ২ ॥

**অনুবাদ**।—মনোদ্বারা ও বাক্য দ্বারা যাঁহাকে জানিতে পারা যায় না, যাঁহার প্রসাদে বাক্য-সকল প্রকাশ পায়, বেদ-সকল "নেতি নেতি" বাক্য দ্বারা যাঁহার বর্ণন করেন এবং দেবদেব, অজ, অচ্যুত, সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া থাকেন, প্রভাতকালে আমি তাঁহাকে ভজনা করি ॥ ২ ॥

প্রাতর্নমামি তমসঃ পরমর্কবর্ণং,
পূর্ণং সনাতনপদং পুরুষোত্তমাখ্যম্।
যস্মিন্নিদং জগদশেষমশেষমূর্ত্তৌ,
রজ্জ্বাং ভুজঙ্গম ইব প্রতিভাসিতং বৈ ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি তমোগুণের অতীত অর্থাৎ তমোগুণ যাঁহাকে আশ্রয়

করিতে সমর্থ নহে, সূর্য্যের ন্যায় যাঁহার জ্যোতিঃ, যিনি পূর্ণ, সনাতনপদ ও পুরুষোত্তম নামে কীর্ত্তিত, রজ্জুতে সর্পের ন্যায় অশেষমূর্ত্তিধারী, যাঁহাতে এই নিখিল জগৎসংসার অবভাসিত হয়, প্রভাতকালে পুরুষোত্তম আখ্যায় আখ্যাত সেই পূর্ণ সনাতন বস্তুকে প্রণাম করি ॥ ৩ ॥

শ্লোকত্রয়মিদং পুণ্যং লোকত্রয়বিভূষণম্।
প্রাতঃকালে পঠেদ্‌যস্তু স গচ্ছেৎ পরমং পদম্ ॥ ৪ ॥

ইতি প্রাতঃস্মরণস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—এই পবিত্র শ্লোকত্রয় ত্রিলোকের অলঙ্কারস্বরূপ। প্রভাত-কালে যে ইহা পাঠ করিবে, তাহার পরমপদলাভ হইবে ॥ ৪ ॥

প্রাতঃস্মরণ-স্তোত্র সমাপ্ত।

## গঙ্গাস্তোত্র।

শ্রীগঙ্গায়ৈ নমঃ।

দেবি সুরেশ্বরি ভগবতি গঙ্গে, ত্রিভুবনতারিণি তরলতরঙ্গে।
শঙ্করমৌলিবিহারিণি বিমলে, মম মতিরাস্তাং তব পদকমলে ॥ ১ ॥

**অনুবাদ।**—দেবি গঙ্গে! তুমি অমরবৃন্দেরও ঈশ্বরী, ভগবতি! তুমি ত্রিভুবন পরিত্রাণ কর, তুমি তরলতরঙ্গময়ী এবং মহেশ্বরের মস্তকে বিহার করিতেছ, তোমাতে কোনরূপ মলসম্পর্ক নাই। জননি! তোমার পাদপদ্মে আমার চিত্ত নিরত থাকুক ॥ ১ ॥

ভাগীরথি সুখদায়িনি মাত-স্তব জলমহিমা নিগমে খ্যাতঃ।
নাহং জানে তব মহিমানং, পাহি কৃপাময়ি! মামজ্ঞানম্ ॥ ২ ॥

**অনুবাদ।**—দেবি! ভগীরথ তোমাকে ব্রহ্মধাম হইতে ভূলোকে আনিয়াছিলেন, তুমি সর্ব্বপ্রাণীকে সুখ প্রদান করিয়া থাক। মাতঃ! তোমার মাহাত্ম্য নিগমেও পঠিত আছে, আমি তোমার মহিমা কিছু জানি না, তুমি এ অজ্ঞানকে পরিত্রাণ কর ॥ ২ ॥

হরিপদপদ্মতরঙ্গিণি গঙ্গে, হিমবিধুমুক্তাধবলতরঙ্গে।
দূরীকুরু মম দুষ্কৃতিভারং, কুরু কৃপয়া ভবসাগরপারম্ ॥ ৩ ॥

**অনুবাদ ঃ**—গঙ্গে! তুমি শ্রীহরির পাদপদ্মসম্ভূতা নদী। দেবি! তোমার তরঙ্গ সকল হিমরাশি, চন্দ্র ও মুক্তার ন্যায় শ্বেতবর্ণ। তুমি কৃপা পূর্ব্বক আমার পাপরাশি দূরীকৃত করিয়া আমাকে সংসারসাগরের পারে উত্তীর্ণ কর ॥ ৩ ॥

তব জলমমলং যেন নিপীতং, পরমপদং খলু তেন গৃহীতম্।
মাতর্গঙ্গে! ত্বয়ি যো ভক্তঃ, কিল তং দ্রষ্টুং ন যমঃ শক্তঃ ॥ ৪ ॥

**অনুবাদ ঃ**—দেবি! যে ব্যক্তি তোমার জল পান করিয়াছে, সে পরম-পদ পাইয়াছে। গঙ্গে! যে মানুষ তোমাকে ভক্তি করিয়া থাকে, কদাচ শমন তাহাকে দর্শন করিতে পারে না অর্থাৎ তোমার ভক্তগণ যমপুরে না যাইয়া বৈকুণ্ঠে প্রস্থান করিয়া থাকে ॥ ৪ ॥

পতিতোদ্ধারিণি জাহ্নবি গঙ্গে, খণ্ডিতগিরিবরমণ্ডিতভঙ্গে।
ভীষ্মজননি জয় মুনিবরকন্যে, নর-নরকান্তে * ত্রিভুবনধন্যে ॥ ৫ ॥

**অনুবাদ ঃ**—দেবি গঙ্গে! তুমি পতিত জনকে পরিত্রাণ কর, পর্ব্বতপতি হিমালয় তোমার স্রোতে বিদীর্ণ হইয়া তোমার তরঙ্গকে অলঙ্কৃত করিতেছে। তুমি ভীষ্মের জননী এবং জহ্নু মুনির কন্যা, তুমি নরকান্তকারিণী, ত্রিভুবনে তুমিই ধন্যা। তোমার জয় ॥ ৫ ॥

কল্পলতামিব ফলদাং লোকে, প্রণমতি যস্ত্বাং ন পততি শোকে।
পারাবার-বিহারিণি গঙ্গে, সুরবনিতা-কৃত-তরলাপাঙ্গে ॥ ৬ ॥

**অনুবাদ।**—দেবি! তুমি কল্পতরুর ন্যায় ফল প্রদান কর অর্থাৎ ভক্ত-বৃন্দ তোমার নিকট যাহা কামনা করে, তুমি তাহাই প্রদান করিয়া থাক। যে তোমাকে প্রণাম করে, সে কদাচ শোকে পতিত হয় না। দেবি! তুমি সমুদ্রের সহিত বিহার কর, ( তাই ) দেবরমণীগণ চঞ্চলকটাক্ষে তোমাকে দর্শন করেন। অর্থাৎ স্বর্গ পরিত্যাগ করিয়া যদি সমগ্রপ্রবাহই সমুদ্রের অঙ্কে অর্পণ কর, এই ভয়ে দেবরমণীগণের চঞ্চল কটাক্ষ তোমার প্রতি অর্পিত হয় ॥ ৬ ॥

* 'নরকনিবারিণি ত্রিভুবন' এই পাঠে ছান্দোভঙ্গদোষ। কেহ কেহ বলেন, দ্রুতপাঠে তাহার পরিহার করিবেন। কিন্তু স্তবপাঠে ঐ প্রকার দ্রুতভাবে কর্ত্তব্য নহে।

তব চেন্মাতঃ স্রোতঃ-স্নাতঃ, পুনরপি জঠরে সোঽপি ন যাতঃ।
নরকনিবারিণি জাহ্নবি গঙ্গে, কলুষবিনাশিনি মহিমোত্তুঙ্গে ॥৭॥

**অনুবাদ।**—গঙ্গে! যে ব্যক্তি তোমার জলে স্নান করিয়াছে, পুনরায় সে জননী-জঠরে প্রবেশ করে না। হে জাহ্নবি! তুমি নরক নিবারণ কর এবং পাপরাশি নিবারণ করিয়া থাক, তোমার মাহাত্ম্য অতীব উচ্চ ॥ ৭ ॥

পুনরসদঙ্গে * পুণ্যতরঙ্গে, জয় জয় জাহ্নবি করুণাপাঙ্গে।
ইন্দ্রমুকুটমণিরাজিতচরণে, সুখদে শুভদে সেবকশরণে ॥ ৮ ॥

**অনুবাদ।**—দেবি! তোমা হইতেই লোকের পুনর্জ্জন্ম-নিবৃত্তি হয়, তোমার তরঙ্গ সকল পবিত্র, জাহ্নবি! তোমার কটাক্ষপাত কৃপাপূর্ণ, তোমার জয় হউক, জয় হউক। মাতঃ! তোমার চরণ দেবরাজ ইন্দ্রের মুকুটমণি দ্বারা সমুজ্জ্বল হইয়া আছে, তুমি সকলকে সুখ ও শুভ প্রদান কর এবং যে তোমার সেবক হয়, তুমি তাহাকেই আশ্রয় প্রদান করিয়া থাক ॥ ৮ ॥

রোগং শোকং তাপং পাপং, হর মে ভগবতি! কুমতিকলাপম্।
ত্রিভুবনসারে বসুধাহারে, ত্বমসি গতির্ম্মম খলু সংসারে ॥ ৯ ॥

**অনুবাদ।**—হে ভগবতি! তুমি ভক্তগণের রোগ, শোক, তাপ, পাপ ও কুমতিসমূহ হরণ কর। তুমি ত্রিলোকের সারভূতা এবং অবনীর হারস্বরূপে বিদ্যমান আছ। দেবি! এই সংসারে একমাত্র তুমিই আমার গতি অর্থাৎ আমি কেবল তোমাকেই আশ্রয় করিলাম ॥ ৯ ॥

অলকানন্দে পরমানন্দে, কুরু করুণাময়ি কাতরবন্দ্যে!
তব তটনিকটে যস্য নিবাসঃ খলু বৈকুণ্ঠে তস্য বিলাসঃ ॥ ১০ ॥

**অনুবাদ।**—দেবি! তুমি অলকানন্দা এবং তুমিই পরমানন্দস্বরূপা; লোকে কাতর হইলেই তোমাকে বন্দনা করে, তুমি আমাকে কৃপা কর। মাতঃ! যে ব্যক্তি তোমার তটসন্নিধানে অবস্থিতি করে, অন্তকালে তাহার বৈকুণ্ঠে সুখভোগে অধিকার হয় ॥ ১০ ॥

বরমিহ নীরে কমঠো মীনঃ, কিংবা তীরে শরটঃ ক্ষীণঃ।
অথ গব্যূতৌ শ্বপচো দীনস্তব ন হি দূরে নৃপতিকুলীনঃ ॥ ১১ ॥

**অনুবাদ।**—দেবি! বরং তোমার জলে কচ্ছপ বা মীন হইয়া থাকি,

---

* 'পরিলসদঙ্গে'—পাঠান্তর।

তোমার তীরে ক্ষীণতর কৃকলাস হইয়া বাস করি অথবা ক্রোশদ্বয়মধ্যে অতি দীন চণ্ডাল-কুলে জন্ম পরিগ্রহ করি, তথাপি দূরদেশে নরপতিকুলে উৎপন্ন হইতে বাসনা করি না ॥ ১১ ॥

ভো ভুবনেশ্বরি পুণ্যে ধন্যে, দেবি দ্রবময়ি মুনিবরকন্যে।
গঙ্গাস্তবমিদমমলং নিত্যং, পঠতি নরো যঃ স জয়তি সত্যম্ ॥১২॥

**অনুবাদ।**—দেবি! তুমি ত্রিভুবনের ঈশ্বরী, তুমিই পুণ্যস্বরূপা, তোমা হইতে কাহারও প্রাধান্য নাই, তুমি জলময়ী ও মুনিবর-জহ্নুর নন্দিনী। যে মনুষ্য প্রত্যহ এই গঙ্গাস্তব পাঠ করে, সে নিশ্চয়ই জয়যুক্ত হইয়া থাকে ॥ ১২ ॥

যেষাং হৃদয়ে গঙ্গাভক্তিস্তেষাং ভবতি সদা সুখমুক্তিঃ।
কান্ত-মধুরপদ-পজ্ঝটিকাভিঃ, পরমানন্দকলিতললিতাভিঃ ॥১৩॥
শঙ্করসেবকশঙ্কররচিতং স্তোত্রমিদং নৃষু দদদভিলষিতম্।
পঠতি তু বিষয়ী ন ভবতি তপ্তঃ শ্রীগঙ্গাস্তব ইতি চ সমাপ্তঃ ॥১৪॥

ইতি গঙ্গাস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—যাহার মনে অচলা গঙ্গাভক্তি আছে, সে নিত্য সুখস্বরূপ মুক্তিলাভ করিয়া থাকে। অতি মধুর ও কোমল পরমানন্দপ্রদ ও অতি সুললিত পজ্ঝটিকা ছন্দে শঙ্করসেবক শঙ্করাচার্য্যের বিরচিত এই স্তব মনুষ্যবৃন্দে অভিলষিত ফল প্রদান করে। বিষয়ী ব্যক্তি ইহা পাঠ করিলেও (বিষয়) তাপ হইতে মুক্ত হয়। এই শ্রীগঙ্গাস্তব সমাপ্ত হইল ॥ ১৩-১৪ ॥

ইতি গঙ্গাস্তোত্র সমাপ্ত।

---

## গঙ্গাষ্টক।

শ্রীগণেশায় নমঃ।

ভগবতি ভবলীলামৌলিমালে তবাম্ভঃ-
কণমণুপরিমাণং প্রাণিনো যে স্পৃশন্তি।
অমরনগরনারীচামরগ্রাহিণীনাং,
বিগতকলিকলঙ্কাতঙ্কমঙ্কে লুঠন্তি ॥ ১ ॥

**অনুবাদ।**—হে ভগবতি গঙ্গে! তুমি হরের মস্তকস্থিত লীলামালা-স্বরূপ। যে সকল প্রাণী তোমার কণামাত্র জল স্পর্শ করে, তাহারা কলিকালীন

*সর্ব্ববিধ পাপ ও পাপজনিত ভয়রহিতভাবে চামরধারিণী সুরনারীগণের অঙ্কে বিলুঠিত হইয়া থাকে। অর্থাৎ একবারমাত্র গঙ্গাজলকণা স্পর্শ করিলেও স্বর্গভোগ হয়॥ ১॥*

ব্রহ্মাণ্ডং খণ্ডয়ন্তী হরশিরসি জটাবল্লিমুল্লাসয়ন্তী,
স্বর্লোকাদাপতন্তী কনকগিরিগুহাগণ্ডশৈলাৎ স্খলন্তী।
ক্ষৌণীপৃষ্ঠে লুঠন্তী দুরিতচয়চমূং নির্ভরং ভর্ৎসয়ন্তী,
পাথোধিং পূরয়ন্তী সুরনগরসরিৎ পাবনী নঃ পুনাতু॥ ২॥

**অনুবাদ।**—( ব্রহ্মকমণ্ডলু হইতে নিঃসৃত ও আকাশপথে প্রবাহিত হইয়া ) ব্রহ্মাণ্ডকে দ্বিখণ্ড ( তীরদ্বয়ে পরিণত ) করিয়া যিনি মহাদেবের মস্তকোপরি জটাসকলকে সমুল্লাসিত করিতেছেন, স্বর্গলোক হইতে অবতরণ করিয়া সুবর্ণময় সুমেরু পর্ব্বতের গুহামধ্যে প্রবেশ পূর্ব্বক তত্রত্য গণ্ডশৈল ভেদ করিয়া নির্গত হইয়াছেন, অনন্তর ধরণীপৃষ্ঠে প্রবাহিত হইয়া শেষে কলুষচয়-চমূকে অশেষ প্রকারে তাড়না করিতেছেন এবং ( অগস্ত্য-শোষিত ) সাগরকে যিনি পূর্ণ করিয়াছেন, সেই পাবনকারিণী সুরধুনা আমাদিগকে পবিত্র করুন॥ ২॥

মজ্জন্মাতঙ্গ-কুম্ভ-চ্যুত-মদ-মদিরামোদ-মত্তালি-জালং,
স্নানৈঃ সিদ্ধাঙ্গনানাং কুচযুগ-বিগলৎ-কুঙ্কুমাসঙ্গ-পিঙ্গম্।
সায়ং প্রাতর্ম্মুনীনাং কুশ-কুসুম-চয়ৈশ্ছন্ন-তীরস্থ-নীরং,
পায়ান্নো গাঙ্গমম্ভঃ করি-করভ-করাক্রান্ত-রংহস্তরঙ্গম্॥ ৩॥

**অনুবাদ।**—স্নানরত দন্তিগণের মদ-মদিরা-মোদ-মত্তভ্রমর-যুক্ত, সিদ্ধরমণীগণের স্নানধৌত-স্তনকুঙ্কুম-সঙ্গে পিঙ্গলিত, মুনিগণের সায়ং-প্রাতঃসমর্পিত কুশ-কুসুমাবলী দ্বারা সমাচ্ছন্ন তীরনীরসঙ্গত, করিকরভ-করাস্ফালিত তরঙ্গবেগ-সম্পন্ন গঙ্গাপ্রবাহ আমাদিগকে রক্ষা করুন॥ ৩॥

আদাবাদিপিতামহস্য নিয়মব্যাপারপাত্রে জলং,
পশ্চাৎ পন্নগশায়িনো ভগবতঃ পাদোদকং পাবনম্।
ভূয়ঃ শম্ভুজটাবিভূষণমণির্জ্জহ্নোর্ম্মহর্ষেরিয়ং,
কন্যা কল্মষনাশিনী ভগবতী ভাগীরথী ভূতলে॥ ৪॥

**অনুবাদ।**—যিনি হিমালয়-দুহিতৃরূপে প্রথমে আদি ব্রহ্মার কমণ্ডলুমধ্যে

অবস্থিত সলিল, পরবর্ত্তী কল্পে অনন্ত-শয়ন ভগবান্ নারায়ণের পাবন-পাদোদক, তৎপরে (ভগীরথ-তপস্যা-বলে, ভূতলাবতরণসময়ে) শঙ্কর-জটাজূটের ভূষণ ও ক্রমে জহ্নুমহর্ষির কন্যা (জাহ্নবী হইয়া) ভূতলে, এই তিনি ভগবতী ভাগীরথী-রূপে (জনগণের) কল্মষ নাশ করিতেছেন। [হিমালয় পর্ব্বতের ঔরসে সুমেরু-দুহিতা মনোরমার গর্ভে গঙ্গার প্রথম আবির্ভাব হইলে, দেবগণ তাঁহাকে স্বর্গে লইয়া যান, সেই সময়ে তাঁহার স্থিতি ব্রহ্ম-কমণ্ডলুতে, ইহাই প্রথমচরণে বর্ণিত, বামনাবতারে উর্দ্ধীকৃতচরণ-পরিস্পৃষ্ট ব্রহ্মাণ্ডোর্দ্ধস্থ জলই গঙ্গাজলরূপে উদ্ভূত, কল্পান্তরে গঙ্গার মূল উৎপত্তি অন্যবিধও দৃষ্ট হয়] ॥ ৪ ॥

শৈলেন্দ্রাদবতারিণী নিজজলে মজ্জজ্জনোত্তারিণী,
পারাবার-বিহারিণী ভবভয়-শ্রেণী-সমুৎসারিণী।
শেষাহেরনুকারিণী হরশিরো-বল্লী-দলাকারিণী,
কাশী প্রান্ত-বিহারিণী বিজয়তে গঙ্গা মনোহারিণী ॥ ৫ ॥

**অনুবাদ**।—গঙ্গাদেবী পর্ব্বতরাজ হিমালয় হইতে অবতরণ করিয়াছেন এবং যাহারা সেই গঙ্গাজলে স্নান করে, তাহাদিগকে পরিত্রাণ করেন, তিনি সাগরে বিহার করেন, জন্মমরণাদি ভবভয়-সমূহ বিনাশ করেন, ইনি অনন্ত নাগের অনুকরণ-রতা অর্থাৎ সর্পবৎ বক্রগতিযুক্তা, মহেশ্বরের মস্তকে লতাপ্রতানরূপে বিদ্যমান আছেন, কাশীপুরীর প্রান্তভাগে বিহার করিতেছেন এবং এই গঙ্গাদেবী সকলের মনোহারিণীরূপে বিরাজমানা ॥ ৫ ॥

কুতোঽবীচির্বীচিস্তব যদি গতা লোচনপথং,
ত্বমাপীতা পীতাম্বরপুরনিবাসং বিতরসি।
ত্বদুৎসঙ্গে গঙ্গে পততি যদি কায়স্তনুভৃতাং,
তদা মাতঃ শাতক্রতব-পদলাভোঽপ্যতিলঘুঃ ॥ ৬ ॥

**অনুবাদ**।—মাতঃ গঙ্গে! যদি তোমার এই তরঙ্গমালা নয়নপথে পতিত হয়, তবে—তাহার অবীচি প্রভৃতি নরকসম্ভাবনা কোথা হইতে হইবে, যে তোমার জল পান করে, তুমি তাহাকে বৈকুণ্ঠপুরীতে বসতি প্রদান কর, আর যদি দেহি-গণের দেহ তোমার ক্রোড়ে পতিত হয়, তাহা হইলে ইন্দ্রপদও তাহার নিকট অতি তুচ্ছ বোধ হইয়া থাকে ॥ ৬ ॥

ভগবতি তব তীরে নীরমাত্রাশনোঽহং,
বিগতবিষয়তৃষ্ণঃ কৃষ্ণমারাধয়ামি।
সকলকলুষভঙ্গে স্বর্গসোপানসঙ্গে,
তরলতর-তরঙ্গে দেবি গঙ্গে প্রসীদ ॥ ৭ ॥

**অনুবাদ** :—দেবি! আমি তোমার তীরে উপবেশন করিয়া জলমাত্রাহারে সমস্ত বিষয়-বাসনাতে বিতৃষ্ণ হইয়া যেন শ্রীকৃষ্ণদেবের আরাধনা করিতে পারি, তুমি সর্ব্বপ্রকার পাপ বিনাশ কর, তুমি স্বর্গারোহণের সোপানস্বরূপ, তরলতর-লহরি-মালিনি, মাতঃ! আমার প্রতি প্রসন্ন হও ॥ ৭ ॥

মাতঃ শাম্ভবি শম্ভুসঙ্গমিলিতে মৌলৌ নিধায়াঞ্জলিং,
ত্বত্তীরে বপুষোঽবসানসময়ে নারায়ণাঙ্ঘ্রিদ্বয়ম্।
ত্বন্নাম স্মরতো ভবিষ্যতি মম প্রাণপ্রয়াণোৎসবে,
ভূয়াদ্ভক্তিরবিচ্যুতা হরিহরাদ্বৈতাত্মিকা শাশ্বতী ॥ ৮ ॥

**অনুবাদ** :—মাতঃ! তুমি শম্ভুর নিজস্ব, শম্ভুর অঙ্গে সম্মিলিত আছ। আমি মস্তকে অঞ্জলি স্থাপন পূর্ব্বক এই প্রার্থনা করিতেছি, যেন তোমার তীরে স্বীয় শরীর বিন্যস্ত করিয়া আনন্দ সহকারে নারায়ণের চরণ ও তোমার নাম স্মরণ করিতে করিতে উৎসবস্বরূপ মদীয় ভবিষ্যৎ প্রাণপ্রয়াণসময়ে অদ্বৈত হরিহরাত্মক ব্রহ্মে আমার অচলা ভক্তি হয় ॥ ৮ ॥

গঙ্গাষ্টকমিদং পুণ্যং যঃ পঠেৎ প্রযতো নরঃ।
সর্ব্বপাপবিনির্ম্মুক্তো বিষ্ণুলোকং স গচ্ছতি ॥ ৯ ॥

ইতি গঙ্গাষ্টকং স্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ** :—যে ব্যক্তি সংযত হইয়া এই পুণ্যপ্রদ গঙ্গাষ্টকস্তোত্র পাঠ করে, সেই ব্যক্তি সর্ব্বপ্রকার পাপ হইতে মুক্তিলাভ করিয়া (অন্তিমে) বিষ্ণুলোকে গমন করিয়া থাকে ॥ ৯ ॥

গঙ্গাষ্টকস্তোত্র সম্পূর্ণ।

# মণিকর্ণিকাষ্টকস্তোত্র।

শ্রীগণেশায় নমঃ।

ত্বত্তীরে মণিকর্ণিকে হরিহরৌ সাযুজ্যমুক্তিপ্রদৌ,
বাদন্তৌ কুরুতঃ পরস্পরমুভৌ জন্তোঃ প্রয়াণোৎসবে।
মদ্রূপো মনুজোহয়মস্তু হরিণা প্রোক্তঃ শবস্তৎক্ষণা-
ত্তন্মধ্যাদ্‌ভৃগুলাঞ্ছনো গরুড়গঃ পীতাম্বরো নির্গতঃ ॥ ১ ॥

**অনুবাদ।**—হে মণিকর্ণিকে! তোমার তীরে কোন প্রাণীর প্রাণত্যাগরূপ উৎসব উপস্থিত হইলে তাহার সাযুজ্যমুক্তিদায়ী হরি ও হরের বিবাদ আরম্ভ হয়। 'এই মনুষ্য আমার স্বরূপ প্রাপ্ত হউক।' হরি এই কথা শবের উদ্দেশে বলিলে, তৎক্ষণাৎ সেই শবদেহের মধ্য হইতে বক্ষঃস্থলে ভৃগুপদচিহ্নিত পীতাম্বর-ধারী গরুড়বাহন পুরুষ নির্গত হইয়া থাকেন॥ ১ ॥

ইন্দ্রাদ্যাস্ত্রিদশাঃ পতন্তি নিয়তং ভোগক্ষয়ে তে পুন-
র্জ্জায়ন্তে মনুজাস্ততোহপি পশবঃ কীটাঃ পতঙ্গাদয়ঃ।
যে মাতর্ম্মণিকর্ণিকে তব জলে মজ্জন্তি নিষ্কল্মষাঃ,
সাযুজ্যেহপি কিরীটকৌস্তুভধরা নারায়ণাঃ স্যুর্নরাঃ ॥ ২ ॥

**অনুবাদ।**—ইন্দ্রাদি দেবগণ আপন আপন ভোগকালের অবসান হইলে পতিত হন, তাঁহারা পুনরায় মানবাদি যোনিতে জন্মগ্রহণ করেন এবং কালান্তরে কর্ম্মবশতঃ সেই সকল মনুষ্য পশুযোনি প্রাপ্ত হইয়া পরে কীট-পতঙ্গাদি হইয়া থাকে, কিন্তু মাতঃ মণিকর্ণিকে! যে সকল মনুষ্য তোমার জলে একবারমাত্র নিমগ্ন হয়, তাহারা সাযুজ্যমুক্তি প্রাপ্ত হইয়া কিরীট ও কৌস্তুভধারী নারায়ণ হইয়া থাকে, পুনঃ পতন হয় না॥ ২ ॥

কাশী ধন্যতমা বিমুক্তিনগরী সালঙ্কৃতা গঙ্গয়া,
তত্রেয়ং মণিকর্ণিকা সুখকরী মুক্তির্হি তৎকিঙ্করী।
স্বর্লোকস্তুলিতঃ সহৈব বিবুধৈঃ কাশ্যা সমং ব্রহ্মণা,
কাশী ক্ষৌণিতলে স্থিতা গুরুতরা স্বর্গো লঘুঃ খে গতঃ ॥৩॥

**অনুবাদ।**—কাশীপুরী সর্ব্বপ্রধান মুক্তিনগরী, গঙ্গা তাঁহার অলঙ্কার, মণিকর্ণিকা সেই গঙ্গামধ্যে নিরতিশয় সুখদায়িনী। কারণ, মুক্তি তাঁহার দাসী। একদিন ব্রহ্মা দেবগণের সহিত স্বর্গকে কাশীর সঙ্গে তুলাদণ্ডে তোলিত করিয়াছিলেন, তাহাতে কাশীর গুরুতা প্রযুক্ত কাশী ক্ষিতিতলে অবস্থিতা হইলেন এবং স্বর্গ লঘু বলিয়া তাহা উর্দ্ধদেশে গমন করিল ॥ ৩ ॥

গঙ্গাতীরমনুত্তমং হি সকলং তত্রাপি কাশ্যুত্তমা,
তস্যাং সা মণিকর্ণিকোত্তমতমা যত্রেশ্বরো মুক্তিদঃ।
দেবানামপি দুর্ল্লভং স্থলমিদং পাপৌঘনাশক্ষমং,
পূর্ব্বোপার্জ্জিতপুণ্যপুঞ্জগমকং পুণ্যৈর্জ্জনৈঃ প্রাপ্যতে ॥ ৪ ॥

**অনুবাদ।**—সমস্ত গঙ্গাতীর অপর সকল স্থান অপেক্ষা উত্তম স্থান, সেই গঙ্গাতীর-মধ্যেও কাশী উত্তমা, সেই কাশীমধ্যে মণিকর্ণিকা অতিশয় উত্তম, (যেহেতু, এই মণিকর্ণিকাতে প্রাণত্যাগ করিলেই) স্বয়ং ঈশ্বর (তৎক্ষণাৎ) সেই জীবকে মুক্তি প্রদান করিয়া থাকেন। অতএব পাপবিনাশদক্ষ এই স্থান দেবগণেরও দুর্লভ; ও পূর্ব্ব-পূর্ব্বজন্মার্জ্জিত পুণ্যপুঞ্জজ্ঞাপক পুণ্যাত্মা ব্যক্তিরাই ইহা লাভ করিয়া থাকেন ॥ ৪ ॥

দুঃখাম্ভোনিধি-মগ্ন-জন্তু-নিবহাস্তেষাং কথং নিষ্কৃতি-
র্ধ্যাত্বৈতদ্ধি * বিরিঞ্চিনা বিরচিতা বারাণসী শর্ম্মদা।
লোকাঃ স্বর্গসুখাস্ততোঽপি লঘবো ভোগান্তপাতপ্রদাঃ,
কাশী মুক্তিপুরী সদা শিবকরী ধর্ম্মার্থকামোত্তরা ॥ ৫ ॥

**অনুবাদ।**—যে সকল জীব নিরন্তর দুঃখার্ণবে নিমগ্ন আছে, তাহারা কিরূপে সেই দুঃখসাগর হইতে নিষ্কৃতি পাইবে, ইহা চিন্তা করিয়াই বিরিঞ্চি (দুঃখার্ণবনিমগ্ন জন্তুগণের) সুখদায়িনী এই বারাণসী পুরী নির্ম্মাণ করিয়াছেন। সকল লোকই অর্থাৎ ব্রহ্মলোক প্রভৃতি স্থান স্বর্গসুখপ্রদ ও ভোগান্তে পতন এই সকল লোক হইতেই হয়, অতএব কাশী হইতে ঐ সকল লোক লঘু, কিন্তু কাশী-পুরী ধর্ম্ম, অর্থ ও কাম প্রদান করিয়া অবশেষে মুক্তি দিয়া থাকে; সুতরাং কাশীই জীবগণের সর্ব্বদা মঙ্গলসাধন করেন ॥ ৫ ॥

* 'র্ধ্যাত্বৈতদ্ধি' 'জ্ঞাত্বা তদ্ধি' এই দুই পাঠও এ স্থলে দৃষ্ট হয়।

একো বেণুধরো ধরাধরধরঃ শ্রীবৎসভূষাধরো,
যোঽপ্যেকঃ কিল শঙ্করো বিষধরো গঙ্গাধরোমাধবঃ।
হে মাতর্ম্মণিকর্ণিকে, তব জলে মজ্জন্তি যে মানবা,
রুদ্রা বা হরয়ো ভবন্তি বহবস্তেষাং বহুত্বং কথম্॥ ৬॥

**অনুবাদ।**—যিনি গিরিগোবর্দ্ধন ধারণ করিয়াছেন এবং যাঁহার বক্ষঃস্থলে শ্রীবৎসচিহ্ন ভূষণরূপে বিদ্যমান আছে, সেই মুরলীধর হরিও এক; আর যিনি শিরোদেশে গঙ্গাকে বহন করিতেছেন, সেই নীলকণ্ঠ উমাপতি শঙ্করও এক; কিন্তু মাতঃ মণিকর্ণিকে! যে সকল মানব তোমার জলে নিমগ্ন হয়, তাহারা (প্রত্যেকেই রুদ্র বা হরিস্বরূপ হওয়াতে) বহু রুদ্র ও হরি হইয়া থাকেন; কিন্তু কিরূপে ইঁহাদিগের বহুত্ব হয়? অর্থাৎ তোমার মাহাত্ম্য অদ্ভুত॥ ৬॥

ত্বত্তীরে মরণন্তু মঙ্গলকরং দেবৈরপি শ্লাঘ্যতে,
শক্রস্তং মনুজং সহস্রনয়নৈর্দ্রষ্টুং সদা তৎপরঃ।
আয়ান্তং সবিতা সহস্রকিরণৈঃ প্রত্যুদ্গতোঽভূৎ সদা,
পুণ্যোঽসৌ বৃষগোঽথ বা গরুড়গঃ কিং মন্দিরং যাস্যতি॥ ৭॥

**অনুবাদ।**—দেবি মণিকর্ণিকে! তোমার তীরে মরণও মঙ্গলকর, দেবগণও এই মরণের প্রশংসা করিয়া থাকেন। যে ব্যক্তি তোমার তীরে প্রাণত্যাগ করে, দেবরাজ সহস্র নয়ন দ্বারা তাহাকে দর্শন করিবার নিমিত্ত সমুৎসুক থাকেন, সে যখন আগমন করিতে থাকে, তখন সূর্য্যদেব এই ব্যক্তি বৃষ বা গরুড়ে আরূঢ় হইয়া কোন্ মন্দিরে প্রবেশ করিবেন, ইত্যাকার চিন্তা করত তাঁহাকে সহস্রকিরণ দ্বারা প্রত্যুদ্গমন করেন॥ ৭॥

মধ্যাহ্নে মণিকর্ণিকাস্নপনজং পুণ্যং ন বক্তুং ক্ষমঃ,
স্বীয়ৈরব্দশতৈশ্চতুর্ম্মুখসুরো বেদার্থদীক্ষাগুরুঃ।
যোগাভ্যাসবলেন চন্দ্রশিখরস্তৎপুণ্যপারং গত-
স্ত্বত্তীরে প্রকরোতি সুপ্তপুরুষং নারায়ণং বা শিবম্॥ ৮॥

**অনুবাদ।**—বেদার্থের দীক্ষাগুরু, দেবশ্রেষ্ঠ চতুরানন, স্বীয় পরিমাণে শত বৎসরেও মধ্যাহ্ন-কালীন-মণিকর্ণিকা-স্নানের ফল বর্ণনা করিয়া শেষ করিতে পারেন নাই, কেবল একমাত্র চন্দ্রশেখর যোগাভ্যাসবলে তোমার পুণ্যমাহাত্ম্য

জানিতে পারেন। যাহারা তোমার তীরে মহানিদ্রায় প্রসুপ্ত হয়, তাহাদিগের বিষ্ণুত্ব বা শিবত্ব প্রদান তিনিই করিয়া থাকেন ॥ ৮ ॥

কৃচ্ছ্রৈঃ কোটিশতৈঃ স্বপাপনিধনং যচ্চাশ্বমেধৈঃ ফলং,
তৎসর্ব্বং মণিকর্ণিকাস্নপনজে পুণ্যে প্রবিষ্টং ভবেৎ।
স্নাত্বা স্তোত্রমিদং নরঃ পঠতি চেৎ সংসারপাথোনিধিং,
তীর্ত্ত্বা পল্বলবৎ প্রয়াতি সদনং তেজোময়ং ব্রহ্মণঃ ॥ ৯ ॥

ইতি মণিকর্ণিকাষ্টকং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—বহু শতকোটি চান্দ্রায়ণাদি ব্রতে যে পাপনাশ হয়, বহু অশ্বমেধে যে ফললাভ হয়, তৎসমস্তই মণিকর্ণিকায় স্নানজনিত পুণ্যের অন্তর্গত। আর যে ব্যক্তি স্নান করিয়া এই স্তোত্র পাঠ করে, সেই মনুষ্য ক্ষুদ্র জলাশয়ের ন্যায় সংসারসাগর পার হইয়া তেজোময় ব্রহ্মসদনে গমন করিয়া থাকে ॥ ৯ ॥

মণিকর্ণিকাষ্টক সম্পূর্ণ।

---

## কাশী-স্তোত্র।

মাত্রা পিত্রা পরিত্যক্তা যে ত্যক্তা নিজবন্ধুভিঃ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ১ ॥

**অনুবাদ**।—জনক-জননী যাহাদিগকে পরিত্যাগ করিয়াছেন, নিজ বন্ধুগণ কর্ত্তৃক যাহারা পরিত্যক্ত, কুত্রাপি যাহাদিগের গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ১ ॥

জরয়া পরিভূতা যে যে ব্যাধিকবলীকৃতাঃ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ২ ॥

**অনুবাদ**।—যাহারা জরা দ্বারা আক্রান্ত, যাহারা ব্যাধির গ্রাসে নিপতিত, যাহাদিগের কোথাও গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ২ ॥

পদে পদে সমাক্রান্তা যে বিপদ্‌ভিরহর্নিশম্।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৩ ॥

**অনুবাদ**।—যাহারা দিবারাত্র পদে পদে বিপজ্জালে আক্রান্ত, যাহাদিগের কুত্রাপি গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ৩ ॥

পাপরাশিসমাক্রান্তা যে দারিদ্র্যপরাজিতাঃ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৪ ॥

**অনুবাদ।**—যাহারা রাশি রাশি পাতক দ্বারা আক্রান্ত, যাহারা দারিদ্র্য দ্বারা পরাভূত, যাহাদিগের কুত্রাপি গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ৪ ॥

সংসারভয়ভীতা যে যে বদ্ধাঃ কর্ম্মবন্ধনৈঃ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৫ ॥

**অনুবাদ।**—যাহারা ভবভয়ে ভীত হইয়াছে, কর্ম্মবন্ধনে যাহারা আবদ্ধ, কুত্রাপি যাহাদিগের গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ৫ ॥

শ্রুতিস্মৃতিবিহীনা যে শৌচাচারবিবর্জ্জিতাঃ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৬ ॥

**অনুবাদ।**—যাহারা শ্রুতিস্মৃতিবিহিত কর্ম্মানুষ্ঠান-বর্জ্জিত ( অথবা যাহারা শ্রুতি ও স্মৃতির তত্ত্বে অনভিজ্ঞ ), যাহারা শৌচাচারবিবর্জ্জিত, কুত্রাপি যাহাদিগের গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ৬ ॥

যে চ যোগপরিভ্রষ্টাস্তপোদানবিবর্জ্জিতাঃ।
যেষাং ক্বাপি গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ ॥ ৭ ॥

**অনুবাদ।**—যাহারা যোগমার্গ হইতে স্খলিত হইয়াছে, যাহারা তপঃশূন্য ও দানবর্জ্জিত, কুত্রাপি যাহাদিগের গতি নাই, বারাণসীই তাহাদিগের গতি ॥ ৭ ॥

মধ্যে-বন্ধুজনং যেষামপমানঃ পদে পদে।
আনন্দবর্দ্ধকং তেষাং শম্ভোরানন্দকাননম্ ॥ ৮ ॥

**অনুবাদ।**—যাহাদিগের বন্ধুজনমধ্যে পদে পদে অপমান হয়, মহেশ্বরের আনন্দকানন কাশীক্ষেত্রই তাহাদিগের আনন্দদায়ক ॥ ৮ ॥

আনন্দকাননে যেষাং সততং বসতিঃ সতাম্।
বিশেষানুগৃহীতানাং তেষামানন্দনোদয়ঃ ॥ ৯ ॥

ইতি কাশীস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—যে সমস্ত সজ্জন সর্ব্বদা এই আনন্দকাননে অবস্থিতি করেন, তাঁহারা বিশেষভাবে এই তীর্থের অনুগৃহীত এবং তাঁহারাই যথার্থ আনন্দলাভ করেন ॥ ৯ ॥

কাশীস্তোত্র সম্পূর্ণ।

# যমুনাষ্টক।

শ্রীগণেশায় নমঃ।

মুরারি-কায়-কালিমাললাম-বারি-ধারিণী,
তৃণীকৃত-ত্রিপিষ্টপা ত্রিলোক-শোক-হারিণী।
মনোঽনুকূল-কূল-কুঞ্জ-পুঞ্জ-ধুতদুর্ম্মদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা॥ ১॥

**অনুবাদ।**—যিনি শ্রীকৃষ্ণের দেহের ন্যায় কৃষ্ণবর্ণ আললাম অর্থাৎ পরমরমণীয় বারি ধারণ করেন, যাঁহার তুলনায় স্বর্গপুরীও তৃণবৎ অতি তুচ্ছ, যিনি ত্রিলোকের শোক হরণ করেন, যিনি স্বীয় তীরস্থিত মনোহর কুঞ্জবনরাজির প্রভাবে (মানবের) দুরন্ত মদান্ধতা দূর করেন, সেই কলিন্দনন্দিনী যমুনা আমার মনোগত মলিনতা সর্ব্বদা ধৌত করুন॥ ১॥

মলাপহারি-বারি-পূরি-ভূরি-মণ্ডিতামৃতা,
ভৃশং প্রবাতক-প্রপঞ্চনাতি-পণ্ডিতা নিশা।
সু-নন্দ-নন্দনাঙ্গরাগ-রঞ্জিতা হিতা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা॥ ২॥

**অনুবাদ।**—(যমুনার জলের বর্ণ ও অন্ধকারের বর্ণ সমান বলিয়া) যিনি নিশার (অন্ধকার) দ্বারা নিজের বায়ুবেগজনিত অতিবৃদ্ধি প্রকাশ করিতে অতীব চতুরা পাপহর-প্রবাহশালিনী, ভূরিমণ্ডন-মণ্ডিতসলিলা শ্রীনন্দনন্দনের উত্তম অঙ্গরাগে রঞ্জিত সেই হিতকারিণী কলিন্দনন্দিনী যমুনা, আমার মনের মলিনতা সর্ব্বদা দূর করুন॥ ২॥

লসত্তরঙ্গ-সঙ্গ-ধূত-ভূত-জাত-পাতকা,
নবীন-মাধুরী-ধুরীণ-ভক্তি-যাত-চাতকা।
তটান্ত-বাস-দাস-হংস-সংস্থতাহ্নি কামদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা॥ ৩॥

**অনুবাদ।**—যাঁহার বিলসিত তরঙ্গমালা-স্পর্শে প্রাণিগণের পাপরাশি ধৌত হয়, নবীন মাধুরীধুরন্ধরের (শ্রীকৃষ্ণের বা নবঘনের) প্রতি ভক্তিবাহুল্যে, (তৎস্বরূপ ভ্রমে) চাতকপক্ষিগণ যাঁহার সমীপে সঞ্চরণ করে, দিবসে তটান্তবাসে

দাসায়মান-হংসকুলসঙ্গতা সেই অভীষ্টদায়িনী কলিন্দনন্দিনী যমুনা, আমার মনের মলিনতা সদা দূর করুন ॥ ৩ ॥

বিহার-রাস-খেদ-ভেদ-ধীর-তীর-মারুতা,
গতা গিরামগোচরে যদীয়-নীর-চারুতা।
প্রবাহ-সাহচর্য্য-পূত-মেদিনী-নদী-নদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা ॥ ৪ ॥

**অনুবাদ**।—যাঁহার তীরপ্রবাহিত মন্দ মন্দ মারুত-হিল্লোলে (শ্রীকৃষ্ণ ও গোপীদিগের) বিহার ও রাস (নৃত্য) খেদ অপনীত হইয়াছিল, যাঁহার জল-শোভা বাক্যের অগোচর এবং যাঁহার প্রবাহ-সাহচর্য্যে ভূতল ও নদনদী পবিত্র হইয়াছে, সেই কলিন্দনন্দিনী যমুনা, আমার মনের মলিনতা সর্ব্বদা দূর করুন ॥ ৪ ॥

তরঙ্গ-সঙ্গ-সৈকতান্তরাতিতংসদাসিতা,
শরন্নিশাকরাংশু-মঞ্জু-মঞ্জরী-সভাজিতা।
ভবার্চ্চনা-প্রচারণাম্বুনাধুনা বিশারদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা ॥ ৫ ॥

**অনুবাদ**।—যাঁহার অবস্থান, তরঙ্গ ও সৈকতভূমির ব্যবধান-বিস্তারে অনভিলাষী, যিনি শারদ-শশধরের রমণীয় কিরণমঞ্জরী সমালিঙ্গনে অভিনন্দিতা হইয়া এখন (যেন, ভগীরথের) শিবার্চ্চনাপ্রভাবে প্রবর্ত্তিত সলিল অর্থাৎ গঙ্গাজল দ্বারা শুভ্রবর্ণ ধারণ করিয়াছেন, সেই কলিন্দনন্দিনী যমুনা আমার মনোগত মলিনতা সদা অপনীত করুন ॥ ৫ ॥

জলান্ত-কেলি-কারি-চারু-রাধিকাঙ্গ-রাগিণী,
স্বভর্ত্তুরন্য-দুর্ল্লভাঙ্গতাঙ্গতাংশ ভাগিনী।
স্বদত্ত-সুপ্ত-সপ্ত-সিন্ধু-ভেদি-নাদি-কোবিদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা ॥ ৬ ॥

**অনুবাদ**।—যিনি জলকেলিরতা শ্রীমতী রাধিকার অঙ্গরাগ নিজ অঙ্গে গ্রহণ করিয়াছিলেন, ভার্য্যা ব্যতীত অপরের দুর্লভ স্বভর্ত্তা শ্রীকৃষ্ণের অর্দ্ধাঙ্গতাপ্রাপ্তা (দেবী কালিন্দীর) অংশ (জলময় রূপ) যাঁহাতে বর্ত্তমান, যাঁহার গর্জ্জনধ্বনি

সুপ্ত সপ্তসিন্ধুকে বিদীর্ণ করিয়াছে, তত্ত্বজ্ঞানদানসমর্থা সেই কলিন্দনন্দিনী যমুনা, আমার মানসিক মলিনতা সদা অপসারিত করুন ॥ ৬ ॥

জল-চ্যুতাচ্যুতাঙ্গরাগ লম্পটালি-শালিনী,
বিলোল-রাধিকা-কচান্ত-চম্পকালি-মালিনী।
সদাবগাহনাবতীর্ণ-ভর্ত্তৃ-ভৃত্য-নারদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা ॥ ৭ ॥

**অনুবাদ।**—অচ্যুতের (শ্রীকৃষ্ণের) সলিলচ্যুত অঙ্গরাগলুব্ধ অলিকুল যাঁহার (কাল জলের) শোভা বৃদ্ধি করিয়াছে, শ্রীরাধার বিলোল কবরীচ্যুত চম্পক-শ্রেণী যাঁহার মাল্য হইয়াছে, স্বভর্ত্তার (শ্রীকৃষ্ণের) ভৃত্য নারদ যথায় সতত অবগাহনার্থ অবতরণ করেন, সেই কলিন্দনন্দিনী যমুনা, আমার মানসিক মলিনতা সদা অপসারিত করুন ॥ ৭ ॥

সদৈব নন্দ-নন্দ-কেলি-শালি-কুঞ্জ-মঞ্জুলা,
তটোত্থ-ফুল্ল-মল্লিকা-কদম্ব রেণু-সূজ্জ্বলা।
জলাবগাহিনাং নৃণাং ভবাধি- * সিন্ধু-পারদা,
ধুনোতু মে মনোমলং কলিন্দ-নন্দিনী সদা ॥ ৮ ॥

ইতি যমুনাষ্টকস্তোত্রং সমাপ্তম্।

**অনুবাদ।**—সদা বর্ত্তমান নন্দনন্দন কেলিকুঞ্জ—যাঁহাকে শোভান্বিত করিয়া রাখিয়াছে, তীরপ্ররূঢ় মল্লিকা ও কদম্ব-কুসুমপরাগ যাঁহাকে সমুজ্জ্বল করিতেছে, জলাবগাহী নরগণের সংসারজনিত মনঃপীড়া-সমুদ্রের পার দান যিনি করিয়া থাকেন, সেই কলিন্দনন্দিনী যমুনা আমার মানসিক মলিনতা সদা অপনীত করুন ॥ ৮ ॥

যমুনাষ্টক সম্পূর্ণ।

* 'ভবাব্ধি' পাঠ দৃষ্ট হয়। কিন্তু পুনরুক্তি দোষ

প্রকারান্তর

# যমুনাষ্টকস্তোত্র।

শ্রীগণেশায় নমঃ।

কৃপাপারাবারাং তপনতনয়াং তাপশমনীং,
মুরারিপ্রেয়স্যাং ভবভয়দবাং ভক্তবরদাম্।
বিয়জ্জ্বালোন্মুক্তাং শ্রিয়মপি সুখাপ্তেঃ পরিপণং,
সদা ধীরো নূনং ভজতি যমুনাং নিত্যফলদাম্॥ ১॥

**অনুবাদ**।—যিনি কৃপাসাগররূপা, যিনি সূর্য্যদেবের তনয়ারূপে আবির্ভূতা হইয়াছেন, যিনি প্রাণিগণের তাপশান্তি করেন, শ্রীকৃষ্ণের অতিশয় প্রীতির অনুরূপ আচরণ যাঁহাতে বর্ত্তমান, যিনি ভবভয়দূরকারিণী, যিনি ভক্তগণকে বরপ্রদান করেন, যিনি আকাশবৎ চন্দ্রসূর্য্যাদি-খচিত (যমুনাপ্রবাহে চন্দ্র-সূর্য্য-নক্ষত্র-প্রতিবিম্ব পতিত হয়), যিনি সুখপ্রাপ্তির মূলধনস্বরূপা, সাক্ষাৎ লক্ষ্মী; সেই যমুনার সেবা জ্ঞানী পুরুষই সর্ব্বদা করিয়া থাকেন॥ ১॥

**বিষম-পদব্যাখ্যা**।—'কৃপাপারাবারাং' পারাবারবদাচরন্তীং আচারার্থে ক্বিবন্তাৎ (বিবন্তাৎ) অচ্ প্রত্যয়ঃ। 'মুরারিপ্রেয়স্যাং' মুরারেঃ প্রেয়স্যা আলিঙ্গনাদিকং যত্র সা তাম্। প্রেয়স্যামিবাচারঃ, ক্যচ্ ততো ঙাপ্। 'বিয়জ্জ্বালোন্মুক্তাং' জ্বলতি দীপ্যতে ইতি জ্বালঃ—প্রকাশবান্, চন্দ্রসূর্য্যাদিঃ, তেন উন্মুক্তা, উদ্ঘাটিতা প্রকাশিতা। বিয়দিব আকাশমিব যথা নীলম্ আকাশং চন্দ্রসূর্য্যনক্ষত্রৈঃ প্রকাশিতং তথা যমুনাপি প্রতিবিম্বরূপৈঃ তৈঃ প্রকাশমানা ভবতি। শ্রিয়ং লক্ষ্মীতুল্যাম্। পরিপণং মূলধনম্॥ ১॥

মধুবনচারিণি ভাস্করবাহিনি গঙ্গাসঙ্গিনি * সিন্ধুসুতে,
মধুরিপুভূষিণি মাধবতোষিণি গোকুলভীতিবিনাশকৃতে।
জগদঘমোচিনি মানসদায়িনি কেশব-কেলি-নিদান-গতে,
জয় যমুনে জয় ভীতিনিবারিণি সঙ্কটনাশিনি পাবয় মাম্॥২॥

**অনুবাদ**।—দেবি! তুমি মথুরাতে বিচরণ করিতেছ, তুমি

* 'জাহ্নবি-সঙ্গিনি' পাঠান্তর (নামে হ্রস্ব)

ভাস্করক্ষেত্রে ( প্রয়াগে ) প্রবাহিত হইয়া গঙ্গার সহচারিণীরূপে বিদ্যমান আছ, তুমি সিন্ধুসুতা অর্থাৎ ক্ষীরোদসম্ভবা লক্ষ্মী অথবা সাগরগামিনী, তুমি মধুদৈত্যাপহারী কৃষ্ণের ভূষণস্বরূপা, তুমি মাধবের সন্তোষবর্দ্ধন কর, তুমি গোকুলবাসিগণের ভয়ভঞ্জন করিয়া থাক, তুমি জগতের পাপবিমোচন কর, তুমি ভক্তগণের মানসসিদ্ধি কর, তোমার স্রোতোগতি কেশবের ক্রীড়া-কেলির প্রধান কারণ। হে যমুনে, তুমি জয়যুক্তা হও, জয়যুক্তা হও, হে ভয়নিবারিণি সঙ্কটনাশিনি, আমাকে পবিত্র কর ॥ ২ ॥

**বিষম-পদব্যাখ্যা।**—'ভাস্করবাহিনি,' ভাস্করং ভাস্করক্ষেত্রং প্রয়াগঃ, ভাস্করস্যেদমিতি ব্যুৎপত্তেঃ, যদ্বা ভীমো ভীমসেন ইতি বদ্ ভাস্করক্ষেত্রমেব তদেকদেশো ভাস্করশব্দো বোধয়তীতি। তস্মিন্ বহতে প্রবহতে ইতি ণিন্ তৎসম্বোধনে। 'সিন্ধুসুতে' ইতি লক্ষ্মীতুল্য ইত্যর্থঃ। অথবা গত্যর্থক-সুধাতোঃ সুতপদং নিষ্ঠয়া সিদ্ধং সিন্ধুসুতে সাগরগামিনীত্যর্থঃ। 'গোকুলভীতিবিনাশকৃতে,' গোকুলভীতিবিনাশঃ কৃতিঃ ক্রিয়া যস্যাঃ তৎসম্বোধনে। 'কেশবকেলিনিদানগতে' কেশবকেলিনিদানং গতিঃ স্পন্দনং যস্যাঃ, তৎসম্বোধনে ॥ ২ ॥

অয়ি মধুরে মধুমোদ-বিলাসিনি শৈল-বিদারিণি বেগভরে,
পরিজন-পালিনি দুষ্ট-নিসূদিনি বাঞ্ছিত-কাম-বিলাস-ধরে।
ব্রজপুর-বাসি-জনার্জ্জিত-পাতক-হারিণি বিশ্বজনোদ্ধরিকে,
জয় যমুনে জয় ভীতি-নিবারিণি সঙ্কটনাশিনি পাবয় মাম্ ॥৩॥

**অনুবাদ।**—অয়ি মধুরে, মধুমোদবিলাসিনি, ( যিনি মধুপানে আনন্দিত ব্যক্তিগণকে বিলাস প্রদান করেন, বা বাসন্তিক উৎসবে আনন্দবিধায়িনী, অথবা মাধববিলাসিনী ), তুমি শৈল বিদারণ করিয়া নির্গত হইয়াছ, তুমি বেগভরে প্রবাহিত হইতেছ, তুমি পরিজনবর্গকে প্রতিপালন করিতেছ, তুমি দুষ্টগণকে বিমর্দ্দন কর, তুমি ভক্তগণের বাঞ্ছা পূর্ণ কর, তুমি ব্রজবাসিগণের পাপ বিনাশ কর এবং বিশ্বজনকে উদ্ধার কর। হে যমুনে! তুমি জয়যুক্ত হও, জয়যুক্ত হও, হে ভয়নিবারিণি সঙ্কটনাশিনি, আমাকে পবিত্র কর ॥ ৩ ॥

**বিষম-পদব্যাখ্যা।**—'মধু...বিলাসিনি', মধুমোদাঃ মধুপানজনিতানন্দ-সম্পন্নাঃ, তান্ বিলাসয়তি ক্রীড়য়তি, অথবা মধুমোদঃ মধুকুলনন্দনঃ শ্রীকৃষ্ণঃ তস্মিন্ বিলাসবতীতি, মধুর্ব্বসন্তঃ তৎকালানন্দং বিলাসয়তি উল্লাসয়তি ইতি বা।

বিশ্বজনোদ্ধরিকে, বিশ্বজনানুদ্ধরতি ইতি পচাদিত্বাদচ্, বিশ্বজনোদ্ধরঃ স্বার্থে কঃ তস্য স্ত্রীত্বে বিশ্বজনোদ্ধরিকা ইতি তৎসম্বোধনে ॥ ৩ ॥

অতি-বিপদম্বুধি-মগ্ন-জনং ভব-তাপ-শতাকুল-মানসকং,
গতি মতি-হীনমশেষ-ভয়াকুলমাগত-পাদ-সরোজ-যুগম্ ।
ঋণ-ভয়-ভীতিমনিষ্কৃতি-পাতক-কোটি-শতাযুত-পুঞ্জতরং,
জয় যমুনে জয় ভীতি-নিবারিণি সঙ্কট-নাশিনি পাবয় মাম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—(দেবি!) আমি অপার বিপদ্-সাগরে নিমগ্ন, শত শত সাংসারিক যন্ত্রণায় সর্ব্বদা আমার মানস আকুলিত, আমি গতিহীন, আমার বুদ্ধিবৃত্তি প্রণষ্ট হইয়াছে, বহুবিধ ভয়প্রাপ্ত হইয়া আমি তোমার পাদপদ্ম আশ্রয় করিয়াছি, আমি সর্ব্বদা ঋণভয়ে ভীত, যে সকল পাপের নিষ্কৃতি নাই, এবম্ভূত শত শত কোটি পাপপুঞ্জ যাহার আছে, আমি তদপেক্ষাও অধিক ; হে যমুনে, তুমি জয়যুক্ত হও, জয়যুক্ত হও, হে ভয়নিবারিণি, সঙ্কটনাশিনি, আমাকে পবিত্র কর ॥ ৪ ॥

**বিষম-পদব্যাখ্যা**।—'আগতপাদসরোজযুগং' আগতং প্রাপ্তং কর্ম্মণি ক্তঃ, পাদসরোজযুগং যেন তম্ ।

'অনিষ্কৃতি...তরম্' অনিষ্কৃতিঃ পাতককোটিশতাযুতপুঞ্জঃ পাতকানাং কোটি-শতাযুতং তদ্রূপঃ পুঞ্জঃ অনিষ্কৃতয়ঃ পাতককোটিশতাযুতানাং পুঞ্জাঃ রাশয় ইতি বা যয়োঃ মন্মদিতরয়োঃ, তয়োরহমতিশয়েনেতি তরপ্রত্যয়ঃ ॥ ৪ ॥

নব-জলদ-দ্যুতি-কোটি-লসত্তনু-হেমময়াভরণাঞ্চিতকে,
তড়িদবহেলি-পদাঞ্চল-চঞ্চল-শোভিত-পীত-সুচেল-ধরে।
মণিময়-ভূষণ-চিত্র-পটাসন-রঞ্জিত-গঞ্জিত-ভানুকরে,
জয় যমুনে জয় ভীতি-নিবারিণি সঙ্কট-নাশিনি পাবয় মাম্ ॥৫॥

**অনুবাদ**।—(দেবি!) তোমার শরীর নবীন মেঘমালার ন্যায় প্রগাঢ় নীলবর্ণ, দেহকান্তি স্বর্ণভূষণের দ্বারা শোভান্বিত হইতেছে, তোমার বিবিধ মণিময় ভূষণ ও বিচিত্র বস্ত্র ও আসনের প্রভা সূর্য্যকিরণকে পরাজিত করিয়াছে, হে যমুনে! তুমি জয়যুক্ত হও, জয়যুক্ত হও; হে ভয়নিবারিণি, সঙ্কটনাশিনি, আমাকে পবিত্র কর। (যমুনার অধিষ্ঠাত্রী দেবীর রূপ ও অলঙ্কারাদি এই শ্লোকে বর্ণিত) অথবা এই শ্লোকের অনুবাদ নিম্নলিখিতরূপ হইবে যথা,—নবজলধর-

কোটিকান্তি ( জলক্রীড়ারত শ্রীকৃষ্ণের ) হেমাভরণ ও তড়িৎপ্রভাবিনিন্দী চঞ্চলাঞ্চল পীতবস্ত্র সঙ্গে, তুমি মণিভূষণ ও বিচিত্র বস্ত্রপ্রতিবিম্বিত দীপ্ত সূর্য্যরশ্মিকে নিষ্প্রভ করিয়াছ, হে ভয়নিবারিণি—ইত্যাদি ॥ ৫ ॥

**বিষম-পদব্যাখ্যা।**—প্রবাহস্য প্রকর্ষজ্ঞাপনায় যমুনায়া দেবতামূর্ত্তিং প্রবাহৈঞ্চৈকোক্ত্যা নির্দ্দিশ্য স্তৌতি নবজলদেতি। দেবতামূর্ত্তিপক্ষে নব… কোটিলসত্তম্বিতি সংবোধনান্তমেকপদং হেমময়েতি দ্বিতীয়পদম্। তড়িদবহেলীতি বর্ণেন বিদ্যুদ্‌বিজয়ি পদাঞ্চলং পদে অঞ্চলঃ প্রান্তো যস্য পদলম্বি-প্রান্তং চঞ্চলং শোভিতং পীতং যৎ সুচেলং উত্তমবস্ত্রং তৎ ধরতি ইতি অচ্‌প্রত্যয়াৎ তৎসম্বোধনে। মণিময়েতি মণিময়ভূষণচিত্রপটাসনৈঃ—রঞ্জিতাঃ দীপ্তাঃ কৃতাঃ অতএব গঞ্জিতাঃ বিজিতাঃ ভানুকরা যয়া, ভানুকরেষ্বপি ভূষণাদিকৃতরঞ্জনযোগ এব তদ্বিজয়লক্ষণং ভানুকরাণামেব সর্ব্ব-রঞ্জকত্ব-প্রসিদ্ধেঃ।

প্রবাহপক্ষে, নবজলদদ্যুতিকোটিলসত্তনুঃ শ্রীকৃষ্ণঃ। জলক্রীড়ারতেন তেন, তদায়হেমাভরণৈশ্চ অঞ্চিতকা—অর্পিতসুখা। কং সুখং তৎসম্বোধনম্। অঞ্চিতং নিজস্বরূপং কং জলং বা যস্যাঃ ইতি প্রথমপাদার্থঃ। শ্রীকৃষ্ণস্যৈব জলকেলিশিথিল-পীতাম্বরচুম্বিনীতি দ্বিতীয়পাদসম্বোধনার্থঃ। শ্রীকৃষ্ণস্যৈব মণিভূষণ-চিত্রস্য পীতপটস্য অসনেন ক্ষেপেণ স্রোতসেতস্ততশ্চালনেন,—রঞ্জিতাঃ গঞ্জিতাশ্চ ভানুকরা যয়া। যত্র তথাবিধবস্ত্রস্য জলোপরি ভাসমানতা, তত্র প্রতিবিম্বিত-ভানুকরাণাং রঞ্জনং যত্র চাভ্যন্তরনয়নং তত্র ভানুকরপ্রবেশাভাবঃ মণিরত্নচিত্রবসনস্য তু প্রকাশস্তত্রাপীতি ভানুকরাণাং পরাজয়ঃ। ইতি তৃতীয়পাদতাৎপর্য্যম্ ॥ ৫ ॥

> শুভপুলিনে মধুমত্ত-যদূদ্ভব-রাস-মহোৎসব-কেলি-ভরে,
> উচ্চ কুলাচল-রাজিত-মৌক্তিক-হারময়াভর-রোদসিকে *।
> নবমণি-কোটিক-ভাস্কর-কঞ্চুকি-শোভিত-তারক-হার-যুতে,
> জয় যমুনে জয় ভীতি-নিবারিণি সঙ্কট-নাশিনি পাবয় মাম্ ॥৬॥

**অনুবাদ।**—( দেবি ! ) তোমার পুলিনভূমি মনোহর, তাহাতে যদুপতি মধুপানে মত্ত হইয়া রাসমহোৎসবকালে অশেষ কেলি করিয়াছেন ; তোমার তীরে যে সকল পর্ব্বতোপম উচ্চ ভবন-শ্রেণী আছে, তাহাই মুক্তাহারময় আভরণের ন্যায় তোমার ( তীর ) ভূমিকে মণ্ডিত করিয়াছে, তুমি, ( নিজ প্রবাহ-অঙ্গে

---

* রোধসিকে পাঠও দৃষ্ট হয়।

প্রতিবিম্বরূপে ) নবমণিকোটিসদৃশ ভাস্কর এবং তারকমালাকে ( নীল ) কঞ্চুকস্থ হারের মত ধারণ করিতেছ, হে যমুনে, তুমি জয়যুক্ত হও, জয়যুক্ত হও, হে ভীতিনিবারণি, সঙ্কটনাশিনি, আমাকে পবিত্র কর ॥ ৬ ॥

**বিষম-পদব্যাখ্যা।**—প্রবাহতদ্দেবতামূর্ত্ত্যোরেকমেব দেবত্বমিতি বোধয়ন্ স্তৌতি শুভপুলিন ইতি। সম্বোধনপদমিদম্, কেলিভর ইত্যন্তং দ্বিতীয়ং সম্বোধনপদম্,—যদুদ্ভবঃ শ্রীকৃষ্ণঃ তৎকেলীনাং ভরঃ অতিশয়ঃ যস্যাং তৎসম্বোধনে। উচ্চকুলানি তুঙ্গভবনান্যেব অচলাঃ পর্ব্বতাঃ ত এব রাজিতমৌক্তিকহারময়াভরাঃ যস্যাঃ সা রোদসী ভূমিস্তীরভূমির্যস্যাং তৎসম্বোধনম্। আভরঃ আভরণম্। আরোপ্য-মহিম্না, উচ্চগৃহাণাং শুভ্রত্বং প্রতীয়তে। রাজিতাঃ বদ্ধশ্রেণয়ঃ রাজিমন্তঃ কৃতাঃ, রাজিশব্দপূর্ব্বকনামধাতো রূপমিদং রাজিতাঃ ভ্রাজিতাঃ ইতি রাজধাতো রূপং বা। যস্যাঃ তীরভূমিঃ শ্রেণীবদ্ধ-শুভ্রভবনাবল্যা মুক্তাহারময়াভরণসজ্জিতেব দৃশ্যত ইতি ভাবঃ। নবশ্চাসৌ মণি-কোটিকঃ মণ্যুৎকর্ষশ্চেতি নবউৎকৃষ্টমণিরিত্যর্থঃ, স এব ভাস্করঃ, কঞ্চুকং কঞ্চুলিকা, তারকহারঃ নক্ষত্রমালা, 'সৈব নক্ষত্রমালা স্যাৎ সপ্তবিংশতিমৌক্তিকৈঃ' ইত্যুক্তরূপঃ তৈর্যুতা ইদং হি অধিষ্ঠাতৃদেবতাবিশেষণম্, কোটিরুৎকর্ষঃ, কোটিক ইতি স্বার্থে কপ্রত্যয়ঃ, তথাচ যমুনাদেব্যা দেবতামূর্ত্তিঃ ভাস্করতুল্যভাস্বর-নবীনমণিনা, কঞ্চুকেন নক্ষত্রমালয়া চ ভূষিতেতি তাৎপর্য্যম্। যদ্বা প্রবাহরূপাশ্রয়েণ স্তোত্রপত্থমিদং, তথাহি শুভপুলিন ইত্যাদি বিশেষণবৎ নবেত্যাদিকমপি প্রবাহরূপায়া যমুনায়া বিশেষণম্, নবমণিকোটিতুল্যো যো ভাস্করঃ, যশ্চ নীলকঞ্চুকোপরিলম্বিতস্তারকহারঃ তাভ্যাং যুতঃ দীপ্তমণিকোটিসমঃ সূর্য্যঃ নীলাকাশবিরাজিতনক্ষত্রাবলী চ পর্য্যায়েণ যত্র প্রতিবিম্বতয়া ভাসতে সা তৎসম্বোধন ইতি ॥ ৬ ॥

করিবর-মৌক্তিক-নাসিক-ভূষণ-বাত চমৎকৃত-চঞ্চল-কে,
মুখ-কমলামল-সৌরভ-চঞ্চল-মত্ত-মধুব্রত-লোচনিকে।
মণিগণ-কুণ্ডল-লোল-পরিস্ফুরদাকুল-গণ্ড-যুগামলকে,
জয় যমুনে জয় ভীতি-নিবরিণি সঙ্কট-নাশিনি পাবয় মাম্ ॥৭॥

**অনুবাদ।**—বিচিত্রভাবে বায়ুসঞ্চালিত তোমার চঞ্চল সলিলবিন্দু—তোমার গজমুক্তাময় নাসাভূষণের শোভা ধারণ করিতেছে, তোমার মুখ তুল্য কমলের সৌরভ-লোভাকৃষ্ট চঞ্চল ভ্রমর নয়নতারার ন্যায় শোভা পাইতেছে, চঞ্চল মণিকুণ্ডলবৎ দোদুল্যমান আমলকাকৃতি ক্ষণস্থায়ী গণ্ড অর্থাৎ বুদ্বুদ-সমূহ দৃষ্ট

হইতেছে, ( অথচ তুমি মণিমণ্ডিত-কুণ্ডল-শোভিত গণ্ডযুগলে নির্ম্মল শ্রীসম্পন্না )—হে যমুনে, তুমি জয়যুক্ত হও, জয়যুক্ত হও, হে ভীতিনিবারিণি, সঙ্কটনাশিনি ! আমাকে পবিত্র কর ॥ ৭ ॥

**বিষম-পদব্যাখ্যা।**—মূর্ত্তিদ্বয়মেকোক্ত্যা নির্দ্দিশ্য স্তৌতি করিবরেতি। তত্র দেবতামূর্ত্তিপক্ষে—করিবর-মৌক্তিকমেব নাসিকভূষণম্, নাসিকায়া ইদং নাসিকং তস্যেদমিত্যণ্,—যদ্ভূষণং তত্র বাতেন চমৎকৃতচঞ্চলং চমৎকর্ত্তুমারব্ধবৎ চঞ্চলং সংস্থানমিতি বিশেষ্যপরম্ চঞ্চলসংস্থানং চঞ্চলত্বং বা যস্যাঃ, যমুনাধিদেব্যাঃ গজমুক্তা-নাসিকভূষণং মারুতস্পর্শেন তথা চঞ্চলতয়াবস্থিতং যেন দ্রষ্টারঃ প্রথমমেব সৌন্দর্য্যাতিশয়দর্শনেন চমৎক্রিয়ন্ত ইতি ভাবঃ। মুখকমলেতি, মুখং কমলমিব তস্যা-মলসৌরভলোভচঞ্চলা যে মত্তাঃ প্রমুদিতা মধুব্রতাস্তে ইব লোচনে চক্ষুষী লোচনানি দৃষ্টয়ো বা যস্যাঃ। ভ্রমরাণাং কৃষ্ণতয়া কৃষ্ণতারকপ্রধানচক্ষুষস্তদ্দৃষ্টীনাং বা তৎসাম্য-মুক্তম্। মণিগণেতি। মণিগণস্য কুণ্ডলং মণিগণনির্ম্মিতং কুণ্ডলং তত্র তদবচ্ছেদেন লোলং যথা স্যাৎ তথা পরিস্ফুরৎ দীপ্যমানং আকুলং অত্যর্থব্যগ্রং গণ্ডযুগং যস্যাঃ সা চ অমলকা চ নির্ম্মলা চেতি সম্বোধনে। কুণ্ডলযুগং হি বিলোলতয়া শোভতে তস্য প্রতিবিম্বপাতো গণ্ডযুগে জাতঃ। তেন গণ্ডযুগমেব কুণ্ডলাবচ্ছেদেন লোল-মিব পরিস্ফুরিতম্, তচ্চ পরিস্ফুরণং স্বভর্ত্তুর্বদনস্পর্শায় গণ্ডযুগস্য আকুলতামিব দ্যোতয়তীতি ফলিতম্, অত্র নৈর্ম্মল্যকথনাদ্ গণ্ডস্যাপি নৈর্ম্মল্যং প্রতীয়তে। প্রবাহপক্ষে, গজমৌক্তিকভূষণমিব বাতচমৎকৃতং চঞ্চলং কং জলং যস্যাঃ, তৎ-সম্বোধনম্। বাতেন, বাতং বায়ুগতিঃ, বায়ুগত্যা চমৎকৃতং চমৎকারো বিস্মাপনং যেন, অথবা চমৎকৃতং চমৎকর্ত্তুমারব্ধবদিতি পূর্ব্ববদাদিকর্ম্মণি ক্তঃ। এবংভূতং চঞ্চল-জলং যস্যাঃ, অনিলবেগবশাদুদ্গচ্ছচ্চঞ্চলজলং মৌক্তিকমিব সৎ তস্যা নাসা-ভূষায়-মাণং ভবতীতি ভাবঃ। মুখমিব কমলং ; মধুকরাঃ লোচনে ইব লোচনানীব বা যস্যাঃ। মধুকরবিশেষণার্থস্তু অত্রাপি পূর্ব্ববৎ। মণিগণকুণ্ডলবৎ লোল-পরিস্ফুরন্তঃ আকুলা যে গণ্ডাঃ বুদ্বুদাঃ, তদ্যুক্—তৎসঙ্গতং আমলকং অমলত্বং আমলকী-সাদৃশ্যং বা যস্যাঃ, তৎসম্বোধনে, যমুনায়া বুদ্বুদেষু অমলত্বং আমলকীসাদৃশ্যং বা যুক্তং, মণিকুণ্ডলসারূপ্যঞ্চ তত্র প্রতীয়তে, বুদ্বুদস্ফুরণস্তু ক্ষণস্থায়ি, বুদ্বুদাশ্চানিয়তা দৃশ্যন্ত ইতি ভাবঃ ॥ ৭ ॥

কলরব-নূপুর-হেম-ভয়াচিত-পাদ সরোরুহ-সারুণিকে,
ধিমি-ধিমি-ধিমি-ধিমি-তাল-বিনোদিত-মানস-মঞ্জুল-পাদ-গতে।

তব পদ-পঙ্কজমাশ্রিত-মানব-চিত্ত-সদাখিল-তাপ-হরে,
জয় যমুনে জয় ভীতি-নিবারিণি সঙ্কট-নাশিনি পাবয় মাম্ ॥৮॥

**অনুবাদ**।—দেবি ! তোমার অরুণবর্ণ চরণসরসীরুহে কলরবপূর্ণ হেমময় নূপুর ; [ অথবা দেবি, তোমার কলধ্বনি- ( কুলুকুলুধ্বনি ) স্বরূপ নূপুরধ্বনি তুল্য এই সুবর্ণগর্ব্বখর্ব্বকারী চরণ তুল্য ( রক্ত ) কমলের প্রভায় অরুণতা ফুটিয়া উঠিয়াছে ] ধিমি ধিমি ধিমি,—তালে তালে তোমার যে গতি, তাহা আমার মানসে বড়ই সুন্দর বলিয়া প্রতীতি হইতেছে, তোমার চরণকমলাশ্রিত মানবগণের মনোগত নিখিলতাপ তুমি হরণ কর, হে যমুনে, তুমি জয়যুক্ত হও, জয়যুক্ত হও, হে ভয়নিবারণি, সঙ্কটনাশিনি, আমাকে পবিত্র কর। (রক্তপদ্মের আভায় তোমার কাল জল লাল হইয়া উঠে, কুলুকুলুধ্বনি তালে তালে তোমার পদক্ষেপ সূচনা করিয়া দেয়, তাই বলি, ঐ যে অরুণিমা, উহা তোমারই চরণের রক্ততা, ঐ কুলুকুলুধ্বনি তোমারই নূপুরধ্বনি, ইহাই 'অথবা' কল্পে প্রথমার্দ্ধের ভাব। ) ॥ ৮ ॥

**বিষম-পদব্যাখ্যা**।—পূর্ব্ববৎ স্তৌতি কলরবেতি। দেবতামূর্ত্তিপক্ষে কলঃ অব্যক্তমধুরো রবো যস্য, তস্য নূপুরস্য হেমভয়া স্বর্ণপ্রভয়া আচিতং ব্যাপ্তং যৎ পাদসরোরুহং তেন সারুণিকা—অরুণোঽরুণকঃ স্বার্থে কঃ রক্তবর্ণঃ তেন সহ বর্ত্ততে, স্ত্রীত্বে তৎসম্বোধনে, ধিমিধিমীত্যব্যক্তানুকরণশব্দঃ তথাবিধেন তালেন নৃত্যকালক্রিয়া-পরিচ্ছেদেন বিনোদিতং মানসং যয়া সা—মঞ্জুলপাদগতির্যস্যাঃ তৎ-সম্বোধনে। মঞ্জুলৌ পাদৌ তয়োর্গতিঃ। প্রবাহপক্ষে, কলরবঃ কুলুকুলুধ্বনিঃ স এব নূপুরঃ যত্রেতি পাদসরোরুহ-বিশেষণম্। হেমভয়ং সুবর্ণ-ভীতিপ্রদং সুবর্ণমপি হিত্বা যদ্গ্রহণায় জনঃ প্রবর্ত্ততে, তাদৃশং আচিতং ব্যাপ্তং পাদ ইব যৎ সরোরুহং ফুল্ল-রক্তপদ্মমিতি তাৎপর্য্যং তেন ·সারুণিকে রক্তিমবতি। যত্র স্রোতসঃ কথঞ্চিৎ প্রতিরোধো ভবতি তত্র কলধ্বনেঃ প্রাচুর্য্যাৎ পদ্মকাননে তথাত্বেন পদ্মে তৎসম্বন্ধো বর্ণিত ইতি ॥ ৮ ॥

ভবোত্তাপাম্ভোধৌ নিপতিতজনো দুর্গতিযুতো,
যদি স্তৌতি প্রাতঃ প্রতিদিনমনন্যাশ্রয়তয়া।
হয়ার্দ্ব্যৈষৈঃ * কামং করকুসুমপুঞ্জৈ রবিসুতাং,
সদা ভোক্তা ভোগান্মরণসময়ে যাতি হরিতাম্ ॥ ৯ ॥

ইতি যমুনাষ্টকং সম্পূর্ণম্।

---

* 'হয়াত্রেষৈঃ' পাঠ মুদ্রিত পুস্তকে আছে। তাহা প্রামাদিক।

**অনুবাদ।**—যদি কোন দুর্গতিযুক্ত মনুষ্য সংসারসাগরে পতিত হইয়া প্রতিদিন প্রাতঃকালে অনন্যচিত্তে করবীরযুক্ত কুসুমপুঞ্জ হস্তে আদিত্য-নন্দিনী যমুনার এই স্তব করে, তাহা হইলে সেই ব্যক্তি (ইহকালে) সতত বিবিধ ভোগ প্রাপ্ত হইয়া মরণকালে বিষ্ণুপদ পাইয়া থাকে ॥ ৯ ॥

**বিষম-পদব্যাখ্যা।**—হয়ার্য্যৈঃ হয়ারিঃ করবীরপুষ্পং তস্য এষো গতিঃ প্রাপ্তির্যেষু করবীরযুক্তৈরিত্যর্থঃ। হয়াহ্রৈরিতি পাঠস্ত প্রামাদিকঃ। পুঞ্জৈরিত্যুপলক্ষণে তৃতীয়া ॥ ৯ ॥

---

* সংস্কৃতপাঠক সংস্কৃত বিষমপদ-ব্যাখ্যা হইতে ইহার বিশেষ রস গ্রহণ করিবেন।

ইতি যমুনাষ্টকস্তোত্র সম্পূর্ণ।

# নর্ম্মদাষ্টকস্তোত্র।

শ্রীশ্রীগণেশায় নমঃ।

সবিন্দুসিন্ধুসু স্খলত্তরঙ্গ-ভঙ্গ-রঞ্জিতং *
দৃষৎসু পাপ-জাত-জাতকারি-বারি-সংযুতম্।
কৃতান্ত-দূত-কাল-ভূত-ভীতি-হারি শর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ১ ॥

**অনুবাদ।**—হে সুখদায়িনি, (তোমার) তরঙ্গভঙ্গ, বিন্দু এবং সিন্ধু (নদীপ্রবাহ) চুম্বিত দৃষৎ অর্থাৎ শিলাতটে আস্ফালিত হইয়া যাহার শোভা সম্পাদন করিয়াছে, যাহা পাপরাশিবিনাশিনী ও পুনর্জ্জন্মনিবারিণী তোমারই বারিধারায় বিধৌত, যাহা প্রাণিগণের কৃতান্তদূতভীতি এবং মৃত্যুভীতি নিবারণ করে, দেবি নর্ম্মদে! তোমার সেই চরণকমলে আমি প্রণাম করিতেছি। [ নর্ম্মদাপ্রপাতস্থলে উপরিভাগে শিলাখণ্ড-স্খলিত জলবিন্দু যে শুভ্র কুসুমরাশি বর্ষণ করিতেছে, অধোদেশে দুগ্ধাবর্ত্তবৎ প্রবাহ,—পাষাণময় উভয় তটে আস্ফালিত তরঙ্গমালা তুলিয়া যে আবেগে ছুটিয়াছে, এই বন্দনায় তাহার স্বরূপ অভিব্যক্ত। দুঃখ এই, পাঠ-বিকৃতি, এই অর্থকে এত দিন ফুটিতে দেয় নাই ] ॥ ১ ॥

* 'সবিন্দুসিন্ধুসুস্খলত্তরঙ্গভঙ্গরঞ্জিতদ্বিষৎসু' এবং সবিন্দু…রঞ্জিতং দ্বিষৎ সু'—এই পাঠদ্বয় বিকৃত।

ত্বদম্বু-লীন-দীন-মীন-দিব্য-সম্প্রদায়কং,
কলৌ মলৌঘভারহারি সর্ব্বতীর্থনায়কম্।
সুমচ্ছ- * কচ্ছ-নক্র-চক্রবাক-চক্র-শর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং ননামি দেবি নর্ম্মদে ॥ ২ ॥

অনুবাদ ।—হে মৎস্য-শোভিত-সজল-তটশালিনি, হে কুম্ভীর-চক্রবাক-মণ্ডল-সুখদায়িনি, দেবি নর্ম্মদে,—তোমার জলে যে সকল ন-গণ্য মীন লয় প্রাপ্ত হয়, তাহাদিগের দিব্য সম্পৎপ্রাপ্তি যাহার প্রসাদে হয়, কলিমল-রাশি-ভারহারি সর্ব্বতীর্থ-নায়ক তোমার সেই চরণকমলে নমস্কার করি ॥ ২ ॥

মহাগভীরনীরপূত † পাপধূতভূতলং,
ধ্বনৎসমস্তপাতকারিবারিদারিতাচলম্। ‡
জগল্লয়ে মহাভয়ে মৃকণ্ডুসূনুশর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ৩ ॥

অনুবাদ ।—দেবি! যৎসংস্পৃষ্ট মহাগভীর জলস্পর্শে পাপগ্রস্তভূতল পূত হইয়াছে, যদীয় গর্জ্জনপরায়ণ বারি নিখিলপাতকবিনাশী এবং পর্ব্বত বিদীর্ণ করিয়া প্রবাহিত, ভীতিপ্রদ মহাপ্রলয়কালে হে মার্কণ্ডেয় মুনির আশ্রয়দায়িনি, দেবি নর্ম্মদে! তোমার সেই চরণকমলে নমস্কার করি ॥ ৩ ॥

গতং তদৈব মে ভয়ং ত্বদম্বু বীক্ষিতং যদা,
মৃকণ্ডুসূনু-শৌনকাসুরারি-সেবিতং সদা।
পুনর্ভবাব্ধিজন্মজং ভবাব্ধিদুঃখবর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ৪ ॥

অনুবাদ ।—দেবি! মার্কণ্ডেয়-শৌনকাদি মুনিগণ ও সুরগণের সদা-সেবিত ভবদীয় বারি আমি যখন দর্শন করিতেছি, তখনই পুনঃ সংসার-সাগরে জন্মজনিত

* 'সুমৎস্য' ইতি পাঠান্তর।

† 'মহাগভীরনীরপুর' পাঠ বহু পুস্তকে দৃষ্ট হয়।

‡ 'পাতকারিদারিতাপদাচলম্' পাঠও আছে।

ভয় গিয়াছে, (অতএব) হে ভবসমুদ্রদুঃখবারিণি! হে দেবি নর্ম্মদে! তোমার চরণকমলে নমস্কার করি ॥ ৪ ॥

অলক্ষলক্ষকিন্নরামরাসুরাদিপূজিতং,
সুলক্ষনীরতীরধীরপক্ষিলক্ষকূজিতম্।
বসিষ্ঠশিষ্টপিপ্পলাদকর্দ্দমাদিশর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ৫ ॥

**অনুবাদ**।—হে বশিষ্ঠ-শিষ্ট-পিপ্পলাদ-কর্দ্দমাদি মহর্ষিগণসুখদায়িনি, দেবি নর্ম্মদে, অসংখ্য কিন্নর অমর ও অসুর প্রভৃতি পূজিত সুলক্ষণ নীরতীরস্থ লক্ষপক্ষিকূজনসূচিত তদীয় চরণকমলে নমস্কার করি ॥ ৫ ॥

সনৎকুমার-নাচিকেত-কশ্যপাত্রি-ষট্‌পদৈর্ধৃতং,
স্বকীয়মানসেষু নারদাদিষট্‌পদৈঃ।
রবীন্দু-রন্তিদেব-দেবরাজ-কর্ম্ম-শর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ৬ ॥

**অনুবাদ**।—হে সূর্য্য চন্দ্র দেবরাজ ও রাজা রন্তিদেবের কর্ম্মানুসারে সুখবিধায়িনি দেবি নর্ম্মদে, সনৎকুমার, নাচিকেত, কশ্যপ, অত্রি প্রমুখ ঋষির ছয়টি আশ্রমস্থানে ও ভ্রমরসদৃশ নারদাদি মুনিগণের মানসমধ্যে স্থিত ত্বদীয় চরণকমলে নমস্কার করি ॥ ৬ ॥

অলক্ষ-লক্ষ-লক্ষ-পাপ-লক্ষ্য-সার-সায়কং,
ততস্তু জীবজন্তুতন্তুভুক্তিমুক্তিদায়কম্।
বিরঞ্চিবিষ্ণুশঙ্করস্বকীয়ধামশর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ৭

**অনুবাদ**।—হে ব্রহ্মলোক, বিষ্ণুলোক ও শিবলোক-সুখ-বিধায়িনি দেবি নর্ম্মদে! অলক্ষ্য লক্ষ লক্ষ পাপ যাহার ভেন্ত— লক্ষ্য—সেইরূপ শরস্বরূপে যিনি অবস্থিত, যিনি ভূচর জীব, খেচর জন্তু এবং গ্রাহ প্রভৃতি জলচরকেও ভোগ-মোক্ষ প্রদান করেন, তোমার সেই বিশাল চরণকমলে নমস্কার করি ॥ ৭ ॥

অহোঽমৃতং সমং শ্রুতং মহেশকেশজাতটে,
কিরাতসূতবাড়বেষু পণ্ডিতে শঠে।
দুরন্তপাপতাপহারি সর্ব্বজন্তুশর্ম্মদে,
ত্বদীয়পাদপঙ্কজং নমামি দেবি নর্ম্মদে ॥ ৮ ॥

**অনুবাদ।**—হে সর্ব্বজীবসুখবিধায়িনি দেবি নর্ম্মদে, তোমার এই অমৃত (জল) গোদাবরীতটে, কিরাত, সূত ও বাড়ব জাতিতে এবং পণ্ডিত ও শঠে সর্ব্বত্র সমান, ইহা শাস্ত্রে শ্রুত হইয়াছে, অতএব তোমার চরণকমলে নমস্কার করি ॥ ৮ ॥

ইদন্তু নর্ম্মদাষ্টকং ত্রিকালমেব যে সদা,
পঠন্তি তে নিরন্তরং ন যান্তি দুর্গতিং কদা।
সুলভ্যদেহদুর্ল্লভং মহেশধামগৌরবং,
পুনর্ভবা নরা ন বৈ বিলোকয়ন্তি রৌরবম্ ॥ ৯ ॥

ইতি নর্ম্মদাষ্টকস্তোত্রং সম্পুর্ণম্।

**অনুবাদ।**—দেবি! যে ব্যক্তি প্রতিদিন প্রাতঃকালাদি সন্ধ্যাত্রয়ে ভক্তিপূর্ব্বক এই নর্ম্মদাষ্টক পাঠ করে, সে কদাচ দুঃখভোগ করে না, এই নিত্য লভ্য দেহে দুর্ল্লভ মহেশ্বরলোকের গৌরবলাভ করে, আর সেই ব্যক্তি পুনর্ব্বার সংসারযাতনা ভোগ করে না এবং কখনও তাহার নরকদর্শন হয় না ॥ ৯ ॥

নর্ম্মদাষ্টক-স্তোত্র সম্পূর্ণ।

---

## পুষ্করাষ্টক-স্তোত্র।

শ্রিয়া যুতং ত্রিদেহ-তাপ-পাপ-রাশি-নাশকং
মুনীন্দ্র-সিদ্ধ-সাধ্য-দেব-দানবৈরভিষ্টুতম্।
তটেঽস্তি যজ্ঞপর্ব্বতস্য মুক্তিদং সুখাকরং
নমামি ব্রহ্মপুষ্করং * স-বৈষ্ণবং স-শঙ্করম্ ॥ ১ ॥

**অনুবাদ।**—যিনি শ্রীমান্, যিনি স্থূল সূক্ষ্ম ও কারণদেহস্থ আধ্যাত্মিক,

---

* ভাষানামের অনুকরণে 'বৃদ্ধপুষ্করম্' উচ্চারণ দ্বারা ছন্দোদোষ নিবারণীয়, ব্রহ্মলাল—হিন্দুস্থানে বুঢ়লাল উচ্চারিত হয়।

আধিদৈব ও আধিভৌতিক এই তাপত্রয় ও পাতকপুঞ্জ বিনাশ করেন; ঋষিশ্রেষ্ঠগণ, সিদ্ধবৃন্দ, সাধ্যগণ ও সুরাসুরগণ যাঁহার স্তব করেন, যিনি যজ্ঞশৈলের তটদেশে অধিষ্ঠিত, যিনি মোক্ষপ্রদ ও সুখের আকর, সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ১ ॥

সদূর্জ্জমাসশুক্লপঞ্চবাসরে বরাগতং,
তদন্যথান্তরিক্ষগং স্বতন্ত্রভাবনানুগম্।
যদম্বুপানমজ্জনং দৃশাং সদামৃতাকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ২ ॥

অনুবাদ।—যিনি পুণ্য কার্ত্তিকমাসের শুক্লপক্ষীয় (অন্তিম) পঞ্চদিবসে প্রাদুর্ভূত হন, তদ্ভিন্ন অন্য সময়ে গগনমার্গে অধিষ্ঠান করেন, একাগ্রচিত্তে ধ্যান করিলে যাঁহাকে লাভ করা যায়, যাঁহাতে স্নান বা যাঁহার জল পান এবং দর্শন করিলে সুখলাভ হয়, সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ২ ॥

ত্রিপুষ্কর ত্রিপুষ্কর ত্রিপুষ্করেতি সংস্মরেৎ,
সুদূরদেশগোঽপি যস্তদঙ্গপাপনাশনম্।
প্রপন্নদুঃখভঞ্জনং সুরঞ্জনং সুধাকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ৩ ॥

অনুবাদ।—সুদূরদেশে অবস্থান করিয়াও যে ব্যক্তি 'ত্রিপুষ্কর, ত্রিপুষ্কর, ত্রিপুষ্কর' এই নাম স্মরণ করে, তাহার শরীরস্থিত যাবতীয় পাতক বিলয় প্রাপ্ত হয়। যিনি আশ্রিতজনের ক্লেশ দূর করেন, যিনি সকলের চিত্তরঞ্জন করেন এবং যিনি অমৃতের আধার, সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ৩ ॥

মৃকণ্ডুমঙ্কণৌ পুলস্ত্যকণ্বপর্ব্বতা-সিতা,
অগস্ত্যভার্গবৌ দধীচিনারদৌ শুকাদয়ঃ।
স-পদ্মতীর্থ-পাবনৈক-দৃষ্টয়ো দয়াকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ৪ ॥

অনুবাদ।—মৃকণ্ডু, মঙ্কণ, পুলস্ত্য, কণ্ব, পর্ব্বত, শুক প্রভৃতি ঋষিগণ নিজ নিজ জনপাবন দৃষ্টি—যে পদ্ম (পুষ্কর) তীর্থে একমাত্র নিবদ্ধ রাখিয়াছেন, করুণার আকর সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ৪ ॥

সদা পিতামহেক্ষিতং বরাহবিষ্ণুনেক্ষিতং,
তথাঽমরেশ্বরেক্ষিতং সুরাসুরৈঃ সমীক্ষিতম্।
ইহৈব ভুক্তিমুক্তিদং প্রজাকরং ধনাকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ৫ ॥

**অনুবাদ** ।—পিতামহ ব্রহ্মা, বরাহরূপী হরি, সুরপতি ইন্দ্র ও অপরাপর দেবদানবেরা নিরন্তর যাঁহাকে দর্শন করেন, যিনি ইহধামেই ভুক্তি, মুক্তি, সন্ততি ও ধনসম্পত্তি প্রদান করেন, সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ৫ ॥

ত্রিদণ্ডি-দণ্ডি-বর্ণিভিস্তপস্বিভিঃ * সুসেবিতং,
পুরার্দ্ধচন্দ্রপ্রাপ্ত † দেবনন্দিকেশ্বরাভিধৈঃ।
স-বৈদ্যনাথ-নীলকণ্ঠ-সেবিতং সুধাকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ৬ ॥

**অনুবাদ** ।—ত্রিদণ্ডী, ‡ দণ্ডী, ব্রহ্মচারী ও তাপসবৃন্দ যাঁহার সেবা করেন, অর্দ্ধচন্দ্রধারী নন্দিকেশ্বরাখ্য দেব যাঁহার উপাসনা করেন, বৈদ্যনাথ ও নীলকণ্ঠ যাঁহার সেবা করেন এবং যিনি অমৃতের আধার, সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ৬ ॥

সুপঞ্চধা সরস্বতী বিরাজতে যদন্তরে,
তথৈকযোজনায়তং বিভাতি তীর্থনায়কম্।
অনেকদৈবপৈত্রতীর্থসাগরং রসাকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ৭ ॥

**অনুবাদ** ।—সরস্বতী পঞ্চমূর্ত্তিতে যাঁহার কিঞ্চিদ্দূরে বিরাজ করিতেছেন, যিনি একযোজনবিস্তৃত তীর্থরাজরূপে শোভমান, যিনি অসংখ্য দৈব ও পৈত্র তীর্থের সমুদ্রস্বরূপ এবং যিনি রসের আধার, সেই স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ৭ ॥

---

* ত্রিদণ্ডিদণ্ডিব্রহ্মচারিতাপসৈঃ—ইহা বহুসম্মত পাঠ।

† 'প্রাপ্ত'—এ স্থলে, 'প্র' অথবা 'হ্র' পরে থাকিলে পূর্ব্ব লঘুবর্ণ বিকল্পে গুরু হয়, তাই ছন্দোদোষ হয় নাই।

‡ ত্রিদণ্ডী—যিনি বাঙ্মনঃকায়সংযমসম্পন্ন।

যমাদিসংযুতো নরস্ত্রিপুষ্করং নিমজ্জতি,
পিতামহশ্চ মাধবোঽপ্যুমাধবঃ প্রসন্নতাম্।
প্রয়াতি তৎপদং দদত্যযত্নতো গুণাকরং,
নমামি ব্রহ্মপুষ্করং সবৈষ্ণবং সশঙ্করম্ ॥ ৮ ॥

**অনুবাদ**।—যে ব্যক্তি যমাদিপরায়ণ হইয়া এই পুষ্করতীর্থে স্নান করে, হরি-হর-ব্রহ্মা তাহার প্রতি প্রসন্ন হইয়া অনায়াসে স্ব স্ব পদ প্রদান করিয়া থাকেন। আমি এতাদৃশ গুণাকর স-বৈষ্ণব স-শঙ্কর ব্রহ্মপুষ্করকে প্রণাম করি ॥ ৮ ॥

ইদং হি পুষ্করাষ্টকং সুনীতিনীরজাশ্রিতং,
স্থিতং মদীয়মানসে কদাপি মাঽপগচ্ছতু।
ত্রিসন্ধ্যমাপঠন্তি যে ত্রিপুষ্করাষ্টকং নরাঃ,
প্রদীপ্তদেহভূষণা ভবন্তি মেশ-কিঙ্করাঃ ॥ ৯ ॥

ইতি পুষ্করাষ্টকস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—এই পুষ্করাষ্টক সুনীতিরূপ কমলের আশ্রিত; ইহা আমার মানসে ( মনন, অপর মানসসরোবরে ) অধিষ্ঠিত হউক, যেন কখনও অন্যত্র গমন না করে। যাহারা ত্রিসন্ধ্যা এই ত্রিপুরাষ্টক স্তোত্র পাঠ করে, তাহারা দিব্য তেজঃপূর্ণ শরীররূপ অলঙ্কারে অলঙ্কৃত হইয়া রমাপতির কিঙ্করত্ব প্রাপ্ত হয় ॥ ৯ ॥

পুষ্করাষ্টকস্তোত্র সম্পূর্ণ।

## হনুমৎপঞ্চরত্নম্।

বীতাখিলবিষয়েচ্ছং জাতানন্দাশ্রুপুলকমত্যচ্ছম্।
সীতাপতিদূতাদ্যং বাতাত্মজমদ্য ভাবয়ে হৃদ্যম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—নিখিল-বিষয়-বীতস্পৃহ, আনন্দাশ্রু-পুলক-শোভিত, স্বচ্ছ-হৃদয়, সীতাপতিদূতাগ্রগণ্য হৃদ্য পবননন্দনকে ভাবনা করি ॥ ১ ॥

তরুণারুণ-মুখ-কমলং করুণারস-পূর-পূরিতাপাঙ্গম্।
সঞ্জীবনমাশাসে মঞ্জুলমহিমানমঞ্জনা-ভাগ্যম্ ॥ ২ ॥

**অনুবাদ।**—যিনি তরুণারুণ-মুখকমল অর্থাৎ যাঁহার মুখকমল বাল-সূর্য্যের ন্যায় রক্তবর্ণ অথবা উদীয়মান সূর্য্য যাঁহার মুখকমলে প্রবেশ করিতে-ছিলেন, যাঁহার অপাঙ্গ করুণারসপ্রবাহে পূর্ণ, মনোহর-মহিম-সম্পন্ন, সেই (মূর্ত্তিমান) অঞ্জনা-সৌভাগ্যের নিকট সম্যক্ অর্থাৎ শ্রীরামভক্তিপূত জীবন প্রার্থনা করি ॥ ২ ॥

শম্বর-বৈরিশরাতিগমম্বুজ-দল-বিপুল-লোচনোদারম্।
কম্বুগলমনিল-দিষ্টং বিম্বজ্বলিতোষ্ঠমেকমবলম্বে ॥ ৩ ॥

**অনুবাদ।**—যিনি কামশরের অতীত, যাঁহার নয়ন-যুগল কমলদলের ন্যায় আয়ত, যাঁহার ওষ্ঠ বিম্বফলের ন্যায় উজ্জ্বল, পবনের (মূর্ত্তিমান) ভাগ্যরূপ সেই উদার কম্বুকণ্ঠকেই একমাত্র অবলম্বন করিতেছি ॥ ৩ ॥

দূরীকৃতসীতার্ত্তিঃ প্রকটীকৃত-রাম-বৈভব-স্ফূর্ত্তিঃ।
দারিত-দশমুখকীর্ত্তিঃ পুরতো মম ভাতু হনুমতো মূর্ত্তিঃ॥৪॥

**অনুবাদ।**—যাঁহা হইতে সীতার ব্যথা দূর হইয়াছে, যাঁহার স্ফূর্ত্তি অর্থাৎ প্রকাশ হইতেই শ্রীরামের প্রভাব ব্যক্ত হইয়াছে, দশাননের কীর্ত্তিবিনাশিনী হনুমানের সেই মূর্ত্তি আমার সম্মুখে প্রকাশিত হউক ॥ ৪ ॥

বানর-নিকরাধ্যক্ষং রাক্ষস- * কুলকুমুদরবিকর-সদৃশম্।
দীনজনাবনদীক্ষং পবনতপঃপাকপুঞ্জমদ্রাক্ষম্ ॥ ৫ ॥

**অনুবাদ।**—যিনি রাক্ষসকুলস্বরূপ কুমুদ-কুসুমের সূর্য্যকিরণ-তুল্য (গ্লানিহেতু), পবনদেবের তপঃফলস্বরূপ, দীনজনপালনব্রতী সেই বানরগণাধি-নায়ককে আমি দেখিতে পাইয়াছি ॥ ৫ ॥

এতৎ পবনসুতস্য স্তোত্রং যঃ পঠতি পঞ্চরত্নাখ্যম্।
চিরমিহ নিখিলান্ ভোগান্ ভুক্ত্বা শ্রীরামভক্তিভাগ্ ভবতি ॥ ৬ ॥

**অনুবাদ।**--পবননন্দনের এই পঞ্চরত্নাখ্য স্তোত্র যে পাঠ করে,

* 'দানব' ইতি পাঠান্তর।

সে ইহজীবনে দীর্ঘকাল বিবিধ সুখভোগ করিয়া (পরিণামে) শ্রীরামভক্তি লাভ করে ॥ ৬ ॥

ইতি শ্রীমৎপরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দভগবৎ-পূজ্যপাদশিষ্যস্য শ্রীমচ্ছঙ্কর-ভগবতঃ কৃতৌ হনুমৎপঞ্চরত্নং সম্পূর্ণম্।

## গণেশভুজঙ্গ-প্রয়াত-স্তোত্র।

রণৎ-ক্ষুদ্র-ঘণ্টা-নিনাদাভিরামং,
চলৎ-তাণ্ডবোদ্দণ্ডবৎ-পদ্মতালম্।
লসৎ-তুন্দিলাঙ্গোপরি-ব্যাল-হারং,
গণাধীশমীশানসূনুং তমীড়ে ॥ ১ ॥

অনুবাদ।—(শিরোমালারূপে অবস্থিত) মুখরিত ক্ষুদ্র ক্ষুদ্র ঘণ্টিকা-নিনাদ যাঁহার রমণীয়তা সম্পাদন করিতেছে, যিনি তাণ্ডবনৃত্যে উদ্দণ্ডবৎ শুণ্ড-সঞ্চালনে তাল প্রদান করিতেছেন, যাঁহার তুন্দিল-অঙ্গোপরি সর্পহার বিরাজমান, সেই ঈশানতনয় গণপতিদেবকে স্তব করি ॥ ১ ॥

ধ্বনিধ্বংসবীণালয়োল্লাসি-বক্ত্রং,
স্ফুরচ্ছুণ্ডদণ্ডোল্লসদ্বীজপূরম্।
গলদ্দর্পসৌগন্ধ্যলোলালিমালং,
গণাধীশমীশানসূনুং তমীড়ে ॥ ২ ॥

অনুবাদ।—যাঁহার বদনোচ্চারিত রবে বীণাধ্বনি বিড়ম্বিত হইতেছে, তাহাতে যাঁহার বদনমণ্ডল উল্লসিত, যিনি মনোহর শুণ্ডদণ্ডে বীরপূর ধারণ পূর্ব্বক শোভা পাইতেছেন, যাঁহার ক্ষরিত-মদ-সৌগন্ধে ভ্রমরকুল চঞ্চলভাবে পরিভ্রমণ করিতেছে, সেই ঈশানতনয় গণপতিদেবকে স্তব করি ॥ ২ ॥

চকাসজ্জবারক্তরক্তপ্রসূন-
প্রবালপ্রভাতারুণজ্যোতিরেকম্।
প্রলম্বোদরং বক্রতুণ্ডৈকদন্তং,
গণাধীশমীশানসূনুং তমীড়ে ॥ ৩ ॥

**অনুবাদ।**—প্রফুল্ল জবাপুষ্পের ন্যায় যাঁহার কান্তি লোহিতবর্ণ; যিনি রক্তপুষ্প, প্রবাল ও প্রাতঃকালীন অরুণের ন্যায় অদ্বিতীয় জ্যোতিঃস্বরূপ, যিনি লম্বোদর, বক্রতুণ্ড এবং একদন্ত, সেই ঈশানতনয় গণপতিদেবকে স্তব করি ॥ ৩ ॥

বিচিত্রস্ফুরদ্‌রত্নমালাকিরীটং,
কিরীটোল্লসচ্চন্দ্ররেখাবিভূষম্।
বিভূষৈকভূষং ভবধ্বংসহেতুং
গণাধীশমীশানসূনুং তমীড়ে ॥ ৪ ॥

**অনুবাদ।**—যিনি মস্তকে বিচিত্র জ্যোতির্ম্ময়ী রত্নমালা ও কিরীট ধারণ করিতেছেন, যাঁহার ভালতটে দেদীপ্যমান শশিকলা বিভূষণরূপে সুশোভিত, যিনি ভূষণসমূহের একমাত্র ভূষণ ও ভববন্ধনবিমোচনের মূলীভূত, সেই ঈশান-তনয় গণপতিদেবকে স্তব করি ॥ ৪ ॥

উদঞ্চদ্‌ভুজাবল্লরীদৃশ্যমূলো-
চ্চলদ্‌ভ্রূলতাবিভ্রমভ্রাজিতাক্ষম্ * ।
মরুৎসুন্দরীচামরৈঃ সেব্যমানং,
গণাধীশমীশানসূনুং তমীড়ে ॥ ৫ ॥

**অনুবাদ।**—( চামরব্যজনকালে সুররমণীগণের ) বাহুলতা ঊর্দ্ধভাগে সমুত্তোলিত হওয়ায় তাহার মূল দৃশ্য হয়, তৎপ্রসঙ্গে সঞ্চালিত ভ্রূলতা-বিভ্রমে যাঁহার নয়ন শোভা পাইয়া থাকে, চামরবীজন দ্বারা সুররমণীগণ-সেবিত, সেই ঈশানতনয় গণপতিদেবকে স্তব করি ॥ ৫ ॥

স্ফুরন্নিষ্ঠুরালোলপিঙ্গাক্ষিতারং,
কৃপাকোমলোদারলীলাবতারম্।

---

* 'ভ্রাজদক্ষম্' পাঠান্তর।

কলাবিন্দুগং গীয়তে যোগিবর্য্যৈ-
গণাধীশমীশানসূনুং তমীড়ে ॥ ৬ ॥

**অনুবাদ**।—যাঁহার নেত্রতারকা জ্যোতির্বিমণ্ডিত, কঠোর, চপল ও পিঙ্গবর্ণ; যিনি দয়া, মার্দ্দব ও ঔদার্য্যের লীলাবতারস্বরূপ এবং যোগিপ্রবরগণ যাঁহাকে কলা ও বিন্দুস্থিত বলিয়া বর্ণনা করেন, সেই ঈশানতনয় গণপতিদেবকে স্তব করি ॥ ৬ ॥

যমেকাক্ষরং নির্ম্মলং নির্বিকল্পং,
গুণাতীতমানন্দমাকারশূন্যম্।
পরং পারমোঙ্কারমাম্নায়গর্ভং,
বদন্তি প্রগল্‌ভং পুরাণং তমীড়ে ॥ ৭ ॥

**অনুবাদ**।—যাঁহাকে একাক্ষর, বিমল, বিকল্পরহিত, ত্রিগুণের অতীত, আনন্দময়, নিরাকার, পরম পার ও প্রণবস্বরূপ, বেদগর্ভ এবং পুরাতন পুরুষ বলিয়া (মুনিগণ) স্পর্দ্ধা-সহকারে কীর্ত্তন করেন, সেই ঈশানন্দন গণপতিদেবকে স্তব করি ॥ ৭ ॥

চিদানন্দসান্দ্রায় শান্তায় তুভ্যং,
নমো বিশ্বকর্ত্রে চ হর্ত্রে চ তুভ্যম্।
নমোঽনন্তলীলায় কৈবল্যভাসে,
নমো বিশ্ববীজ প্রসীদীশসূনো ॥ ৮ ॥

**অনুবাদ**।—হে জগৎকারণ! তুমি চিদানন্দঘন ও শান্তমূর্ত্তি; তোমাকে প্রণাম করি। তুমি বিশ্বচরাচরের কর্ত্তা ও হর্ত্তা; তোমাকে প্রণাম করি; তুমি অনন্ত লীলাময়, কৈবল্যপ্রকাশ, তোমাকে প্রণাম করি। হে ঈশানসূনো! আমার প্রতি প্রসন্ন হও ॥ ৮ ॥

ইমং সুস্তবং প্রাতরুত্থায় ভক্ত্যা,
পঠেদ্‌যস্তু মর্ত্ত্যো লভেৎ সর্ব্বকামান্। *

* 'লভেতেষ্টজাতম্' পাঠ সমীচীন।

গণেশপ্রসাদেন সিধ্যন্তি বাচো
গণেশে বিভৌ দুর্লভং কিং প্রসন্নে ॥ ৯ ॥

ইতি গণেশভুজঙ্গপ্রয়াতস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—প্রভাতে গাত্রোত্থান পুরঃসর ভক্তিমান্ হইয়া যে মানব এই উত্তম স্তব পাঠ করে, তাহার সর্ব্বাভীষ্টলাভ হয় এবং গজাননপ্রসাদে সে ব্যক্তি বাক্‌সিদ্ধি লাভ করে। বিভু গণপতিদেব প্রসন্ন হইলে কোন্ বস্তু দুর্লভ হয়? ॥ ৯ ॥

---

# শিব-ভুজঙ্গপ্রয়াত-স্তোত্র।

শ্রীগণেশায় নমঃ।

গলদ্দানগণ্ডং মিলদ্‌ভৃঙ্গখণ্ডং,
চলচ্চারুশুণ্ডম্ জগত্ত্রাণশৌণ্ডম্।
লসদ্দন্তকাণ্ডং বিপদ্‌ভঙ্গচণ্ডং,
শিব-প্রেম-পিণ্ডং ভজে বক্রতুণ্ডম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—(গণেশ সর্ব্বাগ্রে পূজ্য বলিয়া এই শিব-স্তবের প্রথমেই গণেশের বন্দনা করা হইয়াছে) যাঁহার গণ্ডস্থল হইতে নিরন্তর মদবারি ক্ষরিত হইতেছে ও ঐ মদগন্ধে ভৃঙ্গগণ মিলিত হওয়াতে যাঁহার সুচারু শুণ্ড অনবরত চঞ্চল হইতেছে, জগতের পরিত্রাণকার্য্যে যিনি নিয়ত নিরত আছেন, যিনি কাণ্ড-তুল্য অর্থাৎ বাণের ন্যায় দন্ত ধারণ করিয়াছেন, যিনি জগতের বিপদ্-বিনাশে প্রচণ্ডশক্তি এবং মহেশ্বরের পরমপ্রেমাস্পদ, সেই বক্রতুণ্ড গজাননকে ভজন করি ॥ ১ ॥

অনাদ্যন্তমাদ্যং পরং তত্ত্বমর্থং,
চিদাকারমেকং তুরীয়ং ত্বমেয়ম্।
হরিব্রহ্মমৃগ্যং পরব্রহ্মরূপং,
মনোবাগতীতং মহঃ শৈবমীড়ে ॥ ২ ॥

**অনুবাদ**।—যাঁহার আদি নাই, অন্ত নাই, অথচ যিনি সকলের আদি,

যিনি পরমতত্ত্ববস্তু, যিনি অপ্রমেয়, চিন্ময়, অদ্বিতীয়, তুরীয়, হরি ও ব্রহ্মা যাঁহার অন্বেষণ করিয়া থাকেন, যিনি পরব্রহ্মরূপী এবং মনোবাক্যের অতীত, সেই শৈবজ্যোতিঃ ভজনা করি ॥ ২ ॥

স্বশক্ত্যাদি-শক্ত্যন্ত-সিংহাসনস্থং,
মনোহারি-সর্ব্বাঙ্গরত্নাদিভূষম্ ।
জটাহীন্দুগঙ্গাগ্নিশশ্যর্কমৌলিং, *
পরং শক্তিমিত্রং নুমঃ পঞ্চবক্ত্রম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি আধারশক্তি প্রভৃতি পীঠদেবতা এবং পীঠশক্তি দ্বার রমণীয় সিংহাসনে সংস্থিত আছেন, যাঁহার সর্ব্বাঙ্গ মনোহর রত্নাদিভূষণে সমলঙ্কৃত; জটাভার, সর্পময় আপীড়, ইন্দুকলা, গঙ্গা, অগ্নি, চন্দ্র, সূর্য্য ( নয়নত্রয়রূপে ) যাঁহার উত্তমাঙ্গে বিরাজিত, সেই আদ্যাশক্তিসহচর পরাৎপর পঞ্চবক্ত্রকে স্তব করি ॥ ৩ ॥

শিবেশানতৎপূরুষাঘোরবামা-
দিভির্ব্রহ্মভির্হৃন্মুখৈঃ ষড়্ভিরঙ্গৈঃ ।
অনৌপম্যষট্‌ত্রিংশতং তত্ত্ববিদ্যা-
মতীতং পরং ত্বাং কথং বেত্তি কো বা ॥ ৪ ॥

**অনুবাদ**।—হে শিব! ঈশান, তৎপুরুষ, অঘোর, বামদেব আদি ( সদ্যোজাত ) পঞ্চ ব্রহ্মমন্ত্র এবং হৃদয়াদি ষড়ঙ্গমন্ত্রে উপলক্ষিত তোমার ষট্‌ত্রিংশৎ তত্ত্ব নিরুপম, † তুমি তত্ত্ববিদ্যার অতীত পরাৎপর; তোমাকে কিরূপে জানা যায়, কেই বা জানিতে পারে? ॥ ৪ ॥

প্রবালপ্রবাহপ্রভাশোণমর্দ্ধং, ‡
মরুত্বন্মণিশ্রীমহঃশ্যামমর্দ্ধম্ ।

* 'গঙ্গাগ্নি' ইতি পাঠান্তর।

† (১) শিব (২) শক্তি (৩) সদাশিব (৪) ঈশ্বর (৫) শুদ্ধবিদ্যা (৬) মায়া (৭) কলা (৮) বিদ্যা, (৯) রাগ (১০) অহঙ্কার (১১) কাল (১২) নিয়তি (১৩) প্রকৃতি (১৪) পুরুষ (১৫) বুদ্ধি (১৬) মন এবং দশ ইন্দ্রিয়, পঞ্চ বিষয় ও পঞ্চভূত। এই ষট্‌ত্রিংশৎ তত্ত্বের বিবরণ প্রাণতোষণীতে দ্রষ্টব্য।

‡ তুষারপ্রবাহপ্রভাশুভ্রমর্দ্ধম্।—পাঠান্তর।

গুণস্যূতমেকং বপুশ্চৈকমন্তঃ,
স্মরামি স্মরাপত্তিসংপত্তিহেতুম্ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যাঁহার শরীরের অর্দ্ধ নূতন পল্লবসমূহের ন্যায় রক্তবর্ণ এবং অপর অর্দ্ধ ইন্দ্রনীলমণির ন্যায় শ্রীসম্পন্ন সমুজ্জ্বল শ্যামবর্ণ, এই উভয় অর্দ্ধে ঘটিত গুণনিবদ্ধ একদেহধারী, স্মরবিনাশন এবং স্মরজনক (হরিহর-রূপী) এক তত্ত্বকে অন্তরে স্মরণ করি। (শিবের চণ্ডেশ্বরমূর্ত্তি রক্তবর্ণ, হরিহরমূর্ত্তিতে তাঁহার বর্ণনা করা হইয়াছে)। পাদটীকায় লিখিত পাঠান্তরে, হরিহরমূর্ত্তির অর্দ্ধাংশে শুভ্রবর্ণ হইবে। মহাদেব যে স্মরকে বিনাশ করিয়াছিলেন, তাহা পুরাণপ্রসিদ্ধ এবং প্রদ্যুম্নরূপী কামদেবের পিতা বলিয়া (সৃষ্টিকর্ত্তা বলিয়া—ইহাও অনেকে বলেন) নারায়ণও স্মরজনকরূপে কথিত ॥ ৫ ॥

স্ব-সেবা-সমায়াত-দেবাসুরেন্দ্রা-
নমন্মৌলি-মন্দার-মালাভিষক্তম্ !
নমস্যামি শম্ভো ! পদাম্ভোরুহং তে,
ভবাম্ভোধিপোতং ভবানীবিভাব্যম্ ॥ ৬ ॥

**অনুবাদ**।—হে শম্ভো! তোমার সেবার জন্য সমাগত সুরশ্রেষ্ঠ ও অসুরশ্রেষ্ঠগণের আনম্র মৌলিস্খলিত মন্দারমালাসঙ্গত, ভবসমুদ্রের পোত-স্বরূপ, ভবানীবিভাবনীয়, তোমার চরণপদ্মকে প্রণাম করি ॥ ৬ ॥

জগন্নাথ মন্নাথ গৌরীসনাথ,
প্রপন্নানুকম্পিন্ বিপন্নার্ত্তিহারিন্।
মহঃস্তোমমূর্ত্তে সমস্তৈকবন্ধো,
নমস্তে নমস্তে পুনস্তে নমোঽস্তু ॥ ৭ ॥

**অনুবাদ**।—হে গৌরীসমন্বিত শম্ভো! তুমি জগতের নাথ, সুতরাং আমারও নাথ। তুমি শরণাপন্ন ব্যক্তির প্রতি কৃপা করিয়া থাক, তুমি বিপন্ন ব্যক্তির বিপদ্ হরণ কর, তুমি জ্যোতির্ম্ময়মূর্ত্তি এবং অখিল জনের একমাত্র বন্ধু। তোমায় পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ৭ ॥

মহাদেব দেবেশ দেবাদিদেব,
স্মরারে পুরারে যমারে হরেতি।

ব্রুবাণঃ স্মরিষ্যামি ভক্ত্যা ভবন্তং,

তেতো মে দয়াশীল দেব প্রসীদ ॥ ৮ ॥

**অনুবাদ**।—হে মহাদেব! হে দেবেশ, হে দেবাদিদেব, হে স্মরারে, হে পুরারে, হে মৃত্যুঞ্জয়, হে হর, এইরূপ বলিতে বলিতে ভক্তি সহকারে আপনাকে স্মরণ করিব, হে দয়াময় দেব, তাহাতে আমার প্রতি প্রসন্ন হও ॥ ৮ ॥

বিরূপাক্ষ বিশ্বেশ বিদ্যাদিকেশ,

ত্রয়ীমূল শম্ভো শিব ত্র্যম্বক ত্বম্।

প্রসীদ স্মরন্তো হি পশ্যাহব পুষ্য,

ক্ষমস্বাপ্নুহীতি ক্ষপা হি ক্ষিপাম ॥ ৯ ॥

**অনুবাদ**।—হে বিরূপাক্ষ! হে বিশ্বেশ্বর! হে বিদ্যাদি কলার অধীশ্বর! হে শম্ভো! তুমি বেদ সকলের মূলীভূত; হে শিব! তুমি ত্রিনেত্র, তুমি প্রসন্ন হও, পরিত্রাণ কর; মৎপ্রতি কৃপাদৃষ্টি বিতরণ কর, আমাকে রক্ষা কর ও আমাকে পোষণ কর। হে বিশ্বনাথ! আমার অপরাধ ক্ষমা কর এবং আমাকে আত্মসাৎ কর, এইরূপ স্মরণ করিতে করিতে যেন বহু নিশা অতিবাহিত করিতে পারি ॥ ৯ ॥

ত্বদন্যঃ শরণ্যঃ প্রপন্নস্য নেতি,

প্রসীদ স্মরত্যেব হন্যাস্তু দৈন্যম্।

ন চেত্তে ভবেদ্ভক্তবাৎসল্যহানি-

স্ততো মে দয়ালো দয়াং সন্নিধেহি ॥ ১০ ॥

**অনুবাদ**।—হে কৃপাময়! তুমি ব্যতীত প্রপন্ন ব্যক্তির আর কেহ শরণ্য নাই, তুমি আমার প্রতি প্রসন্ন হও, এই প্রকারে তোমাকে স্মরণ করিলেই তুমি (তদবস্থিত) দৈন্য হরণ করিয়া থাক, নতুবা তোমার ভক্তবাৎসল্যের হানি হইতে পারে, অতএব তুমি আমাকে কৃপা অর্পণ কর ॥ ১০ ॥

অয়ং দানকালস্ত্বহং দানপাত্রং,

ভবান্নাথ দাতা ত্বদন্যং ন যাচে।

ভবদ্ভক্তিমেব স্থিরাং দেহি মহ্যং,

কৃপাশীল শম্ভো কৃতার্থোঽস্মি তস্মাৎ ॥ ১১ ॥

**অনুবাদ।**—হে নাথ! ইহা দানের কাল, আমি দানের পাত্র আপনি দাতা, আপনা ব্যতীত আমি অন্য কাহার নিকট যাচ্ঞা করি না; অতএব আপনার প্রতি অচলা ভক্তিই আমাকে দান করুন। হে কৃপাময়! শম্ভো! আমি তাহাতেই অচিরে কৃতার্থ হইব ॥ ১১ ॥

পশুং বেৎসি চেন্মাং তমেবাধিরূঢ়ঃ,
কলঙ্কীতি বা মূর্দ্ধ্নি ধৎসে তমেব।
দ্বিজিহ্বঃ পুনঃ সোঽপি তে কণ্ঠভূষা,
ত্বদঙ্গীকৃতাঃ শর্ব্ব সর্ব্বেঽপ্যধন্যাঃ * ॥ ১২ ॥

**অনুবাদ।**—হে শর্ব্ব! আমাকে যদি পশু বিবেচনা কর, তুমি তো তাহাতে আরোহণ করিয়াই আছ অর্থাৎ পশু বলিয়া ঘৃণা করিতে পার না। যদি আমাকে কলঙ্কী বলিয়া বিবেচনা কর, তাহা হইলেও তাহাকে তুমি নিজ মস্তকে ধারণ করিতেছ; অর্থাৎ চন্দ্র কলঙ্কী, তাহাকে যখন উত্তমাঙ্গে স্থান দিয়াছ, তখন কলঙ্কী বলিয়া আমাকে ত্যাগ করিতে পার না। যদি আমাকে দ্বিজিহ্ব (খল ও সর্প) মনে কর, সেই দ্বিজিহ্বও তো তোমার কণ্ঠের ভূষণ, সকল অধন্যকে অর্থাৎ অধন্যকেই যে তুমি আপনার করিয়াছ, (তবে আমাকে আপনার না করিবে কেন?) পাঠান্তরের অনুবাদ—তুমি আত্মীয় করিয়া লইলে সকলেই ধন্য হইয়া থাকে ॥ ১২ ॥

ন শক্নোমি কর্ত্তুং পরদ্রোহলেশং,
কথং প্রীয়সে ত্বং ন জানে গিরীশ।
তথা হি প্রসন্নোঽসি কস্যাপি কান্তা-
সুতদ্রোহিণো বা পিতৃদ্রোহিণো বা ॥১৩॥

**অনুবাদ।**—হে গিরীশ! আমি পরদ্রোহ করিতে সমর্থ নহি, অতএব তুমি কিরূপে মৎপ্রতি প্রসন্ন হইবে, তাহা জানি না। কারণ, শুনিয়াছি, তুমি কোন কোন স্ত্রীপুত্রদ্রোহী ও পিতৃদ্রোহীর প্রতি প্রসন্ন হইয়াছ। (অধিক দুঃখীর প্রতি দয়ালুর দয়া অধিক হয়, অধিক দোষী সন্তানের প্রতি মাতার করুণা অধিক হয়, এইরূপ শিবও কৃপাপরবশ হইয়া গুরুতর পাপীকে উদ্ধার করিয়াছেন। সাধু ভক্ত ঈষৎ অভিমানভরে এবং সভয়ে এই শ্লোক দ্বারা স্তব করিয়াছেন) ॥ ১৩ ॥

---

* 'সর্ব্বেঽপি ধন্যাঃ' পাঠান্তর।

স্তুতিং ধ্যানমর্চ্চাং যথাবদ্‌বিধাতুং,

ভজন্নপ্যজানন্মহেশাবলম্বে।

ত্রসন্তং সুতং ত্রাতুমগ্রে মৃকণ্ডো-

র্যমপ্রাণনির্ব্বাপণং ত্বৎপদাজম্‌॥ ১৪॥

**অনুবাদ।**—হে মহেশ! আমি তোমার স্তুতি, ধ্যান ও অর্চ্চনা যথাবিধি অনুষ্ঠান করিতে অনভিজ্ঞ ভক্ত হইলেও ভীত মার্কণ্ডেয়কে রক্ষা করিতে অগ্রে আবির্ভূত শমন-জীবন-হারী ত্বদীয় পদকমলকে অবলম্বন করিতেছি॥ ১৪॥

অকণ্ঠে কলঙ্কাদনঙ্গে ভুজঙ্গাদপাণৌ কপালাদভালেঽনলাক্ষাৎ।

অমৌলৌ শশাঙ্কাদবামে কলত্রাদহং দেবমন্যং ন মন্যে ন মন্যে॥১৫॥

ইতি শ্রীশিবভুজঙ্গপ্রয়াতস্তোত্রং সমাপ্তম্‌।

**অনুবাদ।**—যাঁহার কণ্ঠে কালিমা নাই, অঙ্গে সর্প নাই, করে নর-কপাল নাই, নয়নে অনল নাই, মৌলিদেশে শশাঙ্ক নাই এবং বামভাগে কলত্র নাই, তাঁহাকে আমি ইষ্টদেব বলিয়া স্বীকার করি না, স্বীকার করি না অর্থাৎ যিনি নীলকণ্ঠ, ভুজঙ্গভূষিতবিগ্রহ, নরমুণ্ডধারী, অনলাক্ষ, চন্দ্রমৌলি এবং বামভাগে শক্তিসমন্বিত, তিনিই আমার দেবতা॥ ১৫॥

ইতি শিবভুজঙ্গপ্রয়াতস্তোত্র সমাপ্ত।

---

# শিবপঞ্চাক্ষর-স্তোত্র।

গণেশায় নমঃ।

নাগেন্দ্রহারায় ত্রিলোচনায় * ভস্মাঙ্গরাগায় মহেশ্বরায়।

নিত্যায় শুদ্ধায় দিগম্বরায়, তস্মৈ 'ন'কারায় নমঃ শিবায়॥ ১॥

**অনুবাদ।**—( শ্রীমচ্ছঙ্করাচার্য্য "নমঃ শিবায়" এই মন্ত্রগত নকারাদি

---

* 'যদা তীব্রপ্রযত্নেন সংযোগাদেরগৌরবম্‌।

ন চ্ছন্দোভঙ্গ ইত্যাহুস্তদা দোষায় সূরয়ঃ॥

এই প্রমাণানুসারে তৃলোচনায় এইরূপ উচ্চারণ দ্বারা ছন্দোভঙ্গদোষ পরিহরণীয়। কিন্তু জয়শোকাদি ব্যতীত স্তবাদি স্থলে দ্রুত উচ্চারণপ্রযত্ন অনাবশ্যক, এই জন্য এবং 'ন' ও 'না' বর্ণভেদ হওয়ায়—'নগেন্দ্রজাপত্যযুগে ক্ষণায়' এই পাঠ সমীচীন।

পঞ্চাক্ষরের মাহাত্ম্য প্রদর্শনপূর্ব্বক কৈলাসপতি ভগবান্ মহেশ্বরের স্তব করিতেছেন)। যিনি কণ্ঠে নাগেন্দ্রহার পরিধান করিয়াছেন, যিনি ত্রিলোচন, যিনি ভস্ম লেপন করিয়া অঙ্গরাগ করেন, যিনি মহেশ্বর (পরমাত্মরূপী), যিনি নিত্য, শুদ্ধ, দিগম্বর, সেই 'ন'কারাত্মক শিবকে নমস্কার করি ॥ ১ ॥

মন্দাকিনী-সলিল-চন্দন-চর্চ্চিতায়, নন্দীশ্বর-প্রমথনাথ-মহেশ্বরায়।
মন্দার-পুষ্প-বহুপুষ্প-সুপূজিতায়, তস্মৈ 'ম'কারায় নমঃ
শিবায় ॥ ২ ॥ *

অনুবাদ।—যাঁহার অঙ্গ মন্দাকিনীবারি ও চন্দন দ্বারা অনুলিপ্ত, যিনি নন্দীর ঈশ্বর, যিনি প্রমথগণের অধিপতি, যিনি মহেশ্বর (ব্রহ্মরূপী) এবং মন্দারকুসুম প্রভৃতি নানারূপ পুষ্প দ্বারা দেবগণ যাঁহার পূজা করেন, সেই 'ম'কারাত্মক শিবকে নমস্কার করি ॥ ২ ॥

শিবায় গৌরী-বদনারবিন্দ-সূর্য্যায় দক্ষাধ্বর-নাশকায়।
শ্রীনীলকণ্ঠায় বৃষধ্বজায়, তস্মৈ 'শি'কারায় নমঃ শিবায় ॥ ৩ ॥

অনুবাদ।—যিনি সর্ব্বদা জগতের মঙ্গলবিধান করিতেছেন, যিনি আদিত্যবৎ গৌরীর বদনকমল প্রকাশ করেন, যিনি দক্ষযজ্ঞ ধ্বংস করিয়াছিলেন, (সমুদ্রমন্থনকালে বিষপানে) যাঁহার কণ্ঠে কালিমা হইয়াছে এবং যিনি বৃষবাহনে গমন করেন, সেই 'শি'কারাত্মক শিবকে নমস্কার ॥ ৩ ॥

বশিষ্ঠকুম্ভোদ্ভবগৌতমার্য্য-মুনীন্দ্রদেবার্পিতশেখরায়। †
চন্দ্রার্কবৈশ্বানরলোচনায়, তস্মৈ 'ব'কারায় নমঃ শিবায় ॥ ৪ ॥

অনুবাদ।—বশিষ্ঠ, অগস্ত্য, গৌতম প্রমুখ মুনীন্দ্রগণ এবং দেবগণ যাঁহাকে শিরোমাল্য অর্পণ দ্বারা পূজা করিয়া থাকেন, চন্দ্র, সূর্য্য এবং অগ্নি যাঁহার নয়ন, সেই 'ব'কারাত্মক শিবকে নমস্কার ॥ ৪ ॥

যক্ষ স্বরূপায় জটাধরায়, পিনাক-হস্তায় সনাতনায়।
দিব্যায় দেবায় দিগম্বরায়, তস্মৈ 'য'কারায় নমঃ শিবায় ॥ ৫ ॥

অনুবাদ।—যিনি যক্ষরূপী (যক্ষরাজ কুবের যাঁহার অভিন্নরূপ সখা),

* এই শ্লোকে উপজাতিচ্ছন্দঃ, প্রথম তিন চরণ 'বসন্ততিলক', শেষ চরণে 'ইন্দ্রবজ্রা'। এইরূপ উপজাতি কচিৎ দৃষ্ট হয়।

† দেবার্চ্চিতশেখরায়—পাঠান্তর।

যিনি আপন মস্তকে জটা ধারণ করিয়াছেন, যাহার করে পিনাক-নামক ধনু বিরাজিত, যিনি সনাতন ( ক্ষয়োদয়রহিত ), যিনি দিব্য, দেব ও দিগম্বর, সেই 'য'কারাত্মক শিবকে নমস্কার ॥ ৫ ॥

পঞ্চাক্ষরমিদং পুণ্যং যঃ পঠেৎ শিবসন্নিধৌ ।
শিবলোকমবাপ্নোতি শিবেন সহ মোদতে ॥ ৬ ॥

ইতি শিব-পঞ্চাক্ষর-স্তোত্রং সমাপ্তম্ ।

**অনুবাদ** :—মহাপুণ্যজনক এই পঞ্চাক্ষর স্তোত্র যিনি শিব-সন্নিধানে পাঠ করেন, তিনি শিবলোকে গমন করিয়া শিবের সহিত আনন্দ লাভ করেন ॥ ৬ ॥

শিবপঞ্চাক্ষর-স্তোত্র সমাপ্ত ।

# শিবপঞ্চাক্ষর-নক্ষত্রমালা-স্তোত্রম্ ।

[ সপ্তবিংশতি মুক্তার যে মালা, তাহার নাম নক্ষত্রমালা, এই স্তোত্রমালায় সপ্তবিংশতি শ্লোক, তাহা 'নমঃ শিবায়' এই পঞ্চাক্ষর-মন্ত্রাশ্রয়ে রচিত। নমঃ শিবায়, ইহাই পঞ্চাক্ষর মন্ত্র ] ।

শ্রীমদাত্মনে গুণৈকসিন্ধবে নমঃ শিবায়
ধামলেশধূতকোকবন্ধবে নমঃ শিবায় ।
নামা-শোষিতানমদ্‌ভবান্ধবে নমঃ শিবায়
পামরেতরপ্রধানবন্ধবে নমঃ শিবায় ॥ ১ ॥

**অনুবাদ** :—শ্রীমদাত্মা ( ১—বিভূতিসম্পন্ন, এবং আত্মা স্বয়ং ব্রহ্ম ; ২—শ্রীনিবাস নারায়ণের আত্মস্বরূপ ; ৩—শ্রীমান্ প্রশস্তবুদ্ধিগণের আত্মা এই ত্রিবিধ অর্থ ) গুণৈকসাগর শিবকে নমস্কার, যাঁহার তেজঃকণিকার নিকট সূর্য্য নির্জ্জিত, সেই শিবকে নমস্কার, প্রণামপরায়ণ ব্যক্তিগণের সংসারকূপ-বিনাশক শিবকে নমস্কার, পামরেতরপ্রধানবন্ধু অর্থাৎ পামর ও তদিতর—নীচ ও উচ্চ সকলেরই প্রধান বন্ধু অথবা সাধুজনের প্রধান বন্ধু শিবকে নমস্কার ॥ ১ ॥

কাল-ভীত-বিপ্র-বাল-পাল তে নমঃ শিবায়
শূল-ভিন্ন-দুষ্ট-দক্ষ-ভাল তে নমঃ শিবায়।
মূলকারণায় কালকাল তে নমঃ শিবায়
পালয়াধুনা দয়ালবাল তে নমঃ শিবায় ॥ ২ ॥

**অনুবাদ।**—হে যম-ভীত-বিপ্রবালকের (শিলাদপুত্র নন্দীর বা মৃকণ্ডুপুত্র মার্কণ্ডেয়ের) রক্ষক, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তুমি দুষ্ট দক্ষ প্রজাপতির ললাটদেশ শূল দ্বারা বিদীর্ণ করিয়াছিলে, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়', হে কালান্তক, তুমি মূলকারণ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়', হে করুণা-(তরুর) আলবাল, এক্ষণে (আমাকে) রক্ষা কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ২ ॥

ইষ্ট-বস্তু-মুখ্যদান-হেতবে নমঃ শিবায়
দুষ্ট-দৈত্য-বংশ-ধূমকেতবে নমঃ শিবায়।
সৃষ্টিরক্ষণায় ধর্ম্ম-সেতবে নমঃ শিবায়
অষ্টমূর্ত্তয়ে বৃষেন্দ্র-কেতবে নমঃ শিবায় ॥ ৩ ॥

**অনুবাদ।**—যিনি ইষ্ট বস্তু দানের মুখ্য হেতু, সেই শিবকে নমস্কার, দুষ্ট দৈত্যকুলের যিনি ধূমকেতু (বিনাশকারণ), সেই শিবকে নমস্কার, যিনি সৃষ্টিরক্ষণার্থ ধর্ম্ম-মর্য্যাদা-রক্ষক, সেই শিবকে নমস্কার, যিনি অষ্টমূর্ত্তি এবং বৃষ-রাজধ্বজ, সেই শিবকে নমস্কার ॥ ৩ ॥

আপদদ্রি-ভেদ-টঙ্ক-হস্ত তে নমঃ শিবায়
পাপহারি-দিব্যসিন্ধু-মস্ত তে নমঃ শিবায়।
পাপদারিণে লসন্নমস্ত তে নমঃ শিবায়
শাপ-দোষ-খণ্ডন-প্রশস্ত তে নমঃ শিবায় ॥ ৪ ॥

**অনুবাদ।**—হে বিপৎস্বরূপ-পর্ব্বত-বিদারণ-টঙ্কপাণে, (টঙ্ক পাথর কাটি-বার অস্ত্র, শিবের হস্তে সেই অস্ত্র আছে,—ভক্ত বলিতেছেন, ভক্তগণের দুর্ভেদ্য পর্ব্বতোপম বিপৎ খণ্ডন করাই তাহার উদ্দেশ্য), তোমার উদ্দেশে 'নমঃ শিবায়', তুমি মস্তকে কলুষনাশিনী গঙ্গাকে ধারণ করিয়াছ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়', হে নমস্কার-সমূহের শোভন পাত্র, তুমি পাপনাশক, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়',

হে শাপ দোষ-খণ্ডনে প্রশস্ত, ( অভিশপ্ত ব্যক্তি তোমার আরাধনায় শাপদোষ হইতে মুক্ত হইয়া থাকে ) তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ৪ ॥

ব্যোমকেশ দিব্যভব্যরূপ তে নমঃ শিবায়
হেম-মেদিনীধরেন্দ্র-চাপ তে নমঃ শিবায় ।
নাম-মাত্র-দগ্ধ-সর্ব্ব-পাপ তে নমঃ শিবায়
কামনৈক-তান-হৃদ্দুরাপ তে নমঃ শিবায় ॥ ৫ ॥

**অনুবাদ**।—হে দিব্য মঙ্গলমূর্ত্তি ব্যোমকেশ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হেমময় গিরিরাজ সুমেরু তোমার ধনুঃ ( মৎস্যপুরাণাদিতে ত্রিপুরবধ উপাখ্যান দ্রষ্টব্য ), তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তুমি কেবল তোমার নামোচ্চারণমাত্র, ( উচ্চারণকর্ত্তার ) সকল পাপ নষ্ট কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ৫ ॥

ব্রহ্মমস্তকাবলীনিবদ্ধ তে নমঃ শিবায়
জিহ্মগেন্দ্রকুণ্ডলপ্রসিদ্ধ তে নমঃ শিবায় ।
ব্রহ্মণে প্রণীতবেদপদ্ধতে নমঃ শিবায়
জিহ্মকালদেহদত্তপদ্ধতে নমঃ শিবায় ॥ ৬ ॥

**অনুবাদ**।—হে ব্রহ্মযুক্ত- ( পঞ্চ-ঋক্‌মন্ত্রযুক্ত ) ঈশানাদি-পঞ্চশীর্ষ-সম্পন্ন, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে নাগরাজকুণ্ডলধারী প্রসিদ্ধ পুরুষ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তুমি ব্রহ্মার মূর্ত্তি ধারণ করিয়া বেদমার্গ প্রণয়ন করিয়াছ, ( তোমার উদ্দেশে ) 'নমঃ শিবায়'। হে কুটিল-কৃতান্তদেহে পদাঘাত-দায়িন্, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ৬ ॥

কামনাশনায় শুদ্ধকর্ম্মণে নমঃ শিবায়,
সাম-গান-জায়মানশর্ম্মণে নমঃ শিবায় ।
হেম-কান্তি-চাকচক্যবর্ম্মণে নমঃ শিবায়
সামজাসুরাঙ্গ-লব্ধ-চর্ম্মণে নমঃ শিবায় ॥ ৭ ॥

**অনুবাদ**।—কামবিনাশন শুদ্ধকর্ম্মা শিবকে নমস্কার, সামগানসুখী শিবকে নমস্কার, সুবর্ণকান্তি—চাকচক্যময় বর্ম্মধারী শিবকে নমস্কার, গজাসুরচর্ম্মধারী শিবকে নমস্কার ॥ ৭ ॥

জন্ম-মৃত্যু-ঘোর-দুঃখহারিণে নমঃ শিবায়
চিন্ময়ৈকরূপদেহধারিণে নমঃ শিবায়।
মন্মনোরথাবপূর্ত্তিকারিণে নমঃ শিবায়
সন্মনোগতায় কামবৈরিণে নমঃ শিবায় ॥ ৮ ॥

**অনুবাদ।**—জন্ম-মৃত্যু-ঘোর-দুঃখহারী শিবকে নমস্কার, চিন্ময় অদ্বিতীয়-রূপদেহধারী শিবকে নমস্কার, মদীয় মনোরথপূরক শিবকে নমস্কার, সাধুগণের মনোমধ্যে বিরাজমান মদনবৈরী শিবকে নমস্কার ॥ ৮ ॥

যক্ষরাজ-বন্ধবে দয়ালবে নমঃ শিবায়
দক্ষ-পাণি-শোভিকাঞ্চনালবে নমঃ শিবায়।
পক্ষিরাজ-বাহ-হৃচ্ছয়ালবে নমঃ শিবায়
অক্ষিফাল-বেদপূততালবে নমঃ শিবায় ॥ ৯ ॥

**অনুবাদ।**—কুবেরবন্ধু দয়ালু শিবকে নমস্কার, দক্ষিণহস্তে স্বর্ণ-ভৃঙ্গার-ধারী শিবকে নমস্কার, গরুড়বাহন নারায়ণের মনোমন্দিরে শয়ান শিবকে নমস্কার, (যাঁহার অন্যান্য উচ্চারণস্থানের ন্যায়) তালব্য বর্ণের উচ্চারণস্থান বেদ-ধ্বনি-পূত, সেই ভাললোচন শিবকে নমস্কার ॥ ৯ ॥

দক্ষহস্ত-নিষ্ঠ-জাতবেদসে নমঃ শিবায়
অক্ষরাত্মনে নমদ্‌বিড়ৌজসে নমঃ শিবায়।
দীক্ষিতপ্রকাশিতাত্মতেজসে নমঃ শিবায়।
উক্ষরাজবাহ তে সতাং গতে নমঃ শিবায় ॥ ১০ ॥

**অনুবাদ।**—যাঁহার দক্ষিণ হস্তে অগ্নি অবস্থিত, সেই শিবকে নমস্কার, ইন্দ্র-নমস্কৃত অক্ষরাত্মা শিবকে নমস্কার, দীক্ষিত ব্যক্তির হৃদয়ে আত্মতেজঃ-প্রকাশক শিবকে নমস্কার, হে সজ্জনের গতি বৃষরাজবাহন,; তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ১০ ॥

রাজতাচলেন্দ্র-সানু-বাসিনে নমঃ শিবায়
রাজমান-নিত্যমন্দ-হাসিনে নমঃ শিবায়।

রাজ-কোরকাবতংস-ভাসিনে নমঃ শিবায়
রাজরাজ-মিত্রতা-প্রকাশিনে নমঃ শিবায় ॥ ১১ ॥

**অনুবাদ।**—রজতপর্ব্বতরাজ কৈলাসের সানুবাসী শিবকে নমস্কার, সদা মন্দ-হাস্য-সুশোভিত শিবকে নমস্কার, শশি-কলাবতংস-সমুদ্ভাসিত শিবকে নমস্কার, রাজরাজ কুবেরের প্রতি মৈত্রীপ্রকাশক শিবকে নমস্কার ॥ ১১ ॥

দীন-মানবালি-কামধেনবে নমঃ শিবায়
সূন-বাণ-দাহকৃৎ-কৃশানবে নমঃ শিবায়।
স্বানুরাগ-ভক্ত-রত্নসানবে নমঃ শিবায়
দানবান্ধকার-চণ্ড-ভানবে নমঃ শিবায় ॥ ১২ ॥

**অনুবাদ।**—দীন মানবগণের কামধেনু শিবকে নমস্কার, যাঁহার নয়নাগ্নি কুসুমশরকে দগ্ধ করিয়াছিলেন, সেই শিবকে নমস্কার, যিনি নিজ অনুরাগে ভক্তগণের পক্ষে রত্ন-সানু, সেই শিবকে নমস্কার, যিনি দানবরূপী অন্ধকারের পক্ষে সূর্য্য, সেই শিবকে নমস্কার ॥ ১২ ॥

সর্ব্বমঙ্গলা-কুচাগ্রশায়িনে নমঃ শিবায়
সর্ব্বদেবতাগণাতিশায়িনে নমঃ শিবায়।
পূর্ব্বদেবনাশসংবিধায়িনে নমঃ শিবায়
সর্ব্বসন্মনোজ-* ভঙ্গদায়িনে নমঃ শিবায় ॥ ১৩ ॥

**অনুবাদ।**—সর্ব্বমঙ্গলার স্তনাগ্রশায়ী (উরোদেশে শয়ান, অথবা শায়ী—শায়যুক্ত; শয়—কর, তদীয় ব্যাপার শায়, তদ্‌যুক্ত) শিবকে নমস্কার, যিনি সর্ব্বদেবতাগণকে অতিক্রম করিয়াছেন, অর্থাৎ সর্ব্বদেবশ্রেষ্ঠ, সেই শিবকে নমস্কার, অসুরগণের বিনাশকারী শিবকে নমস্কার, সকল সাধুর মদনভঞ্জন শিবকে নমস্কার ॥ ১৩ ॥

স্তোকভক্তিতোঽপি ভক্তপোষিণে নমঃ শিবায়
মাকরন্দসারবর্ষিভাষিণে নমঃ শিবায়।

---

* 'মন্মনোজ-ভঙ্গ' পাঠান্তর।

একবিল্বদানতোঽপি তোষিণে নমঃ শিবায়
নৈক-জন্ম-পাপজাল-শোষিণে নমঃ শিবায় ॥ ১৪ ॥

**অনুবাদ।**—যিনি স্বল্পমাত্র ভক্তি হইলেও তাহাকে ভক্ত বলিয়া রক্ষা করেন, সেই শিবকে নমস্কার, যাঁহার বাক্য মকরন্দসারবর্ষী, সেই শিবকে নমস্কার, একটিমাত্র বিল্বপত্র প্রদান করিলেও (দাতার প্রতি) যিনি সন্তোষযুক্ত, সেই শিবকে নমস্কার, অনেকজন্মকৃত পাপরাশিকে যিনি শোষণ করিয়া লয়েন, সেই শিবকে নমস্কার ॥ ১৪ ॥

সর্ব্ব-জীব-রক্ষণৈক-শীলিনে নমঃ শিবায়
পার্ব্বতী-প্রিয়ায় ভক্ত-পালিনে নমঃ শিবায়।
দুর্ব্বিদগ্ধ-দৈত্য-সৈন্য-দারিণে নমঃ শিবায়
শর্ব্বরীশ-ধারিণে কপালিনে নমঃ শিবায় ॥ ১৫ ॥

**অনুবাদ।**—সর্ব্বজীবের রক্ষণ যাঁহার প্রধান স্বভাব, সেই শিবকে নমস্কার; ভক্তপালক পার্ব্বতীবল্লভ শিবকে নমস্কার; দুর্দ্দান্ত-দৈত্য সৈন্যবিদারণপটু শিবকে নমস্কার; রজনীকরধারী কপালী শিবকে নমস্কার ॥ ১৫ ॥

পাহি মামুমা-মনোজ্ঞ-দেহ তে নমঃ শিবায়
দেহি মে বরং সিতাদ্রি-গেহ তে নমঃ শিবায়।
মোহিতর্ষি-কামিনী-সমূহ তে নমঃ শিবায়
স্বেহিত-প্রসন্ন-কামদোহ তে নমঃ শিবায় ॥ ১৬ ॥

**অনুবাদ।**—হে উমামনোহর-দেহধারিন্, আমাকে রক্ষা কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' হে শুভ্রাচলবাসিন্, আমাকে বর প্রদান কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' তুমি দারুবনে ঋষিকামিনীদিগকে মোহিতা করিয়াছিলে, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' স্বাভীষ্টগণের প্রতি প্রসন্ন হইয়া (তাহাদিগের) কামনাপূরণকারিন্, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ১৬ ॥

মঙ্গল-প্রদায় গো-তুরঙ্গ তে নমঃ শিবায়
গঙ্গয়া তরঙ্গিতোত্তমাঙ্গ তে নমঃ শিবায়।
সঙ্গর-প্রবৃত্ত-বৈরি-ভঙ্গ তে নমঃ শিবায়
অঙ্গজারয়ে করে-কুরঙ্গ তে নমঃ শিবায় ॥ ১৭ ॥

**অনুবাদ।**—হে গোতুরঙ্গ (বৃষবাহন)! তুমি মঙ্গলপ্রদ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' হে গঙ্গা-তরঙ্গিত-শীর্ষ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' হে সমরপ্রবৃত্ত-বৈরি-পরাজয়দক্ষ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' হে কুরঙ্গহস্ত, (যিনি এক হস্তে মৃগ ধারণ করিয়া আছেন) তুমি মনোজ-শত্রু, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ১৭ ॥

ঈহিত-ক্ষণ-প্রদান-হেতবে নমঃ শিবায়
আহিতাগ্নি-পালকোক্ষ-কেতবে নমঃ শিবায়।
দেহ-কান্তি-ধূত-রৌপ্য-ধাতবে নমঃ শিবায়
গেহ-দুঃখ-পুঞ্জ-ধূম-কেতবে নমঃ শিবায় ॥ ১৮ ॥

**অনুবাদ।**—যিনি ক্ষণমাত্রে অভিলষিত প্রদানের কারণ, সেই শিবকে নমস্কার। যিনি সাগ্নিক দ্বিজগণের পালক ও বৃষধ্বজ, সেই শিবকে নমস্কার। যাহার শরীরকান্তি রজতধাতুকে নির্জ্জিত করিয়াছে, সেই শিবকে নমস্কার। যিনি গৃহবাসজনিত দুঃখপুঞ্জবিনাশে ধূমকেতুস্বরূপ, সেই শিবকে নমস্কার ॥ ১৮ ॥

ত্র্যক্ষ দীন-সৎ-কৃপা-কটাক্ষ তে নমঃ শিবায়
দক্ষ-সপ্ততন্তু-নাশ-দক্ষ তে নমঃ শিবায়।
ঋক্ষরাজ-ভানু-পাবকাক্ষ তে নমঃ শিবায়
রক্ষ মাং প্রপন্ন-মাত্র-রক্ষ তে নমঃ শিবায় ॥ ১৯ ॥

**অনুবাদ।**—হে ত্রিলোচন, দীনের প্রতি তোমার কৃপা-কটাক্ষ বর্ত্তমান, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে দক্ষযজ্ঞনাশন-দক্ষ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,'। হে চন্দ্র-সূর্য্য-বহ্নি-লোচন, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে প্রপন্ন-মাত্রের রক্ষক, আমাকে রক্ষা কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ১৯ ॥

ন্যঙ্কু-পাণয়ে শিবঙ্করায় তে নমঃ শিবায়
সঙ্কটাব্ধি-তীর্ণ-কিঙ্করায় তে নমঃ শিবায়।
পঙ্ক-ভীষিতাভয়ঙ্করায় তে নমঃ শিবায়
পঙ্কজাননায় শঙ্করায় তে নমঃ শিবায় ॥ ২০ ॥

**অনুবাদ।**—তুমি হস্তে মৃগ ধারণ করিয়াছ, তুমি শুভকর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তোমার; কিঙ্কর হইলেই সঙ্কট-সমুদ্র হইতে উত্তীর্ণ হয়,

তোমার উদ্দেশে 'নমঃ শিবায়,' কলুষরাশি যাহাকে ভয়চকিত করিয়াছে, তুমি তাহাকেও অভয় প্রদান কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তুমি কমলবদন শঙ্কর, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ২০ ॥

কর্ম্ম-পাশ নাশ নীল-কণ্ঠ তে নমঃ শিবায়
শর্ম্মদায় নম্ম-ভস্ম-কণ্ঠ তে নমঃ শিবায়।
নির্ম্মমর্ষি-সেবিতোপকণ্ঠ তে নমঃ শিবায়
কুর্ম্মহে নতীর্নমদ্-বিকুণ্ঠ তে নমঃ শিবায় ॥ ২১ ॥

**অনুবাদ**।—হে কর্ম্মপাশনাশন নীলকণ্ঠ, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তুমি সুখদাতা, লীলা সময়ে তোমার আকণ্ঠ চিতাভস্ম অনুলেপন, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। মমত্বদোষবর্জ্জিত ঋষিগণ তোমার সমীপস্থান আশ্রয় করিয়াছেন, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে বিষ্ণুনমস্কৃত, আমরা বহু প্রণাম করিতেছি, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ২১ ॥

বিষ্টপাধিপায় নম্র-বিষ্ণবে নমঃ শিবায়
শিষ্ট-বিপ্রহৃদ্-গুহা-চরিষ্ণবে নমঃ শিবায়।
ইষ্ট-বস্তু-নিত্য-তুষ্ট-জিষ্ণবে নমঃ শিবায়
কষ্টনাশনায় লোক-জিষ্ণবে নমঃ শিবায় ॥ ২২ ॥

**অনুবাদ**।—যিনি জগতের অধিপতি, বিষ্ণু যাঁহার নিকট নম্র, সেই শিবকে নমস্কার, যিনি শিষ্ট ব্রাহ্মণগণের হৃদয়-গুহায় সঞ্চরণশীল, সেই শিবকে নমস্কার। জিষ্ণু অর্জ্জুন যাঁহার নিকট ইষ্ট বর প্রাপ্ত হইয়া নিত্য তুষ্টিলাভ করিয়াছিলেন, সেই শিবের উদ্দেশে নমস্কার। যিনি কর্ম্মবিনাশক এবং ত্রৈলোক-মধ্যে সর্ব্বোৎকৃষ্ট, সেই শিবকে নমস্কার ॥ ২২ ॥

অপ্রমেয়-দিব্য-সুপ্রভাব তে নমঃ শিবায়
সৎ-প্রপন্ন-রক্ষণ-স্বভাব তে নমঃ শিবায়।
স্বপ্রকাশ নিস্তুলানুভাব তে নমঃ শিবায়
বিপ্রডিম্ভদর্শিতার্দ্রভাব তে নমঃ শিবায় ॥ ২৩ ॥

**অনুবাদ**।—হে অপ্রমেয়-দিব্যপ্রভাব, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে প্রপন্ন-সাধুজন-রক্ষণ-শীল, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে স্বপ্রকাশ, হে অতুল-

জ্ঞানসম্পন্ন, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। বিপ্র-বালকের প্রতি তুমি করুণার্দ্রভাব প্রদর্শন করিয়াছিলে, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ২৩ ॥

সেবকায় মে মৃড় প্রসীদ তে নমঃ শিবায়
ভাব লভ্য-তাবক-প্রসাদ তে নমঃ শিবায়।
পাবকাক্ষ দেব-পূজ্যপাদ তে নমঃ শিবায়
তাবকাঙ্ঘ্রি ভক্তদত্তমোদ তে নমঃ শিবায় ॥ ২৪ ॥

**অনুবাদ।**—হে মৃড়, আমি সেবক, আমার প্রতি প্রসন্ন হও, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তোমার প্রসন্নতাই কেবল ভক্তিভাবলভ্যতাকে রক্ষা করিয়া থাকে, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। হে অগ্নিলোচন, তোমার চরণ দেবগণের পূজ্য, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়'। তোমার চরণ-কমল-ভক্তকে তুমি আনন্দ প্রদান করিয়া থাক, তোমার উদ্দেশে 'নমঃ শিবায়' ॥ ২৪ ॥

ভুক্তি-মুক্তি-দিব্যভোগ-দায়িনে নমঃ শিবায়
শক্তি-কল্পিত-প্রপঞ্চ-ভাগিনে নমঃ শিবায়।
ভক্ত-সঙ্কটাপহার-যোগিনে নমঃ শিবায়
যুক্ত-সন্মনঃ-সরোজ-যোগিনে নমঃ শিবায় ॥ ২৫ ॥

**অনুবাদ।**—যিনি (ঐহিক) ভোগ, মুক্তি এবং দিব্য ভোগ দান করেন, সেই শিবকে নমস্কার। যিনি নিজশক্তিকল্পিত জগৎপ্রপঞ্চের অধিষ্ঠান, সেই শিবকে নমস্কার। ভক্তগণের দুঃখাপহারী যোগরত শিবকে নমস্কার। যোগযুক্ত সাধুর হৃদয়কমলে যাঁহার সঙ্গ সতত বর্ত্তমান, সেই শিবকে নমস্কার ॥ ২৫ ॥

অন্তকান্তকায় পাপহারিণে নমঃ শিবায়
শান্তমায়-দন্তি-চর্ম্ম-ধারিণে নমঃ শিবায়।
সন্ততাশ্রিত-ব্যথা-বিদারিণে নমঃ শিবায়
জন্তু-জাত-নিত্য-সৌখ্য-কারিণে নমঃ শিবায় ॥ ২৬ ॥

**অনুবাদ।**—যিনি অন্তকের অন্তক ও পাপবিনাশী, সেই শিবকে নমস্কার। যাঁহার মায়া উপশান্ত হইয়াছে, পরিধানে যাঁহার করিচর্ম্ম, সেই শিবকে নমস্কার। যিনি আশ্রিতগণের সতত ব্যথা বিনাশ করেন, সেই শিবকে নমস্কার। যিনি সকল প্রাণিগণকে নিত্য সুখ প্রদান করেন, সেই শিবকে নমস্কার ॥ ২৬ ॥

শূলিনে নমো নমঃ কপালিনে নমঃ শিবায়
পালিনে বিরিঞ্চিতুণ্ডমালিনে নমঃ শিবায়।
লীলিনে বিশেষরুণ্ডমালিনে নমঃ শিবায়
শীলিনে নমঃ প্রপুণ্যশালিনে নমঃ শিবায় ॥ ২৭ ॥

**অনুবাদ।**—শূলধারীকে নমস্কার, কপালমালীকে নমস্কার, শিবকে নমস্কার। যিনি পালক, যিনি ব্রহ্মার মুণ্ডমালা ধারণ করিয়াছেন, সেই শিবকে নমস্কার। যিনি লীলাময় হইয়া বিশেষ নরমুণ্ডমালা ধারণ করেন, সেই শিবকে নমস্কার। যিনি প্রশস্তশীল এবং প্রকৃষ্ট পুণ্যশালী, তাঁহাকে নমস্কার, সেই শিবকে নমস্কার ॥ ২৭ ॥

শিবপঞ্চাক্ষরমুদ্রাং চতুষ্পদোল্লাসপদ্যমণিঘটিতাম্।
নক্ষত্রমালিকামিহ দধদুপকণ্ঠং নরো ভবেৎ সোমঃ ॥ ২৮ ॥

পরমহংস-পরিব্রাজকাচার্য্য-গোবিন্দ-ভগবৎ-পূজ্যপাদস্য
শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ শিবপঞ্চাক্ষরনক্ষত্রমালা-
স্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—এই শিবপঞ্চাক্ষরমুদ্রা চতুষ্পদ-শোভিত পদ্য-রত্নে নির্ম্মিত। ইহা নক্ষত্রমালা। মানব ইহ-জীবনে উপকণ্ঠ অর্থাৎ কণ্ঠসমীপে ধারণ করিলে পক্ষান্তরে নিকটে রাখিলে সোম হইয়া থাকে। (সোম শিবত্বপ্রাপ্ত, পক্ষান্তরে চন্দ্র। চন্দ্র নক্ষত্রমালার নিকটে থাকেন, তাই এ স্থানে সোম শব্দ দুই অর্থে প্রযুক্ত হইয়াছে। এই স্তবের বিশেষত্ব—সমস্ত স্তব পাঠে ১০৮ বার নমঃ শিবায় উচ্চারণ হয়, অনুবাদে যেখানে পারিয়াছি, সেখানে নমঃ শিবায় মাত্রই রাখিয়াছি। যেখানে তেমন খাপ খায় না, সেইখানে শিবকে নমস্কার, এইরূপ অনুবাদ প্রদান করিয়াছি) ॥ ২৮ ॥

পরমহংস পরিব্রাজকাচার্য্য গোবিন্দ-ভগবৎ-পূজ্যপাদশিষ্য শ্রীমচ্ছঙ্কর-
ভগবানের রচনাতে শিবপঞ্চাক্ষর-নক্ষত্রমালা-স্তোত্র সম্পূর্ণ।

# বেদসারশিব-স্তোত্র ।

শ্রীগণেশায় নমঃ ।

পশূনাং পতিং পাপনাশং পরেশং,
গজেন্দ্রস্য কৃত্তিং বসানং বরেণ্যম্ ।
জটাজূটমধ্যে স্ফুরদ্‌গাঙ্গবারিং,
মহাদেবমেকং স্মরামি স্মরারিম্ * ॥ ১ ॥

**অনুবাদ**।—যিনি পশুদিগের অধিপতি, যিনি সকললোকের পাতক হরণ করেন, যিনি পরমেশ্বর, যিনি গজচর্ম্ম পরিধান করিয়াছেন, যিনি সকলের শ্রেষ্ঠ, যাঁহার জটাকলাপমধ্যে গঙ্গোদক তরঙ্গায়িত হইতেছে, সেই একমাত্র স্মরারি মহাদেবকে আমি স্মরণ করি ॥ ১ ॥

মহেশং সুরেশং সুরারাতিনাশং,
বিভুং বিশ্বনাথং বিভূত্যঙ্গভূষম্ ।
বিরূপাক্ষমিন্দ্বর্কবহ্নিত্রিনেত্রং,
সদানন্দমীড়ে প্রভুং পঞ্চবক্ত্রম্ ॥ ২ ॥

**অনুবাদ**।—যিনি মহেশ্বর ও দেবগণের ঈশ্বর, যিনি সুরবৃন্দের অরাতিকুল নির্ম্মূল করেন, যিনি বিভু, বিশ্বনাথ এবং বিভূতি দ্বারা অঙ্গভূষণ করেন, যিনি বিরূপাক্ষ, যাঁহার চন্দ্র, সূর্য্য ও অগ্নি নয়নত্রয় এবং যিনি সদানন্দ, সেই পঞ্চবক্ত্র প্রভুকে স্তব করি ॥ ২ ॥

গিরীশং গণেশং গলে নীলবর্ণং,
গবেন্দ্রাধিরূঢ়ং গুণাতীতরূপম্ ।
ভবং ভাস্বরং ভস্মনা ভূষিতাঙ্গং,
ভবানীকলত্রং ভজে পঞ্চবক্ত্রম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি পর্ব্বতের ঈশ্বর, প্রমথগণের অধিপতি, যাঁহার গলদেশ নীলবর্ণ, যিনি বৃষভে আরোহণ করেন, যিনি সত্ত্ব, রজ, তমঃ, এই ত্রিগুণের অতীত, যিনি ভবনামে অভিহিত, যিনি পূর্ণজ্ঞানময় (পরম দীপ্তি-

* 'স্মরামি স্মরারিং' পাঠান্তর।

মান্), যিনি ভস্ম দ্বারা অঙ্গ বিভূষিত করেন, সেই পঞ্চানন ভবানীপতিকে ভজনা করি ॥ ৩ ॥

শিবাকান্ত শম্ভো শশাঙ্কার্দ্ধমৌলে,

মহেশান শূলিন্ জটাজূটধারিন্।

ত্বমেকো জগদ্‌ব্যাপকো বিশ্বরূপঃ,

প্রসীদ প্রসীদ প্রভো পূর্ণরূপ ॥ ৪ ॥

**অনুবাদ**।—হে পার্ব্বতীশ! হে শম্ভো! হে চন্দ্রার্দ্ধমৌলে! হে জটাজূটধারিন্! একমাত্র তুমিই জগৎ ব্যাপিয়া বিরাজ করিতেছ। এই বিশ্বই তোমার রূপ, তুমি পূর্ণব্রহ্ম। হে মহেশ্বর! হে শূলধারিন্! তুমি মৎপ্রতি প্রসন্ন হও ॥ ৪ ॥

পরাত্মানমেকং জগদ্‌বীজমাদ্যং,

নিরীহং নিরাকারমোঙ্কারবেদ্যম্।

যতো জায়তে পাল্যতে যেন বিশ্বং,

তমীশং ভজে লীয়তে যত্র বিশ্বম্ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যাঁহা হইতে জগতের সৃষ্টি, যিনি জগতের পালয়িতা এবং জগৎ যাঁহাতে লয় প্রাপ্ত হয়, সেই নিষ্ক্রিয় নিরাকার আদ্য জগদ্‌বীজ প্রণববাচ্য এক পরমাত্মস্বরূপ মহেশ্বরকে ভজনা করি ॥ ৫ ॥

ন ভূমির্ন চাপো ন বহ্নির্ন বায়ু-

র্ন চাকাশমাস্তে ন তন্দ্রা ন নিদ্রা।

ন গ্রীষ্মো * ন শীতং ন দেশো ন বেশো,

ন যস্যাস্তি মূর্ত্তিস্ত্রিমূর্ত্তিং তমীড়ে ॥ ৬ ॥

**অনুবাদ**।—যিনি ভূমি নহেন, জল নহেন, বহ্নি নহেন, পবন নহেন, শূন্য নহেন এবং যাঁহার তন্দ্রা নাই, নিদ্রা নাই, গ্রীষ্ম নাই, শীত নাই, দেশ নাই, বেশ নাই ও যাঁহার মূর্ত্তি নাই অথচ যিনি ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই মূর্ত্তিত্রয়াত্মক, তাঁহাকে স্তব করি ॥ ৬ ॥

---

* 'ন চোষ্মো' এই পাঠ সমীচীন, মূলস্থ পাঠ ন-গৃষ্মো এইরূপ উচ্চারণ দ্বারা ছন্দোদোষ পরিহরণীয়। ইহা কেহ কেহ বলেন।

অজং শাশ্বতং কারণং কারণানাং,
শিবং কেবলং ভাসকং ভাসকানাম্।
তুরীয়ং তমঃপারমাদ্যন্তহীনং,
প্রপদ্যে পরং পাবনং দ্বৈত-হীনম্ ॥ ৭ ॥

**অনুবাদ**।—যিনি জন্মাদিরহিত, সনাতন, কারণেরও কারণ, যিনি সর্ব্বমঙ্গলময়, অদ্বিতীয়, যিনি জগৎপ্রকাশক চন্দ্র-সূর্য্যাদিকেও প্রকাশ করেন, যিনি তুরীয় ব্রহ্ম ও দ্বৈতবিহীন, তাঁহাকে নমস্কার ॥ ৭ ॥

নমস্তে নমস্তে বিভো বিশ্বমূর্ত্তে,
নমস্তে নমস্তে চিদানন্দমূর্ত্তে।
নমস্তে নমস্তে তপোযোগগম্য,
নমস্তে নমস্তে শ্রুতিজ্ঞানগম্য ॥ ৮ ॥

**অনুবাদ**।—হে বিভো! হে বিশ্বমূর্ত্তে! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার। হে চিদানন্দময়! তোমাকে পুনঃ পুনঃ নমস্কার। হে ভগবন্! তুমি তপস্যা ও যোগের গম্য অর্থাৎ যোগ বা তপস্যাবলে তোমায় প্রাপ্ত হওয়া যায়, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার। হে শিব! তুমি শ্রুতিজনিত জ্ঞানের গোচর, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার ॥ ৮ ॥

প্রভো শূলপাণে বিভো বিশ্বনাথ,
মহাদেব শম্ভো মহেশ ত্রিনেত্র।
শিবাকান্ত শান্ত স্মরারে পুরারে,
ত্বদন্যো বরেণ্যো ন মান্যো ন গণ্যঃ ॥ ৯ ॥

**অনুবাদ**।—হে প্রভো! হে শূলপাণে! হে বিভো! হে বিশ্বনাথ! হে মহাদেব! হে শম্ভো! হে মহেশ! হে ত্রিনেত্র! হে গৌরীপতে! হে শান্ত! হে মদনরিপো! হে পুরবিজয়িন্! তোমা হইতে বরেণ্য মান্য অন্য কেহ নাই, গণ্যও নাই ॥ ৯ ॥

শম্ভো মহেশ করুণাময় শূলপাণে,
গৌরীপতে পশুপতে পশুপাশনাশিন্।

কাশীপতে করুণয়া জগদেতদেক-

স্ত্বং হংসি পাসি বিদধাসি মহেশ্বরোঽসি ॥ ১০ ॥

**অনুবাদ।**—হে শম্ভো! হে মহেশ! হে করুণাময়! হে শূলপাণে! হে গৌরীপতে! হে পশুপতে! হে পশুপাশবিনাশিন্! হে কাশীপতে! একমাত্র তুমিই স্বীয় করুণায় এই জগৎ পালন করিতেছ, বিনাশ করিতেছ এবং জগৎসৃষ্টি করিতেছ, অতএব তুমিই মহেশ্বর ॥ ১০ ॥

ত্বত্তো জগদ্ভবতি দেব ভব স্মরারে,

ত্বয্যেব তিষ্ঠতি জগন্মৃড় বিশ্বনাথ।

ত্বয্যেব গচ্ছতি লয়ং জগদেতদীশ,

লিঙ্গাত্মকে হর চরাচর-বিশ্বরূপিন্ ॥ ১১ ॥

বেদসারশিবস্তোত্রং সমাপ্তম্।

**অনুবাদ।**—হে ভব! তোমা হইতে জগৎ সঞ্জাত হইতেছে। হে দেব! হে মদনান্তকারিন্! হে মৃড়! হে বিশ্বনাথ! তোমাতেই জগৎ অবস্থিত আছে। হে ঈশ! লিঙ্গাত্মক তোমাতেই জগৎ লয়প্রাপ্ত হয়। হে হর, এই চরাচর বিশ্ব তোমারই স্বরূপ ॥ ১১ ॥

বেদসার-শিব-স্তোত্র সমাপ্ত।

# শিবনামাবল্যষ্টক।

শ্রীগণেশায় নমঃ।

হে চন্দ্রচূড় মদনান্তক শূলপাণে,

স্থাণো গিরীশ গিরিজেশ মহেশ শম্ভো।

ভূতেশ ভীতভয়সূদন মামনাথং,

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ১ ॥

**অনুবাদ।**—হে চন্দ্রমৌলে! তুমি কন্দর্পকে সংহার করিয়াছ, হে শূলপাণে! তুমি স্থাণু। হে গিরীশ! তুমি গিরিজাপতি। হে মহেশ! শম্ভো! তুমি ভীতগণের ভয় দূর কর। হে জগদীশ্বর! তুমি অনাথ আমাকে ভব-দুঃখসঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ১ ॥

হে পার্ব্বতীহৃদয়বল্লভ চন্দ্রমৌলে,

ভূতাধিপ প্রমথনাথ গিরীশজাপ।

হে বামদেব ভব রুদ্র পিনাকপাণে,

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ২ ॥

**অনুবাদ।**—হে চন্দ্রশেখর! হে পার্ব্বতীহৃদয়বল্লভ! হে চন্দ্রমৌলে! হে ভূতাধিপ! হে প্রমথনাথ! হে গিরীশ! হে জপ্যমন্ত্রস্বরূপ অথবা হে নগেন্দ্রতনয়াপতে, হে বামদেব! হে ভব! হে রুদ্র! হে পিনাকপাণে! হে জগদীশ্বর! তুমি (আমাকে) ভবদুঃখ-সঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ২ ॥

হে নীলকণ্ঠ বৃষভধ্বজ পঞ্চবক্ত্র,

লোকেশ শেষবলয় প্রমথেশ শর্ব্ব।

হে ধূর্জ্জটে পশুপতে গিরিজাপতে মাং

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ৩ ॥

**অনুবাদ।**—হে নীলকণ্ঠ! হে বৃষধ্বজ! হে পঞ্চবদন! হে লোকেশ! তুমি অনন্তনাগকে বলয়রূপে ধারণ করিয়াছ। হে প্রমথেশ! তুমি ব্রহ্মাণ্ড সংহার কর। হে ধূর্জ্জটে! হে পশুপতে! হে গিরিজাপতে! আমাকে ভবদুঃখসঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ৩ ॥

হে বিশ্বনাথ শিব শঙ্কর দেবদেব,

গঙ্গাধর প্রমথনায়ক নন্দিকেশ।

বাণেশ্বরান্ধকরিপো হর লোকনাথ,

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ৪ ॥

**অনুবাদ।**—হে বিশ্বনাথ! তুমি মঙ্গলালয় এবং সকলের মঙ্গলবিধান করিতেছ। হে দেবদেব! তুমি গঙ্গাকে ধারণ করিয়াছ এবং তুমি প্রমথগণের অধিনায়ক। হে নন্দিকেশ্বর! হে বাণেশ্বর! হে অন্ধকরিপো! হে হর! হে লোকনাথ! হে জগদীশ্বর (আমাকে) ভবদুঃখ-সঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ৪ ॥

বারাণসীপুরপতে মণিকর্ণিকেশ,

বীরেশ দক্ষমখকাল বিভো গণেশ।

সর্ব্বজ্ঞ সর্ব্বহৃদয়ৈকনিবাস নাথ,

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ৫ ॥

অনুবাদ।—হে বিভো! তুমি বারাণসী পুরীর অধীশ্বর, তুমি মণি-কর্ণিকার অধিপতি, তুমিই বীরেশ্বর এবং তুমিই দক্ষযজ্ঞের বিনাশকারী। হে গণেশ্বর! তুমি সকল জানিতেছ এবং তুমি নিরন্তর সকলের হৃদয়নিকেতনে অবস্থিতি কর। হে নাথ! হে জগদীশ! (আমাকে) ভবদুঃখ-সঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ৫ ॥

শ্রীমন্মহেশ্বর কৃপাময় হে দয়ালো,

হে ব্যোমকেশ শিতিকণ্ঠ গণাধিনাথ।

ভস্মাঙ্গরাগনৃকপালকলাপমাল,

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ৬ ॥

অনুবাদ।—হে শ্রীমন্! হে মহেশ্বর! তুমিই কৃপাময় অর্থাৎ তোমার কৃপাতেই অনন্ত ব্রহ্মাণ্ড প্রতিপালিত হইতেছে। হে দয়ালো! হে ব্যোমকেশ! হে শিতিকণ্ঠ! হে ভূতগণের অধিপতি! তুমি ভস্ম দ্বারা অঙ্গরাগ করিয়া থাক এবং নরকপালসমূহনির্ম্মিত মালা ধারণ করিয়াছ। হে জগদীশ! (আমাকে) ভবদুঃখসঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ৬ ॥

কৈলাসশৈলবিনিবাস বৃষাকপে হে,

মৃত্যুঞ্জয় ত্রিনয়ন ত্রিজগন্নিবাস।

নারায়ণপ্রিয় মদাপহ শক্তিনাথ,

সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ৭ ॥

অনুবাদ।—হে ত্রিলোচন! কৈলাসশৈলোপরি তোমার বসতি, হে বৃষাকপে! হে মৃত্যুঞ্জয়! ত্রিজগৎ তোমাতে অবস্থিত, তুমি নারায়ণের অতি প্রিয়, তুমি সকলের মত্ততা অপহরণ কর এবং তুমি শক্তিনাথ, সকল শক্তিই তোমার আশ্রিত। হে জগদীশ! (আমাকে) ভবদুঃখসঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ৭ ॥

বিশ্বেশ বিশ্বভবনাশিতবিশ্বরূপ,

বিশ্বাত্মক ত্রিভুবনৈকগুণাভিবেশ।

হে বিশ্ববন্দ্য করুণাময় দীনবন্ধো,
সংসারদুঃখগহনাজ্জগদীশ রক্ষ ॥ ৮ ॥

**অনুবাদ।**—হে বিশ্বেশ্বর! বিশ্বের জন্ম তোমা হইতে, তুমিই বিশ্ব-প্রপঞ্চরূপের বিনাশ করিয়াছ, তুমিই বিশ্বময় এবং ত্রিভুবনে গুণসকল একমাত্র তোমাকেই আশ্রয় করিয়া আছে। হে করুণাময়! এই অনন্ত ব্রহ্মাণ্ড তোমাকে অভিবাদন করিতেছে এবং তুমিই দীনজনের বন্ধু। হে জগদীশ! (আমাকে) ভবদুঃখসঙ্কট হইতে পরিত্রাণ কর ॥ ৮ ॥

গৌরীবিলাসভুবনায় মহেশ্বরায়,
পঞ্চাননায় শরণাগতকল্পকায়।
শর্ব্বায় সর্ব্বজগতামধিপায় তস্মৈ
দারিদ্র্যদুঃখদহনায় নমঃ শিবায় ॥ ৯ ॥
শিবনামাবল্যষ্টকং সমাপ্তম্।

**অনুবাদ।**—হে বিভো! যিনি গৌরীর বিলাসভূমি, যিনি মহেশ্বর, যিনি পঞ্চবক্ত্র, যিনি শরণাগত জনের সামর্থ্যদাতা, যিনি শর্ব্ব অর্থাৎ প্রলয়-কালে জগৎ সংহার করেন, যিনি সর্ব্বজগতের অধিপতি, সেই দারিদ্র্যদুঃখদাহে অনলস্বরূপ শিবকে নমস্কার ॥ ৯ ॥

শিবনামাবল্যষ্টক সমাপ্ত।

---

# দশশ্লোকী স্তুতি।

সাম্বো নঃ কুলদৈবতং পশুপতে সাম্ব ত্বদীয়া বয়ং
সাম্বং স্তৌমি সুরাসুরোরগগণাঃ সাম্বেন সন্তারিতাঃ।
সাম্বায়াস্তু নমো ময়া বিরচিতং সাম্বাৎ পরং নো ভজে,
সাম্বস্যানুচরোঽস্ম্যহং মম রতিঃ সাম্বে পরব্রহ্মণি ॥ ১ ॥

**অনুবাদ।**—সাম্ব অর্থাৎ অম্বিকা-সমন্বিত শিব আমাদিগের কুলদেব; হে সাম্ব-পশুপতে! আমরা তোমারই; আমি সাম্ব-তোমার স্তুতিবাদ করিতেছি। (যখন সাগরমন্থনকালে কালকূট উৎপন্ন হয়, তখন) দেব, দানব ও সর্পগণ সাম্ব-তোমা কর্ত্তৃক নিস্তারিত (রক্ষিত) হইয়াছিলেন। সাম্ব-তোমার উদ্দেশে

আমার কৃত এই প্রণতি সমর্পিত হউক। সাম্ব-তোমা হইতে ভিন্ন আমি অন্য কাহারও আরাধনা করি না ; আমি সাম্ব-তোমারই কিঙ্কর ; পরব্রহ্মরূপী সাম্ব-তোমাতে আমার রতি ( অনুরাগ ) হউক। ( পদার্থবাচক প্রথমা সম্বোধনে প্রথমা প্রভৃতি সাতটি বিভক্তি যোগে এই শ্লোকে স্তব করা হইয়াছে ) ॥ ১ ॥

বিষ্ণ্বাদ্যাশ্চ পুরত্রয়ং সুরগণা জেতুং ন শক্তাঃ স্বয়ং,
যং শম্ভুং ভগবন্ বয়ং তু পশবোহস্মাকং ত্বমেবেশ্বরঃ।
স্বস্বস্থাননিয়োজিতাঃ সুমনসঃ স্বস্থা বভূবুস্তত-
স্তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ২ ॥

**অনুবাদ।**—বিষ্ণু প্রভৃতি সুরবৃন্দ ত্রিপুরাসুরকে স্বয়ং পরাভূত করিতে অক্ষম হইয়া যে মহেশ্বরের ( শরণাগত হইয়া বলিয়াছিলেন ) "ভগবন্, আমরা পশুসদৃশ ; একমাত্র তুমিই আমাদিগের ঈশ্বর," ইহার পরে ( তোমারই শক্তিতে ত্রিপুরবিজয় হইলে ) সুরগণ স্বস্বস্থানে নিযোজিত হইয়া স্বস্থতা লাভ করেন, সেই পরব্রহ্ম সাম্ব শিবে আমার মন আনন্দসহকারে রত হউক ॥ ২ ॥

ক্ষৌণী যস্য রথো রথাঙ্গযুগলং চন্দ্রার্কবিম্বদ্বয়ং,
কোদণ্ডঃ কনকাচলো হরিরভূদ্বাণো বিধিঃ সারথিঃ।
তূণীরো জলধির্হয়াঃ শ্রুতিচয়ো মৌর্ব্বী ভুজঙ্গাধিপ-
স্তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৩ ॥

**অনুবাদ।**—( যখন ) ত্রিপুরাসুরের সহিত যুদ্ধ ঘটে, তখন বসুমতী যাঁহার রথ, চন্দ্র-সূর্য্য রথের চক্রযুগল, কনকপর্ব্বত সুমেরু শরাসন, শ্রীহরি শর, ব্রহ্মা সারথি, সাগর তূণীর, বেদসকল অশ্ব ও অনন্তদেব মৌর্ব্বী হইয়াছিলেন, মদীয় চিত্ত সেই পরব্রহ্মরূপী সাম্ব-শঙ্করে সানন্দে রত হউক ॥ ৩ ॥

যেনাপাদিতমঙ্গজাঙ্গভসিতং দিব্যাঙ্গরাগৈঃ সমং,
যেন স্বীকৃতমব্জসম্ভবশিরঃ সৌবর্ণপাত্রৈঃ সমম্।
যেনাঙ্গীকৃতমচ্যুতস্য নয়নং পূজারবিন্দৈঃ সমং,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৪ ॥

**অনুবাদ।**—যিনি অনঙ্গের অঙ্গভস্ম দিব্য অঙ্গরাগের সমান করিয়াছেন, অর্থাৎ কন্দর্পদেবকে ভস্মীভূত করিয়া সেই বিভূতি দ্বারা স্বকীয় অঙ্গ

বিলিপ্ত করিয়াছেন; যিনি (রোষবশে) কমলযোনি ব্রহ্মার একটি মস্তক-চ্ছেদন করিয়া কাঞ্চনপাত্রের সমান তাহা গ্রহণ করিয়াছিলেন এবং (একদা শ্রীহরি সহস্রসংখ্য পদ্ম দ্বারা অর্চ্চনায় প্রবৃত্ত হইয়া একটি পদ্ম ন্যূন দর্শন করিলে) যিনি পূজোপহার পদ্মপুষ্পগুলির সঙ্গে হরির একটি নয়নকমল গ্রহণ করিয়াছিলেন, সেই গৌরীসমবেত সাম্ব শঙ্করে মদীয় চিত্ত সানন্দে রত হউক ॥ ৪ ॥

গোবিন্দাদধিকং ন দৈবতমিতি প্রোচ্চার্য্য হস্তাবুভা-
বুদ্ধৃত্যাথ শিবস্য সন্নিধিগতো ব্যাসো মুনীনাং বরঃ।
যস্য স্তম্ভিতপাণিরানতিকৃতা নন্দীশ্বরেণাভবৎ,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৫ ॥

**অনুবাদ**।—একদা মুনিগণপ্রবর দ্বৈপায়ন "গোবিন্দ অপেক্ষা শ্রেষ্ঠ দেবতা অন্য কেহ নাই" এই বাক্য উচ্চারণ পূর্ব্বক বাহুদ্বয় উত্তোলন করিয়া শিব-সকাশে সমাগত হইলে যদীয় সেবক নন্দিকেশ্বর তাঁহার বাহুদ্বয় স্তম্ভিত করিয়াছিলেন, সেই সাম্ব পরমব্রহ্মরূপী শঙ্করে মদীয় চিত্ত সানন্দে রত হউক ॥ ৫ ॥

আকাশশ্চিকুরায়তে দশদিশাভোগো দুকূলায়তে,
শীতাংশুঃ প্রসবায়তে স্থিরতরানন্দঃ স্বরূপায়তে।
বেদান্তো নিলয়ায়তে সুবিনয়ো যস্য স্বভাবায়তে,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৬ ॥

**অনুবাদ**।—নভোমণ্ডল যাঁহার কেশপাশরূপে বিদ্যমান, দশদিক্ যাঁহার পট্টবসনস্বরূপ, চন্দ্র যাঁহার পুষ্প-ভূষণস্বরূপ; নিত্য আনন্দ যাঁহার স্বরূপ, বেদান্ত অর্থাৎ উপনিষৎমধ্যে যিনি অধিষ্ঠিত, সুবিনয় যাঁহার স্বভাব, সেই সাম্ব পরমব্রহ্মরূপী শঙ্করে মদীয় চিত্ত সানন্দে রত হউক ॥ ৬ ॥

বিষ্ণুর্যস্য সহস্রনামনিয়মাদম্ভোরুহৈরর্চ্চয়-
ন্নেকেনাপচিতেষু নেত্রকমলং নৈজং পদাব্জদ্বয়ে।
সংপূজ্যাসুরসংহতিং বিদলয়ংস্ত্রৈলোক্যপালোঽভবৎ,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৭ ॥

**অনুবাদ**।—যাঁহার সহস্র নামের একৈক নামে এক এক পদ্ম প্রদানে কৃতসঙ্কল্প শ্রীহরি, তাহা হইতে একটি পদ্ম ন্যূন দেখিয়া নিজ নয়নকমল উৎপাটন

করত চরণকমলযুগল পূজা করায় অসুরনিকরকে দলিত করিয়া ত্রিলোকপালকতা লাভ করেন,সেই গৌরীসমেত পরব্রহ্মরূপী শঙ্কর মদীয় চিত্তে সানন্দে রত হউন ॥৭॥

শৌরিং সত্যগিরং বরাহবপুষং পাদাম্বুজাদর্শনে,
চক্রে যো দয়য়া সমস্তজগতাং নাথং শিরোদর্শনে।
মিথ্যাবাচমপূজ্যমেব সততং হংসস্বরূপং বিধিং,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৮ ॥

অনুবাদ।—বিষ্ণু বরাহরূপ ধারণ করিয়া পাতালপ্রদেশে যাঁহার বিরাট মূর্ত্তির চরণকমলের সন্ধান পান নাই, আর সেই সত্য কথা প্রকাশ করাতে যিনি বিষ্ণুকে কৃপা পূর্ব্বক সমস্ত জগতের আধিপত্য প্রদান করিয়াছিলেন, ব্রহ্মা হংসরূপ ধারণ করিয়া ( ঊর্দ্ধে উত্থিত হইয়া ) যাঁহার ( বিরাটমূর্ত্তির ) মস্তক-দর্শন না হইলেও দর্শন করিয়াছি, এইরূপ মিথ্যা বলাতে যিনি তাঁহাকে সতত অপূজ্য করিয়া দেন,—সাম্ব পরব্রহ্মরূপী সেই শঙ্করে মদীয় চিত্ত সানন্দে রত হউক ॥ ৮ ॥

যস্যাসন্ ধরণী-জলাগ্নি-পবন-ব্যোমার্ক-চন্দ্রাদয়ো,
বিখ্যাতাস্তনবোঽষ্টধা পরিণতা নান্যত্ততো বর্ত্ততে।
ওঙ্কারার্থবিবেচনী শ্রুতিরিয়ং চাচষ্ট তূর্য্যং শিবং,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥ ৯ ॥

অনুবাদ।—যাঁহার মূর্ত্তি ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, চন্দ্র, সূর্য্য, যজমান এই অষ্টধা পরিণত বলিয়া কীর্ত্তিত হয়; ব্রহ্মাণ্ডে যাঁহা হইতে অতিরিক্ত আর কোন বস্তুই নাই; প্রণবের অর্থবিচারিণী শ্রুতি যাঁহাকে তুরীয় পুরুষ শিব বলিয়া বর্ণন করেন, সেই উমাসহচর পরব্রহ্মরূপী শঙ্করে মদীয় চিত্ত সানন্দে রত হউক ॥ ৯ ॥

বিষ্ণুব্রহ্মসুরাধিপপ্রভৃতয়ঃ সর্ব্বেঽপি দেবা যদা,
সম্ভূতাজ্জলধের্বিষাৎ পরিভবং প্রাপ্তাস্তদা সত্বরম্।
তানার্ত্তান্ শরণাগতানিতি সুরান্ যোঽরক্ষদর্দ্ধক্ষণাৎ,
তস্মিন্ মে হৃদয়ং সুখেন রমতাং সাম্বে পরব্রহ্মণি ॥১০॥

ইতি দশশ্লোকী স্তুতিঃ সমাপ্তা।

**অনুবাদ।**—সমুদ্রমন্থনকালে সমুদ্র হইতে কালকূট সমুৎপন্ন হইলে শ্রীহরি, ব্রহ্মা ও ইন্দ্র প্রমুখ সুরবৃন্দ যখন সেই মহাবিষ হইতে পরাভব প্রাপ্ত হইলেন, তখন তাঁহাদিগকে কাতর ও শরণাপন্ন দর্শনে যিনি অর্দ্ধক্ষণমধ্যে (সেই কালকূট পান করিয়া) সকলের রক্ষাবিধান করিয়াছিলেন, সেই সাম্ব পরব্রহ্মরূপী শঙ্করে মদীয় চিত্ত সানন্দে রত হউক ॥ ১০ ॥

দশশ্লোকী স্তুতি সম্পূর্ণ।

---

# শিবাপরাধ-ক্ষমাপণ-স্তোত্র।

গণেশায় নমঃ।

আদৌ কর্ম্মপ্রসঙ্গাৎ কলয়তি কলুষং মাতৃকুক্ষৌ স্থিতং মাং,
বিণ্মূত্রামেধ্যমধ্যে ব্যথয়তি নিতরাং জাঠরো জাতবেদাঃ।
যদ্ যদ্ বা তত্র দুঃখং ব্যথয়তি নিতরাং শক্যতে কেন বক্তুং,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো ॥১॥

**অনুবাদ।**—প্রথমতঃ কর্ম্মবন্ধ-নিবন্ধন আমি কলুষপূর্ণ জননী-জঠরে যখন নিবিষ্ট ছিলাম, তখন অপবিত্র মলমূত্রমধ্যে মাতার জঠরাগ্নি আমাকে সর্ব্বদা নানারূপ ব্যথা দিয়াছে; অথবা যে যে দুঃখ তথায় ব্যথা দিয়া থাকে, তাহা কে বর্ণনা করিতে পারে? (এই সকল দুঃখই আমার অপরাধের ফল)। হে শম্ভো! হে শিব! হে মহাদেব! আমার অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥ ১ ॥

বাল্যে দুঃখাতিরেকো মললুলিতবপুঃ স্তন্যপানে পিপাসা,
নো শক্তশ্চেন্দ্রিয়েভ্যো * ভবগুণজনিতা জন্তবো মাং তুদন্তি।
নানারোগোত্থদুঃখাদুদরপরবশঃ শঙ্করং ন স্মরামি,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃশ্রীমহাদেব শম্ভো ॥ ২॥

**অনুবাদ।**—যখন আমার বাল্যাবস্থা ছিল, তখনও অসীম দুঃখভোগ হইয়াছে, তৎকালে আমার সর্ব্বাঙ্গ স্বীয় মলে পরিব্যাপ্ত হইত, স্তন্যপানে তৃষ্ণা জন্মিত, (তখন ইচ্ছামত স্তনদুগ্ধ পান করিতে পারিতাম না), আমার ইন্দ্রিয়-

* 'নো শক্যশ্চেন্দ্রিয়েভ্যো' পাঠান্তর।

গ্রাম সত্ত্বেও তাহাদিগের উপর আমার প্রভুত্ব ছিল না, সুতরাং সংসারগুণে উৎপাদিত মশকাদি জীবগণ নিয়ত আমাকে ব্যথা দিয়াছে, নানারোগে অসীম ক্লেশভোগ করিয়া নিরন্তর উদরপোষণে ব্যগ্র ছিলাম, কিন্তু একবার শঙ্করনাম স্মরণ করি নাই। হে শিব, হে শম্ভো, হে মহাদেব! (এই সকলই আমার অপরাধ) আমার এই অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয়॥ ২॥

প্রৌঢ়োঽহং যৌবনস্থো বিষয়বিষধরৈঃ পঞ্চভির্ম্মর্ম্মসন্ধৌ,
দষ্টো নষ্টো বিবেকঃ সুতধনযুবতীস্বাদুসৌখ্যে নিষণ্ণঃ।
শেষে চিন্তাবিহীনং মম হৃদয়মহো মানগর্ব্বাধিরূঢ়ং,
ক্ষন্তব্যো মেঽপরাধ শিবঃ শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো॥৩॥

**অনুবাদ।**—আমি বয়োবৃদ্ধির পরে যৌবন প্রাপ্ত হইলাম, পঞ্চ (শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ) বিষয়-ভুজঙ্গ আমার মর্ম্মসন্ধিতে দংশন করিল, তাহাতেই আমার বিবেক বিনষ্ট হইয়া যায়, ধন, পুত্র, যুবতী-সম্ভোগ ও স্বাদুভোজনে সুখজ্ঞান করিয়া তাহাতেই আসক্ত থাকিতাম। আমার চিত্ত পরিণামচিন্তা-শূন্য হইয়া মান ও গর্ব্বের বশীভূত ছিল। (এই সকলই আমার অপরাধ) হে শিব! হে শম্ভো! হে মহাদেব! আমার অপরাধ ক্ষমা কর॥ ৩॥

বার্দ্ধক্যে চেন্দ্রিয়াণাং বিগতগতিমতিশ্চাধিদৈবাদি-তাপৈঃ,
পাপৈ রোগৈর্বিয়োগৈস্ত্বনবসিতবপুঃ প্রৌঢ়িহীনং চ দীনম্।
মিথ্যামোহাভিলাষৈর্ভ্রমতি মম মনো ধূর্জ্জটের্ধ্যানশূন্যং,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো॥৪॥

**অনুবাদ।**—বার্দ্ধক্য উপস্থিত হইল, ইন্দ্রিয়গ্রাম ক্রমে ক্রমে শিথিল, জ্ঞান হ্রাস প্রাপ্ত, আধিদৈবিক প্রভৃতি তাপে পাপ, রোগ ও বিয়োগদুঃখ বহু হইতেছে, কিন্তু দেহের অবসান নাই, কেবল অবসাদগ্রস্ত ও ক্ষীণ, (তথাপি) আমার মন মিথ্যা মোহের বশীভূত হইয়া কতরূপ ইচ্ছা করত ভ্রমণ করিতেছে, ধূর্জ্জটির ধ্যানে প্রবৃত্ত হয় না; (এই সকলই আমার অপরাধ) হে শিব! হে মহাদেব! হে শম্ভো! আমার অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয়॥ ৪॥

নো শক্যং স্মার্ত্তকর্ম্ম প্রতিপদগহনংপ্রত্যবায়াকুলাখ্যং,
শ্রৌতে বার্ত্তা কথং মে দ্বিজকুলবিহিতে ব্রহ্মমার্গে চ সারে।

নাস্থা ধর্ম্মে বিচারঃ শ্রবণমননয়োঃ কিং নিদিধ্যাসিতব্যং,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো ॥৫॥

**অনুবাদ**।—প্রতিপদে জটিল ও প্রত্যবায়বহুল বলিয়া প্রসিদ্ধ স্মার্ত্ত কর্ম্ম করিবার (যখন) শক্তি হয় নাই, (তখন) দ্বিজকুলবিহিত শ্রৌত কর্ম্মের আর সারভূত ব্রহ্মমার্গের কথা আর বলিব কিরূপে? (ফলতঃ) যখন ধর্ম্মে আস্থা হয় নাই, (তখন) শ্রবণ মনন বিচার কি? কিসের বা নিদিধ্যাসন অর্থাৎ কিছুই করি নাই, হে শিব! হে মহাদেব! হে শম্ভো! আমার এই সকল অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥ ৫ ॥

স্নাত্বা প্রত্যূষকালে স্নপনবিধিবিধৌ নাহৃতং গাঙ্গতোয়ং,
পূজার্থং বা কদাচিদ্বহুতরগহনাৎ খণ্ডবিল্বীদলানি।
নানীতা পদ্মমালা সরসি বিকসিতা গন্ধধূপৈস্ত্বদর্থং,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ
শ্রীমহাদেব শম্ভো ॥ ৬ ॥

**অনুবাদ**।—হে শিব, আমি প্রত্যূষে স্নান করিয়া তোমার বিধিবিহিত অভিষেকের জন্য গঙ্গাজল আনয়ন করি নাই, কখনও তোমার পূজার জন্য অরণ্যমধ্যে গমন পূর্ব্বক বিল্বদল আহরণ করি নাই, আমি তোমার জন্য সরোবর হইতে বিকসিত কমলাবলী আনয়ন করি নাই, আমি তোমার নিমিত্ত ধূপ-দীপ আহরণও করি নাই। হে শিব! হে শম্ভো! হে মহাদেব! আমার এই সকল অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥ ৬ ॥

দুগ্ধৈর্ম্মধ্বাজ্যযুক্তৈর্দ্দধিসিতসহিতৈঃ স্নাপিতং নৈব লিঙ্গং
নো লিপ্তং চন্দনাদ্যৈঃ কনকবিরচিতৈঃ* পূজিতং ন প্রসূনৈঃ।
ধূপৈঃ কর্পূরদীপৈর্ব্বিবিধরসযুতৈর্নৈব ভক্ষ্যোপাহারৈঃ,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ
শ্রীমহাদেব শম্ভো ॥ ৭ ॥

**অনুবাদ**।—হে দেব! আমি কখনও দুগ্ধ, মধু, ঘৃত, দধি, শর্করা একত্র করিয়া কোন শিবলিঙ্গ স্নান করাই নাই, আমি কখনও চন্দনাদি অনুলিপ্ত করি নাই, (অকৃত্রিম) ধুস্তুরপুষ্প বা (স্বর্ণাদি) রচিত (কৃত্রিম) পুষ্পে তাঁহার

* 'বিরচিতং' পাঠান্তর।

পূজা করি নাই। ধূপ, কর্পূর-প্রদীপ ও বিবিধ রসযুক্ত ভক্ষ্য উপহার দ্বারা পূজা করি নাই। হে শিব! হে মহাদেব! হে শম্ভো! আমার (এই সকল) অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥ ৭ ॥

ধ্যাত্বা চিত্তে শিবাখ্যং প্রচুরতরধনং নৈব দত্তং দ্বিজেভ্যো,
হব্যং তে লক্ষসংখ্যৈর্হুতবহবদনে নার্পিতং বীজমন্ত্রৈঃ।
নো তপ্তং গাঙ্গতীরে ব্রতজপনিয়মৈ রুদ্রজাপ্যৈর্ন বেদৈঃ,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো ॥৮॥

**অনুবাদ।**—হে মহেশ্বর! আমি কখন শিবনামযুক্ত তোমাকে চিন্তা করিয়া ব্রাহ্মণগণকে প্রচুর ধন প্রদান করি নাই, আমি কদাচ লক্ষ বীজমন্ত্র দ্বারা তোমার উদ্দেশে হোমদ্রব্য অগ্নিতে আহুতি প্রদান করি নাই এবং আমি কখনও গঙ্গাতীরে বসিয়া ব্রত জপ নিয়ম অথবা বেদপাঠ পূর্ব্বক কোন তপস্যা করি নাই (এই সকলই আমার অপরাধ) হে শিব! হে মহাদেব! হে শম্ভো! আমার (সেই) অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥ ৮ ॥

স্থিত্বা স্থানে সরোজে প্রণবময়মরুৎকুম্ভকে (১) সূক্ষ্মমার্গে,
স্বান্তে শান্তিপ্রলীনে (২) প্রকটিতবিভবে জ্যোতিরাদ্যে (৩) পরাখ্যে।
লিঙ্গং তে ব্রহ্মবাচ্যং (৪) সকলমভিমতং শঙ্করং ন স্মরামি,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো ॥৯॥

**অনুবাদ।**—(হে শম্ভো!) আমি পদ্মাসনে অবস্থিত হইয়া প্রণবময় শ্বাসবায়ুর কুম্ভকাবস্থায় (শঙ্করকে স্মরণ করি নাই), সূক্ষ্মমার্গে, (সুষুম্নাপথে) শমপ্রলীনচিত্তে বিভবপ্রাপ্তচিত্তে জ্যোতিঃসমূহের আদি পরমতত্ত্বে (কোথাও) শঙ্করকে (নিষ্কল ব্রহ্মরূপে স্মরণ করি নাই), ব্রহ্মবাচ্য অথবা ব্রহ্মশব্দবাচ্য অথবা প্রণববাচ্য ভবদীয় লিঙ্গপ্রতীক আলম্বনে অভীষ্ট সকল-সগুণ ব্রহ্ম শঙ্করকে স্মরণ করি নাই, (নিষ্কল ও স-কল-দ্বিবিধরূপেই শঙ্করস্মরণ না করায় আমার ঘোর অপরাধ হইয়াছে) হে শিব! হে মহাদেব! হে শম্ভো! আমার সেই অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয় ॥ ৯ ॥

(১) কুণ্ডলে (২) শান্তে স্বান্তে মুম্বই মুদ্রিত পুস্তকের পাঠ (৩) জ্যোতিরূপে ও জ্যোতীরূপে এই প্রকার পাঠও দেখা যায়। (৪) 'লিঙ্গস্থে ব্রহ্মবাক্যে' মুম্বই মুদ্রিত পুস্তকের পাঠ।

নগ্নো নিঃসঙ্গশুদ্ধস্ত্রিগুণবিরহিতো ধ্বস্তমোহান্ধকারো,
নাসাগ্রে ন্যস্তদৃষ্টির্বিদিতভবগুণো নৈব দৃষ্টঃ কদাচিৎ।
উন্মন্যাবস্থয়া ত্বাং * বিগতকলিমলং শঙ্করং ন স্মরামি,
ক্ষন্তব্যো মেঽপরাধঃ শিব শিব শিব ভোঃ শ্রীমহাদেব শম্ভো ॥১০॥

**অনুবাদ।**—হে হর! নগ্ন অর্থাৎ দিগম্বর, নিঃসঙ্গ, শুদ্ধ, (সর্ব্ববিষয়ে অনাসক্ত ও নির্ব্বিকার), সত্ত্ব, রজঃ ও তমোগুণের অতীত, অজ্ঞানরূপ-অন্ধকার-বর্জ্জিত নাসাগ্রে ন্যস্তদৃষ্টি শিবমহিমাভিজ্ঞ (কোন ব্যক্তিকে) কখনই আমি দেখি নাই; হে শঙ্কর! উন্মনানামক যোগাবস্থায় কলিমলক্ষয়কারী তোমাকে স্মরণ করিতে পারি নাই, হে শিব, হে শম্ভো, হে মহাদেব, আমার (এই) অপরাধ ক্ষমা করিতে আজ্ঞা হয়। ১০ ॥

চন্দ্রোদ্ভাসিতশেখরে স্মরহরে গঙ্গাধরে শঙ্করে,
সর্পৈর্ভূষিতকণ্ঠকর্ণবিবরে নেত্রোত্থবৈশ্বানরে।
দন্তিত্বক্‌-কৃত সুন্দরাম্বর-ধরে ত্রৈলোক্যসারে হরে,
মোক্ষার্থং কুরু চিত্তবৃত্তিমচলাং † মন্যৈস্তু কিং কর্ম্মভিঃ ॥১১॥

**অনুবাদ।**—যাঁহার মৌলি চন্দ্রখণ্ড প্রদীপ্ত, যিনি কামদেবকে ভস্মীভূত করিয়াছেন, যিনি স্বীয় মস্তকে গঙ্গাকে ধারণ করিয়াছেন, যিনি সকলের মঙ্গল-সাধন করেন, যিনি সর্প দ্বারা কণ্ঠে ও কর্ণে ভূষণ পরিধান করিয়াছেন, যাঁহার নয়ন হইতে অগ্নি উৎপন্ন হইয়াছে, যিনি গজচর্ম্ম দ্বারা সুন্দর অম্বর ধারণ করিয়াছেন, যিনি ত্রিভুবনের সারভূত, মোক্ষলাভের নিমিত্ত সেই হরে চিত্ত-বৃত্তি স্থির কর, অন্য কর্ম্মে প্রয়োজন কি? ১১ ॥

কিং বানেন ‡ ধনেন বাজিকরিভিঃ প্রাপ্তেন রাজ্যেন কিং,
কিংবা পুত্রকলত্রমিত্রপশুভির্দেহেন গেহেন কিম্।
জ্ঞাত্বৈতৎ ক্ষণভঙ্গুরং সপদি রে ত্যাজ্যং মনো দূরতঃ,
স্বাত্মার্থং গুরুবাক্যতো ভজ ভজ শ্রীপার্ব্বতীবল্লভম্ ॥ ১২ ॥

**অনুবাদ।**—এই অতুল ধন দ্বারা কোন ফল হইবে না, হস্তী ও ঘোটকে

---

* উন্মত্তাবস্থয়া কচিৎ পাঠ।
† 'মথিলা' এই পাঠও আছে।
‡ দানেন' পাঠও দৃষ্ট হয়।

কোন প্রয়োজন নাই, রাজ্যে কি হইবে? পুত্র, কলত্র, বন্ধু ও পশু দ্বারাই বা কি হইবে? এই দেহ বা গৃহেই বা কি হইবে? এই ধনাদি ক্ষণভঙ্গুর, ইহা জানিয়া রে মন, দূর হইতে এ সকল পরিত্যাগ কর এবং গুরুবাক্যানুসারে সেই পার্ব্বতীবল্লভকে ভজনা কর, ভজনা কর॥ ১২॥

আয়ুর্নশ্যতি পশ্যতাং প্রতিদিনং যাতি ক্ষয়ং যৌবনং,
প্রত্যায়ান্তি গতাঃ পুনর্ন দিবসাঃ কালো জগদ্ভক্ষকঃ।
লক্ষ্মীস্তোয়তরঙ্গভঙ্গচপলা বিদ্যুচ্চলং জীবিতং,
তস্মান্মাং শরণাগতং শরণদ ত্বং রক্ষ রক্ষাধুনা॥ ১৩॥

**অনুবাদ।**—দেখিতে দেখিতে প্রত্যহ আয়ুঃ ক্ষয় হইতেছে, এই যৌবন (প্রতিক্ষণ) ক্ষয় পাইতেছে, গত দিন পুনর্ব্বার আগমন করিতেছে না, সর্ব্বসংহারক কাল ত্রিভুবনের সকলকেই ভক্ষণ করে, এই যে সম্পদ্, ইহাও সলিলতরঙ্গের ন্যায় চপল, এই জীবন বিদ্যুতের ন্যায় চঞ্চল। অতএব হে শরণদ! আমি তোমার শরণাগত হইলাম, এক্ষণে তুমি আমাকে রক্ষা কর॥ ১৩॥

বপুঃ প্রাদুর্ভাবাদনুমিতমিদং জন্মনি পুরা
পুরারে ন প্রায়ঃ ক্বচিদপি ভবন্তং প্রণতবান্।
নমন্মুক্তঃ সম্প্রত্যহমতনুরগ্রেঽপ্যনতিভাঙ্
মহেশ ক্ষন্তব্যং তমিদমপরাধদ্বয়মপি॥ ১৪॥

**অনুবাদ।**—হে ত্রিপুরান্তক, এই শরীর যখন হইয়াছে, তখন নিশ্চয়ই পূর্ব্বজন্মে তোমাকে কখনই প্রণাম করি নাই, ইহা অনুমান করিতেছি, সম্প্রতি তোমাকে প্রণাম করিয়া (তাহার ফলে মুক্তিলাভ করায় শরীর ধারণ করিব না; সুতরাং পরে) আর তোমাকে প্রণাম করিতে পারিব না, (অগ্র-পশ্চাতে প্রণাম না করার জন্য যে) এই দুই অপরাধ, হে মহেশ, তাহা ক্ষমা করিতে আজ্ঞা হয়॥ ১৪॥

করচরণকৃতং বাক্কায়জং কর্ম্মজং বা,
শ্রবণনয়নজং বা মানসং বাপরাধম্।
বিহিতমবিহিতং বা সর্ব্বমেতৎ ক্ষমস্ব,
জয় জয় করুণাব্ধে শ্রীমহাদেব শম্ভো॥ ১৫॥

**অনুবাদ।**—হে শম্ভো! হে মহাদেব! আমার হস্তকৃত, পাদকৃত,

বাক্যকৃত, শরীরকৃত, কর্ম্মকৃত, শ্রবণকৃত, নয়নকৃত ও মানসিক যে যে অপরাধ আছে এবং আমি বিহিত ও অবিহিত যাহা কিছু করিয়াছি, হে করুণাসাগর! সেই সকল অপরাধ ক্ষমা কর। হে শম্ভো! হে মহাদেব! তোমার জয় হউক ॥ ১৫ ॥

গাত্রং ভস্মসিতং সিতঞ্চ হসিতং হস্তে কপালং সিতং,
খট্টাঙ্গঞ্চ সিতং সিতশ্চ বৃষভঃ কর্ণে সিতে কুণ্ডলে।
গঙ্গাফেনসিতা জটা পশুপতেশ্চন্দ্রঃ সিতো মূর্দ্ধনি,
সোঽয়ং সর্ব্বসিতো দদাতু বিভবং পাপক্ষয়ং শঙ্করঃ ॥ ১৬ ॥*

তি শিবরাপরাধ-ক্ষমাপণস্তোত্রং সম্পূর্ণম্

**অনুবাদ**।—যাঁহার গাত্র ভস্মানুলেপনে শ্বেতবর্ণ, হাস্য শ্বেতবর্ণ, হস্তে শ্বেতবর্ণ কপাল, যাঁহার খট্টাঙ্গ, বৃষ ও কর্ণকুণ্ডল শ্বেতবর্ণ, গঙ্গাফেনমিশ্রণে জটা শ্বেতবর্ণ, ভালে চন্দ্র শ্বেতবর্ণ, সেই সর্ব্বশ্বেত শঙ্কর পাপক্ষয় সহ বিভব প্রদান করুন ॥ ১৬ ॥

শিবাপরাধক্ষমাপণস্তোত্র সম্পূর্ণ।

## দক্ষিণামূর্ত্তি-স্তোত্র।

উপাসকানাং যদুপাসনীয়-
মুপাত্তবাসং বটশাখিমূলে।
তদ্ধাম দাক্ষিণ্যজুষা স্বমূর্ত্ত্যা
জাগর্ত্তু চিত্তে মম বোধরূপম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—উপাসকগণের যিনি উপাসনীয়, বটবৃক্ষের মূলে অবস্থিত সেই জ্ঞানস্বরূপ জ্যোতিঃ, দাক্ষিণ্যপূর্ণ নিজ মূর্ত্তি আশ্রয়ে আমার চিত্তে জাগরিত থাকুন ॥ ১ ॥

* ১৪ ও ১৬ শ্লোক মুম্বই মুদ্রিত পুস্তকে নাই। ১৪ শ্লোক পূর্ব্বে সংগৃহীত হয় নাই।

অদ্রাক্ষমক্ষীণ-দয়ানিধান-
মাচার্য্যমাদ্যং বটমূলভাগে।
মৌনেন মন্দস্মিতভূষিতেন
মহর্ষি-লোকস্য তমো নুদন্তম্ ॥ ২ ॥

**অনুবাদ**।—পূর্ণদয়ানিধি মৃদুমন্দ ঈষৎ হাস্যযুক্ত মৌন-মুদ্রা-দ্বারা মহর্ষি-বৃন্দের অজ্ঞানান্ধকার দূর করিতেছেন, এইরূপ প্রথম আচার্য্যকে আমি বট-মূলদেশে দেখিয়াছি ॥ ২ ॥

বিদ্রাবিতাশেষতমোগুণেন
মুদ্রাবিশেষেণ মুহুর্মুনীনাম্।
নিরস্য মায়াং দয়য়া বিধত্তে
দেবো মহাংস্তত্ত্বমসীতি বোধম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—মহাদেব অশেষ তমোগুণবিনাশী মুদ্রাবিশেষ দ্বারা মুনি-গণের অবিদ্যা দূর করিয়া কৃপা পূর্ব্বক তত্ত্বমসি মহাবাক্যার্থ-বোধ সম্পাদন করিতেছেন ॥ ৩ ॥

অপারকারুণ্য-সুধাতরঙ্গৈ-
রপাঙ্গপাতৈরবলোকয়ন্তম্।
কঠোর-সংসার-নিদাঘ-তপ্তান্
মুনীনহং নৌমি গুরুং গুরূণাম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—যিনি দারুণ সংসারতাপতপ্ত মুনিগণের প্রতি অপার করুণাসুধাতরঙ্গময় অপাঙ্গদৃষ্টিপাত করিতেছেন, গুরুগণের সেই গুরুকে স্তব করি ॥ ৪ ॥

মমাদ্য দেবো বটমূলবাসী
কৃপাবিশেষাৎ কৃত-সন্নিধানঃ।
ওঙ্কাররূপামুপদিশ্য বিদ্যাম্
আবিদ্যকধ্বান্তমপাকরোতু ॥ ৫ ॥

**অনুবাদ**।—বটমূলবাসী অভীষ্টদেব বিশেষ কৃপাগুণে সন্নিহিত হইয়া প্রণববিদ্যা উপদেশ পূর্ব্বক অদ্য আমার অবিদ্যা-অন্ধকার দূর করুন ॥ ৫ ॥

কলাভিরিন্দোরিব কল্পিতাঙ্গং
মুক্তাকলাপৈরিব বদ্ধমূর্ত্তিম্।
আলোকয়ে দেশিকমপ্রমেয়-
মনাদ্যবিদ্যাতিমিরপ্রভাতম্ ॥ ৬ ॥

অনুবাদ।—যাঁহার অঙ্গ-সমূহ যেন চন্দ্রকলার দ্বারা নির্ম্মিত, যাঁহার মূর্ত্তি যেন মুক্তাকলাপে রচিত, অনাদি অবিদ্যা-তিমিরের প্রভাত তুল্য সেই অতুলনীয় উপদেশককে অবলোকন করিতেছি ॥ ৬ ॥

স্বদক্ষ-জানু-স্থিত-বামপাদং
পাদোদরালঙ্কৃত-যোগপট্টম্।
অপস্মৃতেরাহিতপাদমঙ্গে
প্রণৌমি দেবং প্রণিধানবন্তম্ ॥ ৭ ॥

অনুবাদ।—স্বীয় দক্ষিণ জানুর উপরিভাগে যাঁহার বাম পাদ অবস্থিত, যাঁহার যোগপট্ট ভুজঙ্গে অলঙ্কৃত, মিথ্যাজ্ঞানরূপা মূর্ত্তিমতী অপস্মৃতির অঙ্গে যাঁহার পাদপদ্ম অর্পিত, সেই প্রণিধান-যোগপরায়ণ দেব-দেবকে স্তব করি ॥ ৭ ॥

তত্ত্বার্থমন্তেবসতামৃষীণাম্
যুবাপি যঃ সন্নুপদেষ্টুমীষ্টে।
প্রণৌমি তং প্রাক্তনপুণ্য-জালৈ-
রাচার্য্যমাশ্চর্য্য-গুণাধিবাসম্ ॥ ৮ ॥

অনুবাদ।—যিনি যুবা হইয়াও (বৃদ্ধ) অন্তেবাসী ঋষিদিগকে তত্ত্বার্থ উপদেশ করিবার সামর্থ্য প্রকাশ করিতেছেন, সেই আশ্চর্য্য গুণনিকেতন আচার্য্যকে প্রাক্তন পুণ্যপুঞ্জে স্তব করিতেছি ॥ ৮ ॥

একেন মুদ্রাং পরশুং করেণ
করেণ চান্যেন মৃগং দধানঃ।
স্বজানু-বিন্যস্তকরঃ পুরস্তা-
দাচার্য্যচূড়ামণিরাবিরস্তু ॥ ৯ ॥

অনুবাদ।—যিনি এক হস্তে জ্ঞানমুদ্রা, অপর হস্তে কুঠার, অন্য হস্তে

মৃগ ধারণ করিতেছেন, নিজ জানুতে অপর হস্ত বিন্যস্ত, সেই অচার্য্যচূড়ামণি সম্মুখে আবির্ভূত হউন ॥ ৯ ॥

আলেপবন্তং মদনাঙ্গভূত্যা
শার্দ্দূলকৃত্ত্যা পরিধানবন্তম্।
আলোকয়ে কঞ্চন দেশিকেন্দ্র-
মজ্ঞানবারাকর-বাড়বাগ্নিম্ ॥ ১০ ॥

অনুবাদ :—মদনদেহভস্ম যাঁহার অনুলেপন, শার্দ্দূল-চর্ম্ম যাঁহার পরিধানবস্ত্র, সেই অজ্ঞান-সমুদ্রের বাড়বানলস্বরূপ কোন দেশিকেন্দ্রকে অবলোকন করি। দেশিকেন্দ্র অর্থে আচার্য্য-চূড়ামণি ॥ ১০ ॥

চারুস্থিতং সোমকলাবতংসং
বীণাধরং ব্যক্ত-জটাকলাপম্।
উপাসতে কেচন যোগিনস্ত্ব-
মুপাত্তনাদানুভবপ্রমোদম্ ॥ ১১ ॥

অনুবাদ :—যিনি মনোহরভাবে অবস্থিত, চন্দ্রকলা যাঁহার শিরো-ভূষণ, যিনি বীণা ধারণ করিতেছেন, যাঁহার জটাকলাপ বিস্তৃত, নাদানু-সন্ধানযোগ দ্বারা আনন্দপ্রাপ্ত তাঁহাকে কোন কোন (ভাগ্যবান্) যোগী উপাসনা করিয়া থাকেন ॥ ১১ ॥

উপাসতে যং মুনয়ঃ শুকাদ্যা
নিরাশিষো নির্ম্মমতাধিবাসাঃ।
তং দক্ষিণামূর্ত্তিতনুং মহেশ-
মুপাস্মহে মোহ-মহার্ত্তি-শান্ত্যৈ ॥ ১২ ॥

অনুবাদ :—শুক প্রভৃতি মমত্বদোষশূন্য নিষ্কাম মুনিগণ যাঁহাকে উপাসনা করেন, মোহমহাদুঃখ-শান্তির জন্য দক্ষিণামূর্ত্তি-রূপধারী সেই মহেশ্বরকে উপাসনা করি ॥ ১২ ॥

কান্ত্যা নিন্দিত-কুন্দ-কন্দল-বপুর্ন্যগ্রোধমূলে বসন্
কারুণ্যামৃতবারিভির্ম্নিজনং সম্ভাবয়ন্ বীক্ষিতৈঃ।

মোহ-ধ্বান্ত-বিভেদনং বিরচয়ন্ বোধেন তত্তাদৃশা
দেবস্তত্ত্বমসীতি বোধয়তু মাং মুদ্রাবতা পাণিনা ॥ ১৩॥

**অনুবাদ।**—যাঁহার শরীরকান্তি কুন্দকুসুমপুঞ্জকে নিন্দা প্রদান করিয়াছে, বটমূলে যিনি অবস্থিত হইয়া করুণামৃতপূর্ণ দৃষ্টিপাতে মুনিজনকে অনুগৃহীত করিতেছেন, তাদৃশ অর্থাৎ মহাবাক্যজনিত জ্ঞানতুল্য তত্ত্বজ্ঞান দ্বারা যিনি মোহান্ধকার দূর করিতেছেন, সেই দেব জ্ঞানমুদ্রাযুক্ত করসঙ্কেতে আমাকে, তত্ত্বমসি এই বাক্যার্থ বোধ প্রদান করুন ॥ ১৩ ॥

অগৌরগাত্রৈরললাট-নেত্রৈ-
রশান্তবেষৈরভুজঙ্গভূষৈঃ।
অবোধমুদ্রৈরনপাস্তনিদ্রৈ-
রপূরকামৈরমরৈরলং নঃ ॥ ১৪ ॥

**অনুবাদ।**—যাঁহাদিগের দেহ শুভ্র নহে, যাঁহাদিগের ললাটে নেত্র নাই, যাঁহাদিগের বেশ শান্ত নহে, যাঁহাদের ভুজঙ্গ-ভূষণ নাই, যাঁহাদের হস্তে তত্ত্বমুদ্রা নাই, যাঁহারা (যোগবলে) নিদ্রাজয় করিতে সমর্থ হন নাই, যাঁহারা পূর্ণকাম নহেন, এরূপ দেবতায় আমাদিগের প্রয়োজন নাই ॥ ১৪ ॥

দৈবতানি কতি সন্তি চাবনৌ
নৈব তানি মনসো মতানি মে।
দীক্ষিতং জড়ধিয়ামনুগ্রহে
দক্ষিণাভিমুখমেব দৈবতম্ ॥ ১৫ ॥

**অনুবাদ।**—ভূমণ্ডলে কত দেবতা আছেন, তাঁহারা কিন্তু আমার মনোমত নহেন, জড়মতি জনগণের অনুগ্রহে ব্রতী দক্ষিণামূর্ত্তিই (আমার মনোমত) দেবতা ॥ ১৫ ॥

মুদিতায় মুগ্ধশশিনাবতংসিনে
ভসিতাবলেপ-রমণীয়-মূর্ত্তয়ে।
জগদিন্দ্রজাল-রচনা-পটীয়সে
মহসে নমোঽস্তু বটমূলবাসিনে ॥ ১৬ ॥

**অনুবাদ।**—সুন্দর, শশিকলা-শিরোভূষণ, ভস্মানুলেপন-কমনীয়-কায়,

ইন্দ্রজালরূপে জগৎনির্ম্মাণ-সুপটু, বটমূলবাসী মুদিত জ্যোতির প্রতি নমস্কার (অর্পিত) হউক ॥ ১৬ ॥

ব্যালম্বিনীভিঃ পরিতো জটাভিঃ
কলাবশেষেণ কলাধরেণ।
পশ্যল্ললাটেন মুখেন্দুনা চ
প্রকাশসে চেতসি নির্ম্মলানাম্ ॥ ১৭ ॥

**অনুবাদ।**—তুমি চতুর্দ্দিকে বিলম্বিত জটাকলাপশোভিত ললাট ও কলাবশেষ-শশধর-ভূষিত চন্দ্রতুল্য মুখমণ্ডলে ও ললাটে নয়নযুক্ত, তুমি নির্ম্মল পুরুষগণের হৃদয়ে প্রকাশ পাইয়া থাক ॥ ১৭ ॥

উপাসকানাং ত্বমুমাসহায়ঃ
পূর্ণেন্দুভাবং প্রকটীকরোষি।
যদদ্য তে দর্শনমাত্রতো মে
দ্রবত্যহো মানসচন্দ্রকান্তঃ ॥ ১৮ ॥

**অনুবাদ।**—(হে দেব!) তুমি উমা-সমন্বিত হইয়া উপাসকবর্গের পক্ষে পূর্ণচন্দ্রভাব প্রকাশ করিতেছ, (উমাললাটে অর্দ্ধচন্দ্র ও তোমার ললাটে অর্দ্ধচন্দ্র, এইরূপে পূর্ণচন্দ্র সম্পন্ন হইয়াছে, অথচ পূর্ণচন্দ্রবৎ শুভ্র ও আহ্লাদকর হইয়াছে) যে হেতু অদ্য তোমার দর্শনমাত্র আমার মানসরূপ চন্দ্রকান্তমণি দ্রবীভূত হইতেছে। (পূর্ণচন্দ্রপ্রকাশে চন্দ্রকান্তমণির জলক্ষরণ প্রসিদ্ধ—মানস আদ্র হয় ভক্তিবলে)॥১৮॥

যস্তে প্রসন্নামনুসন্দধানো
মূর্ত্তিং মুদা মুগ্ধশশাঙ্কমৌলেঃ।
ঐশ্বর্য্যমায়ুর্লভতে চ বিদ্যা-
মন্তে চ বেদান্ত-মহারহস্যম্ ॥ ১৯ ॥

ইতি দক্ষিণামূর্ত্তি-স্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—যে ব্যক্তি আনন্দ সহকারে সুন্দর শশিকলা-মৌলি তোমার প্রসন্ন মূর্ত্তির ধ্যান করেন, তিনি ঐশ্বর্য্য, আয়ুঃ ও বিদ্যা লাভ করেন এবং অন্তে বেদান্তমহারহস্য বস্তু (ব্রহ্ম) লাভ করিয়া থাকেন ॥ ১৯ ॥

দক্ষিণামূর্ত্তি-স্তোত্র সমাপ্ত।

---

# দক্ষিণামূর্ত্ত্যষ্টক।*

শ্রীগণেশায় নমঃ।

বিশ্বং দর্পণদৃশ্যমাননগরীতুল্যং নিজান্তর্গতং
পশ্যন্নাত্মনি মায়য়া বহিরিবোদ্ভূতং যথা নিদ্রিতম্।
যঃ সাক্ষী কুরুতে প্রবোধসময়ে স্বাত্মানমেবাদ্বয়ং, †
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ১ ॥

**অনুবাদ।**—যিনি দর্পণে প্রতিবিম্বিত নগরীর ন্যায় এই নিজান্তর্গত বিশ্বকে মায়াপ্রভাবে বহিঃপ্রদেশে উদ্ভূতের ন্যায় দর্শন করত নিদ্রাবস্থাপ্রাপ্ত স্বাত্মার নিদ্রাসাক্ষিত্বের ন্যায় জাগ্রৎ সময়ে নিজ অদ্বয় আত্মাকে (দৃশ্যমান বিশ্বের) সাক্ষী করেন, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ১ ॥

বীজস্যান্তরিবাঙ্কুরো ‡ জগদিদং প্রাঙ্‌নির্ব্বিকল্পং পুন-
র্ম্মায়াকল্পিতদেশকালকলনাবৈচিত্র্যচিত্রীকৃতম্।
মায়াবীব বিজৃম্ভয়ত্যপি মহাযোগীব যঃ স্বেচ্ছয়া,
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ২ ॥

**অনুবাদ।**—বীজের মধ্যে যেমন অঙ্কুর থাকে, সেইরূপ এই জগৎ, সৃষ্টির পূর্ব্বে নির্ব্বিকল্প (অব্যাকৃত) অর্থাৎ অব্যক্ত ছিল, যিনি তাহাকে মায়াকল্পিত দেশ-কাল-রূপাদি বৈচিত্র্যে বিবিধরূপী করিয়া মায়াবীর (ঐন্দ্রজালিকের) ন্যায় অথবা মহাযোগীর ন্যায় স্বেচ্ছাক্রমে প্রকাশিত করেন, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ২ ॥

যস্যৈব স্ফুরণং সদাত্মকমসৎকল্পার্থকং ভাসতে,
সাক্ষাত্তত্ত্বমসীতি বেদবচসা যো বোধয়ত্যাশ্রিতান্।
যৎসাক্ষাৎকরণাদ্ভবেন্ন পুনরাবৃত্তির্ভবাম্ভোনিধৌ,
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৩ ॥

**অনুবাদ।**—যাঁহার সৎস্বরূপ স্ফুরণ, অসৎকল্প বিষয়রূপে প্রকাশ পাইয়া

---

* অষ্টবিধ দক্ষিণামূর্ত্তি-স্তোত্র। পাঠান্তরে দক্ষিণামূর্ত্ত্যষ্টক।

† 'মেবাব্যয়ং' পাঠান্তর।

‡ 'বীজস্যান্তরিবাঙ্কুরং' পাঠে 'যৎ' পদের অধ্যাহার করিতে হয় না।

থাকেন, 'তৎ ত্বমসি' এই বেদবাক্য দ্বারা যিনি আশ্রিতগণের তত্ত্বজ্ঞান সম্পাদন করেন, যাঁহার সাক্ষাৎকার হইলে, ভবসমুদ্রে পুনরাগমন হয় না, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৩ ॥

নানা-চ্ছিদ্র-ঘটোদর-স্থিত-মহাদীপ-প্রভা-ভাস্বরং,
জ্ঞানং যস্য তু চক্ষুরাদিকরণদ্বারা বহিঃ স্পন্দতে।
জানামীতি যমেব ভান্তমনুভাত্যেতৎ সমস্তং জগৎ,
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৪ ॥

অনুবাদ।—যেমন নানাছিদ্রযুক্ত ঘটের মধ্যে মহাপ্রদীপ প্রজ্বলিত হইলে সেই প্রদীপের আভা ঐ ঘটস্থিত ছিদ্র দ্বারা বহির্গত হয়, তদ্রূপ যাঁহার ভাস্বর জ্ঞান চক্ষুরাদি ইন্দ্রিয় দ্বারা বহির্গত হয়,আর 'জানামি' এই আকারে প্রকাশমান যাঁহার আনুগত্যেই সমস্ত জগৎ প্রকাশিত, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৪ ॥

দেহপ্রাণমপীন্দ্রিয়াণ্যপি চলাং বুদ্ধিং চ শূন্যং বিদুঃ,
স্ত্রীবালান্ধজড়োপমাস্ত্বহমিতি ভ্রান্তা ভৃশং বাদিনঃ।
মায়া-শক্তি-বিলাস-কল্প্য-তদহং-ব্যামোহ-সংহারিণে *
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৫ ॥

অনুবাদ।—স্ত্রীলোক, বালক, অন্ধ ও জড়সদৃশ ভ্রান্তবাদী সকল,—দেহ, প্রাণ, ইন্দ্রিয়, বুদ্ধি,ক্ষণিক বিজ্ঞান ও শূন্যকে 'অহং' বলিয়া জানে, যিনি মায়া-শক্তিবিলাসে কল্পনীয় সেই 'অহং'-জ্ঞানরূপ অজ্ঞানকে সংহার করেন, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৫ ॥

রাহুগ্রস্তদিবাকরেন্দুসদৃশো মায়াসমাচ্ছাদনাৎ,
সন্মাত্রঃ করণোপসংহরণতো যোঽভূৎ সুষুপ্তঃ পুমান্।
প্রাগস্বাপ্সমিতি প্রবোধসময়ে যঃ প্রত্যভিজ্ঞায়তে,
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৬ ॥

অনুবাদ।—যিনি মায়াকৃত আচ্ছাদনে রাহুগ্রস্ত সূর্য্য-চন্দ্র সদৃশ,

* 'কল্পিতমহাব্যামোহসংহারিণে' ইতি পাঠান্তর।

( অন্ধকার আলোকের যুগপৎ সন্নিবেশ ) যে পুরুষ ইন্দ্রিয়ের বা ব্যাপারের বিলয় দ্বারা সন্মাত্ররূপে সুষুপ্ত ছিলেন, জাগরণসময়ে আমি সুপ্ত ছিলাম, এইরূপ প্রত্যভিজ্ঞাত হয়েন, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৬ ॥

বাল্যাদিষ্বপি জাগ্রদাদিষু তথা সর্ব্বাস্ববস্থাস্বপি,
ব্যাবৃত্তাস্বনুবর্ত্তমানমহমিত্যন্তঃ স্ফুরন্তং সদা।
স্বাত্মানং প্রকটীকরোতি ভজতাং যো মুদ্রয়া ভদ্রয়া,
তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৭ ॥

**অনুবাদ**।—বাল্যাদি বয়োঽবস্থা এবং জাগ্রদাদি অবস্থাত্রয়ের পরিবর্ত্তনেও যিনি অপরিবর্ত্তমান, 'অহং'রূপে সদা অন্তরে প্রকাশমান, যিনি ভদ্র ( মঙ্গলকর ) মুদ্রা দ্বারা ভক্তগণের নিকট আত্মপ্রকাশ করেন, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৭ ॥

বিশ্বং পশ্যতি কার্য্যকারণতয়া স্বস্বামিসম্বন্ধতঃ,
শিষ্যাচার্য্যতয়া তথৈব পিতৃপুত্রাদ্যাত্মনা ভেদতঃ।
স্বপ্নে জাগ্রতি বা য এব পুরুষো মায়াপরিভ্রামিত-
স্তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৮ ॥

**অনুবাদ**।—যে পুরুষ মায়াচক্রে পরিভ্রামিত হইয়া বিশ্বকে কার্য্যকারণভাবে স্বস্বামি-সম্বন্ধে শিষ্য ও আচার্য্যভাবে এবং পিতা-পুত্রাদিভাবে ভেদদৃষ্টিতে অবলোকন করেন (অর্থাৎ যিনি জীবভাবে স্থিত), সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৮ ॥

ভূরম্ভাংস্যনলোঽনিলাম্বরমহর্নাথো হিমাংশুঃ পুমা-
নিত্যাভাতি চরাচরাত্মকমিদং যস্যৈব মূর্ত্ত্যষ্টকম্।
নান্যৎ কিঞ্চন বিদ্যতে বিমৃশতাং যস্মাৎ পরস্মাদ্বিভো-
স্তস্মৈ শ্রীগুরুমূর্ত্তয়ে নম ইদং শ্রীদক্ষিণামূর্ত্তয়ে ॥ ৯ ॥

**অনুবাদ**।—যাঁহারই—পৃথিবী, জল, অনল, অনিল, আকাশ, সূর্য্য ও পুরুষ অর্থাৎ যজমান এই অষ্ট মূর্ত্তি—চরাচর বিশ্ব, তত্ত্বজ্ঞের পক্ষে, যে বিভু পরমাত্মা ভিন্ন অন্য কিছুই নাই, সেই শ্রীগুরুমূর্ত্তি শ্রীদক্ষিণামূর্ত্তিকে এই নমস্কার ॥ ৯ ॥

সর্ব্বাত্মত্বমিতি স্ফুটীকৃতমিদং যস্মাদমুষ্মিংস্তবে,
তেনাস্য শ্রবণাত্তথার্থ-মননাদ্ধ্যানাচ্চ সঙ্কীর্ত্তনাৎ।
সর্ব্বাত্মত্বমহাবিভূতিসহিতং স্যাদীশ্বরত্বং স্বতঃ,
সিধ্যেত্তৎ পুনরষ্টধাপরিণতং চৈশ্বর্য্যমব্যাহতম্ ॥ ১০ ॥

**অনুবাদ**।—যে হেতু এই স্তবে, এই ভাবে সর্ব্বাত্মত্ব স্পষ্টীকৃত, অতএব এই স্তবের সম্যক্ পাঠ, শ্রবণ, অর্থ-মনন এবং ধ্যানের ফলে, সর্ব্বাত্মত্ব মহাবিভূতি-সমন্বিত ঈশ্বরত্ব স্বতঃ হইয়া থাকে, আবার তাহারই অষ্টবিধ অব্যাহত ঐশ্বর্য্য ( অণিমাদি ) সিদ্ধ হয় ॥ ১০ ॥

বটবিটপিসমীপে ভূমিভাগে নিষণ্ণং
সকলমুনিজনানাং জ্ঞানদাতারমারাৎ।
ত্রিভুবনগুরুমীশং দক্ষিণামূর্ত্তিদেবং,
জননমরণদুঃখচ্ছেদদক্ষং নমামি ॥ ১১ ॥

**অনুবাদ**।—যিনি বটবৃক্ষ-সন্নিধানে ভূতলে উপবিষ্ট হইয়া সমীপগত সকল মুনিজনকে স্বীয় শিষ্যরূপে জ্ঞানপ্রদান করিয়াছেন এবং যিনি জনন-মরণ-জনিত দুঃখচ্ছেদ করেন, সেই ত্রিলোকের গুরু দক্ষিণামূর্ত্তি দেবকে নমস্কার করি ॥ ১১ ॥

চিত্রং বটতরোর্মূলে বৃদ্ধাঃ শিষ্যা গুরুর্যুবা।
গুরোস্তু মৌনং ব্যাখ্যানং শিষ্যাস্তু ছিন্নসংশয়াঃ ॥ ১২ ॥

**অনুবাদ**।—বটবৃক্ষের মূলে আশ্চর্য্য ব্যাপার এই, গুরু যুবা, শিষ্যগণ বৃদ্ধ ; মৌনযুক্ত ব্যাখ্যান আর তাহাতেই শিষ্যগণের সংশয় দূর হইতেছে ॥ ১২ ॥

ওঁ নমঃ প্রণবার্থায় শুদ্ধজ্ঞানৈকমূর্ত্তয়ে।
নির্ম্মলায় প্রশান্তায় দক্ষিণামূর্ত্তয়ে নমঃ ॥ ১৩ ॥

**অনুবাদ**।—যিনি প্রণবের প্রতিপাদ্য, যাঁহার মূর্ত্তি শুদ্ধ জ্ঞানময়, যিনি নির্ম্মল ও প্রশান্ত, সেই দক্ষিণামূর্ত্তিকে নমস্কার ॥ ১৩ ॥

নিধয়ে সর্ব্ববিদ্যানাং ভিষজে ভবরোগিণাম্।
গুরবে সর্ব্বলোকানাং দক্ষিণামূর্ত্তয়ে নমঃ ॥ ১৪ ॥

**অনুবাদ**।—যিনি সর্ব্ববিধ বিদ্যার আকরস্বরূপ, যিনি সর্ব্বপ্রকার ভব-রোগীর চিকিৎসক, যিনি সর্ব্বলোকের গুরু, সেই দক্ষিণামূর্ত্তিকে নমস্কার ॥ ১৪ ॥

মৌন-ব্যাখ্যা-প্রকটিত-পর-ব্রহ্ম-তত্ত্বং যুবানং,
বাশিষ্ঠান্তেবসদৃষিগণৈরাবৃতং ব্রহ্মনিষ্ঠৈঃ।
আচার্য্যেন্দ্রং কর-কলিত-চিন্মুদ্রমানন্দ-রূপং,
স্বাত্মারামং মুদিতবদনং দক্ষিণামূর্ত্তিমীড়ে ॥ ১৫ ॥

ইতি শ্রীদক্ষিণামূর্ত্তিস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—মৌনযুক্ত ব্যাখ্যা দ্বারা পরব্রহ্মতত্ত্ব-প্রকাশক বাশিষ্ঠ প্রভৃতি ব্রহ্মনিষ্ঠ স্বীয় ঋষিশিষ্যগণে পরিবৃত দক্ষিণহস্তে জ্ঞানমুদ্রাধারী আত্মারাম প্রসন্ন-বদন তরুণ আচার্য্যরাজ দক্ষিণামূর্ত্তিকে স্তব করি ॥ ১৫ ॥

**এই স্তবের ভাবার্থঃ**—একমাত্র ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা, দর্পণে প্রতিবিম্বের ন্যায় মায়া-কল্পিত জগৎ ব্রহ্মেই প্রকাশমান হইয়া থাকে; ঐন্দ্রজালিক যেমন ইন্দ্রজাল সৃষ্টি করে, ব্রহ্ম সেইরূপ মায়াবলে জগৎ সৃষ্টি করেন, নিদ্রিত জীবের আরোপিত নিদ্রাসাক্ষিত্ব যেরূপ, জীবের বিশ্বসাক্ষিত্বও সেইরূপ। সাক্ষিত্বের অর্থ সাক্ষাৎকার; যিনি সাক্ষাৎকারের কর্ত্তা, তিনি সাক্ষী। 'সাক্ষাৎকার' কথাটার অর্থ—অব্যবহিত অপরোক্ষজ্ঞান। বাহ্যবস্তুর যে অপরোক্ষ জ্ঞান অর্থাৎ প্রত্যক্ষ হয়, তাহাতে ব্যবধান আছে, কারণ, ইন্দ্রিয়সন্নিকর্ষাদি ইহার মধ্যে আছে, অতএব তাহা অব্যবহিত নহে,—অন্তঃকরণবৃত্তি বা অবিদ্যাবৃত্তিবিষয়ে যে অপরোক্ষ জ্ঞান—তাহা অব্যবহিত। আত্মা ও বৃত্তি এই দু'এর মাঝে ইন্দ্রিয়-সন্নিকর্ষাদি অপর কোন কারণ বর্ত্তমান না থাকাতেই ইহা ব্যবধান-শূন্য। সেই বৃত্তিবিষয়ে জীবের যে অপরোক্ষজ্ঞান হয়, তাহা অব্যবহিত, অতএব তাহা সাক্ষাৎকার। নিদ্রার সহিত নিদ্রিত জীবের এইরূপ অপরোক্ষ সাক্ষাৎকার হয়। সেই জন্যই নিদ্রাভঙ্গ বা জাগরণের অবস্থায় আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, এইরূপ প্রতীতি হইয়া থাকে। নিদ্রা অবিদ্যা-বৃত্তি। অবিদ্যা অন্তঃকরণের উপাদান, এই অবিদ্যাই সমষ্টিরূপ হইলে মায়া নামে অভিহিত। বিশ্বব্রহ্মাণ্ডের বাস্তব বহিঃসত্তা নাই, উহা নিদ্রার ন্যায় মায়া বা অবিদ্যারই বৃত্তি। স্বপ্নদৃষ্ট বস্তুর ন্যায় বাহ্যবৎ প্রতীত হইয়া থাকে। বিশ্বব্রহ্মাণ্ডও অবিদ্যা-বৃত্তি; এই কারণে ইহার সাক্ষাৎকার জীব করিয়া থাকেন, এই সাক্ষাৎকারের অবস্থাই জাগ্রৎ অবস্থা।

ইহা 'বৃত্তি'স্বরূপ না হইয়া যথার্থ বাহ্যবস্তু হইলে, জীব ইহার সাক্ষাৎকার-কর্ত্তা অর্থাৎ 'সাক্ষী' হইতেন না। জীবকেই প্রথম শ্লোকে 'স্বাত্মা' বলা হইয়াছে। দক্ষিণামূর্ত্তি ব্রহ্মের মায়িক মূর্ত্তি—সদাশিবেরই জ্ঞানোপদেশক রূপ।

তিনিই 'তত্ত্বমসি' মহাবাক্যস্থ 'তৎ'-পদার্থ এবং 'ত্বং'-পদার্থ। অবিদ্যাবশে ভেদ-জ্ঞান তাঁহাতেই প্রকাশিত হয়, এবং ভেদজ্ঞান-নিবৃত্তি তাঁহাতেই হয়। সদাশিব ব্রহ্মস্বরূপ, এই কারণে বিশ্ব তাঁহারই অষ্টমূর্ত্তি বলিয়া কথিত, ব্রহ্ম ভিন্ন অপর বস্তু না থাকাতেই এই উপদেশ আছে। দক্ষিণামূর্ত্তিধারী সদাশিব ত্রিভুবনের গুরু, যিনিই উপদেশক-পদে অধিষ্ঠিত হয়েন, দক্ষিণামূর্ত্তির স্বরূপ-প্রতিষ্ঠা তাঁহাতেই হইয়া থাকে। এই যে দক্ষিণামূর্ত্তি নামে আখ্যাত সদাশিবের মায়িক রূপ,—ইহা যৌবনমণ্ডিত ও মনোহর, জ্ঞানমুদ্রা দ্বারা বিনা বাক্যোচ্চারণে অন্তর্য্যামিস্বরূপে বৃদ্ধ বশিষ্ঠাদি ঋষিগণকে বটমূলে ইনি জ্ঞানোপদেশ করিয়াছিলেন। সেই দক্ষিণামূর্ত্তি-দেবতা-আলম্বনে ভগবান্ শঙ্করাচার্য্য এই স্তব করিয়াছেন।

দক্ষিণামূর্ত্তি-স্তোত্র সমাপ্ত।

---

# অর্দ্ধনারীশ্বর-স্তোত্র। *

চাম্পেয়গৌরার্দ্ধশরীরকায়ৈ কর্পূরগৌরার্দ্ধশরীরকায়।
ধম্মিল্লকায়ৈ চ † জটাধরায়, নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥১॥

**অনুবাদ।**—যিনি অর্দ্ধশরীরে চম্পক-কুসুমের ন্যায় গৌরবর্ণা ও অর্দ্ধ-শরীরে কর্পূরবৎ শুভ্রবর্ণ, যাঁহার মস্তকে (একদেশে) বদ্ধ কবরী ও (অপর একদেশে) জটাজূট, তাঁহার উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' ও 'নমঃ শিবায়' অর্থাৎ এই দুই শব্দে নমস্কার ॥ ১ ॥

কস্তূরিকাকুঙ্কুমচর্চ্চিতায়ৈ, ‡ চিতারজঃপুঞ্জবিচর্চ্চিতায়। ¶
কৃতস্মরায়ৈ বিকৃতস্মরায়, নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥ ২ ॥

**অনুবাদ।**—যিনি (অর্দ্ধশরীরে) মৃগনাভি ও কুঙ্কুমে চর্চ্চিতা, (অর্দ্ধ-শরীরে) চিতাভস্মপুঞ্জে চর্চ্চিত, যাঁহার একাংশ কামদেবকে উজ্জীবিত করিয়াছেন,

---

* অর্দ্ধনারীশ্বর-স্তোত্র ও হরগৌর্য্যষ্টক এই দুই নামের যে দুইটি স্তব দেখা যায়, তাহা প্রকৃতপক্ষে একটিমাত্র, স্তোত্রের নামভেদ, কয়েকটি স্থলে পাঠভেদ এবং শ্লোকবিন্যাসে পৌর্ব্বাপর্য্যভেদ আছে। এই স্তোত্রের হরগৌর্য্যষ্টকের পাঠ পাদটীকায় পাঠান্তররূপে উদ্ধৃত হইয়াছে। অনতিপ্রয়োজনীয় বোধে বিন্যাসক্রমে ভেদ প্রদর্শিত হইল না। অতএব হরগৌর্য্যষ্টকের পৃথক্ সন্নিবেশ পরিত্যক্ত হইল।

† ধম্মিল্লবত্যৈ' ইতি পাঠান্তর।

‡ 'চন্দনলেপনায়ৈ'—পাঠান্তর।

¶ শ্মশানভস্মাঙ্গবিলেপনায়—পাঠান্তর।

অপর অংশ কামদেবকে ভস্ম করিয়াছেন, তাঁহার উদ্দেশে 'নমঃ শিবায়ৈ', এবং 'নমঃ শিবায়' ॥ ২ ॥

ঝনৎ-ক্বণৎ-কাঞ্চন-নূপুরায়ৈ, পাদাব্জরাজৎ-ফণিনূপুরায়। *
হেমাঙ্গদায়ৈ ভুজগাঙ্গদায়, নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥ ৩ ॥

**অনুবাদ।**—ঝনৎকারনিক্বণযুক্ত কাঞ্চন-নূপুর যাঁহার (এক চরণে), (অপর) চরণকমলে ভুজঙ্গনূপুর বিরাজমান, যাঁহার (এক বাহুতে) সুবর্ণময় কেয়ূর, (অপর বাহুতে) ভুজঙ্গকেয়ূর, তাঁহার উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' এবং 'নমঃ শিবায়' ॥ ৩ ॥

বিশাল-নীলোৎপললোচনায়ৈ, বিকাশি † পঙ্কেরুহলোচনায়।
সমেক্ষণায়ৈ ‡ বিষমেক্ষণায়, নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥ ৪ ॥

**অনুবাদ।**—যাঁহার এক নয়ন বিশাল নীলোৎপলতুল্য ও সমসংস্থান, অপর নয়ন প্রফুল্ল (শ্বেত) কমলতুল্য ও বিষমসংস্থান, তাঁহার উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' ও 'নমঃ শিবায়' ॥ ৪ ॥

মন্দারমালাকলিতালকায়ৈ, কপালমালাঙ্কিতকন্ধরায়। ¶
দিব্যাম্বরায়ৈ চ দিগম্বরায়, নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥ ৫ ॥

**অনুবাদ।**—যাঁহার (বামভাগের) অলকাবলী মন্দারমালা-ভূষিত, (দক্ষিণ-ভাগে) কন্ধরায় কপালমালা বিলম্বিত, যাঁহার (বামাঙ্গে) দিব্য বস্ত্র এবং (দক্ষিণাঙ্গ) দিগম্বর, তাঁহার উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' ও 'নমঃ শিবায়' ॥ ৫ ॥

অম্ভোধর-শ্যামল-কুন্তলায়ৈ, তড়িৎপ্রভাতাম্রজটাধরায়। §
নিরীশ্বরায়ৈ নিখিলেশ্বরায়, ‖ নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥ ৬ ॥

**অনুবাদ।**—যাঁহার কেশপাশ (বামভাগে) জলদকৃষ্ণ, (দক্ষিণভাগে) বিদ্যুদ্বর্ণ আতাম্র জটাজূট, সেই নিরীশ্বরা ও নিখিলেশ্বরের উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' ও 'নমঃ শিবায়' ॥ ৬ ॥

---

* বলৎ-কণৎ-কঙ্কণনূপুরায়ৈ। বিভ্রাট্ফণাভাস্বরনূপুরায়—পাঠান্তর।
† 'প্রফুল্ল'—পাঠান্তর।
‡ 'ত্রিলোচনায়ৈ'—অসঙ্গত পাঠান্তর।
¶ 'মন্দারমালাপরিশোভিতায়ৈ কপালমালাপরিশোভিতায়—পাঠান্তর।
§ 'বিভূতিভূষাঙ্গজটাধরায়'—পাঠান্তর।
‖ প্রপন্নভক্তে সুখদাশ্রয়ায়—পাঠান্তর।

প্রপঞ্চসৃষ্ট্যুন্মুখলাস্যকায়ৈ, * সমস্ত † সংহারকতাণ্ডবায়।
জগজ্জনন্যৈ জগদেকপিত্রে, ‡ নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥৭॥

**অনুবাদ** :—যাঁহার রমণীসুলভ মৃদু নৃত্য জগৎসৃষ্টির অনুকূল এবং যাঁহার তাণ্ডব সমস্ত বিশ্বসংহারের হেতু, সেই জগজ্জননী ও জগজ্জনক উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' ও 'নমঃ শিবায়' ॥ ৭ ॥

প্রদীপ্তরত্নোজ্জ্বল-কুণ্ডলায়ৈ, স্ফুরন্মহাপন্নগ-কুণ্ডলায়। ¶
শিবান্বিতায়ৈ চ শিবান্বিতায়, নমঃ শিবায়ৈ চ নমঃ শিবায় ॥ ৮ ॥

**অনুবাদ** :—যাঁহার (এক কর্ণের) কুণ্ডল প্রদীপ্তরত্নোজ্জ্বল, (অপর কর্ণের) কুণ্ডল মনোহর মহাসর্পে রচিত, যাঁহার একাংশ শিবের সহিত মিলিত এবং অপর অংশ শিবার সহিত মিলিত, তাঁহার উদ্দেশে 'নমঃ শিবায়ৈ' এবং 'নমঃ শিবায়' ॥ ৮ ॥

এতৎ পঠেদষ্টকমিষ্টদং যো, ভক্ত্যা স মান্যো ভুবি দীর্ঘজীবী।
প্রাপ্নোতি সৌভাগ্যমনন্তকালং, ভূয়াৎ§ সদা তস্য সমস্তসিদ্ধিঃ॥৯॥

ইতি অর্দ্ধনারীশ্বরস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ** :—এই অভীষ্টপ্রদ অষ্টক-স্তোত্র যে ব্যক্তি ভক্তিপূর্ব্বক পাঠ করে, সে ভূতলে মান্য হইয়া দীর্ঘ জীবন লাভ করে এবং অনন্তকাল সৌভাগ্য প্রাপ্ত হয় এবং সর্ব্বদা তাহার সমস্ত সিদ্ধি হইয়া থাকে ॥ ৯ ॥

অর্দ্ধনারীশ্বরস্তোত্র সমাপ্ত।

* পাঠান্তরে শ্লোকের তৃতীয় চরণ।
† 'ত্রৈলোক্য'—পাঠান্তর।
‡ 'কৃতস্মরায়ৈ বিকৃতস্মরায়'—পাঠান্তর।
¶ সদাশিবানাং পরিভূষণায়ৈ সদাশিবানাং পরিভূষণায়—পাঠান্তর।
§ 'ভবেৎ' পাঠ সঙ্গত।

# দ্বাদশলিঙ্গশিব-স্তোত্রম্

গণেশায় নমঃ।

সৌরাষ্ট্রদেশে বসুধাবকাশে জ্যোতির্ম্ময়ং চন্দ্রকলাবতংসম্।
ভক্তিপ্রদানায় কৃতাবতারং তং সোমনাথং শরণং প্রপদ্যে ॥ ১ ॥

**অনুবাদ।**—ভূমণ্ডলের অনাবৃত অংশ সৌরাষ্ট্রদেশে ভক্তিপ্রদানার্থ অবতীর্ণ শশিকলাবতংস প্রসিদ্ধ জ্যোতির্ম্ময় সোমনাথ শিবের শরণাপন্ন হইতেছি ॥ ১ ॥

শ্রীশৈলশৃঙ্গে বিবিধ-প্রসঙ্গে শেষাদ্রিশৃঙ্গেঽপি সদা বসন্তম্।
তমর্জ্জুনং মল্লিকপূর্ব্বমেনং নমামি সংসারসমুদ্রসেতুম্ ॥ ২ ॥

**অনুবাদ।**—বিবিধপ্রসঙ্গে শ্রীশৈলশৃঙ্গে এবং সদা শেষাদ্রি শৃঙ্গে অধিষ্ঠিত সেই যে মল্লিকার্জ্জুন শিব, ভবসাগরসেতুস্বরূপ—ইঁহাকে নমস্কার করি ॥ ২ ॥

অবন্তিকায়াং বিহিতাবতারং মুক্তিপ্রদানায় চ সজ্জনানাম্।
অকালমৃত্যোঃ পরিরক্ষণার্থং বন্দে মহাকালমহং সুরেশম্ ॥ ৩ ॥

**অনুবাদ।**—সজ্জনগণের অকালমৃত্যু হইতে রক্ষা এবং মুক্তিপ্রদানের জন্য অবন্তীদেশে অবতীর্ণ দেবাদিদেব মহাকাল-শিবকে আমি বন্দনা করি ॥ ৩ ॥

কাবেরিকানর্ম্মদয়োঃ পবিত্রে সমাগমে সজ্জনতারণায়।
সদৈব মান্ধাতৃ-পুরে বসন্তমোঙ্কারমীশং শিবমেকমীড়ে ॥ ৪ ॥

**অনুবাদ।**—কাবেরী ও নর্ম্মদা নদীর পবিত্র সঙ্গমক্ষেত্রে মান্ধাতৃপুরে সজ্জননিস্তারার্থ অবতীর্ণ অদ্বিতীয় ওঙ্কারেশ্বর শিবের স্তব করি ॥ ৪ ॥

পূর্ব্বোত্তরে পারলিকাভিধানে সদাশিবং তং গিরিজাসমেতম্।
সুরাসুরারাধিতপাদপদ্মং শ্রীবৈদ্যনাথং শরণং প্রপদ্যে ॥ ৫ ॥

**অনুবাদ।**—পূর্ব্বোত্তর প্রান্তে পারলিক-নামক স্থানে পার্ব্বতীসমন্বিত সেই সদাশিব—যিনি সুরাসুরার্চ্চিতপাদপদ্ম শ্রীবৈদ্যনাথ,—তাঁহাকে সতত নমস্কার করি ॥ ৫ ॥

আমর্দ্দসংজ্ঞে নগরে চ রম্যে বিভূষিতাঙ্গং বিবিধৈশ্চ ভোগৈঃ।
সদ্ভুক্তিমুক্তিপ্রদমীশমেকং শ্রীনাগনাথং শরণং প্রপদ্যে ॥ ৬ ॥

**অনুবাদ**।—আমর্দ্দনামক রমণীয় নগরে বিবিধভোগযুক্ত বিভূষিতদেহ সজ্জনের ভুক্তিমুক্তিপ্রদাতা শ্রীনাগনাথ নামক এক মহাদেবের শরণাপন্ন হইতেছি ॥ ৬ ॥

সানন্দমানন্দবনে বসন্তম্ আনন্দকন্দং হতপাপবৃন্দম্।
বারাণসীনাথমনাথনাথং শ্রীবিশ্বনাথং শরণং প্রপদ্যে ॥ ৭ ॥

**অনুবাদ**।—আনন্দকাননে সর্ব্বদা সানন্দে অবস্থিত, পাপরাশিবিনাশী, আনন্দমূল, অনাথনাথ বারাণসীনাথ শ্রীবিশ্বনাথের শরণাপন্ন হইতেছি ॥ ৭ ॥

যো ডাকিনীশাকিনিকা-সমাজে নিষেব্যমাণঃ পিশিতাশনৈশ্চ।
সদৈব ভীমাদিপদপ্রসিদ্ধং তং শঙ্করং ভক্তহিতং নমামি ॥ ৮ ॥

**অনুবাদ**।—যিনি ডাকিনী-শাকিনী-সমাজে এবং রাক্ষসগণ কর্ত্তৃক সদা সেবিত হইয়া আসিতেছেন, 'ভীম' আদি পদপ্রসিদ্ধ ( ভীমেশ্বর ) ভক্তহিতকারী সেই শঙ্করকে নমস্কার করি ॥ ৮ ॥

শ্রীতাম্রপর্ণীজলরাশিযোগে নিবধ্য সেতুং নিশি বিল্বপত্রৈঃ।
শ্রীরামচন্দ্রেণ সমর্চ্চিতং তং রামেশ্বরাখ্যং সততং নমামি ॥ ৯ ॥

**অনুবাদ**।—শ্রীতাম্রপর্ণী-সাগরসঙ্গমক্ষেত্রে, সেতুবন্ধনান্তে রাত্রিকালে শ্রীরামচন্দ্র কর্ত্তৃক পূজিত সেই রামেশ্বর শিবকে সতত নমস্কার করি ॥ ৯ ॥

সিংহাদ্রিশৃঙ্গেঽপি তটে রমন্তং গোদাবরীতীরপবিত্রদেশে।
যদ্দর্শনাৎ পাতকজাতনাশঃ প্রজায়তে ত্র্যম্বকমীশমীড়ে ॥ ১০ ॥

**অনুবাদ**।—যাঁহার দর্শনমাত্রে পাপসমূহ বিনষ্ট হয়, গোদাবরীর পবিত্র তীরপ্রদেশে সিংহাদ্রিপার্শ্বতটে কমনীয় ( অথবা অকাম ) সেই ত্র্যম্বকেশ্বরের স্তব করি। [ রমং তম্ অরমং তম্—ইতি বা পদদ্বয়ম্, রমশব্দঃ কান্তবাচী কামবাচী চ, অরমম্ অকামম্, কামবৈরিণম্ অত্রার্থে অকারপ্রশ্লেষঃ। প্রবৃত্তরত্র ] ॥ ১০ ॥

হিমাদ্রিপার্শ্বেঽপি তটেঽরমন্তং সংপূজ্যমানং সততং মুনীন্দ্রৈঃ।
সুরাসুরৈর্যক্ষ-মহোরগাদ্যৈঃ কেদারসংজ্ঞং শিবমেকমীড়ে ॥১১॥

**অনুবাদ**।—হিমালয়পার্শ্বতটে, মুনীন্দ্রবৃন্দ, সুরাসুর, যক্ষ ও মহোরগাদি কর্ত্তৃক পূজিত কামনাশন কেদারক নামক এক শিবকে স্তব করি ॥ ১১ ॥

এলাপুরীরম্যশিবালয়েঽস্মিন্ সমুল্লসন্তং ত্রিজগদ্‌বরেণ্যম্।
বন্দে মহোদারতরস্বভাবং সদাশিবং তং ধিষণেশ্বরাখ্যম্ ॥ ১২ ॥

**অনুবাদ**।—এই এলাপুরীস্থ রম্য শিবালয়ে বিরাজমান, ত্রিজগদ্বরেণ্য, মহোদার-তর-স্বভাব—অর্থাৎ যাঁহার স্বরূপ তুলনায় সর্ব্বশ্রেষ্ঠ মহামহিমপূর্ণ,—সেই প্রসিদ্ধ ধিষণেশ্বরনামক সদাশিবকে বন্দনা করি ॥ ১২ ॥

এতানি লিঙ্গানি সদৈব মর্ত্ত্যাঃ প্রাতঃ পঠন্তোঽমলমানসাশ্চ।
তে পুত্রপৌত্রৈশ্চ ধনৈরুদারৈঃ সৎকীর্ত্তিভাজঃ সুখিনো ভবন্তি ॥১৩

ইতি পরমহংস-শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
দ্বাদশলিঙ্গস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—যে সকল মানব প্রত্যহ প্রাতঃকালে নির্ম্মলমানসে এই সকল লিঙ্গস্তব পাঠ করে, তাহারা সৎকীর্ত্তিভাজন হইয়া পুত্র, পৌত্র, ধনসমৃদ্ধি দ্বারা সুখী হইয়া থাকে ॥ ১৩ ॥

ভগবান্ শ্রীশঙ্করাচার্য্যকৃত দ্বাদশলিঙ্গ-স্তোত্র সমাপ্ত ॥

# কালভৈরবাষ্টকম্

গণেশায় নমঃ।

দেবরাজ-সেব্যমান-পাবনাঙ্ঘ্রি-পঙ্কজং,
ব্যাল-যজ্ঞসূত্রমিন্দুশেখরং কৃপাকরম্।
নারদাদি-যোগিবৃন্দ-বন্দিতং দিগম্বরং,
কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ১ ॥

**অনুবাদ।**—সুররাজ ইন্দ্র যাঁহার পাবন পাদপদ্ম সেবা করেন, যাঁহার গলদেশে নাগযজ্ঞোপবীত লম্বমান আছে, ললাটে শশধর বিরাজ করিতেছেন, যিনি সর্ব্বজীবের প্রতি কৃপা বিতরণ করিয়া থাকেন, নারদাদি যোগিগণ যাঁহার বন্দনা করেন, কাশীপুরীর অধীশ্বর সেই দিগম্বর কালভৈরবকে ভজনা করি। ১ ॥

ভানু-কোটি-ভাস্বরং ভবাব্ধি-তারকং পরং,
নীলকণ্ঠমীপ্সিতার্থ-দায়কং ত্রিলোচনম্।
কাল-কালমম্বুজাক্ষমক্ষশূলমক্ষরং,
কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ২ ॥

**অনুবাদ।**—যিনি কোটিসূর্য্যের ন্যায় তেজস্বী, যিনি সংসারসমুদ্রের পরিত্রাণ-কর্ত্তা (যাঁহার সেবা করিলে আর পুনরায় সংসারে জন্ম পরিগ্রহ করিতে হয় না), যিনি পরব্রহ্মরূপী, যাঁহার কণ্ঠদেশ নীলবর্ণ, যিনি স্বীয় সেবককে অভিলষিতার্থ প্রদান করেন, যিনি ত্রিনেত্র, কৃতান্তেরও অন্তকস্বরূপ, যাঁহার নেত্র পদ্মদলসদৃশ কিংবা চন্দ্র যাঁহার নয়নরূপে বিদ্যমান আছেন, যাঁহার করে অক্ষমালা ও শূল শোভা পাইতেছে, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ২ ॥

শূল-টঙ্ক-পাশ-দণ্ডপাণিমাদি-কারণং,

শ্যাম-কায়মাদি-দেবমক্ষরং নিরাময়ম্।

ভীম-বিক্রমং প্রভুং বিচিত্র-তাণ্ডব-প্রিয়ং,

কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ৩ ॥

**অনুবাদ।**—যাঁহার করে শূল, টঙ্ক ( অস্ত্রবিশেষ ), নরমুণ্ড ও দণ্ড বিদ্যমান, যিনি জগতের আদিকারণ, যাঁহার দেহ শ্যামবর্ণ, যিনি আদিদেব, যিনি ক্ষয়োদয়শূন্য, যিনি অবিনাশী, যিনি ভীষণ পরাক্রম প্রদর্শন করেন, যিনি জগতের অদ্বিতীয় অধীশ্বর, যিনি অদ্ভুত নৃত্য করিতে ভালবাসেন, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ৩ ॥

ভুক্তিমুক্তিদায়কং প্রশস্তচারুবিগ্রহং,

ভক্তবৎসলং স্থিরং সমস্তলোকবিগ্রহম্।

নিক্বণন্-মনোজ্ঞ-হেম-কিঙ্কিণী-লসৎকটিং,

কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ৪ ॥

**অনুবাদ।**—যিনি স্বীয় ভক্তগণকে ইহকালে নানারূপ সুখভোগ করাইয়া অন্তিমসময়ে মোক্ষ প্রদান করিয়া থাকেন, যাঁহার দেহ অতি প্রশস্ত ও মনোহর, যিনি আপন ভক্তবৃন্দকে প্রিয়জ্ঞান করেন, যাঁহার মুখে নিয়ত মন্দ মন্দ হাস্য বিরাজিত আছে, অনন্ত ব্রহ্মাণ্ড যাঁহার শরীর, যাঁহার কটিদেশ শব্দায়মান ক্ষুদ্র ঘণ্টিকায় সমাবৃত, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ৪ ॥

ধর্ম্ম-সেতু-পালকং ত্বধর্ম্ম-মার্গ-নাশকং

কর্ম্ম-পাশ-মোচকং সু-শর্ম্ম-দায়কং বিভুম্।

স্বর্ণবর্ণকেশপাশশোভিতাঙ্গমণ্ডলং, *

কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ৫ ॥

**অনুবাদ।**—যিনি ধর্ম্মের সেতু রক্ষা করেন এবং অধর্ম্মমার্গ দূর করিয়া দেন, যিনি ভক্তগণের কর্ম্মপাশ ছেদন করেন, যিনি সেবকগণকে অতুল সুখ প্রদান করেন, যিনি অনন্ত ব্রহ্মাণ্ডের অদ্বিতীয় অধীশ্বর, যাঁহার সুবর্ণবর্ণ কেশ-পাশে

* 'নির্ম্মলং'—পাঠান্তর।

উত্তমাঙ্গ-মণ্ডল সমলঙ্কৃত আছে, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ৫ ॥

রত্ন-পাদুকা-প্রভাভিরাম-পাদ-যুগ্মকং,
নিত্যমদ্বিতীয়মিষ্টদৈবতং নিরঞ্জনম্।
মৃত্যু-দর্প-নাশনং করাল-দংষ্ট্র-মোক্ষণং, *
কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ৬ ॥

**অনুবাদ।**—যাঁহার চরণদ্বয় রত্ন-পাদুকার প্রভা দ্বারা অতীব রমণীয় হইয়াছে, যিনি নিত্য (অনন্তকালস্থায়ী), যিনি অদ্বিতীয় এবং জীবকুলের ইষ্টদেব, যিনি সর্ব্ববিষয়ে নির্লিপ্ত, যিনি কৃতান্তের দর্প হরণ করেন, যিনি স্বীয় ভক্তগণকে করালদংষ্ট্র কাল হইতে মুক্তি দেন, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ৬ ॥

অট্টহাস-ভিন্ন-পদ্মজাণ্ড-কোশ-সন্ততিং,
দৃষ্টি-পাত-নষ্ট-পাপ-জালমুগ্র-শাসনম্।
অষ্ট-সিদ্ধি-দায়কং কপালমালিকন্ধরং, †
কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ৭ ॥

**অনুবাদ।**—যাঁহার অত্যুচ্চ হাস্যে ব্রহ্মাণ্ডকোশসমূহ ভগ্ন হয়, যাঁহার দৃষ্টিপাতমাত্রে পাতকরাশি দূরে পলায়ন করে, যাঁহার উগ্র শাসন সর্ব্বত্র অপ্রতিহত, যিনি স্বীয় সেবককে অণিমাদি অষ্টসিদ্ধি প্রদান করেন, যাঁহার গলদেশে নরমুণ্ডের মাল্য বিরাজিত, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ৭ ॥

ভূত-সংঘ-নায়কং বিশাল-কীর্ত্তি-দায়কং,
কাশি-বাসি-লোক-পুণ্য-পাপ-শোধকং বিভুম্।
নীতি-মার্গ-কোবিদং পুরাতনং জগৎ-পতিং,
কাশিকা-পুরাধিনাথ-কালভৈরবং ভজে ॥ ৮ ॥

**অনুবাদ।**—যিনি ভূতসকলের অধিনায়ক, যিনি আপন ভক্তগণকে অতুল কীর্ত্তি প্রদান করেন এবং যিনি কাশীবাসিগণের পাপপুণ্য শোধন করেন

---

* 'ভূষণম্'—পাঠান্তর।

† 'মালিকাধরং'—পাঠান্তর।

( কাশীবাসীদিগের পাপপুণ্য নিরস্ত করিয়া তাহাদিগকে মোক্ষফল দান করিয়া থাকেন ), যিনি জগতের অদ্বিতীয় অধীশ্বর, যিনি নীতিমার্গের বিশেষ অভিজ্ঞ, যিনি সকলের আদি এবং জগৎপতি, কাশীপুরীর অধীশ্বর সেই কালভৈরবকে ভজনা করি ॥ ৮ ॥

কালভৈরবাষ্টকং পঠন্তি যে মনোহরং,
জ্ঞান-মুক্তি-সাধনং বিচিত্র-পুণ্য-বর্দ্ধনম্ ।
শোক-মোহ-দৈন্য-লোভ-কোপ-তাপ-নাশনং,
তে প্রয়ান্তি কালভৈরবাঙ্ঘ্রি-সন্নিধিং ধ্রুবম্ ॥ ৯ ॥

কালভৈরবাষ্টকং সম্পূর্ণম্ ।

**অনুবাদ** ।—যাহারা পরমা ভক্তি সহকারে এই কালভৈরবাষ্টক পাঠ করে, তাহাদিগের ব্রহ্মজ্ঞান সঞ্চিত হয়, মোক্ষপ্রাপ্তি ঘটে, বিচিত্র পুণ্যরাশি প্রবর্দ্ধিত হয়, শোক, মোহ,দৈন্য, লোভ ও উপপাতক বিনাশ পায় এবং তাহারা কালভৈরবের পাদপদ্ম-সন্নিধানে গমন করিতে পারে ॥ ৯ ॥

ভগবান্ শ্রীশঙ্করাচার্য্যকৃত কালভৈরবাষ্টক সমাপ্ত ।

# শ্রীবিষ্ণুভুজঙ্গপ্রয়াত-স্তোত্রম্ ।

চিদংশং বিভুং নির্ম্মলং নির্ব্বিকল্পং
নিরীহং নিরাকারমোঙ্কারগম্যম্ ।
গুণাতীতমব্যক্তমেকং তুরীয়ং
পরং ব্রহ্ম যং বেদ তস্মৈ নমস্তে ॥ ১॥

**অনুবাদ** ।—( যোগিগণ ) যাঁহাকে মায়াবচ্ছিন্ন চৈতন্য অথচ গুণাতীত, বিভু ( সর্ব্বব্যাপক ), নির্ম্মল, নির্ব্বিকল্প (প্রমাস্বরূপ শুদ্ধ চৈতন্য), নিরীহ ( নিষ্ক্রিয় ), নিরাকার, ওঙ্কারপ্রতিপাদ্য, অব্যক্ত, অদ্বিতীয়, তুরীয় ( জাগ্রৎ স্বপ্ন এবং সুষুপ্তির অতীত ) পরব্রহ্ম বলিয়া জানেন, সেই তোমাকে নমস্কার ।

**বিশেষ ব্যাখ্যা**—তুরীয় অর্থে জাগ্রৎ, স্বপ্ন এবং সুষুপ্তির অতীত বলা হইয়াছে, ইহার একটু ব্যাখ্যা করা আবশ্যক, বহু স্তবের মধ্যে এইরূপ তুরীয় শব্দ আছে।

দেহ ত্রিবিধ ;—কারণদেহ, সূক্ষ্মদেহ এবং স্থূলদেহ ; ইহাও সমষ্টি-ব্যষ্টি-ভেদে—অর্থাৎ মিলিত ও পৃথক্‌কৃতভাবে প্রথমতঃ দ্বিবিধ ;—সমষ্টিকারণ দেহ ও ব্যষ্টি-কারণ দেহ, সমষ্টি সূক্ষ্মদেহ ও ব্যষ্টি সূক্ষ্মদেহ ইত্যাদি। সমষ্টিকারণ দেহ—মায়া ; সমষ্টি-সূক্ষ্মদেহ—সমষ্টি পঞ্চপ্রাণাদি, ; সমষ্টি স্থূলদেহ সমষ্টি স্থূলভূত। এই দেহত্রয়ের মধ্যে কারণদেহে সূক্ষ্ম ও স্থূল পদার্থের বিলয় হয় বলিয়া ইহাকে সুষুপ্তি বা এই দেহের অবস্থাবিশেষকে সুষুপ্তি বলা হয়, স্থূলভূতের বিলয় বলিয়া সমষ্টি পঞ্চ-প্রাণাদির স্বপ্ন নাম প্রদত্ত হয়, আর স্থূলভূতসমূহের জাগ্রৎ সংজ্ঞা। এই যে দেহত্রয়, ইহা চৈতন্যেরই এক এক কল্পিত আশ্রয়, কারণদেহ যাঁহার কল্পিত আশ্রয়, সেই চৈতন্যের নাম ঈশ্বর ; সমষ্টি-সূক্ষ্ম-দেহ যাঁহার কল্পিত আশ্রয়, তাঁহার নাম 'হিরণ্য-গর্ভ', সমষ্টি-স্থূলভূত যাঁহার কল্পিত আশ্রয়, তাঁহার নাম 'বৈশ্বানর'। দর্পণে সূর্য্য প্রতিবিম্বিত হয়েন, সূর্য্য বহুদূরস্থ সুবৃহৎ ও আকাশস্থিত হইলেও সূর্য্য-প্রতি-বিম্বকে ধারণ করায় দর্পণকে যেমন সূর্য্যের আশ্রয়রূপে কল্পনা করা যায়, সেইরূপ উক্ত দেহত্রয় সর্ব্বাধিষ্ঠান সর্ব্বব্যাপক ব্রহ্মের কল্পিত আশ্রয়, এই কল্পিত আশ্রয়ের শাস্ত্রকার-প্রদত্ত নাম 'উপাধি'। কল্পিত আশ্রয়ের সম্বন্ধ-কল্পনায় যে সুষুপ্তি, স্বপ্ন ও জাগ্রৎসম্বন্ধ চৈতন্যে কল্পিত হইয়াছে, বস্তুতঃ যিনি সেই তিনের বাহিরে, কল্পনার সহিত বাস্তবের সম্বন্ধ না থাকায়, দর্পণ-বহিঃস্থ সূর্য্যের ন্যায় যিনি স্বয়ং তদতীত সমুজ্জ্বল চৈতন্য, উপাধি-সম্বন্ধ-হীন, নামত্রয়ে তিনি পরিচ্ছিন্ন নহেন, এ জন্য তিনি তুরীয় অর্থাৎ চতুর্থ। ব্যষ্টির পক্ষেও দেখ :—অবিদ্যা ব্যষ্টি-অজ্ঞান, তাহা একৈক জীবের কারণদেহ ; পঞ্চ প্রাণ, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, বুদ্ধি এবং মন, অর্থাৎ বুদ্ধি প্রভৃতি অন্তঃকরণসমূহ, ব্যষ্টিভাবে একৈক জীবের সূক্ষ্মদেহ ; এবং স্থূলপঞ্চভূতোৎপন্ন মাতা-পিতৃজাত জরায়ুজ ও অণ্ডজ অথবা অযোনিজ স্বেদজ উদ্‌ভিজ্জ, ব্যষ্টিভাবে—স্থূলদেহ। কারণদেহে সুষুপ্তি, সূক্ষ্মদেহে স্বপ্ন ও স্থূলদেহে জাগ্রৎ অবস্থা হয়। এই অবস্থাত্রয় প্রসিদ্ধ, জাগ্রতের দর্শন ও ব্যবহার স্বপ্নাবস্থায় বিলীন হয়, স্বপ্নের দর্শন ও ব্যবহার সুষুপ্তিতে লীন হয়। জাগ্রৎ অবস্থাপন্ন স্থূলদেহে অধিষ্ঠাতা চৈতন্য জীব, 'বিশ্ব', স্বপ্না-বস্থাপন্ন সূক্ষ্মদেহের অধিষ্ঠাতা চৈতন্য জীব, 'তৈজস' ও সুষুপ্ত্যবস্থাপন্ন কারণদেহের অধিষ্ঠাতা চৈতন্য জীব 'প্রাজ্ঞ' নামে কথিত। এই সকল দেহ চৈতন্যের কল্পিত

অধিষ্ঠান, অর্থাৎ ইহাও উপাধিমাত্র, এই কল্পনা ত্যাগ করিলে এই তিন অবস্থা বা সংজ্ঞা চৈতন্যে থাকে না, সুতরাং তিনি এই তিনের বাহিরে, তাই 'তুরীয়'। জীবের দিক হইতে দেখিলেও যিনি তিনের বাহিরে 'তুরীয়', ঈশ্বরের দিক দিয়া দেখিলেও তিনি তিনের বাহিরে 'তুরীয়' অর্থাৎ চৈতন্যের বাস্তব স্বরূপই 'তুরীয়'। কল্পনা হেতুক তাঁহার সংজ্ঞা-ভেদ। ইহা তুরীয় শব্দের অর্থ ॥ ১ ॥

বিশুদ্ধং শিবং শান্তমাদ্যন্তশূন্যং
জগজ্জীবনং জ্যোতিরানন্দরূপম্।
অদিগ্‌দেশকালব্যবচ্ছেদনীয়ং,
ত্রয়ী বক্তি যং বেদ তস্মৈ নমস্তে ॥ ২ ॥

**অনুবাদ** ;—বিশুদ্ধ, মঙ্গলময়, শান্ত, আদি-অন্তহীন, জগতের জীবনস্বরূপ, জ্যোতির্ম্ময়, আনন্দবিগ্রহ, দিক্‌, দেশ ও কালের অপরিচ্ছেদ্য বলিয়া যিনি কীর্ত্তিত হইয়াছেন, তাদৃশ তোমাকে নমস্কার ॥ ২ ॥

**বিশেষ ব্যাখ্যা**—সর্ব্বদিক্‌ ও দেশ ব্যাপিয়া সর্ব্বকালে তিনি বর্ত্তমান,—এই জন্যই দিক্‌ দেশ ও কালের তিনি অপরিচ্ছেদ্য।

সূর্য্য পূর্ব্বদিকে উদিত হইতেছেন, এইরূপে সূর্য্যকে এক বিশেষরূপ দিক্‌ উল্লেখ করিয়া নির্দ্দেশ করা হয়—এই জন্য তিনি দিক্‌পরিচ্ছেদ্য।

কাশীধাম উত্তরপশ্চিম দেশের একটি নগর,—সুতরাং দেশ উল্লেখ দ্বারা কাশীধামের নির্দ্দেশ হওয়ায় কাশীধাম দেশপরিচ্ছেদ্য, রাজা যুধিষ্ঠির দ্বাপরযুগের শেষে বা কলির প্রথমে রাজ্য করিতেন, অতএব রাজা যুধিষ্ঠির কালপরিচ্ছেদ্য, যাঁহার পরিমাণ সর্ব্বদিগ্‌ব্যাপী নহে,—তিনি দিক্‌পরিচ্ছেদ্য, যাঁহার স্থিতি সর্ব্বদেশব্যাপক নহে, তিনি দেশপরিচ্ছেদ্য, যিনি উৎপত্তি বা বিনাশযুক্ত, তিনি কালপরিচ্ছেদ্য ॥ ২ ॥

মহাযোগপীঠে পরিভ্রাজমানে,
ধরণ্যাদিতত্ত্বাত্মকে শক্তিযুক্তে।
গুণাহস্করে বহ্নিবিম্বার্দ্ধমধ্যে,
সমাসীনমোঙ্কর্ণিকেঽষ্টাক্ষরাব্জে ॥ ৩ ॥

**অনুবাদ** ;—পৃথিবী প্রভৃতি পঞ্চতত্ত্বাত্মক ও শক্তিযুক্ত বিভ্রাজমান মহাযোগপীঠগুণরূপ সূর্য্যমণ্ডলস্থ অর্দ্ধবহ্নিমণ্ডলে প্রণব-কর্ণিকাযুক্ত অষ্টাক্ষর মন্ত্র-পদ্মে যিনি উপবিষ্ট ॥ ৩ ॥

সমানোদিতানেক-সূর্য্যেন্দুকোটি-

প্রভাপূরতুল্যদ্যুতিং দুর্নিরীক্ষ্যম্।

ন শীতং ন চোষ্ণং সুবর্ণাবদাত-

প্রসন্নং সদানন্দসংবিৎস্বরূপম্ ॥ ৪ ॥

**অনুবাদ।**—যাঁহার কান্তি এককালীন উদিত বহুকোটি সূর্য্য ও চন্দ্রের প্রভাপুঞ্জের ন্যায়, যাঁহার দিকে তেজের আধিক্য হেতু দৃষ্টিপাত করা যায় না, যিনি স্নিগ্ধও নহেন, উষ্ণও নহেন, কাঞ্চনবৎ যিনি স্বচ্ছ, যিনি নিরন্তর প্রসন্ন, সদানন্দপূর্ণ ও জ্ঞানময় ॥ ৪ ॥

সুনাসাপুটং সুন্দর-ভ্রূললাটং,

কিরীটোচিতাকুঞ্চিতস্নিগ্ধকেশম্।

স্ফুরৎ-পুণ্ডরীকাভিরামায়তাক্ষং,

সমুৎফুল্ল-রত্ন-প্রসূনাবতংসম্ ॥ ৫ ॥

**অনুবাদ।**—যাঁহার নাসাপুট সুশোভন, ভ্রূ ও ললাটদেশ মনোহর, আকুঞ্চিত মসৃণ কেশকলাপ, কিরীটধারণে সদা শোভমান, যিনি বিকসিত পুণ্ডরীক-সুন্দর, বিশাল-লোচন এবং প্রফুল্ল রত্নপুষ্পাভরণে যাঁহার কর্ণযুগল বিভূষিত ॥ ৫ ॥

লসৎ-কুণ্ডলামৃষ্ট-গণ্ডস্থলান্তং,

জবা-রাগ-চোরাধরং চারুহাসম্।

অলি-ব্যাকুলামোদি-মন্দারমালং,

মহোরস্ফুরৎ-কৌস্তুভোদারহারম্ ॥ ৬ ॥

**অনুবাদ।**—যাঁহার গণ্ডস্থলের প্রান্তদেশে উজ্জ্বল কুণ্ডল সংলগ্ন, যাঁহার অধর-রাগ জবা-কুসুমের রক্তিমা অপহরণ করিয়াছে, যাঁহার হাস্য চিত্তরঞ্জন, যাঁহার গলদেশে বিলম্বিত সুগন্ধি মন্দার-পুষ্পের মালা অলিকুলে আবৃত, যাঁহার বিশাল বক্ষঃপ্রদেশে দীপ্তিমান্ কৌস্তুভমণি ও অত্যুৎকৃষ্ট হার বিরাজমান ॥ ৬ ॥

সুরত্নাঙ্গদৈরন্বিতং বাহুদণ্ডৈ-
শ্চতুর্ভিশ্চলৎ-কঙ্কণালঙ্কৃতাগ্রৈঃ।
উদারোদরালঙ্কৃতং পীত-বস্ত্রং,
পদদ্বন্দ্ব-নির্ধূত-পদ্মাভিরামম্ ॥ ৭ ॥

**অনুবাদ**।—যাঁহার চারিটি বাহুতে দিব্য রত্নাঙ্গদ ও অগ্র অর্থাৎ প্রকোষ্ঠে চঞ্চল কঙ্কণ শোভা পাইতেছে, যাঁহার বিশাল উদরদেশ শোভাময়, যাঁহার পরিধানে পীতাম্বর এবং যাঁহার চরণযুগলের শোভা পদ্মের সৌন্দর্য্যকেও বিড়ম্বিত করিতেছে ॥ ৭ ॥

স্বভক্তেষু সন্দর্শিতাকারমেবং,
সদা ভাবয়ন্ সন্নিরুদ্ধেন্দ্রিয়াশ্বঃ।
দুরাপং নরো যাতি সংসার-পারং,
পরস্মৈ পরেভ্যোঽপি তস্মৈ নমস্তে ॥৮॥ (কুলকম্)।

**অনুবাদ**।—ভক্তবৃন্দের সমক্ষে তাঁহার সন্দর্শিত এই প্রকার রূপ—মানব, ইন্দ্রিয়-তুরঙ্গগণকে নিরুদ্ধ করিয়া সদা চিন্তা করিলে সংসারসমুদ্রের দুর্ল্লভ পরপারে গমন করে, সেই সর্ব্বপরাৎপর তোমাকে নমস্কার ॥ ৮ ॥

শ্রিয়া শাতকুম্ভ-দ্যুতি-স্নিগ্ধ-কান্ত্যা,
ধরণ্যা চ দূর্ব্বা-দল-শ্যামলাঙ্গ্যা।
কলত্রদ্বয়েনামুনা তোষিতায়,
ত্রিলোকী-গৃহস্থায় বিষ্ণো নমস্তে ॥ ৯ ॥

**অনুবাদ**।—কনককান্তিমতী কমলা ও দূর্ব্বাদলশ্যামলাঙ্গী বসুন্ধরা এই ভার্য্যাদ্বয় যাঁহার প্রীতিবিধান করেন এবং ত্রৈলোক্য-গৃহের যিনি গৃহস্বামী, হে বিষ্ণো! সেই তোমাকে নমস্কার করি ॥ ৯ ॥

শরীরং কলত্রং সুতং বন্ধুবর্গং,
বয়স্যং ধনং সদ্ম ভৃত্যং ভুবঞ্চ।
সমস্তং পরিত্যজ্য হা কষ্টমেকো,
গমিষ্যামি দুঃখেন দূরং কিলাহম্ ॥ ১০ ॥

**অনুবাদ**।—অহো! কি কষ্ট! শরীর, পুত্র, ভার্য্যা, বন্ধুবৃন্দ, বয়স্য,

ধন, গৃহ, কিঙ্কর, পৃথিবী—এই সকল পরিহার পুরঃসর একাকী আমি কোন দূর-দেশে গমন করিব ॥ ১০ ॥

জরেয়ং পিশাচীব হা জীবতো মে,
বসামত্তি রক্তং চ মাংসং বলঞ্চ।
অহো দেব সীদামি দীনানুকম্পিন্,
কিমদ্যাপি হন্ত ত্বয়োদাসিতব্যম্ ॥ ১ ॥

**অনুবাদ** ।—হায়! জীবিতাবস্থাতেই জরা-পিশাচী আসিয়া আমার বসা, শোণিত, মাংস ও শক্তি কবলিত করিতেছে। অহো! হে দীনানুকম্পিন্! আমি ক্রমে ক্রমে অবসন্ন হইয়া পড়িতেছি। এখনও তুমি উদাসীন হইয়া থাকিবে! অর্থাৎ কৃপাপ্রদর্শন পূর্ব্বক আমাকে পরিত্রাণ কর ॥ ১১ ॥

কফব্যাহতোষ্ণোল্বণ-শ্বাসবেগ-
ব্যথা-বিস্ফুরৎ-সর্ব্ব-মর্ম্মাস্থিবন্ধাম্।
বিচিন্ত্যাহমন্ত্যামসংখ্যামবস্থাং,
বিভেমি প্রভো কিং করোমি প্রসীদ ॥ ১২ ॥

**অনুবাদ**।—কফ-প্রতিরুদ্ধ উষ্ণ তীব্র শ্বাসবেগে বেদনায় সকল মর্ম্মস্থল ও অস্থিবন্ধন উৎকম্পিত, বাক্‌শক্তিহীন ( বা সংজ্ঞাহীন ) অন্তিম অবস্থা চিন্তা করিয়া আমি ভীত হইয়াছি। হে প্রভো! আমি কি করি? আমার প্রতি প্রসন্ন হও ॥ ১২ ॥

লপন্নচ্যুতানন্দ গোবিন্দ বিষ্ণো,
মুরারে হরে নাথ নারায়ণেতি।
যথানুস্মরিষ্যামি ভক্ত্যা ভবন্তং,
তথা মে দয়াশীল দেব প্রসীদ ॥ ১৩ ॥

**অনুবাদ** ।—আমি ভক্তিপূতভাবে 'হে অচ্যুত, হে অনন্ত, হে গোবিন্দ, হে বিষ্ণো, হে মুরারে, হে নাথ, হে নারায়ণ' এই সকল বাক্য উচ্চারণ সহকারে যাহাতে তোমাকে স্মরণ করিতে সমর্থ হই, হে কৃপাশীল দেব! তুমি সেইরূপ প্রসন্নতা অবলম্বন কর ॥ ১৩ ॥

ভুজঙ্গ-প্রয়াতং পঠেদ্ যস্তু ভক্ত্যা,
সমাধায় চিত্তে ভবন্তং মুরারে।
স মোহং বিহায়াশু যুষ্মৎ-প্রসাদাৎ,
সমাশ্রিত্য যোগং ব্রজত্যচ্যুতং ত্বাম্ ॥ ১৪ ॥

বিষ্ণু-ভুজঙ্গ-প্রযাতস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—হে মুরারে! যে ব্যক্তি হৃদয়ে তোমাকে স্থাপন পূর্ব্বক ভক্তি সহকারে এই ভুজঙ্গ-প্রয়াত-স্তোত্র পাঠ করে, সে ব্যক্তি তোমার প্রসাদে মোহপাশ হইতে উত্তীর্ণ হইয়া যোগাবলম্বন সহকারে অচিরে অচ্যুত-স্বরূপ—তোমাকে লাভ করিয়া থাকে ॥ ১৪ ॥

বিষ্ণু-ভুজঙ্গপ্রয়াতস্তোত্র সম্পূর্ণ।

# বিষ্ণুপাদাদিকেশান্ত-স্তোত্রম্।

লক্ষ্মীভর্ত্তুর্ভুজাগ্রে কৃত-বসতি সিতং যস্য রূপং বিশালং
নীলাদ্রেস্তুঙ্গশৃঙ্গস্থিতমিব রজনীনাথবিম্বং বিভাতি।
পায়ান্নঃ পাঞ্চজন্যঃ স দিতিসুতকুলত্রাসনৈঃ পূরয়ন্ স্বৈ-
র্নিধ্বানৈর্নীরদৌঘ-ধ্বনিপরিভবদৈরম্বরং কম্বুরাজঃ ॥ ১ ॥

**অনুবাদ।**—যাঁহার বিশাল শুভ্ররূপ শ্রীপতির ভূজাগ্রে অবস্থিত হইয়া নীলাচলের তুঙ্গ শৃঙ্গে অধিষ্ঠিত চন্দ্রমণ্ডলের ন্যায় শোভা পাইয়া থাকে, সেই শঙ্খরাজ পাঞ্চজন্য দৈত্যকুল-বিত্রাসন ঘনঘটা-গর্জ্জনবিজয়ী স্বীয় নির্ঘোষে গগন-মণ্ডল পূর্ণ করতঃ আমাদিগকে রক্ষা করুন ॥ ১ ॥

আহুর্যস্য স্বরূপং ক্ষণমুখমখিলং সূরয়ঃ কালমেতং
ধ্বান্তস্যৈকান্তমন্তং যদপি চ পরমং সর্ব্বধাম্নাং চ ধাম।
চক্রং তচ্চক্রপাণের্দিতিজতনুগলদ্রক্তধারাক্তধারং
শশ্বন্নো বিশ্ববন্দ্যং বিতরতু বিপুলং শর্ম্ম ঘর্ম্মাংশু-শোভম্ ॥২॥

**অনুবাদ।**—পণ্ডিতগণ ক্ষণ প্রভৃতি নিখিল কালকে যাঁহার স্বরূপ

বলিয়া থাকেন, এবং যিনি ধ্বান্তজালের একান্ত ধ্বংসকারী, সর্ব্বতেজের পরম তেজঃ, দৈত্যগণ-তনু-বিগলিত রুধিরধারায় রঞ্জিতধার,—চক্রপাণির সেই বিশ্ববন্দ্য চক্র আমাদিগকে বারংবার বিপুল সুখ প্রদান করুন ॥ ২ ॥

অব্যান্নির্ঘাতঘোরো হরিভুজপবনামর্শনাধ্মাতমূর্ত্তে-
রস্মান্ বিস্মেরনেত্র-ত্রিদশনুতি-বচঃসাধুকারৈঃ স্তুতারঃ।
সর্ব্বং সংহর্ত্তুমিচ্ছোররিকুল-ভুবনং স্ফার-বিস্ফার-নাদঃ
সংযৎ-কল্পান্তসিন্ধৌ শরসলিলঘটাবার্ম্মুচঃ কার্ম্মুকস্য ॥ ৩ ॥

অনুবাদ ;—নারায়ণ-হস্তরূপ সমীরণের সঞ্চালনে যাঁহার মূর্ত্তি টঙ্কার-মুখর, যিনি যুদ্ধরূপ প্রলয়সাগরে শরনিকররূপ বারিধারা-বর্ষণে মেঘতুল্য, সেই কার্ম্মুক যেন নিখিল রিপুকুলস্থান-সংহারে অভিলাষী হইয়া নির্ঘাত-ঘোর, বৃহৎ হইতে বৃহত্তর ধ্বনি করিয়াছেন, বিস্ময়পূর্ণ-দৃষ্টি দেবগণের স্তববাক্যে ও সাধুবাদের সম্মেলনে উচ্চতর সেই ধ্বনি আমাদিগকে রক্ষা করুন ॥ ৩ ॥

জীমূতশ্যামভাসা মুহুরপি ভগবদ্‌বাহুনা মোহয়ন্তী
যুদ্ধেষূদ্ধূয়মানা ঝটিতি তটিদিবালক্ষ্যতে যস্য মূর্ত্তিঃ।
সোঽসিস্ত্রাসাকুলাক্ষ-ত্রিদশরিপুবপুঃ-শোণিতাস্বাদ-তৃপ্তো
নিত্যানন্দায় ভূয়ান্ মধুমথন-মনোনন্দনো নন্দকো নঃ ॥ ৪ ॥

অনুবাদ।—যাঁহার মূর্ত্তি ঘনশ্যামকান্তি নারায়ণবাহু দ্বারা যুদ্ধস্থলে পুনঃ পুনঃ সঞ্চালিত হইয়া মোহপ্রদায়িনী সৌদামিনীর ন্যায় ক্ষণতরে পরিদৃষ্ট হইয়াছে, ভয়চকিতনেত্র দেবারিগণের শরীরশোণিতাস্বাদ-পরিতৃপ্ত, মধুসূদনের হৃদয়ানন্দ-বিধায়ী সেই নন্দক নামক অসি, আমাদিগের নিত্য আনন্দের হেতু হউন ॥ ৪ ॥

কম্রাকারা মুরারেঃ করকমলতলেনানুরাগাদ্‌গৃহীতা
সম্যগ্‌বৃত্তা স্থিতাগ্রে সপদি ন সহতে দর্শনং যা পরেষাম্।
রাজন্তী দৈত্যজীবাসবমদমুদিতা লোহিতালেপনার্দ্রা
কামং দীপ্তাংশুকান্তা প্রদিশতু দয়িতেবাস্য কৌমোদকী নঃ ॥৫॥

অনুবাদ ;—মুরারি, অনুরাগ সহকার নিজ করকমলতলে যাঁহাকে গ্রহণ করিয়াছেন, যিনি সম্যগ্‌বৃত্তা (সুশীলা অথচ সুগঠিতা), অগ্রে অবস্থিতা হইয়াও যিনি ক্ষণকালের জন্যও পরপুরুষ-(পুরুষান্তর এবং শত্রু) দর্শন সহিতে পারেন না,

দৈত্যজীবন-সুরামদে আনন্দিতা (যে সুরা দৈত্যগণের জীবন, অথচ দৈত্যগণের প্রাণই যে সুরাস্থানীয়, তাহার পানজনিত মত্ততায় আনন্দিতা) লোহিতালেপনে (কুঙ্কুমলেপনে অথচ শত্রুগণের রক্তে লিপ্ত হইয়া) আর্দ্রা, দীপ্তাংশুকান্তা (উজ্জ্বল-বস্ত্রপরিধানা অথচ উজ্জ্বল কিরণে সুশোভিতা), কমনীয়াকারা শোভমানা মুরারির দয়িতা-সদৃশী সেই কৌমোদকী-নাম্নী গদা আমাদিগের অভিলাষ পূর্ণ করুন ॥ ৫ ॥

যো বিশ্বপ্রাণভূতস্তনুরপি চ হরের্যানকেতুস্বরূপো
যং সঞ্চিন্ত্যৈব সদ্যঃ স্বয়মুরগবধূবর্গগর্ভাঃ পতন্তি।
চঞ্চচ্চণ্ডোরু-তুণ্ড-ত্রুটিত-ফণি-বসা-রক্ত-পঙ্কাঙ্কিতাস্যং
বন্দে ছন্দোময়ং তং খগপতিমমল-স্বর্ণবর্ণং সুপর্ণম্ ॥ ৬ ॥

**অনুবাদ**।—যিনি বিশ্বের প্রাণস্বরূপ এবং নারায়ণের দ্বিতীয় মূর্ত্তিস্বরূপ হইয়াও তাঁহার রথের কেতুস্বরূপ, যাঁহাকে চিন্তা করিবামাত্র ভুজঙ্গরমণীগণের গর্ভ সদ্যঃ স্বয়ং পতিত হয়, প্রচণ্ড-চঞ্চল-বিশাল-তুণ্ডাঘাতে বিদীর্ণ ভুজঙ্গগণের বসারক্ত-পঙ্কে লাঞ্ছিতবদন নির্ম্মল স্বর্ণবর্ণ সেই ছন্দোময় খগরাজ সুপর্ণকে বন্দনা করি ॥ ৭ ॥

বিষ্ণোর্বিশ্বেশ্বরস্য প্রবরশয়নকৃৎ সর্ব্বলোকৈকধর্ত্তা
সোঽনন্তঃ সর্ব্বভূতঃ পৃথুবিমলযশাঃ সর্ব্ববেদৈশ্চ বেদ্যঃ।
পাতা বিশ্বস্য শশ্বৎ সকলসুররিপুধ্বংসনঃ পাপহন্তা
সর্ব্বজ্ঞঃ সর্ব্বসাক্ষী সকলবিষভয়াৎ পাতু ভোগীশ্বরো নঃ ॥৭॥

**অনুবাদ**।—বিশ্বেশ্বর বিষ্ণুর উৎকৃষ্ট শয়নীয়-সম্পাদক, সর্ব্বলোকের অদ্বিতীয় ধারণকর্ত্তা, সর্ব্ববেদবেদ্য, বিশাল নির্ম্মল কীর্ত্তিসম্পন্ন, বিশ্বরক্ষক, বারংবার নিখিল সুরারিগণের বিনাশক, পাপহন্তা, সর্ব্বজ্ঞ, সর্ব্বসাক্ষী, সর্ব্বস্বরূপ সেই ভুজগরাজ অনন্ত আমাদিগকে নিখিল বিষভয় হইতে রক্ষা করুন ॥ ৭ ॥

বাগ্-ভূ-গৌর্য্যাদি-ভেদৈর্বিদুরিহ মুনয়ো যাং যদীয়ৈশ্চ পুংসাং
কারুণ্যাদ্রৈঃ কটাক্ষৈঃ সকৃদপি পতিতৈঃ সম্পদঃ স্যুঃ সমগ্রাঃ।
কুন্দেন্দু-স্বচ্ছমন্দ-স্মিত-মধুর-মুখাম্ভোরুহাং সুন্দরাঙ্গীং
বন্দে বন্দ্যামশেষৈরপি মুরভিদুরোমন্দিরামিন্দিরাং তাম্ ॥ ৮ ॥

**অনুবাদ**।—মুনিগণ যাঁহাকে বাগ্‌দেবী, ভূমি এবং গৌরী প্রভৃতি

মূর্ত্তিভেদ-সম্পন্না বলিয়া ইহ-জগতে অবগত আছেন, যদীয় করুণার্দ্র মহনীয় কটাক্ষ একবারমাত্র নিপতিত হইলেও পুরুষদিগের সমগ্র সম্পৎ লাভ হইয়া থাকে, কুন্দেন্দুসুন্দর মৃদুমন্দ ঈষৎ হাস্যে মনোহর-বদনকমলা, সুন্দরাঙ্গী, অশেষজন-বন্দনীয়া মুরারিবক্ষঃস্থলবাসিনী সেই ইন্দিরা দেবীকে বন্দনা করি ॥ ৮ ॥

যা সূতে সত্যজালং সকলমপি সদা সন্নিধানেন পুংসো
ধত্তে যা তত্ত্বযোগাচ্চরমচরমিদং ভূতয়ে ভূতজাতম্ ।
ধাত্রীং স্থাত্রীং জনিত্রীং প্রকৃতিমবিকৃতিং বিশ্বশক্তিং বিধাত্রীং
বিষ্ণোর্বিশ্বাত্মনস্তাং বিপুলগুণময়ীং প্রাণনাথাং প্রণৌমি ॥ ৯ ॥

**অনুবাদ**।—যিনি পুরুষের (পরমাত্মার) সান্নিধ্য বশতঃ সদা নিখিল বস্তু প্রসব করেন, যিনি মহদাদি তত্ত্বযোগে এই চরাচর ভূতসমূহকে ধারণ করেন, ধাত্রী বিশ্বাত্মা বিষ্ণুর বিপুলগুণময়ী প্রাণাধীশ্বরী সর্ব্ববিধানদক্ষা মাতৃস্বরূপা চিরস্থিরা সেই বিশ্বশক্তি অবিকৃতপ্রকৃতিকে সম্পদের জন্য স্তব করি ॥ ৯ ॥

যেভ্যোঽসূয়দ্ভিরুচ্চৈঃ সপদি পদমুরু ত্যজ্যতে দৈত্যবর্গৈ-
র্যেভ্যো ধর্ত্তুং চ মূর্দ্ধ্না স্পৃহয়তি সততং সর্ব্বগীর্ব্বাণবর্গঃ ।
নিত্যং নির্ম্মূলয়েয়ুর্নিচিততরমমী ভক্তিনিঘ্নাত্মনাং নঃ
পদ্মাক্ষস্যাঙ্ঘ্রিপদ্মদ্বয়তলনিলয়াঃ পাংসবঃ পাপপঙ্কম্ ॥ ১০ ॥

**অনুবাদ**।—দৈত্যবর্গ যাঁহাদিগের প্রতি অসূয়া হেতু অবিলম্বে নিজ নিজ স্বীয় উচ্চ মহৎ পদ পরিত্যাগ করিতে বাধ্য হয়,সমস্ত দেবগণ মস্তকে ধারণ করিবার জন্য যে সকলের প্রতি সদা স্পৃহা-সম্পন্ন, পুণ্ডরীকাক্ষের চরণকমলযুগলতল-নিলীন সেই রেণুরাজি ভক্তিপরতন্ত্রচেতা আমাদিগের অতিপূর্ব্বসঞ্চিত পাপ-পঙ্ককে যেন নিত্য নির্ম্মূল করেন ॥ ১০ ॥

রেখা লেখাদিবন্দ্যাশ্চরণতলগতাশ্চক্রমৎস্যাদিরূপাঃ
স্নিগ্ধাঃ সূক্ষ্মাঃ সুজাতা মৃদুললিততর-ক্ষৌম-সূত্রায়মাণাঃ ।
দদ্যুর্নো মঙ্গলানি ভ্রমরপরজুষা কোমলেনাব্জিজায়াঃ
কস্রেণাম্রেড্যমানাঃ কিসলয়-মৃদুনা পাণিনা চক্রপাণেঃ ॥ ১১ ॥

**অনুবাদ**।—ক্ষীরোদ-সম্ভবার অলিকুল-সেবিত কিশলয়-কোমল কমনীয়-কর-সংবাহনে পুনঃ পুনঃ স্পৃষ্ট, দেবাদি-বন্দনীয়, মৃদু-ললিত-ক্ষৌম-সূত্রসদৃশ সূক্ষ্ম,

স্নিগ্ধ, সুজাত, চক্রপাণি-চরণস্থ কমনীয় চক্র-মৎস্যাদি রেখা-সমূহ যেন আমাদিগকে মঙ্গল বিতরণ করেন ॥ ১১ ॥

যস্মাদাক্রামতো দ্যাং গরুড়-মণি-শিলা-কেতু-দণ্ডায়মানা-
দাশ্চ্যোতন্তী বভাসে সুরসরিদমলা বৈজয়ন্তীব কান্তা।
ভূমিষ্ঠো যস্তথান্যো ভুবনগৃহবৃহৎ-স্তম্ভশোভাং দধৌ নঃ
পাতামেতৌ পয়োজোদরললিততলৌ পঙ্কজাক্ষস্য পাদৌ ॥ ১২ ॥

**অনুবাদ**।—মরকতমণিময় ধ্বজদণ্ড সদৃশ যে চরণ স্বর্গ আক্রমণে উত্থিত হইলে, তাহা হইতে নির্ম্মলা সুরধুনী ক্ষরিত হইয়া কমনীয়া বৈজয়ন্তীর (পতাকার) ন্যায় শোভা পাইয়াছিলেন, আর যে অপর চরণ ভূতলব্যাপী হইয়া ভুবনমণ্ডলরূপ গৃহের স্তম্ভবৎ শোভাপ্রাপ্ত হইয়াছিলেন, পুণ্ডরীকাক্ষের কমল-গর্ভ-মনোহর-তল-সম্পন্ন সেই চরণদ্বয় আমাদিগকে রক্ষা করুন ॥ ১২ ॥

আক্রামদ্‌ভ্যাং ত্রিলোকীমসুরসুরপতী তৎক্ষণাদেব নীতৌ
যাভ্যাং বৈরোচনীন্দ্রৌ যুগপদপি বিপৎ-সম্পদোরেকধাম।
তাভ্যাং তাম্রোদরাভ্যাং মুহুরহমজিতস্যাঞ্চিতাভ্যামুভাভ্যাং
প্রাজ্যৈশ্বর্য্যপ্রদাভ্যাং প্রণতিমুপগতঃ পাদপঙ্কেরুহাভ্যাম্ ॥ ১৩ ॥

**অনুবাদ**।—যাঁহারা ত্রৈলোক্য আক্রমণ করিয়া তৎক্ষণাৎ অসুররাজ বলি এবং সুররাজ ইন্দ্রকে যুগপৎ (যথাক্রমে) বিপত্তি ও সম্পত্তির একাধিকারী করিয়াছিলেন, তাম্র-তল-মনোহর প্রভূত ঐশ্বর্য্যপ্রদ সর্ব্বলোক-পূজিত সেই নারায়ণ-চরণকমলযুগলে আমি বারংবার প্রণাম করিতেছি ॥ ১৩ ॥

যেভ্যো বর্ণশ্চতুর্থশ্চরমত উদভূদাদিসর্গে প্রজানাং
সাহস্রী চাপি সংখ্যা প্রকটমভিহিতা সর্ব্ববেদেষু যেষাম্।
ব্যাপ্তা * বিশ্বম্ভরা যৈরতিবিততনোর্বিশ্বমূর্ত্তের্বিরাজো
বিষ্ণোস্তেভ্যো মহদ্ভ্যঃ সততমপি নমোঽস্ত্বঙ্ঘ্রিপঙ্কেরুহেভ্যঃ ॥১৪॥

**অনুবাদ**।—প্রজাগণের আদিসৃষ্টিকালে, যে সমস্ত হইতে শেষে চতুর্থ বর্ণ উদ্ভূত, সর্ব্ববেদে যাঁহাদিগের সহস্রসংখ্যা স্পষ্ট ভাবে কথিত, যাঁহারা ভূমণ্ডলকে

* 'প্রাপ্তা' বাণীবিলাস মুদ্রিত পাঠ।

ব্যাপ্ত করিয়াছেন, অতি বিশালকায় বিশ্বমূর্ত্তি বিরাট্ পুরুষ বিষ্ণুর সেই মহৎ শ্রীচরণকমলনিকরের উদ্দেশে আমার সতত নমস্কার ॥ ১৪ ॥

বিষ্ণোঃ পাদদ্বয়াগ্রে বিমলনখরুচি * ভ্রাজিতা রাজতে যা
রাজীবস্যেব রম্যা হিমজল-কণিকালঙ্কৃতাগ্রা দলালী।
অস্মাকং বিস্ময়ার্হাণ্যখিলজন-মনঃ-প্রার্থনীয়া হি সেয়ং
দদ্যাদাদ্যানবদ্যা ততিরতিরুচিরা মঙ্গলান্যঙ্গুলীনাম্ ॥ ১৫ ॥

**অনুবাদ**।—যিনি শ্রীবিষ্ণুর চরণযুগলের অগ্রভাগে, নির্ম্মল নখপ্রভায় উদ্ভাসিত হইয়া হিমজলকণিকা-ভূষিতাগ্র রমণীয় কমলদলনিকরবৎ শোভা পাইতেছেন; অখিল-জন-মনঃ-প্রার্থনীয়, জগৎসৃষ্টির পূর্ব্বে প্রকাশিত সেই নির্দ্দোষ অঙ্গুলিরাজি আমাদিগের বিস্ময়কর কল্যাণপরম্পরা যেন প্রদান করেন ॥ ১৫ ॥

যস্যাং দৃষ্ট্বামলায়াং প্রতিকৃতিমমরাঃ সম্ভবন্ত্যানমন্তঃ
সেন্দ্রাঃ সান্দ্রীকৃতের্ষ্যাস্ত্বপরসুরকুলাশঙ্কয়াতঙ্কবন্তঃ।
সা সদ্যঃ সাতিরেকাং সকল-সুখকরীং সম্পদং সাধয়েন্ন-
শ্চঞ্চচ্চার্ব্বংশুচক্রা চরণ-নলিনয়োশ্চক্রপাণের্নখালী ॥ ১৬ ॥

**অনুবাদ**।—ইন্দ্রসমন্বিত দেবগণ প্রণাম করিবার সময়ে, নির্ম্মলতা হেতু যাঁহার ভিতরে নিজ নিজ প্রতিবিম্ব দর্শনে, অপর দেবতাগণের প্রাদুর্ভাব আশঙ্কা হওয়ায় প্রগাঢ় ঈর্ষ্যা সহ আতঙ্ক প্রাপ্ত হয়েন, মনোহর-কিরণাবলি-প্রসারিণী, চক্রপাণির পদকমলবিরাজিত সেই নখররাজি আমাদিগের সর্ব্বসুখবিধায়িনী অত্যধিক সম্পদ্ অবিলম্বে সম্পন্ন করুন ॥ ১৬ ॥

পাদাম্ভোজন্ম-সেবা-সমবনতসুর-ব্রাত-ভাস্বৎ-কিরীট-
প্রত্যুপ্তোচ্চাবচাশ্ম-প্রবরকরগণৈশ্চিত্রিতং যদ্বিভাতি।
নম্রাঙ্গাণাং হরের্নো হরিদুপল-মহাকূর্ম্ম-সৌন্দর্য্য-হারি-
চ্ছায়ং শ্রেয়ঃ-প্রদায়ি প্রপদযুগমিদং প্রাপয়েৎ পাপমন্তম্ ॥১৭॥

**অনুবাদ**।—চরণকমল-সেবার্থ প্রণত দেববৃন্দের উজ্জ্বল কিরীট-নিবদ্ধ বিবিধ উৎকৃষ্ট মণিময়ূখজালে বিবিধ বর্ণ ধারণ করতঃ যিনি শোভা পাইয়া থাকেন,

* 'নখ-মণি' বাণীবিলাস মুদ্রিত পুস্তকের পাঠ।

মরকতমণিময় মহাকূর্ম্মপৃষ্ঠের ন্যায় সুশ্রী সুঠাম সেই শ্রেয়ঃপ্রদ শ্রীহরি-প্রপদযুগল, নম্রকায় আমাদিগের যেন পাপসমূহ বিনাশ করেন ॥ ১৭ ॥

শ্রীমত্যৌ চারুবৃত্তে করপরিমলনানন্দ-হৃষ্টে রমায়াঃ
সৌন্দর্য্যাঢ্যেন্দ্রনীলোপল-রচিত-মহাদণ্ডয়োঃ কান্তি-চোরে।
সূরীন্দ্রৈঃ স্তূয়মানে সুরকুল-সুখদে সূদিতারাতিসঙ্ঘে
জঙ্ঘে নারায়ণীয়ে মুহুরপি জয়তামস্মদংহো হরন্ত্যৌ ॥ ১৮ ॥

**অনুবাদ।**—উৎকৃষ্ট শ্রীসম্পন্ন, সুবৃত্ত (সুগোল) লক্ষ্মীকরকমল সম্পাদিত সংবাহন-সুখে রোমাঞ্চিত, ইন্দ্রনীল-মণিরচিত সুন্দর মহাদণ্ডযুগলের কান্তিহরণকারী, সূরিশ্রেষ্ঠগণের স্তুতিভাজন, অরাতিসঙ্ঘবিজয়ী, সুরকুলসুখদায়ী নারায়ণজঙ্ঘা-যুগল, বারংবার আমাদিগের পাপহরণ করতঃ জয়যুক্ত হউন ॥ ১৮ ॥

সম্যক্ সাহ্যং বিধাতুং সমমিব সততং জঙ্ঘয়োঃ খিন্নয়োর্যে
ভার-ভূতোরুদণ্ডদ্বয়ীভরণকৃতোত্তম্ভভাবং ভজেতে।
চিত্তাদর্শং নিধাতুং মহিতমিব সতাং তে সমুদ্গায়মানে
বৃত্তাকারে বিধত্তাং হৃদি মুদমজিতস্যানিশং জানুনী নঃ ॥ ১৯ ॥

**অনুবাদ।**—যাঁহারা (উরুভারবহনে) খিন্ন জঙ্ঘাযুগলের সতত সমভাবে সম্যক্ সহায়তা করিবার জন্যই যেন উরুদণ্ডযুগলভার বহন করিয়া স্তব্ধভাব প্রাপ্ত হইয়াছেন, এবং যাঁহারা সজ্জনগণের প্রশংসনীয় মনোদর্পণ স্থাপনের সম্পুটক তুল্য, অজিতের (নারায়ণের) সেই বৃত্তাকার জানুদ্বয় আমাদিগের হৃদয়ে সতত আনন্দবিধান করুন। [মণিদর্পণ বড় আকারের কৌটামধ্যে রাখিবার ব্যবস্থা ছিল। এখানে ভক্ত কবি, জঙ্ঘা ও উরুর মধ্যস্থিত জানুর (হাঁটুর) বর্ণনায় উৎপ্রেক্ষা করিয়া বলিলেন, প্রভুর ঐ যে সুঠাম জানু, উহা জানু নহে, বড় আকারের কৌটা, উপরে তাহারাই ঢাকুনি দেখা যায়। ঐ কৌটার ভিতরে একখানি উৎকৃষ্ট গোলাকৃতি মণিদর্পণ আছে; সজ্জনগণের মনই সেই দর্পণ। ইহাই তৃতীয় চরণের ভাবার্থ] ॥১৯॥

দেবো ভীতিং বিধাতুঃ সপদি বিদধতৌ কৈটভাখ্যং মধুঞ্চা-
প্যারোপ্যারূঢ়গর্ব্বাবধিজলধি যয়োঃ [illegible] জঘান।
বৃত্তাবন্যোন্যতুল্যৌ চতুরমুপচয়ং বিভ্রতাবভ্রনীলা-
বূরূ চারূ হরেস্তৌ মুদমতিশয়িনীং মানসে নো বিধত্তাম্ ॥ ২০ ॥

**অনুবাদ।**—সহসা ব্রহ্মার ভীতি-সম্পাদক, গর্ব্বিত আদি-দৈত্য মধু ও

কৈটভকে দেব নারায়ণ যথায় রাখিয়া জলধিমধ্যে নিহত করিয়াছিলেন, সুবৃত্ত (সুগোল) পরস্পরতুল্য উপযুক্ত উপচয়প্রাপ্ত শ্রীহরির সেই সুচারু উরুযুগল আমাদিগের হৃদয়ে অধিকতর আনন্দবিধান করুন ॥ ২০ ॥

পীতেন দ্যোততে যচ্চতুর-পরিহিতেনাম্বরেণাত্যুদারং
জাতালঙ্কার-যোগং জলমিব জলধের্বাড়বাগ্নি-প্রভাভিঃ।
এতৎ পাতিত্যদাম্নো জঘনমতিঘনাদেনসো মাননীয়ং
সাতত্যেনৈব চেতো বিষয়মবতরৎ পাতু পীতাম্বরস্য ॥ ২১ ॥

**অনুবাদ।**—যিনি, নিপুণভাবে পরিহিত পীতবর্ণ অম্বর দ্বারা বাড়বাগ্নি-প্রভাভূষিত জলধিজলের ন্যায় অতি উত্তমরূপে শোভা পাইয়া থাকেন, পীতাম্বরের এই সেই মাননীয় জঘন আমাদিগের হৃদয়ে সতত উপস্থিত হইয়া পাতিত্য-প্রদ অতি নিবিড় পাপরাশি হইতে আমাদিগকে রক্ষা করুন ॥ ২১ ॥

যস্যা দাম্না ত্রিধাম্নো জঘনকলিতয়া ভ্রাজতেঽঙ্গং যথাব্ধে-
র্মধ্যস্থো মন্দরাদ্রির্ভুজগপতি-মহাভোগ-সন্নদ্ধ-মধ্যঃ।
কাঞ্চী সা কাঞ্চনাভা মণিবর-কিরণৈরুল্লসদ্ভিঃ প্রদীপ্তা
কল্যাং কল্যাণদাত্রী মম মতিমনিশং কম্ররূপা করোতু ॥২২॥

**অনুবাদ।**—যদীয় দাম অর্থাৎ গোছা জঘনদেশে ধারণ করায় ত্রিধামা নারায়ণের দেহ, নাগরাজের মহাভোগে আবদ্ধ-নিতম্ব ক্ষীরোদসমুদ্রমধ্যস্থ মন্দর-পর্ব্বতের ন্যায় শোভা পাইয়া থাকেন, উল্লসিত মণিবরকিরণজালে উদ্দীপ্ত সেই কমনীয়কান্তি কাঞ্চনবর্ণা কাঞ্চী (কটিভূষণ) নিরন্তর কল্যাণদাত্রী হইয়া আমার বুদ্ধিকে নিরাময় করুন ॥ ২২ ॥

উন্নম্রং কম্রমুচ্চৈরুপচিতমুদভূদ্ যত্র পত্রৈর্বিচিত্রৈঃ
পূর্ব্বং গীর্ব্বাণ-পূজ্যং কমলজ-মধুপস্যাস্পদং তৎ পয়োজম্।
তস্মি * ন্নীলাশ্ম-নীলৈস্তরল-রুচিজলৈঃ পূরিতে কেলিবুদ্ধ্যা
নালীকাক্ষস্য নাভী-সরসি বসতু নশ্চিত্ত-হংসশ্চিরায় ॥ ২৩ ॥

**অনুবাদ।**—সৃষ্টির প্রথমাবস্থায় বিচিত্র-দলপূর্ণ, কমনীয়, উন্নত, চতুরানন-মধুকরের আসন, দেবগণ-পূজ্য সেই পদ্ম, যথায় উদ্ভূত হইয়াছিল, নীলকান্তমণির

---

* যস্মিন্' এই পাঠ বাণীবিলাস পুস্তকে আছে।

ন্যায় নীলবর্ণ মেখলা-মধ্যমণির কান্তি-সলিলে পরিপূর্ণ পুণ্ডরীকাক্ষের সেই নাভি-সরোবরে আমাদিগের চিত্তরূপী হংস, কেলিবোধে চিরতরে বাস করুক ॥ ২৩ ॥

পাতালং যস্য নালং বলয়মপি দিশাং পত্রপংক্তির্নগেন্দ্রান্
বিদ্বাংসঃ কেসরালীর্বিদুরিহ বিপুলাং কর্ণিকাং স্বর্ণশৈলম্ ।
ভূয়াদ্ গায়ৎ স্বয়ম্ভূ-মধুকর-ভবনং ভূময়ং কামদং নো
নালীকং নাভি-পদ্মাকর-ভবমুরু তন্নাগশয্যস্য শৌরেঃ ॥ ২৪ ॥

**অনুবাদ।**—পাতালকে যাঁহার নাল বলিয়া, দিঙ্মণ্ডলকে দলসমূহ বলিয়া, শ্রেষ্ঠ পর্ব্বতদিগকে কেসরাবলি বলিয়া এবং সুমেরু পর্ব্বতকে বিপুল কর্ণিকা বলিয়া জগতের পণ্ডিতগণ জ্ঞাত আছেন, বেদগানরত ব্রহ্মা যথায় গুঞ্জনপরায়ণ ভ্রমরবৎ নিষণ্ণ, ভুজঙ্গশয্যায় শয়ান নারায়ণের নাভিকমলসম্ভূত সেই ভূমণ্ডলরূপ মহৎপদ্ম আমাদিগের অভীষ্টসাধন করুন ॥ ২৪ ॥

আদৌ কল্পস্য যস্মাৎ প্রভবতি বিততং বিশ্বমেতদ্বিকল্পৈঃ
কল্পান্তে যস্য চান্তঃ প্রবিশতি সকলং স্থাবরং জঙ্গমঞ্চ ।
অত্যন্তাচিন্ত্যমূর্ত্তেশ্চিরতরমজিতস্যান্তরীক্ষ-স্বরূপে
তস্মিন্নস্মাকমন্তঃকরণমতিমুদা ক্রীড়তাৎ ক্রোড়ভাগে ॥ ২৫ ॥

**অনুবাদ।**—কল্পের প্রারম্ভে এই বিকল্পপূর্ণ বিশাল বিশ্ব যাঁহা হইতে উদ্ভূত হয়, আর কল্পান্তে সকল স্থাবর-জঙ্গম যাঁহার অন্তরে প্রবিষ্ট হইয়া থাকে, অত্যন্ত অচিন্ত্যমূর্ত্তি অজিতের ( নারায়ণের ) আকাশরূপ সেই ক্রোড়ভাগে ( উদরের একাংশে ) আমাদিগের অন্তঃকরণ অতি আনন্দ সহকারে চিরতরে ক্রীড়া করুক ॥ ২৫ ॥

কান্ত্যম্ভঃ পূরপূর্ণে লসদসিত-বলী-ভঙ্গ-ভাস্বত্তরঙ্গে
গম্ভীরাকারনাভী চতুরতর-মহাবর্ত্ত-শোভিন্যুদারে ।
ক্রীড়ত্বানদ্ধ-হেমোদর-নহন-মহাবাড়বাগ্নিপ্রভাঢ্যে
কামং দামোদরীয়োদরসলিলনিধৌ চিত্তমৎস্যশ্চিরং নঃ ॥২৬॥

**অনুবাদ।**—কান্তিসলিলে পরিপূর্ণ, ( মরকতমণির ন্যায় ) মনোহর নীলবর্ণ ত্রিবলীতরঙ্গে শোভিত, গম্ভীরাকার অতিসুন্দর নাভিস্বরূপ বিশাল আবর্ত্তে বিরাজিত, সুবর্ণময় উদরবন্ধরূপ ( উদরবৃদ্ধি নিবারণের জন্য দেশবিশেষে ব্যবহৃত

রজ্জু আকারে নির্ম্মিত অলঙ্কার উদরবন্ধ নামে কথিত) বাড়বানলপ্রভায় উদ্ভাসিত, সুচারুদর্শন, নারায়ণের উদর-রূপ-সমুদ্রে আমাদিগের চিত্ত-মৎস্য চিরকাল ক্রীড়া করুক ॥ ২৬ ॥

নাভী-নালীক-মূলাদধিক-পরিমলোন্মোহিতানামলীনাং
মালা নীলেব যান্তী স্ফুরতি রুচিমতী বক্ত্রপদ্মোন্মুখী যা।
রম্যা সা রোমরাজির্মহিতরুচিকরী মধ্যভাগস্য বিষ্ণো-
শ্চিত্তস্থা মা বিরংসীচ্চিরতরমুচিতাং সাধয়ন্তী শ্রিয়ং নঃ ॥ ২৭ ॥

**অনুবাদ**।—নাভিকমল হইতে অধিক পরিমল-লোভমুগ্ধ হইয়া মুখকমলাভিমুখে উত্থিত রুচির কৃষ্ণবর্ণ-ভ্রমরপঙ্‌ক্তির ন্যায় যিনি শোভা পাইতেছেন, জগৎ-পূজিত (দেবঋষি)-গণের আকাঙ্ক্ষিত নারায়ণ-মধ্যাঙ্গ বিরাজিত সেই রমণীয় রোমাবলি আমাদিগের মনে অবস্থান করিয়া চিরতরকাল স্থায়ী উপযুক্ত ঐশ্বর্য্য-সম্পাদন কার্য্য হইতে যেন বিরত না হয়েন। ভাবার্থ,—নারায়ণের নাভিস্থান হইতে বক্ষঃস্থল পর্য্যন্ত উত্থিত যে রোমাবলি, তাহাতে কবির উৎপ্রেক্ষা এই যে, নাভিপদ্মে স্থিত অলিপুঞ্জ মুখকমলের অধিক সুগন্ধে লুব্ধ হইয়া শ্রেণীবদ্ধভাবে উপরে উঠিতেছে, রোমাবলি তাহারই রূপ ॥ ২৭ ॥

সংস্তীর্ণং কৌস্তুভাংশু-প্রসর-কিসলয়ৈ * মু`গ্ধ-মুক্তাফলাঢ্যং †
শ্রীবৎসোল্লাসি- ‡ ফুল্ল-প্রতিনব-বনমালাঙ্কি § রাজদ্‌ভুজান্তম্।
বক্ষঃ ¶ শ্রীবৃক্ষকান্তং ‖ মধুকর-নিকর-শ্যামলং শার্ঙ্গপাণেঃ
সংসারাধ্ব-শ্রমার্ত্তৈরুপবনমিব যৎ সেব্যতে তৎ প্রপদ্যে ॥ ২৮ ॥

**অনুবাদ**।—নবপল্লব সদৃশ কৌস্তুভ-মণি-কিরণ-জালে আকীর্ণ, রমণীয়

## সংস্কৃত বিষমপদব্যাখ্যা।—

* কৌস্তুভাংশুপ্রসরাঃ কিসলয়ানীব। উপবনপক্ষে, প্রসরা ইব কিসলয়ানি।

† মুক্তাফলানি মৌক্তিকহারঃ। উপবনপক্ষে, মুক্তা ইব ফলানি।

‡ শ্রীবৎসঃ শ্রীহরের্বক্ষোভূষণম্। উপবনপক্ষে. শ্রীঃ শোভা, বৎসা গোশিশবঃ অজাতদন্তা ইতি যাবৎ।

§ বনমালা অবান্তরবনশ্রেণী ইত্যুপবনপক্ষে।

¶ ভুজাবিব অন্তৌ বামদক্ষিণপ্রান্তৌ ইত্যুপবনপক্ষে।

‖ শ্রীবৃক্ষঃ অশ্বত্থঃ, লক্ষণয়া তৎপত্রগ্রহণং তদ্বৎ কান্তং, অশ্বত্থপত্রং যথা—ঊর্দ্ধতো বিস্তৃতং অধঃ ক্রমক্ষীণঞ্চ তদ্বদিতি বক্ষঃপক্ষে।

মুক্তাফল-সম্পন্ন (১) শ্রীবৎস-শোভিত (২) নব নব প্রফুল্ল বনমালা-অঙ্কিত (৩) ভুজান্ত বিরাজিত (৪) শ্রীবৃক্ষকান্ত (৫) মধুকর-নিকর-শ্যামল, (৬) যে নারায়ণ-বক্ষঃস্থলকে সংসার-কান্তার-ভ্রমণ-শ্রমার্ত্তগণ উপবনবৎ সেবা করেন, আমি তাঁহার প্রপন্ন হইতেছি ॥ ২৮ ॥

কান্তং বক্ষো নিতান্তং বিদধদিব গলং কালিমা কালশত্রো-
রিন্দোর্বিম্বং যথাঙ্কো মধুপ ইব তরোর্মঞ্জরীং রাজতে যঃ।
শ্রীমান্ নিত্যং বিধেয়াদবিরলমিলিতঃ কৌস্তুভশ্রীপ্রতানৈঃ
শ্রীবৎসঃ শ্রীপতেঃ স শ্রিয় ইব দয়িতো বৎস উচ্চৈঃ শ্রিয়ং নঃ ॥২৯॥

**অনুবাদ।**—নীলিমা যেমন মৃত্যুঞ্জয়ের কণ্ঠদেশকে বিশেষ শোভাযুক্ত করিয়াছে, কলঙ্ক যেমন চন্দ্রবিম্বকে অধিক শোভাসম্পন্ন করিয়াছে, ভ্রমর যেমন তরুকুসুমমঞ্জরীকে অধিক শোভাযুক্ত করে, যিনি কৌস্তুভমণি-প্রভা-সমূহের সহিত নিরন্তর মিলিত থাকিয়া শ্রীপতির বক্ষঃস্থলকে সেইরূপ অধিকতর শোভান্বিত করিতেছেন, শ্রীর (সর্ব্বশোভাধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবীর) প্রিয় পুত্রতুল্য সেই শ্রীবৎস

## দুরূহ পদের অর্থ।

(১) মুক্তাফল মুক্তারচিত হার; উপবনপক্ষে, মুক্তার ন্যায় স্বচ্ছ ও লোভনীয় লবলী দ্রাক্ষা প্রভৃতি ফল-সমূহ।

(২) শ্রীবৎসচিহ্নযুক্ত, উপবন পক্ষে, শ্রী—শোভা, ও বৎস—অজাতদন্ত গো-শিশু; শ্রীসম্পন্ন ও অজাতদন্ত গো-শিশু তথায় সোল্লাসে ছুটাছুটি করিতেছে।

(৩) বক্ষঃস্থলে প্রফুল্ল-কুসুমগ্রথিত অভিনব বনমালা দোদুল্যমান। উপবন-পক্ষে, মল্লিকাবন, যূথীবন, জাতিবন ইত্যাদি প্রফুল্ল কুসুমিত নব নব বনশ্রেণী যেন তথায় অঙ্কিত অর্থাৎ চিত্রিত রহিয়াছে।

(৪) আজানুলম্বিত ভুজযুগল, বক্ষঃস্থলকে যেন ক্রোড়ে করিয়া শোভা পাইতেছেন; উপবনপক্ষে, ভুজসদৃশ যে পার্শ্ব-ভাগদ্বয়, তদ্দ্বারা বিরাজিত।

(৫) শ্রীবৃক্ষ,—অশ্বত্থ, অশ্বত্থপত্রের ন্যায় ঊর্দ্ধাংশে বিস্তৃত ও নিম্নভাগ ক্রমশঃ ক্ষীণ, এইরূপ কমনীয় আকৃতিবিশিষ্ট। অথবা শ্রী—লক্ষ্মী, বৃক্ষকান্তা—লতা; লক্ষ্মীদেবী লতার ন্যায় যাঁহাকে আলিঙ্গন করিয়া আছেন। উপবনপক্ষে, শ্রীবৃক্ষ—অশ্বত্থ, বিল্ব প্রভৃতি বৃক্ষাবলির দ্বারা কমনীয়।

(৬) ভ্রমরপংক্তির ন্যায় কৃষ্ণবর্ণ। উপবনপক্ষে, ভ্রমরশ্রেণী দ্বারা কৃষ্ণবর্ণ ॥ ২৮ ॥

(মণিবিশেষ, মতান্তরে রোমাবর্ত্ত, অন্যমতে ভৃগুপদচিহ্ন) আমাদিগের উচ্চ সম্পৎ সম্পাদন করুন ॥ ২৯ ॥

সম্ভূয়াম্ভোধি-মধ্যাৎ সপদি সহজয়া যঃ শ্রিয়া সন্নিধত্তে
নীলে নারায়ণোরঃস্থল-গগন-তলে হারতারোপসেব্যে।
আশাঃ সর্ব্বাঃ প্রকাশা বিদধদপি দধচ্চাত্ম-ভাসান্যতেজাং-
স্যাশ্চর্য্যস্যাকরো নো দ্যুমণিরিব মণিঃ কৌস্তভঃ সোঽস্তু ভূত্যৈ॥৩০॥

**অনুবাদ।**—যিনি সমুদ্রমধ্য হইতে (মন্থনকালে) উদ্ভূত হইয়া হার-স্বরূপ তারকামালা-মণ্ডিত নারায়ণ-বক্ষঃস্থলরূপ নীল নভস্তলে, সহজাতা লক্ষ্মীর সহিত আশ্রয় লাভ করিয়াছেন, যিনি সূর্য্যের ন্যায় সর্ব্বদিঙ্মণ্ডল-প্রকাশক ও নিজ প্রভায় অন্য তেজকে আচ্ছন্ন করিয়াছেন, সেই আশ্চর্য্যাকর কৌস্তভমণি আমাদিগের ঐশ্বর্য্যজনক হউন ॥ ৩০ ॥

যা বায়াবানুকূল্যাৎ সরতি মণিরুচা ভাসমানাসমানা
সাকং সাকম্পমংসে বসতি বিদধতা বাসুভদ্রং সুভদ্রম্।
সারং সারঙ্গসঙ্ঘৈর্মুখরিতকুসুমা মেচকান্তা চ কান্তা
মালা মালালিতাস্মান্ন বিরমতু সুখৈর্যোজয়ন্তী জয়ন্তী ॥ ৩১ ॥

**অনুবাদ।**—যাঁহার সাম্য বা উপমা অন্যত্র নাই, অনুকূল বায়ু-বহনে চঞ্চলভাবে (নারায়ণের) স্কন্ধদেশে হারমণি-কিরণসহ উজ্জ্বলমূর্ত্তিতে যিনি অবস্থিত, যিনি বাসুভদ্র অর্থাৎ বিষ্ণুভক্তকে পরম মঙ্গলাস্পদ করিয়া থাকেন, যাঁহার কুসুমচয় অলিকুলে মুখরিত ও যাঁহার স্বরূপ (অলিসঙ্গে) নীলিমাপ্রাপ্ত, সেই লক্ষ্মী-লালিত জয়ন্তী অর্থাৎ বৈজয়ন্তী-নাম্নী কমনীয় মালা আমাদিগকে অবিলম্বে সুখী করিতে বিরত না হউন ॥ ৩১ ॥

## সংস্কৃত টীকা।

['অসমানা' অনুপমা বায়ৌ আনুকূল্যাৎ 'সরতি' বাতি সতি 'সাকম্পং' আকম্পেন সহ বর্ত্তমানং যথা স্যাৎ তথা, 'মণিরুচা'—হারমণিরুচা সাকং ভাসমানা যা, অংসে শ্রীকৃষ্ণস্কন্ধদেশে বসতি, 'সারঙ্গসঙ্ঘৈঃ' ভ্রমরসমূহৈঃ, মুখরিতকুসুমা 'মেচকান্তা' শ্যামলস্বরূপা 'কান্তা' কমনীয়া চ, 'বাসুভদ্রং' বাসুর্বিষ্ণুঃ তত্র ভদ্রঃ সাধুঃ বাসুভদ্রঃ বাসুঃ শ্রেষ্ঠঃ উপাস্যত্বেন প্রশস্যতমো বা যস্য স বিষ্ণুভক্ত ইত্যর্থঃ, 'সুভদ্রং' সুমঙ্গলং বিদধতী, 'মা' লক্ষ্মীঃ তয়া 'লালিতা' আদরেণ পালিতা,

সা 'জয়ন্তী' বৈজয়ন্তীমালা 'অরং' শীঘ্রং অস্মান্ সুখৈর্যোজয়ন্তী ন বিরমতু ন নিবৃত্তা ভবতু ]॥ ৩১ ॥

হারস্যোরু-প্রভাভিঃ প্রতিনব-বনমালাংশুভিঃ প্রাংশুরূপৈঃ
শ্রীভিশ্চাপ্যঙ্গদানাং কবলিতরুচি যন্নিষ্কভাভিশ্চ ভাতি।
বাহুল্যেনৈব বদ্ধাঞ্জলিপুটমজিতস্যাভিয়াচামহে তদ্
বন্ধার্ত্তিং বাধতাং নো বহু-বিহতি-করাং বন্ধুরং বাহুমূলম্ ॥৩২॥

**অনুবাদ**।—হারের মহতী প্রভা, অভিনব বনমালার উচ্চদীপ্তি, কেয়ূরের আভা ও নিষ্ক-নামক স্বর্ণময় বক্ষোভূষণের দ্যুতি, যাঁহার শ্যাম কান্তিকে গ্রাস করিয়াছে; আমরা কৃতাঞ্জলিপুটে বহুলভাবে প্রার্থনা করি, নারায়ণের সেই সুন্দর বাহুমূল, বহু ব্যাঘাতদায়িনী আমাদিগের ভববন্ধনব্যথাকে বিনষ্ট করুন ॥ ৩২ ॥

বিশ্ব-ত্রাণৈকদীক্ষাস্তদনুগুণ-গুণ ক্ষত্র-নির্ম্মাণ-দক্ষাঃ
কর্ত্তারো দুর্নিরূপ-স্ফুটগুণ-যশসাং কর্ম্মণামদ্ভুতানাম্।
শার্ঙ্গং বাণং কৃপাণং ফলকমরিগদে পদ্ম-শঙ্খৌ সহস্রং
বিভ্রাণাঃ শস্ত্রজালং মম দধতু হরের্বাহবো মোহহানিম্ ॥ ৩৩ ॥

**অনুবাদ**।—যাঁহারা বিশ্বরক্ষায় একমাত্র ব্রতী, রক্ষাকার্য্যের অনুকূল গুণসম্পন্ন সেই ক্ষত্রিয়বর্ণের উৎপত্তি যথা হইতে হইয়াছে, অসংখ্যেয় সুপ্রকাশিত গুণকীর্ত্তির নিদান অদ্ভুত কর্ম্ম যাঁহারা করিয়াছেন, শার্ঙ্গধনু, বাণ, (নন্দক) অসি, বর্ম্ম, (সুদর্শন) চক্র, (কৌমোদকী) গদা, পদ্ম, (পাঞ্চজন্য) শঙ্খ প্রমুখ শস্ত্রসমূহধারী শ্রীহরির সহস্র বাহু আমার মোহ ধ্বংস করুন ॥ ৩৩ ॥

কণ্ঠাকল্পোদ্গতৈর্যঃ কনকময়-লসৎকুণ্ডলোত্থৈরুদারৈ-
রুদ্যোতৈঃ কৌস্তুভস্যাপ্যুরুভিরুপচিতশ্চিত্রবর্ণো বিভাতি।
কণ্ঠাশ্লেষে রমায়াঃ কর-বলয়পদৈর্মুদ্রিতে ভদ্ররূপে
বৈকুণ্ঠীয়েঽত্র কণ্ঠে বসতু মম মতিঃ কুণ্ঠভাবং বিহায় ॥ ৩৪ ॥

**অনুবাদ**।—যিনি. কণ্ঠভূষণ হইতে উদ্গত সুশোভিত কনক-কুণ্ডলোত্থিত উৎকৃষ্ট দ্যুতি দ্বারা, বিশেষতঃ কৌস্তুভমণির অত্যুজ্জ্বল জ্যোতির্মণ্ডলে

সংবর্দ্ধিত হইয়া, বিচিত্র বর্ণে শোভা পাইতেছেন ; আলিঙ্গনের সময়ে লক্ষ্মী-কর-বলয়চিহ্নাঙ্কিত চারুমূর্ত্তি সেই নারায়ণ-কণ্ঠে আমার বুদ্ধি সঙ্কোচ ত্যাগ করিয়া অবস্থিত হউক ॥ ৩৪ ॥

পদ্মানন্দ-প্রদাতা পরিলসদরুণ-শ্রী-পরীতাগ্রভাগঃ
কালে কালে চ কম্বুপ্রবর-শশধরাপূরণে যঃ প্রবীণঃ।
বক্ত্রাকাশান্তরস্থস্তিরয়তি নিতরাং দন্ততারৌঘশোভাং
শ্রীভর্ত্তুর্দন্তবাসো-দ্যুমণিরঘতমো নাশনায়াস্ত্বসৌ নঃ ॥ ৩৫ ॥

**অনুবাদ**।—যিনি পদ্মানন্দকারী (পদ্মা—লক্ষ্মী, তাঁহার আনন্দ, সূর্য্য পক্ষে পদ্মপুষ্পের প্রফুল্লতা), যাঁহার অগ্রভাগ অরুণ-শ্রীশোভিত, (ওষ্ঠ পক্ষে অগ্রভাগ-প্রান্ত ; অরুণ শ্রী, রক্ত আভা। সূর্য্যপক্ষে অগ্রভাগ সূর্য্যরথের সম্মুখভাগ, বা সূর্য্যোদয়ের পূর্ব্বাবস্থা, অরুণ—সূর্য্যের সারথি, বা তৎপূর্ব্বোদিত সূর্য্যকিরণ, তদীয় শ্রী—তদীয় শোভা) যিনি সময়ে সময়ে (একপক্ষে যুদ্ধ ও উৎসবসময়ে পক্ষান্তরে শুক্লপক্ষের প্রতিপদ হইতে পূর্ণিমা পর্য্যন্ত) শঙ্খরাজ-স্বরূপ চন্দ্রের আপূরণে (ওষ্ঠপক্ষে, বাদনার্থ মুখবায়ুর দ্বারা আপূরণে, সূর্য্য-পক্ষে চন্দ্রের ক্ষীণ কলাকে পূর্ণ করিতে) সুদক্ষ ; যিনি বদনাকাশাভ্যন্তরে অবস্থিত হইয়া দন্তপংক্তিস্বরূপ নক্ষত্রাবলীর শোভা হরণ করেন, শ্রীনাথের সেই ওষ্ঠাধররূপী সূর্য্য আমাদিগের পাপরূপ অন্ধকার বিনাশের কারণ হউন। এই শ্লোকের ভাবার্থ :—সূর্য্যের কার্য্য পদ্মপুষ্পকে প্রফুল্ল করা, তাঁহার সম্মুখভাগে থাকেন অরুণদেব,—উদয়ের পূর্ব্বে সেই অরুণের দর্শন পাওয়া যায়, সূর্য্যকিরণ দ্বারাই চন্দ্রের কলা পূর্ণ হয়, চন্দ্রের যে অংশ পৃথিবীর ছায়ায় আবৃত থাকে, তাহা সূর্য্যকিরণলাভে বঞ্চিত হয়, যতটুকু ছায়ার বাহিরে থাকে, তাহাতেই সূর্য্য-কিরণপাত হয়, আর উজ্জ্বলতা লাভ করে, তিথি অনুসারে গতিভেদহেতু, চন্দ্র-কলার আবরণে ন্যূনাধিক্য হয়। সূর্য্য আকাশমণ্ডলে যে স্থানে প্রকাশিত থাকেন, তথায় নক্ষত্রপ্রভা তিরোহিত হয়, এই সকল ভাব সূর্য্যের ন্যায় নারায়ণের ওষ্ঠা-ধরে আছে, তাই তাঁহাকে সূর্য্যরূপে বর্ণনা করা হইয়াছে। যথা—ওষ্ঠাধরের প্রান্ত-ভাগ অত্যন্ত অরুণবর্ণ, উহাই অরুণোদয়ের সহিত সমীকৃত, পাঞ্চজন্য শঙ্খ ধবল-তায় চন্দ্রতুল্য, মুখাভ্যন্তরস্থ বায়ুযোগে তাঁহাকেও পূর্ণ করিতে হয়, সেই পাঞ্চজন্য শঙ্খের পূরণে ওষ্ঠাধর প্রত্যক্ষ হেতু, আর এই ওষ্ঠাধরই মুখবিবরে থাকিয়া দন্তা-বলীকে আবৃত রাখিয়াছে, (বিবর আকাশ ব্যতীত কিছুই নহে) শুভ্রদন্তাবলী

তারকাপঙ্‌ক্তির ন্যায়। এই রূপকে নারায়ণের ওষ্ঠাধরকে সূর্য্যরূপে বর্ণনা করিয়া তাঁহার নিকটে পাপান্ধকার ধ্বংসের প্রার্থনা বড়ই শোভন ॥ ৩৫ ॥

নিত্যং স্নেহাতিরেকান্নিজকমিতুরলং বিপ্রযোগাক্ষমা যা
বক্ত্রেন্দোরন্তরালে কৃতবসতিরিবাভাতি নক্ষত্ররাজিঃ।
লক্ষ্মীকান্তস্য কান্তাকৃতিরতিবিলসন্ মুগ্ধমুক্তাবলিশ্রী-
র্দন্তালী সন্ততং সা নতি-নুতি-নিরতানক্ষতান্ রক্ষতান্নঃ ॥ ৩৬॥

**অনুবাদ**।—প্রেমের আতিশয্যে নিজ কান্তের (চন্দ্রের) দীর্ঘ বিচ্ছেদ সহ্য করিতে অসমর্থ হইয়াই যেন নারায়ণ-মুখচন্দ্রের অভ্যন্তরে সদা অবস্থিত নক্ষত্র-রাজির ন্যায় যাঁহারা শোভা পাইয়া থাকেন, সুবিন্যস্ত সুন্দর মুক্তা-পঙ্‌ক্তি-শোভনা লক্ষ্মীকান্তের সেই দশনপঙ্‌ক্তি সদা স্তুতিনতিপরায়ণ আমাদিগকে রক্ষা করুন, এবং যেন আমরা অক্ষত থাকি ॥ ৩৬ ॥

ব্রহ্মন্ ব্রহ্মণ্যজিহ্মাং মতিমপি কুরুষে দেব সম্ভাবয়ে ত্বাং
শম্ভো শক্র ত্রিলোকীমবসি কিমমরৈর্নারদাদ্যাঃ সুখং বঃ।
ইত্থং সেবাবনম্রং সুর-মুনি-নিকরং বীক্ষ্য বিষ্ণোঃ প্রসন্ন-
স্যাস্যেন্দোরাস্রবন্তী বর বচন-সুধাহ্লাদয়েন্ মানসং নঃ ॥ ৩৭ ॥

**অনুবাদ**।—"হে ব্রহ্মন্! বেদে অবক্র বুদ্ধি রাখিয়াছ ত? হে দেব শম্ভো! আপনার সম্বর্দ্ধনা করিতেছি। হে ইন্দ্র! দেবগণ-সহযোগে ত্রৈলোক্য রক্ষায় রত আছ ত? নারদাদি মুনিগণ! তোমরা সুখে আছ ত?" সেবা বিনম্র দেবতা ও মুনিগণকে অবলোকন করিয়া নারায়ণের প্রসন্ন মুখচন্দ্র-নিঃসৃত (পূর্ব্বোক্ত) উৎকৃষ্ট বচনামৃত যেন আমাদিগের হৃদয়কে আপ্যায়িত করেন ॥ ৩৭ ॥

কর্ণস্থ-স্বর্ণ-কম্রোজ্জ্বল-মকর-মহাকুণ্ডল-প্রোতদীপ্যন্
মাণিক্যশ্রীপ্রতানৈঃ পরিমিলিতমলি-শ্যামলং কোমলং যৎ।
প্রোদ্যৎসূর্য্যাংশুরাজন্-মরকত-মুকুরাকারচোরং মুরারে-
র্গাঢ়ামাগামিনীং নঃ শময়তু বিপদং গণ্ডয়োর্মণ্ডলং তৎ ॥ ৩৮ ॥

**অনুবাদ**।—নারায়ণের ভ্রমর-কৃষ্ণ কোমল গণ্ডমণ্ডল, কর্ণস্থিত সুবর্ণ-ময় উজ্জ্বল কমনীয় মকরাকৃতি মহাকুণ্ডলনিবদ্ধ প্রদীপ্ত মাণিক্য-প্রভাপুঞ্জে

সম্মিলিত হইয়া, যিনি উদীয়মান সূর্য্যকিরণোদ্ভাসিত মরকতমণিদর্পণের আকার অপহরণ করিয়াছেন, তিনি আমাদিগের আগামিনী গাঢ় বিপদ শমিত করুন ॥ ৩৮ ॥

বক্ত্রাম্ভোজে লসন্তং মুহুরধরমণিং পক্কবিম্বাভিরামং
দৃষ্ট্বা দংষ্টুং * শুকস্য স্ফুটমবতরতস্তুণ্ডদণ্ডায়তে যঃ।
ঘোণঃ শোণীকৃতঃ স † শ্রবণযুগলসৎকুণ্ডলোস্রৈর্ম্মুরারেঃ
প্রাণাখ্যস্যানিলস্য প্রসরণসরণিঃ প্রাণদানায় নঃ স্যাৎ ॥ ৩৯ ॥

**অনুবাদ।**—যিনি শ্রোত্রযুগল-বিরাজিত মণিকুণ্ডলকিরণপাতে অরুণবর্ণ হওয়াতে, (নারায়ণের) মুখকমলবিরাজিত পক্ক-বিম্ব-রমণীয় অধরমণি দর্শন করিয়া দংশনার্থ অবতীর্ণ শুক পক্ষীর তুণ্ড-দণ্ড অর্থাৎ চঞ্চুপুটের সাদৃশ্য স্পষ্টরূপে প্রাপ্ত হইয়াছেন, নারায়ণের প্রাণানিলসঞ্চারণমার্গ সেই নাসিকা আমাদিগের প্রাণদানের হেতু হউন ॥ ৩৯ ॥

দিক্‌কালৌ বেদয়ন্তৌ জগতি মুহুরিমৌ সঞ্চরন্তৌ রবীন্দূ
ত্রৈলোক্যালোক-দীপাবভিদধতি যয়োরেব রূপং মুনীন্দ্রাঃ।
অস্মানব্জপ্রভে তে প্রচুরতরকৃপানির্ভরং প্রেক্ষমাণে
পাতামাতাম্রশুক্লা সিতরুচিরুচিরে পদ্মনেত্রস্য নেত্রে ॥৪০॥

**অনুবাদ।**—ত্রৈলোক্যদর্শন দীপ, দিক্-কাল-পরিজ্ঞাপক সূর্য্য ও চন্দ্রকে যদীয় রূপ বলিয়া মুনীন্দ্রগণ নির্দ্দেশ করেন, পুণ্ডরীকাক্ষের আতাম্র-কৃষ্ণ-শুভ্রবর্ণে (প্রান্তে আতাম্র, তারকায় কৃষ্ণ এবং তৎপার্শ্বে শুভ্রবর্ণ) মনোহর সেই নয়নযুগল, প্রচুরতর কৃপাপূর্ণভাবে দৃষ্টিপাত করতঃ আমাদিগকে রক্ষা করুন ॥ ৪০ ॥

পাতাৎ পাতালপাতাৎ পতগপতিগতেভ্রূর্যুগং ভুগ্নমধ্যং
যেনেষচ্চালিতেন স্বপদনিয়মিতাঃ সাসুরা দেবসঙ্ঘাঃ।
নৃত্যল্লালাটরঙ্গে রজনিকরতনোরর্দ্ধখণ্ডাবদাতে
কালব্যালদ্বয়ং বা বিলসতি সময়া বালিকা মাতরং ‡ নঃ ॥৪১॥

**অনুবাদ।**—যাঁহার ঈষৎ সঞ্চালনে অসুর ও দেবগণ স্ব স্ব পদে স্থির

---

* "জষ্টুং" এই পাঠ বাণীবিলাস মুদ্রিত পুস্তকে আছে।
† "শোণীকৃতাত্মা" এই পাঠ বাণীবিলাস মুদ্রিত পুস্তকে আছে।
‡ 'মাস্তরং' পাঠ সঙ্গত।

থাকেন, যিনি চন্দ্রবিম্বের অর্দ্ধখণ্ডাকার নির্ম্মল ললাটরঙ্গে নৃত্যরত (বলিয়াই যেন) ভূপ্রমধ্য, এবং যিনি কৃষ্ণসর্পযুগলের ন্যায় অথবা মাতৃসমীপে বালিকার ন্যায় শোভা পাইতেছেন, গরুড়বাহন নারায়ণের সেই ভ্রূযুগল আমাদিগকে পাতালপাত অর্থাৎ অধঃপাত হইতে রক্ষা করুন। আংশিক ভাবার্থঃ—অর্দ্ধচন্দ্রাকৃতি নারায়ণ-ললাটে ভ্রমরকৃষ্ণ ধনুরাকৃতি ভ্রূযুগলও ভ্রমরকৃষ্ণ, আকারে ও বর্ণে ললাটের সহিত ভ্রূযুগলের সাদৃশ্য আছে, প্রভেদ এই ললাট, ক্ষুদ্র ভ্রূযুগলকে ক্রোড়ে ধারণ করিয়া রাখিয়াছেন, তাই ললাটকে মাতা ও ভ্রূকে বালিকা বলিয়া উৎপ্রেক্ষা করা হইয়াছে। গরুড় নাগলোকের অন্তকস্বরূপ; পাতাল—নাগলোক; এখানে 'গরুড়-বাহনের ভ্রূযুগল' এইরূপ নির্দ্দেশ করায় তাঁহার যে পাতালের উপর অসীম প্রভাব, তাহা সূচিত, অতএব পাতালপাত হইতে রক্ষা তাঁহার কার্য্য, আর কৃষ্ণ-ভুজঙ্গের সহিত তুলনা করায় নাগলোকে ভ্রূযুগের গার্হস্থ্য সূচিত, গৃহস্বামী গৃহ-দ্বার রুদ্ধ করিলে বাহিরের ব্যক্তি তাহাতে প্রবেশ করিতে পারে না, সেই রীতিতে অন্য ব্যক্তির পাতাল-পাতে বা পাতালপ্রবেশে বাধা দিতে ভুজঙ্গের অধিকার আছে, কারণ, সে পাতালবাসী; অতএব এইরূপ প্রার্থনাবাক্যটি বড়ই শোভন হইয়াছে।

## বিশেষ স্থলের সংস্কৃত টীকা।

মাতরং সময়া মাতুরন্তিকে বালিকা 'বা বিলসতীতি পদদ্বয়মত্রাপ্যন্বেতি দেহলীদীপন্যায়াৎ। বা কার ইবার্থে, অত্র তদাবৃত্ত্যা বিকল্পঃ সমুচ্চয়ো বার্থঃ স্বীকার্য্যঃ। ভ্রূযুগমিত্যেকবচনানুরোধাৎ বালিকেত্যেকবচনং, প্রয়োগসাধুত্বায়, অত্র তদর্থো ন বিবক্ষিতঃ, কিন্তু বালিকাত্বেন বালিকাদ্বয়স্য গ্রহণমথবা ভ্রূযুগস্যৈবৈকবালিকারূপেণ গ্রহণম্। অত্র 'বালিকামান্তরং নঃ' ইতি যুক্তঃ পাঠঃ। অস্যার্থঃ—আলিকামং সেতুকামং অন্তরং অন্তরাত্মানং সময়া বা আসন্নাদেব পাতালপাতাৎ পাতালগতনাৎ পাতাদ্ রক্ষতু।

## এই পাঠান্তরের অনুবাদ।

আমাদিগের অন্তর সেতু কামনা করিতেছে, আমাদিগকে আসন্নতর পাতাল-পতন হইতে (ভ্রূযুগল) রক্ষা করুন। ভাবার্থ এই—ভবসমুদ্রের সেতু কামনা যাহার আছে, সেই আমার অন্তরাত্মা সেতুলাভের পরিবর্ত্তে অচিরেই পাতালে পতিত হইবে, অতএব তাহাকে রক্ষা করুন ॥ ৪১ ॥

লক্ষ্মাকারালকালি-স্ফুরদলিক-শশাঙ্কার্দ্ধসন্দর্শ-মীলন্-
নেত্রাম্ভোজ-প্রবোধোৎসুক-নিভৃততরালীনভৃঙ্গচ্ছটাভে।
লক্ষ্মীনাথস্য লক্ষ্যীকৃত-বিবুধগণাপাঙ্গ-বাণাসনার্দ্ধ-
চ্ছায়ে নো ভূরি-ভূতি-প্রসবকুশলতে ভ্রূলতে পালয়েতাম্ ॥৪২॥

**অনুবাদ** :—অলকাবলি (ঝাঁপ্‌টা চুল) যাঁহার কলঙ্ক আকারে প্রতীয়মান, সেই ললাটস্বরূপ অর্দ্ধচন্দ্রদর্শনে মুদিত, নয়ন-কমলের প্রবোধসময়ের অপেক্ষায় অতি নিশ্চলভাবে অবস্থিত ভ্রমরকুলের সাদৃশ্য যথায় বর্ত্তমান, লক্ষ্যীকৃত-দেবসংহতির অপাঙ্গ-চাপার্দ্ধ-সমাকৃতি *, প্রভূত ঐশ্বর্য্য-সম্পাদন-কুশল, লক্ষ্মীকান্তের সেই দুই ভ্রূলতা আমাদিগকে রক্ষা করুন ॥ ৪২ ॥

রূক্ষ-স্ফারেক্ষু-চাপচ্যুতশর-নিকর-ক্ষীণ-লক্ষ্মী-কটাক্ষ-
প্রোৎফুল্লৎ-পদ্মমালা-বিলসিত-মহিত-স্ফাটিকৈশানলিঙ্গম্।
ভূয়াদ্ ভূয়ো বিভূত্যৈ মম ভুবনপতেভ্রূ‌র্লতাদ্বন্দ্বমধ্যা-
দুত্থং তৎ পুণ্ড্রমূর্দ্ধ্বং জনিমরণতমঃখণ্ডনং মণ্ডনঞ্চ ॥ ৪৩ ॥

**অনুবাদ** :—কামদেবের ইক্ষুদণ্ড-চাপ-নিঃসৃত রূক্ষ-শরনিকরসম্পাতে ক্ষীণ (হইলেও) লক্ষ্মীদেবীর কটাক্ষরূপ প্রস্ফুটিত পদ্মমালার অর্পণে পূজিত, স্ফাটিক শিবলিঙ্গাকৃতি যে ঊর্দ্ধপুণ্ড্র ভুবনপতি নারায়ণের ভ্রূযুগলমধ্য হইতে উত্থিত হইয়াছে, তিনি আমার বহুতর বিভূতির নিমিত্ত অলঙ্কারস্বরূপ হউন, এবং আমার জন্মমরণ-ধ্বান্ত বিনাশ করুন।

[এই ঊর্দ্ধপুণ্ড্র শ্বেতবর্ণ, মধ্যে লক্ষ্মীদেবীর রক্তবর্ণরেখাচিহ্ন আছে। মধ্যে স্থূল, ঊর্দ্ধে তদপেক্ষা ক্ষীণ। বিষ্ণুভক্ত কবি নিজেও এইরূপ তিলকধারণের প্রার্থনা করিতেছেন। বিশেষ জ্ঞাতব্য এই যে, সেই শ্লোকের প্রথমার্দ্ধ ও পরবর্ত্তী শ্লোকের প্রথম চরণ দর্শনে বিবেচনা হয়,—এই পাদাদি কেশান্ত স্তোত্র, মহারাষ্ট্র দেশের সুপ্রসিদ্ধ পাণ্ডুরঙ্গ নামক বিষ্ণুমূর্ত্তি দর্শনে রচিত; কারণ, সেই মূর্ত্তির মস্তকে একটি ক্ষুদ্র শিবলিঙ্গ আছেন। ঊর্দ্ধপুণ্ড্রের ঊর্দ্ধে অন্তিমস্থানে সেই শিবলিঙ্গ বলিয়া

* অপাঙ্গ—নেত্রপ্রান্ত ও অনঙ্গ। দেবসংহতি—দেবগণ, নারায়ণের অপাঙ্গ লক্ষ্য, তাঁহার কৃপাকটাক্ষের দেবতারা অধিকারী, সুতরাং নারায়ণের ভ্রূ সেই অপাঙ্গের সহিত সম্বন্ধযুক্ত, এবং ভ্রূলতার আকৃতি ধনুকের অর্দ্ধাংশের ন্যায়;—ইহা এক অর্থ। অপর অর্থ, সমস্ত দেবগণই যাঁহার বাণের লক্ষ্য, সেই অনঙ্গদেবের মোহন ধনুর অর্দ্ধভাগের ন্যায় ভ্রূলতার আকৃতি।

উর্দ্ধপুণ্ড্রের সহিত তাঁহার সম্বন্ধ কথিত হইয়াছে। তদনুসারে প্রথমার্দ্ধের ভাবার্থ নিম্নলিখিতরূপ হইবে।—মদনশরাঘাতে ক্ষীণ শিবলিঙ্গ বিষ্ণুমস্তকে আশ্রয় গ্রহণ করিয়াছেন, উর্দ্ধপুণ্ড্রবিন্যাসসময়ে লক্ষ্মীদেবীর দৃষ্টি পদ্মমালা আকারে তাহাতে নিপতিত এবং তাহাতেই তিনি অর্চ্চিত হইয়াছেন। মদনশরাঘাতে ক্ষীণতাই শিবলিঙ্গের ক্ষুদ্রতার কারণ, এবং ঐ উর্দ্ধপুণ্ড্র হইতেই বিন্যাসকারিণী লক্ষ্মীর কটাক্ষলাভে তিনি সুস্থ হইয়াছেন। ইহাই কবির উৎপ্রেক্ষা ] ৪৩ ॥

পীঠীভূতালকান্তে * কৃতমুকুট-মহাদেবলিঙ্গ-প্রতিষ্ঠে
লালাটে নাট্যরঙ্গে বিকটতরতটে কৈটভারেশ্চিরায়।
প্রোদ্ঘাট্যৈবাত্মতন্ত্রী-প্রকটপটকুটীং প্রস্ফুরন্তী স্ফুটাঙ্গং
পটীবয়ং ভাবনাখ্যাং চটুলমতিনটী নাটিকাং নাটয়েন্নঃ ॥ ৪৪ ॥

**অনুবাদ।**—যথায় অলকাগ্রভাগ পীঠস্বরূপ, ও মুকুটরূপী শিবলিঙ্গ প্রতিষ্ঠিত, কৈটভসূদনের সেই অতিসুন্দর ললাটতলস্বরূপ নাট্যরঙ্গক্ষেত্রে আত্ম-বিষয়ে অজ্ঞানরূপ পটগৃহ উদ্‌ঘাটন করিয়া সুব্যক্তাবয়বে আবির্ভূতা নিপুণা এই চঞ্চল বুদ্ধিরূপা নটী, ভাবনানাম্নী (ধ্যানরূপা) নাটিকা আমাদের সমীপে অভিনয় করুন।

[ বিশেষ বক্তব্য, পূর্ব্ব-শ্লোকের ন্যায় এ স্থানেও পাণ্ডুরঙ্গ-মূর্ত্তির চিত্র পরিস্ফুট, মুকুটস্থানে শিবলিঙ্গ, কাজেই অলকান্ত তাঁহার পীঠ, সপীঠ শিবলিঙ্গ ললাটেই প্রতিষ্ঠিত। দ্বিতীয় চরণে "নাট্যরঙ্গ" শব্দ "পাণ্ডুরঙ্গ" নামের স্মারক। ] ॥ ৪৪ ॥

মালালীবালিধাম্নঃ কুবলয় কলিতা শ্রীপতেঃ কুন্তলালী
কালিন্দ্যারুহ্য মূর্দ্ধ্নো গলতি হরশিরঃ-স্বর্ধুনীস্পর্দ্ধয়া নু।
রাহুর্ব্বা যাতি বক্ত্রং সকলশশিকলা-ভ্রান্তিলোলান্তরাত্মা
লোকৈরালোক্যতে যা প্রদিশতু সততং সাখিলং মঙ্গলং নঃ ॥ ৪৫ ॥

**অনুবাদ।**—ইহা কি ভ্রমরকুলের আভা—বহুমালাকারে সজ্জিত, (ইহা কি ভ্রমরবাসস্থানের শ্রেণীবদ্ধভাবে বিভিন্ন সজ্জে বিন্যাস) কিংবা যমুনা, শিব-মস্তক ও গঙ্গার প্রতি স্পর্দ্ধা করিয়া (নারায়ণের) মস্তকে আরোহণ করিয়া তথা হইতে ক্ষরিত হইতেছেন, অথবা পূর্ণ শশধর ও শশিখণ্ড ভ্রমে (ললাট দর্শনে

---

* "পীঠীভূতালকান্তং" ইহা বাণীবিলাস মুদ্রিত পুস্তকপাঠ।

শশিখণ্ড ভ্রম) লুব্ধ হইয়া রাহু মুখমণ্ডলের প্রতি ধাবিত হইতেছে—লোকে এই-রূপ (বিতর্ক সহ) শ্রীপতির যে কুবলয়শোভিত কেশপাশকে অবলোকন করে, তিনি আমাদিগকে সদা অখিল কল্যাণ প্রদান করুন ॥ ৪৫ ॥

সুপ্তাকারাঃ প্রসুপ্তে ভগবতি বিবুধৈরপ্যদৃষ্টস্বরূপা
ব্যাপ্তব্যোমান্তরালাস্তরল-মণিরুচা রঞ্জিতাঃ স্পষ্টভাসঃ।
দেহচ্ছায়োদ্‌গমাভা রিপু-বপুরগুরু-প্লোষ-রোষাগ্নি-ধূমাঃ *
কেশাঃ কেশিদ্বিষো নো বিদধতু বিপুলক্লেশপাশপ্রণাশম্ ॥৪৬॥

অনুবাদ।—যখন ভগবান্ প্রসুপ্ত থাকেন, তখন (প্রলয়াবস্থায়) দেবগণও যাঁহাদিগকে দর্শন করিতে সমর্থ হয়েন না, যাঁহারা আকাশমণ্ডলকে ব্যাপ্ত করিয়া অবস্থিত; হারমধ্যমণি-প্রভায় রঞ্জিত স্পষ্টপ্রকাশ ও সুররিপুশরীররূপী অগুরুবন-দাহক রোষানলের ধূমস্বরূপ; কেশিহন্তা নারায়ণের উদ্ধোত্থিত কলেবর-কান্তি সদৃশ (জলদকৃষ্ণ) সেই কেশসমূহ আমাদিগের বিপুল ক্লেশবন্ধন বিনষ্ট করুন ॥৪৬॥

যত্র প্রত্যুপ্ত-রত্ন-প্রবর-পরিলসদ্-ভূরি-রোচিষ্প্রতান-
স্ফূর্ত্ত্যাং মূর্ত্তির্মুরারেদ্যু্যমণি-শত-চিতব্যোমবদ্ দুর্নিরীক্ষ্যা।
কুর্ব্বৎ পারে পয়োধি-জ্বলদকৃশ-শিখা-ভাস্বদৌর্ব্বাগ্নিশঙ্কাং
শশ্বন্নঃ শর্ম্ম দিশ্যাৎ কলিকলুষতমঃপাটনং তৎ কিরীটম্ ॥ ৪৭ ॥

অনুবাদ।—যদীয় উৎকৃষ্ট রত্ন-রাজি-নিঃসৃত প্রভামণ্ডলস্ফুরণে, মুরারির মূর্ত্তি শত-সূর্য্য-সমুদ্ভাসিত গগনতলের ন্যায় দুর্দ্দর্শ হইয়া থাকেন, সমুদ্রপারে প্রজ্বলিত বিপুল শিখাভাস্বর বাড়বানল-শঙ্কা-সম্পাদনকারী কলিকলুষান্ধকার-বিধ্বংসী সেই (মুরারি-) কিরীট, আমাদিগকে সর্ব্বদা সুখ প্রদান করুন ॥ ৪৭ ॥

ভ্রান্ত্বা ভ্রান্ত্বা যদন্তস্ত্রিভুবনগুরুরপ্যব্দকোটীরনেকাঃ
গন্তুং নান্তং সমর্থো ভ্রমর ইব পুনর্নাভিনালীকনালাৎ।
উন্মজ্জন্নূর্জ্জিতশ্রীস্ত্রিভুবনমবরং † নির্ম্মমে তৎ সদৃক্ষং
দেহাম্ভোধিঃ স দেয়ান্নিরবধিরমৃতং দৈত্যবিদ্বেষিণো নঃ ॥৪৮॥

অনুবাদ।—ত্রিভুবনগুরু ঊর্জ্জিতশ্রী ব্রহ্মাও যাঁহার অভ্যন্তরে বহু

* 'ধূমাঃ' এই পাঠ বাণীবিলাস মুদ্রিত পুস্তকে আছে।
† 'মপরং' বাণীবিলাস মুদ্রিত পাঠ।

কোটি বৎসর ভ্রমণ করিয়াও অন্ত প্রাপ্ত হয়েন নাই, তখন নাভিকমলনাল হইতে ভ্রমরবৎ উন্মগ্ন হইয়া তাহার অনুকরণে ক্ষুদ্র ত্রিভুবন নির্ম্মাণ করেন, দৈত্যারি নারায়ণের সেই অবধিহীন দেহ-সমুদ্র আমাদিগকে অমৃত প্রদান করুন ॥ ৪৮ ॥

মৎস্যঃ কূর্ম্মো বরাহো নরহরিণপতির্বামনো জামদগ্ন্যঃ
কাকুৎস্থঃ কংসঘাতী মনসিজবিজয়ী যশ্চ কল্কির্ভবিষ্যন্।
বিষ্ণোরংশাবতারা ভুবনহিতকরা ধর্ম্মসংস্থাপনার্থাঃ
পায়াসুর্মাং ত এতে গুরুতর-করুণাভারখিন্নাশয়া যে ॥ ৪৯ ॥

**অনুবাদ**।—মৎস্য, কূর্ম্ম, বরাহ, নরসিংহ, বামন, জামদগ্ন্য-রাম, কাকুৎস্থ রাম, কংসঘাতী, মারজিৎ (বুদ্ধ) আর যিনি ভবিষ্যৎ অবতার কল্কি,—ইঁহারা বিষ্ণুর ভুবনহিতকর, ধর্ম্মসংস্থাপনার্থ অংশাবতার * গুরুতর করুণাভারখিন্ন-চেতা এই সেই ইঁহারা আমাকে রক্ষা করুন ॥ ৪৯ ॥

যস্মাদ্ বাচো নিবৃত্তাঃ সমমপি মনসা লক্ষণামীক্ষমাণাঃ
স্বার্থালাভাৎ পরার্থব্যপগম-কথন-শ্লাঘিনো বেদ-বাদাঃ।
নিত্যানন্দং স্বসংবিন্নিরবধি বিমলস্বান্ত-সংক্রান্ত-বিম্ব-
চ্ছায়াপত্যাপি নিত্যং সুখয়তি যমিনো যত্তদব্যান্ মহো নঃ ॥৫০॥

**অনুবাদ**।—লক্ষণা পর্য্যালোচনা করত যাঁহা হইতে বাক্য নিবৃত্ত হইয়াছে, সঙ্গে সঙ্গে মনও (নিবৃত্ত হইয়াছে), বেদবাক্য স্বার্থকে লাভ না করাতে পরার্থ-নিবৃত্তিকথন দ্বারা আত্মপ্রতিষ্ঠা রক্ষা করিয়াছেন; যিনি নিরবধি নিত্যানন্দ ও স্বপ্রকাশ,—নির্ম্মল চিত্তে প্রতিফলিত বিম্বস্বরূপ স্বকীয় ছায়াপাতে যিনি যম-পরায়ণদিগকে সুখী করিয়া থাকেন, সেই জ্যোতিঃ আমাদিগকে রক্ষা করুন।

[ দুরূহ অংশের ভাবার্থ,—"যাঁহার আকার আছে বা গুণ বা কর্ম্ম আছে, কথা দ্বারা সেই বস্তুকে বুঝান যাইতে পারে,—ঘট পট পশু পক্ষী মানব—এ সকলেরই বিশেষ বিশেষ আকারাদি থাকায় সেই সব অনুসন্ধান করিয়া কথায় তাহার লক্ষণ হয়,—লক্ষণ করিবার পূর্ব্বে মনের দ্বারাও তাহাকে বুঝা যায়, আকাশের আকার না থাকিলেও শব্দগুণ ও অনাবরণতা এই সব লক্ষণ দ্বারা আকাশ বাক্য ও মনের আয়ত্তে থাকে,—কিন্তু ব্রহ্মস্বরূপ প্রকাশের ভাষা নাই, মনও তথায় পৌঁছিতে পারে না, তাই বেদ বলিয়াছেন, শরীর ব্রহ্ম নহে,

* দশাবতারস্তোত্রে এতৎসম্বন্ধে কিছু কথিত হইয়াছে।

ইন্দ্রিয় ব্রহ্ম নহে, মন ব্রহ্ম নহে, বুদ্ধি ব্রহ্ম নহে—সমস্ত জড় পদার্থ হইতে তিনি ভিন্ন, ইহাকেই "তন্ন' 'তন্ন' কঁরা বলে,—যাহা বাক্যের দ্বারা প্রকাশ্য, ব্রহ্ম যে তাহা নহেন, এইটুকু বলিবার অধিকারেই বেদ শ্লাঘান্বিত, এমন কোন পদ কি বাক্য নাই—যাহার সাক্ষাৎ অর্থ ব্রহ্ম হইতে পারে। এইরূপ তিনি মনেরও গম্য নহেন" এই ভাবটাই শ্লোকের প্রথমার্দ্ধে প্রকাশিত হইয়াছে ] ॥ ৫০ ॥

আপাদাদা চ শীর্ষাদ্ বপুরিদমনঘং বৈষ্ণবং যঃ স্বচিত্তে
ধত্তে নিত্যং নিরস্তাখিলকলিকলুষে সন্ততান্তঃপ্রমোদম্।
জুহ্বজ্জিহ্বাকৃশানৌ হরিচরিত-হবিঃ-স্তোত্র-মন্ত্রানুপাঠৈ-
স্তৎপাদাম্ভোরুহাভ্যাং সততমপি নমস্কুর্ম্মহে নির্ম্মলাভ্যাম্ ॥৫১॥

**অনুবাদ**।—যিনি এই স্তোত্রমন্ত্র পাঠ করতঃ জিহ্বারূপ অনলে হরিচরিতানুবাদস্বরূপ হব্য অর্পণ পূর্ব্বক পাদ হইতে মস্তক পর্য্যন্ত শ্রীবিষ্ণুর এই সততানন্দপ্রবাহজনক নির্ম্মলমূর্ত্তি, নিহত-নিখিল-কলি-কলুষ-শুদ্ধ নিজ চিত্তে ধারণ করেন, আমরা তদীয় নির্ম্মল চরণকমলযুগলে সদা প্রণাম করি ॥ ৫১ ॥

মোদাৎ পাদাদি কেশস্তুতিমিতি রচিতাং কীর্ত্তয়িত্বা ত্রিধাম্নঃ
পাদাব্জ-দ্বন্দ্বসেবা-সময়নতমতির্মস্তকে না নমেদ্‌যঃ।
উন্মুচ্যৈবাত্মনৈনো-[illegible]কং পঞ্চতামেত্য ভানো-
র্বিম্বান্তর্গোচরং স প্রবিশতি পরমানন্দমাত্মস্বরূপম্ ॥ ৫২ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য
শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যস্য
শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
বিষ্ণুপাদাদি-কেশান্ত-স্তোত্রং
সম্পূর্ণম্।

**অনুবাদ**।—ত্রিধামা বিষ্ণুর পাদাদি কেশ পর্য্যন্ত বিষয় বিরচিত এই শ্রীচরণকমলযুগলসেবাসময়ে ভক্তিনম্রবুদ্ধি সহকারে কীর্ত্তন করিয়া যে ব্যক্তি ভূমিতে মস্তক রাখিয়া প্রণাম করিবেন, তিনি স্বয়ং পাপরাশিময় বর্ম্ম উন্মোচন পূর্ব্বক মৃত্যুর পরে সূর্য্যমণ্ডলান্তর্বর্ত্তী আত্মস্বরূপ পরমানন্দে প্রবিষ্ট হয়েন ॥ ৫২ ॥

ভগবান্ শ্রীশঙ্করাচার্য্য-বিরচিত বিষ্ণুপাদাদি-কেশান্ত-স্তোত্র সম্পূর্ণ।

# দশাবতার-স্তোত্র।

চলল্লোলকল্লোলকল্লোলিনীন- * স্ফুরন্নক্রচক্রাতিবক্ত্রাম্বুলীনঃ।
হতো যেন মীনাবতারেণ শঙ্খঃ, স পায়াদপায়াজ্জগদ্বাসুদেবঃ ॥১॥

**অনুবাদ।**—যিনি মৎস্যরূপে অবতীর্ণ হইয়া উত্তুঙ্গতরঙ্গমালাসঙ্কুল মকরকুম্ভীরাদি-জলচরসমূহের মুখব্যাদানযুক্ত সমুদ্রজলমধ্যে প্রবেশপূর্ব্বক শঙ্খাসুরকে সংহার করিয়াছিলেন, সেই বসুদেবনন্দন এই জগৎকে বিপদ হইতে রক্ষা করুন ॥ ১ ॥

ধরা নির্জ্জরারাতি-ভারাদপারা-
দকূপারনীরাতুরাধঃপতন্তী।
ধৃতা কূর্ম্মরূপেণ পৃষ্ঠোপরিষ্টাৎ,
স দেবো মুদে বোঽস্তু শেষাঙ্গশায়ী † ॥ ২ ॥

**অনুবাদ।**—বসুমতী অসুরগণের ভারে আক্রান্ত হইয়া সাগরজল-প্লাবনে অধোগামিনী হইলে, যিনি কূর্ম্মরূপ পরিগ্রহ করিয়া সেই বসুমতীকে স্বীয় পৃষ্ঠোপরি ধারণ করিয়াছিলেন, সেই অনন্তশয্যাশায়ী বসুদেবনন্দন নারায়ণ সকলের আনন্দবর্দ্ধন করুন ॥ ২ ॥

উদগ্রে রদাগ্রে সগোত্রাপি গোত্রা,
স্থিতা তস্থুষঃ কেতকাগ্রে ষড়ঙ্ঘ্রেঃ।
তনোতি শ্রিয়ং স শ্রিয়ং নস্তনোতু,
প্রভুঃ শ্রীবরাহাবতারো মুরারিঃ ॥ ৩ ॥

**অনুবাদ।**—(যাঁহার) উচ্চ দশনাগ্রে অবস্থিতা সপর্ব্বতা পৃথিবী, কেতকীকুসুমাগ্রে অবস্থিত ষট্‌পদের শোভা বিস্তার করিয়াছিলেন, অর্থাৎ কেতক-কুসুমস্থ ষট্‌পদের ন্যায় শোভা পাইয়াছিলেন, সেই শ্রীবরাহাবতার প্রভু মুরারি আমাদিগের শ্রী সম্পাদন করুন ॥ ৩ ॥

* 'কল্লোলিনীশ' ইতি পাঠান্তর
† শেষাঙ্কশায়ী—পাঠান্তর।

উরোদারআরম্ভসংরম্ভিণো যো *

রমাসম্ভ্রমাভঙ্গুরাগ্রৈর্নখাগ্রৈঃ।

স্বভক্তাতিভক্ত্যাবিভক্ত্যা- † সদারু-

ণ্যঘৌঘং সদা বঃ স হিংস্যান্নৃসিংহঃ ॥ ৪ ॥

**অনুবাদ**।—আদিবৈরী-( হিরণ্যকশিপুর ) আঘাতে বিভক্ত দারুস্তম্ভে স্বভক্ত প্রহ্লাদের অতিভক্তিবলে প্রকাশিত হইয়া যিনি লক্ষ্মীদেবীর ভীতিপ্রদ অভঙ্গুরাগ্র প্রখর নখাঘাতে ( সেই আদিবৈরীর ) বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছিলেন, সেই নৃসিংহ তোমাদিগের পাপরাশি বিনাশ করুন ॥ ৪ ॥

ছলাদাকলয্য ত্রিলোকীং বলীনাং ‡

বলিং যো ববন্ধ ত্রিলোকী-বলীনাম্ §।

তনুত্বং দধানাং তনুং সন্দধানো,

বিমোহং মনো বামনো বঃ স মৃজ্যাৎ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যিনি ত্রিলোকবিলয়স্থান ( ত্রিলোক্যা বলীনম্ অবলয়ো যত্র তাম্ ) নিজ দেহ খর্ব্বরূপে পরিণত করিয়া ( ত্রিপাদভূমি ) উপহারচ্ছলে ত্রৈলোক্য গ্রহণ করত বলিরাজাকে বন্ধন করিয়াছিলেন, সেই বামন তোমাদিগের মনকে মোহমুক্ত করুন ॥ ৫ ॥

হতক্ষত্রিয়াসৃক্-প্রপান-প্রমত্ত-প্রনৃত্যৎ-পিশাচ-প্রগীত-প্রতাপঃ।

ধরাকারি যেনাগ্রজন্মাগ্রহারং, বিহারং ক্রিয়ান্মানসে বঃ স রামঃ॥৬॥

**অনুবাদ**।—যিনি সমগ্র পৃথিবীকে ব্রহ্মত্রা করিয়াছিলেন, নিহত ক্ষত্রিয়গণের রুধিরপানমত্ত নৃত্যপরায়ণ পিশাচগণ যাঁহার প্রতাপ কীর্ত্তন করিয়াছিল, সেই পরশুরাম তোমাদিগের চিত্তে বিহার করুন ॥ ৬ ॥

নতগ্রীব-সুগ্রীব-সাম্রাজ্য-হেতুর্দশগ্রীবসন্তানসংহারকেতুঃ।

ধনুর্যেন ভগ্নং মহৎ কামহন্তুঃ, স মে জানকীজানিরেনাংসি হন্তু ॥৭॥

**অনুবাদ**।—যিনি নতশিরাঃ সুগ্রীবকে সাম্রাজ্য সমর্পণ করিয়াছিলেন,

---

* 'সংরম্ভিণোঽসৌ'—পাঠান্তর।
† ভিব্যক্তেন পাঠে ছন্দোভঙ্গ।
‡ 'বলীয়ান্' ইতি পাঠান্তর।
§ ত্রিলোকী বলীয়ঃ ইতি পাঠান্তর।

যিনি রাবণকুল-সংহারে ধূমকেতুস্বরূপ ও মদনমথনের মহাধনুর্ভঞ্জন করিয়াছিলেন, সেই জানকীপতি শ্রীরাম আমার পাপরাশি বিনষ্ট করুন ॥ ৭ ॥

ঘনাদ্ গোধনং যেন গোবর্দ্ধনেন, ব্যরক্ষি প্রতাপেন গো-বর্দ্ধনেন।
হতারাতিচক্রী রণধ্বস্তচক্রী, পদধ্বস্তচক্রী স নঃ পাতু চক্রী ॥৮॥

**অনুবাদ।**—যিনি গোপালরূপে স্বীয় প্রতাপে গোবর্দ্ধন-গিরি দ্বারা মেঘজালবর্ষণে গোধন রক্ষা করিয়াছিলেন, চক্রধর পৌণ্ড্রকবাসুদেবকে যিনি সমরে নিহত করিয়াছিলেন, সর্পাকৃতি অঘাসুরকে যিনি বিনষ্ট করিয়াছিলেন, পদাঘাতে যিনি শকট ভঙ্গ করিয়াছিলেন, সেই চক্রী আমাদিগকে রক্ষা করুন। (এখানে শ্রীকৃষ্ণ অবতাররূপে কীর্ত্তিত।) অথবা যিনি গোপনন্দন বলরামরূপে অবতীর্ণ হইয়া স্বীয় প্রধান তেজঃস্থান অর্থাৎ অবতারী শ্রীকৃষ্ণের সহায়তায় গিরি গোবর্দ্ধন দ্বারা মেঘজাল হইতে গোধন রক্ষা প্রভৃতি লীলা করিয়াছেন, সেই চক্রী (বলরামরূপী) নারায়ণ আমাদিগকে রক্ষা করুন। (এইপ্রকার কষ্ট কল্পনা করিতে হয়) ॥ ৮ ॥

ধরা-বদ্ধপদ্মাসন-স্থাঙ্‌ঘ্রিযষ্টির্নিয়ম্যানিলং ন্যস্তনাসাগ্রদৃষ্টিঃ।
য আস্তে কলৌ যোগিনাং চক্রবর্ত্তী, স বুদ্ধঃ প্রবুদ্ধোঽস্তু নশ্চিত্তবর্ত্তী ॥৯॥

**অনুবাদ।**—যিনি ভূতলে পদ্মাসনে উপবেশন পূর্ব্বক প্রাণসংযম ও নাসাগ্রে দৃষ্টিস্থাপন করতঃ উপবিষ্ট ছিলেন এবং যোগিবৃন্দের অগ্রগণ্য হইয়া কলি-যুগে প্রাদুর্ভূত হইয়াছিলেন, সেই তত্ত্ববোধপ্রাপ্ত বুদ্ধদেব, আমাদিগের চিত্তে অধিষ্ঠান করুন ॥ ৯ ॥

দুরাচার-সংসারসংহারকারী, ভবত্যশ্বচারঃ কৃপাণপ্রহারী।
মুরারির্দ্দশাকারধারী হ্যকল্কী, করোতু দ্বিষাং ধ্বংসনং বঃ স কল্কী ॥১০॥

ইতি দশাবতারস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—যিনি অশ্বোপরি সমারূঢ় হইয়া স্বীয় করে খড়্গ ধারণ পূর্ব্বক দুর্ব্বৃত্তগণপূর্ণ সংসার সংহার করিয়া থাকেন, দশরূপধারী মুরারি সেই বিশুদ্ধ-চরিত্র কল্কিরূপে তোমাদিগের ষড়্‌রিপু ক্ষয় করুন্ ॥ ১০ ॥

দশাবতার-স্তোত্র সমাপ্ত।

# আৰ্ত্তত্ৰাণ-নাৱায়ণাষ্টাদশক।

প্রহ্লাদ ! প্রভুরস্তি চেৎ তব হরিঃ সর্ব্বত্র,—মে দর্শয়,
স্তম্ভে চৈনমিতি ব্রুবন্তমসুরং তত্রাবিরাসীদ্ধরিঃ।
বক্ষস্তস্য বিদারয়ন্নিজনখৈর্ব্বাৎসল্যমাবেদয়-
ন্নার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্নারায়ণো মে গতিঃ ॥ ১ ॥

অনুবাদ।—"হে প্রহ্লাদ ! তুমি বলিতেছ, হরি তোমার ঈশ্বর এবং সেই হরি সর্ব্বত্রই বিরাজিত আছেন, যদি ইহাই হয়, তাহা হইলে এই স্তম্ভমধ্যেও তোমার হরিকে আমায় দেখাও।" হিরণ্যকশিপু প্রহ্লাদকে এই কথা কহিলে তৎক্ষণাৎ শ্রীহরি স্তম্ভমধ্যে আবির্ভূত হইলেন এবং আশু স্বীয় তীক্ষ্ণ নখাগ্র দ্বারা দৈত্যপতির বক্ষঃস্থল বিদীর্ণ এবং (নিজভক্তের প্রতি) বাৎসল্যভাব প্রদর্শন-করত আর্ত্তব্যক্তির রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই মদীয় আশ্রয় ॥ ১ ॥

শ্রীরামাত্র বিভীষণোঽয়মধুনা ত্বার্ত্তো ভয়াদাগতঃ,
সুগ্রীবানয় পালয়েয়মধুনা পৌলস্ত্যমেবাগতম্।
এবং যোঽভয়মস্য সর্ব্ববিদিতং লঙ্কাধিপত্যং দদা-
বার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্নারায়ণো মে গতিঃ ॥ ২ ॥

অনুবাদ।—(একদা বিভীষণ দশাননসমীপে তিরস্কৃত হইয়া শ্রীরামের শরণগ্রহণ করিবেন, এইরূপ স্থির করিয়া রামচন্দ্রের সন্নিধানে উপস্থিত হইলে সুগ্রীব রামচন্দ্রকে বলিলেন, "শ্রীরাম ! বিভীষণ নিতান্ত আর্ত্ত ও ভীত হইয়া আপনার শরণগ্রহণমানসে এখানে সমাগত হইয়াছে। ইহাকে রক্ষা করুন।" (তখন শ্রীরাম কহিলেন) "সুগ্রীব ! তুমি সেই পুলস্ত্যনন্দনকে মৎসমীপে আনয়ন কর, আমি এখনই ইঁহার রক্ষা ব্যবস্থা করিতেছি।" এই প্রকারে রামচন্দ্র বিভীষণকে অভয়দানপূর্ব্বক লঙ্কারাজ্যের আধিপত্য প্রদান যে করিয়াছিলেন, তাহা সকলেই জ্ঞাত আছে। আর্ত্তজনের রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ২ ॥

নক্রগ্রস্তপদং সমুদ্যতকরং ব্রহ্মেশ দেবেশ মাং,
পাহীতি প্রচুরার্ত্তরাব-করিণং দেবেশ শক্তীশ চ।
মা শোচেতি ররক্ষ নক্রবদনাচ্চক্রশ্রিয়া তৎক্ষণা-
দার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ৩ ॥

**অনুবাদ।**—গজকুম্ভীরের সংগ্রামকালে যখন কুম্ভীর গজরাজের পদে আক্রমণ করিয়াছিল, তখন গজ অনন্যোপায় হইয়া শুণ্ড উত্তোলন করত বলিয়াছিল, "হে ব্রহ্মেশ! হে দেবেশ! হে শক্তীশ! হে দেব, হে ঈশ্বর! আমাকে পরিত্রাণ কর।" (গজরাজের এই আর্ত্তনাদ শ্রবণ পূর্ব্বক নারায়ণ উপস্থিত হইয়া বলিলেন,) "করিবর! শোক করিও না।" এই বলিয়া চক্রাস্ত্রপ্রভাবে কুম্ভীরের মুখ হইতে গজরাজকে তৎক্ষণাৎ যিনি রক্ষা করেন, আর্ত্তব্যক্তির রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার একমাত্র আশ্রয় ॥ ৩ ॥

হা কৃষ্ণাচ্যুত হা কৃপাজলনিধে হা পাণ্ডবানাং গতে,
ক্কাসি ক্কাসি সুযোধনাদবমতাং হা রক্ষ মাং দ্রৌপদীম্।
ইত্যুক্তোঽক্ষয়বস্ত্ররক্ষিততনুং যোঽরক্ষদাপদ্গতা-
মার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ৪ ॥

**অনুবাদ।**—(যখন দুর্য্যোধনের আজ্ঞাক্রমে দুঃশাসন, সভামধ্যে কৃষ্ণার বস্ত্রহরণ করিতেছিল, তখন দ্রুপদকুমারী নিরুপায় ভাবিয়া,) "হা কৃষ্ণ, হা অচ্যুত, হা করুণাজলনিধে, হা পাণ্ডবগতে! তুমি কোথায় আছ, কোথায় আছ? দুর্য্যোধন আমাকে অবমানিতা করিতেছে, এই অনাথা দ্রৌপদীকে রক্ষা কর" বলিলে দ্রৌপদীর এই সকল কাতরোক্তি শ্রবণে যিনি অক্ষয় বসন দ্বারা কৃষ্ণার তনুযষ্টি রক্ষিত করিয়া বিপন্না দ্রুপদনন্দিনীকে রক্ষা করিয়াছিলেন, আর্ত্ত-ত্রাণপরায়ণ সেই ভগবান্ নারায়ণই আমার গতি ॥ ৪ ॥

যৎপাদাব্জনখোদকং ত্রিজগতাং পাপৌঘবিধ্বংসনং,
যন্নামামৃতপূরণঞ্চ পিবতাং সন্তাপসংহারকম্।
পাষাণশ্চ যদঙ্ঘ্রিতো নিজবধূরূপং মুনেরাপ্তবা-
নার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ৫ ॥

**অনুবাদ।**—যাঁহার চরণ-কমল-নখের জল ত্রিভুবনের পাপরাশি দূর

করে, যাহার নামসুধা পান করিলে নিখিল সন্তাপ বিদূরিত হয়, যাঁহার পাদস্পর্শে পাষাণও ( অহল্যা ) মুনিবধূরূপ মানবীতনু লাভ করিয়াছিল, আর্ত্তজনের রক্ষা-কার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ৫ ॥

যন্নামশ্রুতিমাত্রতোঽপরিমিতং সংসারবারাং নিধিং,
ত্যক্ত্বা গচ্ছতি দুর্জ্জনোঽপি পরমং বিষ্ণোঃ পদং শাশ্বতম্ ।
তস্যৈবাদ্ভুতকারণস্য জগতাং নাথস্য দাসোঽস্ম্যহ-
মার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ৬ ॥

**অনুবাদ**।—যাঁহার নাম শ্রবণ করিলে দুর্জ্জন লোকও আশু অপার সংসারসাগর পার হইয়া নিত্যধাম বিষ্ণুর পরম-পদ লাভ করে, ( যিনি অদ্ভুত কার্য্য-সাধন করিতেছেন ), আমি সেই অদ্ভুতকারণ জগৎপতি জনার্দ্দনের দাস। আর্ত্তজনের রক্ষাকার্য্যে তৎপর সেই ভগবান্ নারায়ণ আমার আশ্রয় ॥ ৬ ॥

পিত্রা ভ্রাতরমুত্তমাঙ্কগমিতং ভক্তোত্তমং স্বং ধ্রুবং,
দৃষ্ট্বা তৎসমমারুরুক্ষুমুদিতং মাত্রাবমানং শতম্ ।
যোঽদাৎ তং শরণাগতং তু তপসা হেমাদ্রিসিংহাসনং,
হ্যার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্নারায়ণো মে গতিঃ ॥ ৭ ॥

**অনুবাদ**।—একদা ধ্রুব স্বীয় পিতার ক্রোড়ে আরোহণ করিবেন, এই বাসনায় জনক-সন্নিধানে গমন করেন, তখন পিতা ধ্রুবকে অবহেলা করিয়া তাঁহার বৈমাত্রেয় ভ্রাতাকে অঙ্কোপরি তুলিয়া লইলেন এবং ধ্রুবের বিমাতা তাঁহাকে নানারূপ তিরস্কার করিয়াছিলেন। বালক ধ্রুব তাহাতে অবমানিত হইয়া কঠোর তপস্যা দ্বারা জনার্দ্দনের আরাধনা করেন। জনার্দ্দন তাহাতে প্রীত হইয়া ধ্রুবকে সুমেরুশিখরে সর্ব্বোৎকৃষ্ট অক্ষয়স্থান প্রদান করেন। আর্ত্তজনের রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ৭ ॥

নাধীত-শ্রুতয়ো ন তত্ত্বমতয়ো ঘোষস্থিতা গোপিকা,
জারিণ্যঃ কুলজাতিধর্ম্মবিমুখা অধ্যাত্মভাবং যযুঃ ।
ভক্তির্যস্য দদাতি মুক্তিমতুলাং জারস্য যঃ সদ্গতি-
র্হ্যার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ৮ ॥

**অনুবাদ**।—বেদাধ্যয়ন-বর্জ্জিত ব্রজগোপিকারা শ্রীকৃষ্ণের পরমতত্ত্ব না জানিয়াও জাতিকুল-ধর্ম্ম বিসর্জ্জন পূর্ব্বক যে জারভাবে সেবা করিয়াছিল, তাহাতেই

তাহারা অধ্যাত্মভাব লাভ করে। অতএব জারভাবেও যাঁহার প্রতি ভক্তি মুক্তি-দায়িনী এবং যিনি সজ্জনগণের একমাত্র গতি, আর্ত্তজনের রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ৮ ॥

ক্ষুত্তৃষ্ণার্ত্তসহস্রশিষ্যসহিতং দুর্ব্বাসসং ক্ষোভিতং,
দ্রৌপদ্যা ভয়ভক্তিযুক্তমনসা শাকং স্বহস্তার্পিতম্।
ভুক্ত্বাতর্পয়দাত্মবৃত্তিমখিলামাবেদয়ন্ যঃ পুমা-
নার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ৯ ॥

**অনুবাদ** ।—ভয় ও ভক্তিযুক্ত হৃদয়ে দ্রৌপদীর স্বহস্তার্পিত শাক-কণিকামাত্র ভক্ষণ করিয়া যিনি ক্ষুধাতৃষ্ণার্ত্ত বহু সহস্র শিষ্যসহ উপস্থিত কোপন-স্বভাব মহর্ষি দুর্ব্বাসাকে ভোজন-তৃপ্তি প্রদান করত স্বীয় সর্ব্বাত্মভাব জ্ঞাপন করিয়া-ছিলেন, আর্ত্তত্রাণপরায়ণ সেই ভগবান্ নারায়ণ আমার আশ্রয়। আখ্যায়িকা এই ;—যখন যুধিষ্ঠিরাদি পঞ্চপাণ্ডব কৃষ্ণার সহিত দ্বৈতবনে অবস্থিতি করিতে-ছিলেন, তখন ক্ষুধাতৃষ্ণাতুর দশসহস্র শিষ্য সমভিব্যাহারে দুর্ব্বাসা ঋষি দুর্য্যোধনের প্রার্থনায় একদা পাণ্ডবগণের আশ্রমে আতিথ্যপ্রার্থনা করত উপস্থিত হন। তখন দ্রৌপদীরও ভোজন শেষ হইয়া গিয়াছিল, ঐ দিবসে অতিথিসৎকার করিতে পারেন, এমন কোন বস্তুর সংগ্রহ নাই ; সুতরাং ব্রহ্মশাপভয়ে ভীত হইয়া পাণ্ডবগণ কৃষ্ণাসকাশে উপস্থিত হইলে, দ্রৌপদী আসন্ন-বিপদুদ্ধারের অন্য উপায় নাই ভাবিয়া সেই সর্ব্ববিপদ্‌বারণ মধুসূদনের শরণাপন্ন হইলে, সেই বিপন্নিস্তারকারণ জনার্দ্দন দ্রুপদকুমারীর নিকট উপস্থিত হইয়া কহিলেন, 'পাঞ্চালি ! তোমার গৃহে আহারীয় বস্তু যাহা কিছু থাকে, আমার হস্তে প্রদান কর।' তখন গৃহে আহারীয় কিছুই ছিল না, সূর্য্যদত্ত স্থালী ধৌত হইয়াছিল ; দ্রৌপদী সেই স্থালীমধ্যে কণিকামাত্র শাক পাইয়া তাহা শ্রীহরির করে প্রদান করিলেন। জনার্দ্দন সেই শাককণা ভক্ষণ করিবামাত্র সশিষ্য দুর্ব্বাসার পরম পরিতোষ জন্মিল। তখন তিনি যুধিষ্ঠিরের আয়োজন নষ্ট হইল, পাণ্ডবগণ ক্রুদ্ধ হইবে এই ভয়েই প্রস্থান করিলেন ॥ ৯ ॥

যেনারক্ষি রঘূত্তমেন জলধেস্তীরে দশাস্যানুজ-
স্ত্বায়াতঃ শরণং রঘূত্তম বিভো ! রক্ষাতুরং মামিতি।
পৌলস্ত্যেন নিরাকৃতোঽথ সদসি ভ্রাত্রা চ লঙ্কাপুরে,
হ্যার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১০ ॥

**অনুবাদ** ।—রাবণ স্বীয় কনিষ্ঠ সহোদর বিভীষণকে লঙ্কা-নগরীস্থ সভা

হইতে বিদূরিত করিলে, বিভীষণ সাগরতীরে রঘুনাথের শরণগ্রহণ করিয়া বলিলেন, '( আমার ভ্রাতা আমাকে পরিত্যাগ করিয়াছেন ), আমি বিপন্ন, আপনি আমাকে রক্ষা করুন।' রামরূপধারী যিনি তাঁহাকে রক্ষা করিয়াছিলেন। আর্ত্তজনের রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ১০ ॥

যেনাবাহি মহাহবে বসুমতী সংবর্ত্তকালে মহা-
লীলাক্রোড়বপুর্ধরেণ হরিণা নারায়ণেন স্বয়ম্।
যঃ পাপিক্রমসম্প্রবর্ত্তমচিরাদ্ধৃত্বা চ যোঽগাৎ প্রিয়া-
মার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১১ ॥

**অনুবাদ।**—যখন বসুমতী প্রলয়পয়োধি-সলিলে নিমগ্ন হইতেছিলেন, তখন জনার্দ্দন লীলা-বরাহরূপ পরিগ্রহ করিয়া ধরণীকে বহন করিতেছিলেন এবং অচিরে আক্রমণকারী পাপিগণকে সংহার করিয়া প্রিয়া বসুমতীকে প্রাপ্ত হইয়াছিলেন। আর্ত্তব্যক্তির রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ১১ ॥

যোদ্ধাসৌ ভুবনত্রয়ে মধুপতির্ভর্ত্তা নরাণাং বলে,
রাধায়া অকরোদ্রতে * রতিমনঃপূর্ত্তিং সুরেন্দ্রানুজঃ।
যো বা রক্ষতি দীনপাণ্ডুতনয়ান্ নাথেতি ভীতিং গতা-
নার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১২ ॥

**অনুবাদ।**—যিনি ত্রিলোকীতলে অদ্বিতীয় যোদ্ধা, যিনি মধুপুরীর ঈশ্বর, যিনি সুরেন্দ্রের কনিষ্ঠ সহোদর, যিনি মানবগণের ভরণকর্ত্তা ও বলরামের অনুরক্ত, যিনি রাধিকার রতি-বাসনা পরিপূর্ণ করিয়াছেন এবং পাণ্ডবগণ ভীত হইয়া শরণাগত হইলে যিনি সেই দীনদশাপন্ন পাণ্ডুনন্দনদিগকে রক্ষা করেন, আর্ত্ত-ব্যক্তির রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারারায়ণই আমার আশ্রয় ॥ ১২ ॥

যঃ সান্দীপনি-দেশিকায় তনয়ং লোকান্তরাৎ সন্নতং,
চানীয় প্রতিপাদ্য পুত্রমরণাদুজ্জৃম্ভমাণার্ত্তয়ে।
সন্তোষং জনয়ন্নমেয়মহিমা গুর্ব্বর্থসম্পাদনা-
দার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১৩ ॥

**অনুবাদ।**—যিনি ( গুরু সান্দীপনির ) পরলোকগত পুত্রকে ( পরলোক হইতে ) আনয়ন করিয়া, পুত্রমরণ-শোকাচ্ছন্ন গুরু সান্দীপনির হস্তে প্রদান করত

* 'অকরোত্রতে' ইতি পাঠান্তর।

সন্তোষসাধন করেন, গুরুর কার্য্যসম্পাদন দ্বারা, অমিতমহিমসম্পন্ন আর্ত্তত্রাণ-পরায়ণ সেই ভগবান্ নারায়ণ আমার আশ্রয়। আখ্যায়িকা এই ;—শ্রীকৃষ্ণ সান্দীপনী ঋষির নিকটে অধ্যয়ন করিয়াছিলেন, পাঠশেষ হইলে পর মুনিশ্রেষ্ঠ গুরুদক্ষিণারূপে আপন মৃতপুত্র প্রার্থনা করিলেন। তখন শ্রীকৃষ্ণ স্বকীয় গুরুর মৃতপুত্র আনয়ন করিয়া তাঁহার সন্তোষসম্পাদন করেন ॥ ১৩ ॥

যন্নামস্মরণাদঘৌঘরহিতো বিপ্রঃ পুরাজামিলঃ,
প্রাগান্মুক্তিমশেষিতামনু চ যঃ পাপৌঘদাবার্ত্তিযুক্।
সদ্যো ভাগবতোত্তমাত্মনি মতিং প্রাপাম্বরীষাভিধ-
শ্চার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১৪ ॥

**অনুবাদ**।—পুরাকালে দাবানলসদৃশ পাপরাশিজনিত-পীড়া-ভোগ-যোগ্য বিপ্র অজামিল অন্তিমকালে যাঁহার নাম স্মরণে সমস্ত পাপবর্জ্জিত হইয়া পরিণামে শাশ্বত মুক্তি প্রাপ্ত হইয়াছিলেন, এবং অম্বরীষ, প্রধান ভগবদ্ভক্তস্বরূপ আত্মাকে সদ্যঃ জানিতে পারিয়াছিলেন, আর্ত্তব্যক্তির রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ১৪ ॥

যোঽরক্ষদ্বসনাদিনিত্যরহিতং বিপ্রং কুচেলাভিধং,
দৈন্যাদ্দীনজনৈক-পালন-পরঃ শ্রীশঙ্খচক্রোজ্জ্বলঃ।
তজ্জীর্ণাম্বরমুষ্টিমাত্রপৃথুকানাদায় ভুক্ত্বা ক্ষণা-
দার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১৫ ॥

**অনুবাদ**।—দীনজনের একমাত্র পালক শ্রীশঙ্খচক্রোজ্জ্বল যে দেব, সদা বসনাদিশূন্য কুচেলনামক এক ব্রাহ্মণকে তাহার জীর্ণ বস্ত্রখণ্ড হইতে এক মুষ্টি চিপিটক গ্রহণ পূর্ব্বক ভক্ষণ করিয়া তৎক্ষণাৎ দারিদ্র্য হইতে পরিত্রাণ করিয়াছিলেন, আর্ত্তব্যক্তির রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ১৫ ॥

যৎকল্যাণগুণাভিরামমমলং মন্তানিশং শিক্ষতে,
যস্মিন্ সৎ পততি প্রতিষ্ঠিতমিদং বিশ্বং বদত্যাগমঃ।
যো যোগীন্দ্রমনঃসরোরুহতমঃপ্রধ্বংসকৃদ্ভানুমা-
নার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্ নারায়ণো মে গতিঃ ॥ ১৬ ॥

**অনুবাদ**।—যাঁহার নির্ম্মল মঙ্গলময় গুণে রমণীয় শিক্ষা, মননশীল

সাধক সতত করিয়া থাকেন, এই বিশ্ব যাঁহাতে আবির্ভূত, প্রতিষ্ঠিত এবং লীন হয়, আগম ইহা বলেন, যিনি যোগিবৃন্দের মানসিক অজ্ঞানরূপ তিমির-সংহারে সাক্ষাৎ সূর্য্যস্বরূপ, আর্ত্তজনের রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ১৬ ॥

কালিন্দীহ্রদয়াভিরামপুলিনে পুণ্যে জগন্মঙ্গলে,
চন্দ্রাম্ভোজবটে পুটে পরিসরে ধাত্রা সমারাধিতে।
শ্রীরঙ্গে ভুজগেন্দ্রভোগশয়নে শেতে সদা যঃ পুমা-
নার্ত্তত্রাণপরায়ণঃ স ভগবান্নারায়ণো মে গতিঃ ॥ ১৭ ॥

**অনুবাদ**।—যে পরমপুরুষ অতিমনোহর সর্ব্বকল্যাণকর পবিত্র যমুনা-পুলিনপ্রদেশে কর্পূর শুভ্র-প্রলয়-সাগর জলজাত বটপত্রে, বিধাতৃ-সমারাধিত পবিত্র শ্রীরঙ্গক্ষেত্রে এবং অনন্তশয্যায় সদা শয়ান, আর্ত্তজনের রক্ষাকার্য্যে নিরতচিত্ত সেই ভগবান্ নারায়ণই আমার আশ্রয় ॥ ১৭ ॥

বাৎসল্যাদভয়প্রদানসময়াদার্ত্তার্ত্তিনির্ব্বাপণা-
দৌদার্য্যাদঘশোষণাদগণিতশ্রেয়ঃপদপ্রাপণাৎ।
সেব্যঃ শ্রীপতিরেব সর্ব্বজগতামেতে হি তৎসাক্ষিণঃ,
প্রহ্লাদশ্চ বিভীষণশ্চ করিরাট্ পাঞ্চাল্যহল্যাধ্রুবাঃ ॥ ১৮ ॥

ইতি আর্ত্তত্রাণাষ্টাদশক-স্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—বাৎসল্য, অভয়-দান, দুঃখ-নিবারণ, ঔদার্য্য, পাপধ্বংসন, এবং অসীম-মঙ্গলপদ-প্রদানের জন্য শ্রীপতিই সর্ব্বজগতের সেব্য। প্রহ্লাদ, বিভীষণ, গজরাজ, দ্রৌপদী, অহল্যা এবং ধ্রুব (যথাক্রমে বাৎসল্যাদির) সাক্ষী। (নারায়ণ প্রহ্লাদের প্রতি যে প্রকার বাৎসল্য প্রকাশ করিয়াছিলেন, তাহা সকলেই অবগত আছে; আর তিনি বিভীষণকে অভয়দান করিয়াছিলেন; গজরাজ যখন কুম্ভীরের সহিত সংগ্রামে আক্রান্ত হইয়াছিল, আর্ত্তত্রাণপরায়ণ নারায়ণ সেই সময়ে সেই গজরাজকে রক্ষা করিয়াছিলেন, দ্রুপদনন্দিনীর প্রতি অসীম উদারতা প্রকাশ করিয়াছিলেন। গৌতমপত্নী অহল্যা পতিশাপে পাষাণী হইয়াছিলেন, নারায়ণ তাঁহার অখিল পাপ বিনাশ করেন ও ধ্রুবের প্রতি করুণা করিয়া তাঁহাকে অত্যুচ্চপদ প্রদান করিয়াছিলেন) ॥ ১৮ ॥

ইতি আর্ত্তত্রাণাষ্টাদশক-স্তোত্র সম্পূর্ণ।

# নারায়ণ-গীতি-স্তোত্রম্।

শ্রীগণেশায় নমঃ।

নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে॥ ধ্রুঃ॥

**অনুবাদ।**—হে নারায়ণ, নারায়ণ, গোবিন্দ, হরে, জয়, হে নারায়ণ, নারায়ণ, গোপাল, হরে, জয়॥ ধ্রুঃ॥

করুণাপারাবারা বরুণালয়গম্ভীরাঃ *।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে॥ ১॥

**অনুবাদ।**—হে করুণাসাগর! হে সাগর সদৃশ অতলস্পর্শ! হে নারায়ণ নারায়ণ গোবিন্দ হরে জয়, হে নারায়ণ, নারায়ণ গোপাল, হরে, জয়॥ ১॥

ঘননীরদসঙ্কাশাঃ কৃতকলিকল্মষনাশাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে॥ ২॥

**অনুবাদ।**—হে নিবিড়-জলদশ্যামল, হে কলিকল্মষ-হারিন্! হে নারায়ণ নারায়ণ…ইত্যাদি॥ ২॥

* বিশেষ বক্তব্য—"করুণাপারাবারা" ইত্যাদি স্থলে যে আকার আছে, তাহা প্লুত উচ্চারণের দ্যোতক। মাত্রা উচ্চারণকালবিশেষ; দ্বিমাত্র "অ" কারের নাম "আ" কার; প্লুত ত্রিমাত্র, অর্থাৎ দীর্ঘ হইতেও দীর্ঘতর, কিন্তু তাহার জন্য পৃথক্ রূপ নির্দ্দেশ না থাকায় দীর্ঘস্বর দ্বারাই তাহার সূচনা এ স্থলে করা হইয়াছে। অন্ত্যস্বর দূর হইতে আহ্বান-স্থলে প্লুত হইয়া থাকে। সংস্কৃত ভাষায় মূলপদ "করুণাপারাবারা" ইত্যাদি বিসর্গহীন পাঠ হইলে, এই প্রকার উপপত্তি। কিন্তু যিনি অন্তরতম, তাঁহাকে প্লুতস্বরযুক্ত সম্বোধন তেমন সঙ্গত হয় না। অতএব হ্রস্বান্ত সম্বোধনই সঙ্গত, স্মরণার্থক "আঃ" এই অব্যয় শব্দ ঐ সকল সম্বোধন পদের অন্তে যোগ করিলে সবিসর্গ পাঠ হয়; যে স্থলে প্রথম পদে বিসর্গ লোপের সম্ভব হইয়াছে, সেখানে বিসর্গ নাই, যথা,—"করুণাপারাবারা।" ভক্ত কবি প্রত্যেক সম্বোধন পদ উচ্চারণসময়ে তাহার অর্থ ও দৃষ্টান্ত স্মরণ করিতেছেন, ইহাই "আঃ" এই অব্যয় শব্দ দ্বারা বুঝা যায়। বাঙ্গালা দেশের উচ্চারণে সবিসর্গ পাঠে মিত্রাক্ষর ছন্দেও দোষ হয় না, এই কারণে আমরা মূলে সবিসর্গ পাঠই প্রদান করিলাম। নির্ব্বিসর্গ পাঠ বোম্বে মুদ্রিত স্তোত্রপুস্তকে আছে।

জলরুহদলনিভনেত্রা জগদারম্ভকসূত্রাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৩ ॥

**অনুবাদ।**—হে পদ্মপলাশলোচন, হে জগৎসৃষ্টিরচনার মূল সূত্র, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ৩ ॥

যমুনাতীরবিহারা ধৃতকৌস্তুভমণিহারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৪ ॥

**অনুবাদ।**—হে যমুনাতীরবিহারিন্, হে কৌস্তুভমণিহারভূষিত, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ৪ ॥

পীতাম্বরপরিধানাঃ সুরকল্যাণনিধানাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৫ ॥

**অনুবাদ।**—হে পীতাম্বরপরিধান, হে দেবগণের মঙ্গলনিধান, হে নারায়ণ নারায়ণ ··ইত্যাদি ॥ ৫ ॥

মঞ্জুলগুঞ্জাভূষা মায়ামানুষবেশাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৬ ॥

**অনুবাদ ঃ**—হে মনোহর গুঞ্জাফলভূষণভূষিত, হে নিজমায়ায় মানুষরূপধারিন্, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ৬ ॥

মুরলীগানবিনোদা বেদশ্রুত- * ভূ-পাদাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৭ ॥

**অনুবাদ ঃ**—হে মুরলীগানবিনোদ, হে বেদশ্রুত-ভূমি-পাদ (অর্থাৎ তোমার চরণ হইতে যে ভূমণ্ডল উৎপন্ন, তাহা বেদে কথিত আছে), হে নারায়ণ নারায়ণ··ইত্যাদি ॥ ৭ ॥

* "বেদস্তুত"—পাঠান্তর।

বর্হিণবর্হাপীড়া নটনাট্যফণিক্রীড়াঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৮ ॥

**অনুবাদ**।—হে ময়ূরপুচ্ছ-ভূষিত চূড়াধারিন্, হে কালিয়-নাগ-শীর্ষে নট সদৃশ নৃত্যক্রীড়াপ্রদর্শক, হে নারায়ণ নারায়ণ…ইত্যাদি ॥ ৮ ॥

অঘবকবৃষ- * কংসারে কেশব কৃষ্ণ মুরারে।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৯ ॥

**অনুবাদ**।—হে অঘাসুর, বকাসুর, অরিষ্টাসুর ও কংস রাজার বিনাশক, হে কেশব কৃষ্ণ মুরারে, হে নারায়ণ নারায়ণ…ইত্যাদি ॥ ৯ ॥

রাধাধর-মধু-রসিকা রজনী-কর-কুল-তিলকাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১০ ॥

**অনুবাদ**।—হে রাধার অধর-মধু-রসে রসিক, হে চন্দ্রবংশের তিলক, হে নারায়ণ নারায়ণ…ইত্যাদি ॥ ১৭ ॥

গোবর্দ্ধনগিরিরমণা গোপীমানসহরণাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১১ ॥

**অনুবাদ**।—হে গোবর্দ্ধনগিরির আনন্দপ্রদ, হে গোপীজন-মনোহরণ-কারিন্, হে নারায়ণ নারায়ণ…ইত্যাদি ॥ ১১ ॥

বারিজভূষাভরণা রাধারুক্মিণিরমণাঃ †
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১২ ॥

**অনুবাদ**।—হে কমলকুসুমাভরণমণ্ডিত, হে রাধারমণ রুক্মিণীরমণ হে নারায়ণ নারায়ণ…ইত্যাদি ॥ ১২ ॥

---

* "অঘবকক্ষয়" এই মাত্রাভঙ্গযুক্ত পাঠ প্রচলিত আছে।
† "রুক্মিণিরমণাঃ" নাম্নি হ্রস্বঃ বৈদেহিবদ্ধোরিতিবৎ। (সং টীঃ)

হতমুষ্টিকচাণূরা মুনিজনমনোবিহারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৩ ॥

**অনুবাদ**।—হে চাণূর-মুষ্টিক-বিনাশিন্, হে মুনিজনমানসবিহারিন্, হে নারায়ণ নারায়ণ ··ইত্যাদি ॥ ১৩ ॥

অচলোদ্ধৃতচঞ্চৎকর ভক্তানুগ্রহতৎপর।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৪ ॥

**অনুবাদ**।—হে গিরি-উত্তোলন-ব্যগ্র-হস্ত, ভক্তানুগ্রহতৎপর, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ১৪ ॥

মাং মুরলীকর ধী-বর, পালয় পাহি (*) শ্রীধর।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৫ ॥

**অনুবাদ**—হে মুরলীধর, হে বুদ্ধিসীমন্তিনীর নায়ক (বুদ্ধির পরিচালক), আমাকে পালন কর, হে শ্রীধর, আমাকে রক্ষা কর। হে নারায়ণ নারায়ণ··· ইত্যাদি ॥ ১৫ ॥

হাটকনিভপীতাম্বর অভয়ং কুরু মে মাধব।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৬ ॥

**অনুবাদ**।—হে সুবর্ণবর্ণ-পীতাম্বর, মাধব, আমার ভীতি দূর কর। হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ১৬ ॥

দশরথরাজকুমারা দানবমদসংহারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৭ ॥

**অনুবাদ**।—হে দশরথরাজকুমার, হে দানবদর্পহারিন্, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ১৭ ॥

* "পালয় শ্রীধর" সদোষ পাঠান্তর

সরযূতীরবিহারা সজ্জনঋষিমন্দারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৮ ॥

**অনুবাদ।**—হে সরযূতীরবিহারিন্, হে সজ্জন ও ঋষিগণের মন্দারতরু (অর্থাৎ মন্দারতরুর ন্যায় আনন্দপ্রদ), হে নারায়ণ নারায়ণ...ইত্যাদি ॥ ১৮ ॥

বিশ্বামিত্রমখত্রা বিবিধসুরাসুরচিত্রাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ১৯ ॥

**অনুবাদ।**—হে বিশ্বামিত্রযজ্ঞরক্ষক, হে বহুদেবাসুরের বিস্ময়োৎপাদক (অর্থাৎ মারীচতাড়ন, তাড়কাবধ ও হরধনুর্ভঙ্গে দেবতা ও অসুরগণও বিস্ময়াপন্ন হইয়াছিলেন), হে নারায়ণ নারায়ণ...ইত্যাদি ॥ ১৯ ॥

গৌতমপত্নীপূজন করুণাঘনাবলোকন।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২০ ॥

**অনুবাদ।**—হে গৌতমপত্নী অহল্যার সম্মানদাতা, হে করুণাপূর্ণ-নিরীক্ষণ, হে নারায়ণ, নারায়ণ...ইত্যাদি ॥ ২০ ॥

ধ্বজবজ্রাঙ্কুশপাদা, ধরণিসুতাসহমোদাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২১ ॥

**অনুবাদ।**—হে ধ্বজবজ্রাঙ্কুশচিহ্নিত-পাদপদ্ম, হে ধরিত্রীনন্দিনী জানকী সহযোগে আনন্দপ্রাপ্ত, হে নারায়ণ নারায়ণ...ইত্যাদি ॥ ২১ ॥

দশরথবাগ্‌ধৃতিভারা দণ্ডকবনসঞ্চারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২২ ॥

**অনুবাদ।**—হে দশরথবাক্যরক্ষণে ধুরন্ধর, দণ্ডকারণ্যসঞ্চারিন্, হে নারায়ণ নারায়ণ...ইত্যাদি ॥ ২২ ॥

তালীবনদলনাঢ্যা নটগুণবহুবিধনাট্যাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৩ ॥

**অনুবাদ।**—হে তালীবনদলনাঢ্য (অর্থাৎ সপ্ততালতরুবিদারণসমৃদ্ধ), হে নটের ন্যায় বিবিধ নাট্যকারিন্ (অর্থাৎ অভিনেতা যেমন বিবিধ অভিনয় করে, তুমিও সেইরূপ স্বয়ং ব্রহ্ম হইয়া মনুষ্যবৎ শোক-দুঃখ-শত্রুতা-মিত্রতার অভিনয় করিয়াছ), হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ২৩ ॥

বালিবিনিগ্রহশৌর্য্যা বরসুগ্রীবহিতার্য্যাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৪ ॥

**অনুবাদ।**—হে বালিবিজয়বীর, হে সুগ্রীবহিতকর বরপ্রদ, আর্য্য, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ২৪ ॥

জলনিধিবন্ধনধীরা রাবণকণ্ঠবিদারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৫ ॥

**অনুবাদ।**—হে সাগরবন্ধনবিচক্ষণ, হে রাবণ-কণ্ঠচ্ছেত্তা, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ২৫ ।

জনকসুতাপ্রতিপালা জয় জয় সংস্মৃতিলীলাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৬ ॥

**অনুবাদ।**—হে জনকসুতার উদ্ধারকর্ত্তা, হে সংসারলীলাময়, হে নারায়ণ নারায়ণ···ইত্যাদি ॥ ২৬ ॥

সম্ভ্রমসীতাহারাঃ সাকেতপুরবিহারাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৭ ॥

**অনুবাদ।**—হে অযোধ্যাপুরবিহারিন্, সম্ভ্রমে ও লোকাপবাদভয়ে সীতাপরিত্যাগিন্, হে নারায়ণ নারায়ণ ··ইত্যাদি ॥ ২৭ ॥

পাতকরজনীচরহর, করুণালয় মামুদ্ধর।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৮ ॥

**অনুবাদ**।—হে পাপনিশাচরবিনাশিন্, হে করুণাময়, আমাকে উদ্ধার কর, হে নারায়ণ নারায়ণ ··ইত্যাদি ॥ ২৮ ॥

নৈগমগানবিনোদা, রক্ষাশ্রিত * প্রহ্লাদাঃ।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ২৯ ॥

**অনুবাদ**।—হে নিগমগানে আনন্দসম্পন্ন (লবকুশের রামায়ণ-গানে আনন্দিত, অথবা সামগানে আনন্দিত), হে প্রহ্লাদ-রক্ষক, হে নারায়ণ নারায়ণ··· ইত্যাদি ॥ ২৯ ॥

ভারতযতিবরশঙ্কর নামামৃতমখিলান্তর।
নারায়ণ নারায়ণ জয় গোবিন্দ হরে।
নারায়ণ নারায়ণ জয় গোপাল হরে ॥ ৩০ ॥
ইতি নারায়ণগীতি-স্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—হে নিখিল জগতের অন্তর্যামিন্, (এই) নামামৃত ভারতীয় যতিরাজ শঙ্করের (উচ্চারিত), অথবা (এই) নামামৃত ভারতীয় যতিরাজের মঙ্গল-প্রদ, হে নারায়ণ, নারায়ণ···ইত্যাদি ॥ ৩০ ॥

ইতি নারায়ণগীতি-স্তোত্র সম্পূর্ণ।

* "রক্ষঃসুত" ইতি ক্বচিৎ পাঠঃ।

## কৃষ্ণাষ্টক।

শ্রিয়াশ্লিষ্টো বিষ্ণুঃ স্থিরচরগুরুর্ব্বেদবিষয়ো,
ধিয়াং সাক্ষী শুদ্ধো হরিরসুরহন্তাব্জনয়নঃ।
গদী শঙ্খী চক্রী বিমলবনমালী স্থিররুচিঃ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ১ ॥

**অনুবাদ।**—যিনি চরাচর সকলের গুরু, যিনি বেদপ্রতিপাদ্য, যে বিষ্ণু সর্ব্বদা লক্ষ্মী কর্ত্তৃক আলিঙ্গিত আছেন, যিনি বুদ্ধির সাক্ষী অর্থাৎ সকলের অন্তর্যামী, যিনি অসুরগণের হন্তা, যাঁহার নয়ন পদ্মদলের ন্যায় শোভমান, যিনি শঙ্খ, চক্র ও গদাধারী, যিনি বিমল বনমালা ধারণ করেন, যাঁহার উজ্জ্বল দীপ্তি কখনও তিরোহিত হয় না, যিনি সকলের শরণ্য ও ত্রিভুবনের ঈশ্বর, সেই কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ১ ॥

যতঃ সর্ব্বং জাতং বিয়দনিলমুখ্যং জগদিদং,
স্থিতৌ নিঃশেষং যোঽবতি নিজসুখাংশেন মধুহা।
লয়ে সর্ব্বং স্বস্মিন্ হরতি কলয়া যস্তু স বিভুঃ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ২ ॥

**অনুবাদ।**—(সৃষ্টিকালে) যাঁহা হইতে আকাশ ও বায়ুপ্রমুখ সমগ্র জগৎ উৎপন্ন হইয়াছে, স্থিতিকালে যিনি নিজসুখাংশ দ্বারা অনন্ত ব্রহ্মাণ্ড পালন করিতেছেন, যিনি মধুদৈত্যকে বিনাশ করিয়াছেন, যিনি প্রলয়কালে বিশ্বান্তর্নিহিত আত্মশক্তির সহিত আপনাতে সকল বিলীন করেন, যে বিষ্ণু সকলের শরণ্য ও ত্রিলোকের ঈশ্বর, সেই কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ২ ॥

অসূনায়ম্যাদৌ যমনিয়মমুখ্যৈঃ সুকরণৈ-
র্নিরুধ্যেদং চিত্তং হৃদি বিলয়মানীয় সকলম্।
যমীড্যং পশ্যন্তি প্রবরমতয়ো মায়িনমসৌ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ৩ ॥

**অনুবাদ।**—শ্রেষ্ঠমতি মুনিগণ প্রথমতঃ প্রাণসংযম করিয়া যমনিয়মাদি সাধনপূর্ব্বক ইন্দ্রিয়গ্রাম নিরোধ করত চিত্ত বিলয় করিয়া যে ত্রিলোকপূজ্য মায়াময় বিষ্ণুকে দর্শন করিতেন এবং যিনি সকলের শরণ্য ও ত্রিলোকের ঈশ্বর, সেই কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ৩ ॥

পৃথিব্যাং তিষ্ঠন্ যো যময়তি মহীং বেদ ন ধরা,
যমিত্যাদৌ বেদো বদতি জগতামীশমমলম্।
নিয়ন্তারং ধ্যেয়ং মুনিসুরনৃণাং মোক্ষদমসৌ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ৪ ॥

**অনুবাদ**—পৃথিবীতে অবস্থান করিয়া যিনি মহীমণ্ডল নিয়মিত করিয়া থাকেন, কিন্তু পৃথিবী যাঁহাকে জানে না, ইত্যাদি মর্ম্মের 'যঃ পৃথিব্যাং তিষ্ঠন্' ইত্যাদি সন্দর্ভে শ্রুতি ( বৃহদারণ্যক ) যাঁহার মহাত্ম্য কীর্ত্তন করেন, যিনি জগতে অদ্বিতীয় অধীশ্বর বলিয়া কথিত আছেন, যিনি অমল অর্থাৎ সর্ব্বপ্রকার দোষশূন্য, যিনি সকলের নিয়ন্তা, মুনিগণ, দেবগণ ও রাজগণ যাঁহাকে নিয়ত ধ্যান করেন, যিনি সকলের মোক্ষদাতা, যিনি সকলের আশ্রয়, সেই ত্রিলোকপতি ভগবান্ কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ৪ ॥

মহেন্দ্রাদির্দ্দেবো জয়তি দিতিজান্ যস্য বলতো,
ন কস্য স্বাতন্ত্র্যং ক্বচিদপি কৃতৌ যৎকৃতিমৃতে।
কবিত্বাদের্গর্ব্বং পরিহরতি যোঽসৌ বিজয়িনঃ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যাঁহার বলেই মহেন্দ্রাদি দেবগণ দানবদিগকে জয় করিয়া থাকেন, যাঁহার চেষ্টা ব্যতিরেকে কোন কালেও কোন কার্য্যে কাহারও স্বাতন্ত্র্য নাই, যাঁহার শক্তিসাহায্য ভিন্ন জগতে কেহ কোন কার্য্যই স্বাধীনভাবে সম্পন্ন করিতে সমর্থ হয় না, যিনি দিগ্‌বিজয়ী পণ্ডিতবর্গের কবিত্বাদি-জনিত গর্ব্ব হরণ করেন, যিনি জগতের আশ্রয় ও ত্রিভুবনের ঈশ্বর, সেই কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ৫ ॥

বিনা যস্য ধ্যানং ব্রজতি পশুতাং শূকরমুখাং
বিনা যস্য জ্ঞানং জনিমৃতিভয়ং যাতি জনতা।
বিনা যস্য স্মৃত্যা কৃমিশতজনিং যাতি স বিভুঃ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ৬ ॥

**অনুবাদ**।—যাঁহাকে ধ্যান না করিলে সকল লোক শূকরাদি পশুত্ব প্রাপ্ত হয়, যাঁহার জ্ঞান ব্যতিরেকে লোক সকল কেবল জন্ম-মৃত্যুর বশীভূত হইয়া থাকে, যাঁহাকে স্মরণ না করিলে প্রাণিগণ শত শত জন্ম কৃমিযোনি প্রাপ্ত হয়, যিনি সকলের আশ্রয় ও ত্রিলোকের অদ্বিতীয় অধীশ্বর, সেই কৃষ্ণ আমার নয়ন-গোচর হউন ॥ ৬ ॥

নরাতঙ্কোত্তঙ্কঃ শরণশরণো ভ্রান্তিহরণো,
ঘনশ্যামো রামো ব্রজশিশুবয়স্যোঽর্জ্জুনসখঃ।
স্বয়ম্ভূর্ভূতানাং জনক উচিতাচারসুখদঃ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ৭ ॥

**অনুবাদ**।—যিনি নরগণের ভীতি হরণ করেন, যিনি রক্ষকের রক্ষকত্ব সম্পাদন করেন, যিনি জগতের ভ্রান্তি হরণ করেন, যিনি নবঘনের স্থায় শ্যামকলেবর, যিনি রামরূপে অবতীর্ণ হইয়াছিলেন, যিনি ব্রজবালকদিগের বয়স্য, যিনি অর্জ্জুনের সখা, যিনি নিজে ( ইচ্ছাবশে ) জন্মগ্রহণ করিয়াছেন, অথচ যিনি সকলের জনক, যিনি সদাচারীদিগকে যথোচিত সুখপ্রদান করিয়া থাকেন, যিনি সকলের আশ্রয় ও ত্রিলোকের ঈশ্বর, সেই কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ৭ ॥

যদা ধর্ম্মগ্লানির্ভবতি জগতাং ক্ষোভণকর-
স্তদা লোকস্বামী প্রকটিতবপুঃ সেতুধৃগজঃ।
সতাং ধাতা স্বচ্ছো নিগমগুণগীতো ব্রজপতিঃ,
শরণ্যো লোকেশো মম ভবতু কৃষ্ণোঽক্ষিবিষয়ঃ ॥ ৮ ॥

**অনুবাদ**।—যখন যখন ধর্ম্মবিপ্লব উপস্থিত হইয়া জগৎকে বিত্রস্ত করিয়াছে, তখনই যিনি জন্মরহিত হইলেও লোকনায়করূপে আবির্ভূত হইয়া ধর্ম্মমর্য্যাদা রক্ষা করিয়াছেন, যিনি এই জগতে সৎপদার্থমাত্রের বিধানকর্ত্তা, যিনি সর্ব্ববিকার-শূন্য, নিগমাদি শাস্ত্রে যাঁহার গুণগান বর্ণিত আছে, সকলের আশ্রয় ত্রিলোকেশ্বর সেই ব্রজেশ্বর কৃষ্ণ আমার নয়নগোচর হউন ॥ ৮ ॥

ইতি হরিরখিলাত্মারাধিতঃ শঙ্করেণ,
শ্রুতিবিশদগুণোঽসৌ মাতৃমোক্ষার্থমাদ্যঃ।
যতিবরনিকটে শ্রীযুক্ত আবির্ব্বভূব,
স্বগুণবৃত উদারঃ শঙ্খচক্রাব্জহস্তঃ ॥ ৯ ॥

ইতি কৃষ্ণাষ্টকং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—পরিব্রাজকবর শ্রীশঙ্করাচার্য্য মাতার মোক্ষের নিমিত্ত উক্ত প্রকারে নিখিল জগতের আত্মা শ্রুতিবর্ণিত গুণসম্পন্ন আদিপুরুষ হরির ( স্তব দ্বারা ) আরাধনা করিলে, তিনি নিজগুণকৃত দেহধারণ পূর্ব্বক শঙ্খ, চক্র, ( গদা ) পদ্ম হস্তে শ্রীযুক্ত উদাররূপে সেই যতিরাজের সমক্ষে আবির্ভূত হইলেন।

ইতি কৃষ্ণাষ্টক সম্পূর্ণ।

# গোবিন্দাষ্টকম্

সত্যং জ্ঞানমনন্তং নিত্যমনাকাশং পরমাকাশং
গোষ্ঠপ্রাঙ্গণরিঙ্গণ- * লোলমনায়াসং পরমায়াসম্।
মায়াকল্পিত-নানাকারমনাকারং ভুবনাকারং
ক্ষ্মা-মা-নাথমনাথং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ১ ॥

অনুবাদ।—যিনি সত্য, জ্ঞানস্বরূপ, অনন্ত; যিনি নিত্য, অনাকাশ (আকাশ নহেন) ও পরমাকাশ (পরমব্যোম); যিনি গোষ্ঠপ্রাঙ্গণে ধাবিত হইবার জন্য চঞ্চল, কিন্তু আয়াসহীন এবং পরম আয়াস (পরমশক্তিস্বরূপ); যিনি স্বয়ং নিরাকার, কিন্তু মায়াশক্তিযোগে অসংখ্য আকার সৃষ্টি করিয়াছেন, অথচ বিশ্বরূপ; যিনি পৃথিবী ও লক্ষ্মীর নাথ (লক্ষ্মী ও পৃথিবী উভয়েই বিষ্ণু-পত্নী) ও স্বয়ং অনাথ (যাঁহার নাথ কেহ নাই, যে হেতু তিনি সর্ব্বেশ্বর), সেই পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর ॥ ১ ॥

মৃৎস্নামৎসীহেতি যশোদাতাড়ন-শৈশব-সন্ত্রাসং
ব্যাদিত-বক্ত্রালোকিত-লোকালোক-চতুর্দ্দশ-লোকালিম্।
লোকত্রয়-পুর-মূলস্তম্ভং লোকালোকমনালোকং
লোকেশং পরমেশং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ২ ॥

অনুবাদ।—"এখানে মৃত্তিকা ভক্ষণ করিতেছ" এই প্রকার যশোদাকৃত ভর্ৎসনে শৈশবে যিনি সন্ত্রস্ত হয়েন ও (তিনি যে মৃত্তিকা ভক্ষণ করেন নাই, ইহা দেখাইবার জন্য যশোদাবাক্যে) মুখব্যাদান করিয়া (তন্মধ্যে) লোকালোক পর্ব্বতসহ চতুর্দ্দশ ভুবনশ্রেণী প্রদর্শন করিয়াছিলেন, যিনি ত্রৈলোক্য-রূপ প্রাসাদের মূলস্তম্ভ, লোকালোক অর্থাৎ সর্ব্বলোকপ্রকাশক অথচ অনালোক (অদৃশ্য), সেই লোকনাথ পরমেশ্বর পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর।

[ব্যাদিতপদসাধনং যথা, ব্যাদা ইতি ব্যাদানার্থকং কৃৎপ্রত্যয়নিষ্পন্নপদম্, ব্যাদা সঞ্জাতাস্যেতি তারকাদিত্বাদিতচ্-প্রত্যয়েন ব্যাদিতমিতি সিদ্ধম্] ২ ॥

---

* "রিঙ্গণ" এই স্থলে "রিঙ্খণ" এই পাঠ বাণীবিলাস মুদ্রিত পুস্তকে আছে।

ত্রৈবিষ্টপরিপু-বীরঘ্নং ক্ষিতিভারঘ্নং ভবরোগঘ্নং
কৈবল্যং নবনীতাহারমনাহারং ভুবনাহারম্।
বৈমল্যস্ফুটচেতোবৃত্তি-বিশেষাভাসমনাভাসং
শৈবং কেবলশান্তং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ৩ ॥

অনুবাদ।—যিনি স্বর্গবাসিগণের বৈরি বীরদিগকে নিহত করেন, যিনি ভূভার হরণ করেন, যিনি ভবরোগবিনাশী ও সাক্ষাৎ কৈবল্যস্বরূপ, যিনি নবনীতাহার (ব্রজলীলায় নবনীত-ভোজন যাঁহার বিশেষ কার্য্য), অনাহার (নিষ্ক্রিয়, নিরাকার চিন্মাত্রের আহার থাকিতে পারে না) ও ভুবনাহার (বিশ্বগ্রাসী), নৈর্ম্মল্য (বিশদ চিত্তবৃত্তিবিশেষে) যিনি প্রতিভাসিত হয়েন, অথচ যাঁহার আভাস (মিথ্যাজ্ঞান) নাই, সেই কেবল শান্ত শিবময় পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর ॥ ৩ ॥

গোপালং প্রভুলীলা-বিগ্রহ-গোপালং গোকুলপালং *
গোপীখেলন-গোবর্দ্ধনধৃতি-লীলা-লালিত-গোপালম্।
গোভির্নিগদিত-গোবিন্দ-স্ফুট-নামানং বহুনামানং
গো-ধী-গোচর-দূরং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ৪ ॥

অনুবাদ।—(ভূভারহরণ দ্বারা) যিনি গো অর্থাৎ পৃথিবীকে রক্ষা করিয়াছেন, প্রাভব-লীলায় যিনি গোপাল-বিগ্রহ ধারণ করিয়াছেন (গোপাল-রূপে অবতীর্ণ হইয়াছেন), যিনি গোকুলরক্ষক (নন্দের পূর্ব্বস্থান "গোকুল" ইহা গোকুলনগর, গোকুলপুর ইত্যাদি নামে প্রসিদ্ধ ছিল, গোরক্ষক ও কুল-রক্ষক ইহা অর্থান্তর), গোপীগণের সহিত ক্রীড়া ও গোবর্দ্ধন ধারণ প্রভৃতি লীলায় গোপালদিগকে (গোপ ও গোপীগণকে) যিনি লালন করিয়াছেন, যাঁহার "গোবিন্দ" এই প্রসিদ্ধ নাম সুরভি প্রভৃতি গোবৃন্দেরই কথিত, সেই গো, অর্থাৎ বাক্য এবং ধী (বুদ্ধি) গোচরের দূরস্থ পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর।

[বিশেষ কথা—বসুদেব, জন্মের পরেই শ্রীকৃষ্ণকে যে নন্দালয়ে রাখিয়া আসিয়াছিলেন, সেই নন্দালয় "গোকুলে" ছিল। "গোকুল"গ্রাম এখনও বর্ত্তমান আছে, উহা বৃন্দাবনের অপর পারে। পূতনা-তৃণাবর্ত্ত-বধ, যমলার্জ্জুনভঙ্গ এই স্থানে হইয়াছিল] ৪ ॥

* "কুলগোপালং" ইহা বাণীবিলাস মুদ্রিত পুস্তকে পাঠ

গোপী-মণ্ডল-গোষ্ঠী-ভেদং ভেদাবস্থমভেদাভং
শশ্বদ্-গোখুর-নির্ধূতোদ্গতধূলী-ধূসর-সৌভাগ্যম্।
শ্রদ্ধা-ভক্তি-গৃহীতানন্দমচিন্ত্যং চিন্তিতসদ্ভাবং
চিন্তামণিমহিমানং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ৫ ॥

**অনুবাদ** ।—যাঁহার এক প্রকার নৃত্যসভা গোপীমণ্ডল দ্বারা সম্পন্ন হয়, ভেদাবস্থাতেও যিনি অভেদপ্রভ, অনবরত গোখুরক্ষেপ-সমুদ্গত-ধূলি-ধূসরতা যাঁহার সৌন্দর্য্যের সহিত সম্বদ্ধ, শ্রদ্ধাভক্তিযোগে যাঁহার নিকট হইতে আনন্দ গ্রহণ করা যায়, যাঁহাকে চিন্তা করিলে সদ্ভাব প্রাপ্ত হওয়া যায়, যাঁহার মহিমাই সাক্ষাৎ চিন্তামণি, সেই পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর ॥ ৫ ॥

স্নান-ব্যাকুল-যোষিদ্বস্ত্রমুপাদায়াগমুপারূঢ়ং
সম্প্রেপ্সন্তী * রথ দিগ্বস্ত্রা দাতুমুপাকর্ষন্তং তাঃ।
নির্ধূতদ্বয়-শোক-বিমোহং বুদ্ধং বুদ্ধেরন্তঃস্থং
সত্তামাত্রশরীরং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ৬ ॥

**অনুবাদ** ।—যিনি স্নানে আসক্ত রমণীগণের বস্ত্র লইয়া বৃক্ষারূঢ় হইয়াছিলেন, অনন্তর সেই রমণীগণ স্ব স্ব বস্ত্রপ্রাপ্তির অভিলাষিণী হইলে তৎপ্রদানার্থ সেই দিগ্বসনা রমণীদিগকে আকর্ষণ করিয়াছিলেন, সুখদুঃখাদি দ্বন্দ্ব এবং শোক-মোহ যিনি দূর করিয়া দেন বা যাঁহার নাই, যিনি স্বয়ং বুদ্ধ, অর্থাৎ জ্ঞানময় ও বুদ্ধির অন্তরে অবস্থিত, সেই সত্তামাত্রস্বরূপ পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর ॥ ৬ ॥

কান্তং কারণ-কারণমাদিমনাদিং কালঘনাভাসং
কালিন্দীগত-কালিয়শিরসি সুনৃত্যন্তং মুহুরত্যন্তম্।
কালং কালকলাতীতং কলিতাশেষং কলিদোষঘ্নং
কালত্রয়গতিহেতুং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ৭ ॥

**অনুবাদ** ।—যিনি কারণ-কারণ, কমনীয়-কলেবর, ( সকলের ) আদি, অনাদি ( তাঁহার পূর্ব্ববর্ত্তী আর কিছুই নাই ) ও নীলমেঘবর্ণ ; যিনি কালিন্দী-নিলয় কালিয় নাগের মস্তকে পুনঃ পুনঃ এবং সুন্দররূপে অত্যন্ত নৃত্য করিয়াছেন, কাল যাঁহারই স্বরূপ, অথচ যিনি স্বয়ং কালসংখ্যানের অতীত, নিখিল প্রপঞ্চের

* "ব্যাদিৎসন্তী" এই পাঠ বাণীবিলাস-মুদ্রিত পুস্তকে আছে।

আশ্রয় ও কলিদোষহারী, সেই ভূত ভবিষ্যৎ বর্ত্তমান ত্রিকালে একমাত্র গতিদায়ক ( অথবা কালত্রয়ের ব্যবস্থা-হেতু ) পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর ॥ ৭ ॥

বৃন্দাবন-ভুবি বৃন্দারকগণ-বৃন্দারাধিত-বন্দ্যায়াং
কুন্দাভামলমন্দস্মের-সুধানন্দং সুমহানন্দম্ ।
বন্দ্যাশেষ-মহামুনি-মানসবন্দ্যানন্দ-পদদ্বন্দ্বং
বন্দ্যাশেষগুণাব্ধিং প্রণমত গোবিন্দং পরমানন্দম্ ॥ ৮ ॥

**অনুবাদ**।—বৃন্দা অর্থাৎ তুলসী দ্বারা বৃন্দারকগণের আরাধিত ও বন্দনায়, বৃন্দাবনভূভাগে কুন্দকুসুমকান্তি স্বচ্ছ মন্দ হাস্যে যিনি সুধাজনিত আনন্দ সম্পাদন করেন, গোপরাজ নন্দ যাঁহার জন্য মহামহিমসম্পন্ন হইয়াছেন, বন্দনীয় নিখিল মুনিমানস যাঁহার চরণযুগলবন্দনায় একাগ্র, অভিনন্দনীয়, সকল-গুণসাগর সেই পরমানন্দ গোবিন্দকে প্রণাম কর ॥ ৮ ॥

গোবিন্দাষ্টকমেতদধীতে গোবিন্দার্পিতচেতা যো,
গোবিন্দাচ্যুত মাধব বিষ্ণো গোকুলনায়ক কৃষ্ণেতি ।
গোবিন্দাঙ্ঘ্রি-সরোজধ্যান-সুধাজল-ধৌত-সমস্তাঘো
গোবিন্দং পরমানন্দামৃতমন্তস্থং স তমভ্যেতি ॥ ৯ ॥

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দ-
ভগবৎপূজ্যপাদশিষ্যস্য শ্রীমচ্ছঙ্কর-ভগবতঃ
কৃতৌ গোবিন্দাষ্টকং সম্পূর্ণম্ ।

**অনুবাদ**।—যে ব্যক্তি "হে গোবিন্দ, অচ্যুত, মাধব, হে বিষ্ণো, গোকুলনায়ক, কৃষ্ণ," এই বলিয়া গোবিন্দে চিত্ত অর্পণ পূর্ব্বক এই গোবিন্দাষ্টক পাঠ করে, তাহার সমস্ত পাপ, গোবিন্দচরণকমলধ্যানরূপ সুধা-সলিলে ধৌত হইয়া যায়, সেই ব্যক্তি অন্তরে ( সদা ) অবস্থিত পরমানন্দামৃতস্বরূপ তৎপদার্থ গোবিন্দকে লাভ করে ॥ ৯ ॥

ইতি শ্রীভগবচ্ছঙ্করাচার্য্য-বিরচিত
গোবিন্দাষ্টক সম্পূর্ণ ।

# জগন্নাথাষ্টকম্

কদাচিৎ কালিন্দী-তট-বিপিন-সংগীত-কবরো
মুদাভীরী- * নারী-বদন-কমলাস্বাদ-মধুপঃ।
রমা-শম্ভু-ব্রহ্মামরপতি-গণেশার্চ্চিত-পদো
জগন্নাথঃ স্বামী নয়ন-পথ-গামী ভবতু মে ॥ ১ ॥

অনুবাদ।—যিনি কোন সময়ে যমুনাতীরবিপিনে উৎকৃষ্ট সঙ্গীত করিয়াছিলেন, সানন্দে গোপীগণের মুখকমল-আস্বাদ গ্রহণে যিনি মধুকর, যাঁহার চরণযুগল লক্ষ্মী, শিব, ব্রহ্মা, ইন্দ্র ও গণেশের দ্বারা অর্চ্চিত, সেই স্বামী জগন্নাথ যেন আমার নয়নপথে পতিত হয়েন ॥ ১ ॥

ভুজে সব্যে বেণুং শিরসি শিখিপিচ্ছং কটিতটে
দুকূলং নেত্রান্তে সহচরকটাক্ষং চ বিদধৎ।
সদা শ্রীমদ্‌বৃন্দাবনবসতিলীলাপরিচয়ো
জগন্নাথঃ স্বামী নয়ন-পথ-গামী ভবতু মে ॥ ২ ॥

অনুবাদ।—যিনি বামহস্তে বেণু, মস্তকে ময়ূরপিচ্ছ, কটিতটে দুকূল (ক্ষৌম বস্ত্র বা সূক্ষ্ম বস্ত্র), এবং নয়নপ্রান্তে সহচরবর্গের প্রতি কটাক্ষ লইয়া আছেন, সর্ব্বদাই শ্রীমদ্‌বৃন্দাবনবাসলীলায় যাঁহার পরিচয়, সেই স্বামী জগন্নাথ যেন আমার নয়নপথে পতিত হয়েন ॥ ২ ॥

মহাম্ভোধেস্তীরে কনক-রুচিরে নীল-শিখরে
বসন্ প্রাসাদান্তঃ সহজ-বলভদ্রেণ বলিনা।
সুভদ্রা-মধ্যস্থঃ সকল-সুর-সেবাবসরদো
জগন্নাথঃ স্বামী নয়ন-পথ-গামী ভবতু মে ॥ ৩ ॥

অনুবাদ।—যিনি মহাসাগরতীরে সুবর্ণমনোহর নীলাচলশিখরে বলশালী ভ্রাতা বলভদ্র সহ, মধ্যস্থলে সুভদ্রাকে রাখিয়া প্রাসাদের অভ্যন্তরে

---

* "মুদা গোপী" ইহা বাণীবিলাস পুস্তকে মুদ্রিত পাঠ।

বাস করতঃ সকল দেবতার সেবা করিবার অবসর প্রদান করিতেছেন, সেই স্বামী জগন্নাথ যেন আমার নয়নপথে পতিত হয়েন ॥ ৩ ॥

কৃপাপারাবারঃ সজলজলদশ্রেণিরুচিরো
রমা বাণী-সোম-স্ফুরদমল-পদ্মোদ্ভব-মুখৈঃ।
সুরেন্দ্রৈরারাধ্যঃ শ্রুতি-গণ-শিখোদ্‌গীত-চরিতো *
জগন্নাথঃ স্বামী নয়ন-পথ-গামী ভবতু মে ॥ ৪ ॥

**অনুবাদ।**—যিনি কৃপাসিন্ধু, সজলজলদাবলি-মনোহর, এবং লক্ষ্মী, সরস্বতী, সোম (উমাসহায় শিব, অথবা চন্দ্র) এবং উজ্জ্বল নির্ম্মলমূর্ত্তি পদ্মযোনি প্রভৃতি দেবপ্রধানগণের আরাধ্য, যাঁহার চরিত্র বেদান্তবর্ণিত, সেই স্বামী জগন্নাথ যেন আমার নয়নপথে পতিত হয়েন ॥ ৪ ॥

রথারূঢ়ো গচ্ছন্ পথি মিলিতভূদেবপটলৈঃ
স্তুতিপ্রাদুর্ভাবং প্রতিপদমুপাকর্ণ্য সদয়ঃ।
দয়াসিন্ধুর্ব্বন্ধুঃ সকলজগতাং সিন্ধুসুতয়া
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৫ ॥

**অনুবাদ।**—যিনি রথারোহণে গমন করিবার সময়ে পথে সমবেত ব্রাহ্মণমণ্ডলীর উচ্চারিত স্তোত্র প্রতিপদে শ্রবণ করিয়া সদয় হয়েন, অর্থাৎ গমনবিঘ্ন বিধ্বস্ত করেন, সেই লক্ষ্মী-সম্মিলিত দয়াসিন্ধু সর্ব্বজগদ্বন্ধু স্বামী জগন্নাথ যেন আমার নয়নপথে পতিত হয়েন ॥ ৫ ॥

পরো বর্হাপীড়ঃ ‡ কুবলয়দলোৎফুল্লনয়নো
নিবাসো নীলাদ্রৌ নিহিতচরণোঽনন্তশিরসি।
রসানন্দো রাধাসরসবপুরালিঙ্গন-সুখো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৬ ॥

**অনুবাদ।**—যে পরাৎপর, বর্হাপীড় অর্থাৎ শেখররূপে ময়ূরপিচ্ছকে ধারণ করেন, যাঁহার আনন্দোৎফুল্ল নয়ন পদ্মপলাশসদৃশ; যাঁহার নিবাস নীলাচলে, এবং চরণযুগল অনন্তমস্তকে স্থাপিত; যিনি রস ও আনন্দস্বরূপ;

* 'শিখাগীতচরিতো' পাঠান্তর।
‡ "পর ব্রহ্মাপীড়ঃ" ইতি বাণীবিলাস মুদ্রিত পুস্তকে পাঠ।

রাধিকার সরস দেহ আলিঙ্গনেই যাঁহার সুখ; সেই স্বামী জগন্নাথ যেন আমার নয়নপথে পতিত হয়েন ॥ ৬ ॥

ন বৈ প্রার্থ্যং রাজ্যং ন চ কনকতা-ভোগবিভবে
ন যাচেঽহং রম্যাং নিখিলজনকাম্যাং বরবধূম্ ।
সদা যাচে * কালে প্রমথপতিনা গীতচরিতো
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৭ ॥

**অনুবাদ।**—রাজ্য আমার প্রার্থনীয় নহে, সুবর্ণময় ভোগ্য বৈভবও প্রার্থনীয় নহে, আমি নিখিলজনস্পৃহণীয়া রমণীয়া বরস্ত্রীও যাচ্ঞা করি না; শিবগীতচরিত স্বামী জগন্নাথ যেন সময়ে আমার নয়নপথে পতিত হয়েন, ইহাই সদা যাচ্ঞা করি ॥ ৭ ॥

হর ত্বং সংসারং দ্রুততরমসারং সুরপতে
হর ত্বং পাপানাং বিততিমপরাং যাদবপতে।
অহো দীনানাথং নিহিতমচলং ‡ পাতুমনিশং
জগন্নাথঃ স্বামী নয়নপথগামী ভবতু মে ॥ ৮ ॥

ইতি শ্রীমৎ-পরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য
শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদ-শিষ্যস্য
শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
জগন্নাথাষ্টকং সম্পূর্ণম্ । †

**অনুবাদ।**—হে দেবপ্রধান! (আমার) অসার সংসার দ্রুত হরণ কর, হে যাদবপতে! (আমার) পাপরাশি অত্যধিক (হইলেও) তাহা হরণ কর; আহা! আত্ম-সমর্পিত দীন ও অনাথ জনকে সতত রক্ষা করিবার জন্য অচল ভাবে স্থিত, সেই স্বামী জগন্নাথ যেন আমার নয়ন-পথের পথিক হয়েন ॥ ৮ ॥

ইতি শ্রীভগবৎ-শঙ্করাচার্য্যকৃত জগন্নাথাষ্টক সম্পূর্ণ।

* "সদা কালে কালে" এই পাঠ বাণীবিলাস মুদ্রিত পুস্তকে আছে।
‡ "নিহিতমচলং" এই পাঠ বাণীবিলাস মুদ্রিত পুস্তকে আছে।
† এই জগন্নাথাষ্টক শ্রীচৈতন্যদেবকৃত ইহা বাঙ্গালায় প্রসিদ্ধ।

# অচ্যুতাষ্টকম্ ।

শ্রীগণেশায় নমঃ ।

অচ্যুতাচ্যুত হরে পরমাত্মন্, রাম কৃষ্ণ পুরুষোত্তম বিষ্ণো ।
বাসুদেব ভগবন্ননিরুদ্ধ, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ১ ॥

**অনুবাদ।**—হে অচ্যুত! তুমি অব্যয়, হে হরে! তুমি পরমাত্মা, তুমিই রাম, তুমিই কৃষ্ণ, হে বিষ্ণো! তুমিই সকল পুরুষের শ্রেষ্ঠ। হে বাসুদেব! হে অনিরুদ্ধ! হে শ্রীপতে! তুমি মদীয় অশেষ দুঃখের শান্তিবিধান কর ॥ ১ ॥

বিশ্বমঙ্গল বিভো জগদীশ, নন্দনন্দন নৃসিংহ নরেন্দ্র ।
মুক্তিদায়ক মুকুন্দ মুরারে, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ২ ॥

**অনুবাদ।**—হে বিভো! তুমি জগতের কল্যাণ-সাধন কর, হে জগদীশ! হে নন্দনন্দন। হে নৃসিংহরূপিন্। হে নরেন্দ্র! তুমি ভক্তজনের মুক্তিবিধান কর। হে মুকুন্দ! হে মুরারে! হে শ্রীপতে! তুমি আমার অশেষ দুঃখের শান্তি-বিধান করিয়া দেও ॥ ২ ॥

রামচন্দ্র রঘুনায়ক দেব, দীননাথ দুরিতক্ষয়কারিন্ ।
যাদবেন্দ্র যদুভূষণ যজ্ঞ, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ৩ ॥

**অনুবাদ।**—হে দেব! তুমি রামচন্দ্ররূপে অবতীর্ণ হইয়াছ, (অতএব) তুমিই রঘুবংশের অধিনায়ক, তুমি দীনব্যক্তির আশ্রয়, তুমি ভক্তবৃন্দের দুষ্কৃতি ক্ষয় কর, তুমি যাদবগণের ইন্দ্রস্বরূপ, যদুবংশের অলঙ্কার এবং তুমি যজ্ঞরূপ ধারণ করিয়াছ। হে শ্রীপতে! তুমি আমার অশেষ দুঃখের শান্তিবিধান কর ॥ ৩ ॥

দেবকীতনয় দুঃখদবাগ্নে, রাধিকারমণ রম্য-সুমূর্ত্তে ।
দুঃখমোচন দয়ার্ণব নাথ, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ৪ ॥

**অনুবাদ।**—হে দেব! তুমি দেবকীর পুত্ররূপে অবতীর্ণ হইয়াছ, তুমি মানবগণের দুঃখকাননের অগ্নিস্বরূপ। হে রাধিকারমণ! তোমার মূর্ত্তি অতি

মনোহর। হে নাথ! তুমি সকলের দুঃখমোচন কর, তুমি কৃপাসাগর। হে শ্রীপতে! তুমি আমার অশেষ দুঃখের শান্তিবিধান কর ॥ ৪ ॥

গোপিকাবদনচন্দ্রচকোর, নিত্য নির্গুণ নিরঞ্জন জিষ্ণো।
পূর্ণরূপ জয় শঙ্কর শর্ব্ব, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ৫ ॥

**অনুবাদ।**—হে দেব! তুমি গোপিকা-মুখশশধরের চকোরস্বরূপ। তুমি ত্রিগুণাতীত, নিত্য, নিরঞ্জন; তুমি জয়শীল, পূর্ণব্রহ্ম; তুমি সকলের কল্যাণবিধান কর; তুমি সংহারকর্ত্তা, তোমার জয় হউক, হে শ্রীপতে! তুমি আমার অশেষ দুঃখের শান্তিবিধান করিয়া দাও ॥ ৫ ॥

গোকুলেশ গিরিধারণ-ধীর, যামুনাচ্ছতটখেলন বীর।
নারদাদিমুনিবন্দিতপাদ, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ৬ ॥

**অনুবাদ।**—হে দেব! তুমি গোকুলের অধিপতি, গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়াও অচলভাবে বিরাজিত ছিলে, তুমি যমুনার নির্ম্মল তটভূমে ক্রীড়া করিয়া থাক এবং তুমিই জগতের অদ্বিতীয় বীর। নারদাদি মুনিবৃন্দ সর্ব্বদা তোমার পাদ-পদ্ম সেবা করিতেছেন। হে শ্রীপতে! তুমি আমার অশেষ দুঃখের শান্তি কর ॥ ৬ ॥

দ্বারকাধিপ দুরূহ গুণাব্ধে, প্রাণনাথ পরিপূর্ণ ভবারে।
জ্ঞানগম্য গুণসাগর ভূমন্, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ৭ ॥

**অনুবাদ।**—হে দেব! তুমি দ্বারকাপুরীর অধিনায়ক, তুমি তর্কপথে অজ্ঞেয়, তুমি গুণের সাগর, তুমি প্রাণনাথ ও পূর্ব্বব্রহ্মস্বরূপ, তুমি মানবের সংসার বিনাশ কর। হে ভূমন্! তুমি একমাত্র জ্ঞানের গোচর এবং তুমি ত্রিগুণনদীর তিরোধানস্থান, হে শ্রীপতে, তুমি আমার অশেষ দুঃখের শান্তিবিধান কর ॥ ৭ ॥

দুষ্টনির্দ্দমন দেব দয়ালো, পদ্মনাভ ধরণীধর ধীমন্।
রাবণান্তক রমেশ মুরারে, শ্রীপতে শময় দুঃখমশেষম্ ॥ ৮ ॥

**অনুবাদ।**—হে দেব! তুমি দুষ্টগণের নিঃশেষদলন কর, তুমি অতিশয় কৃপালু, হে পদ্মনাভ! তুমি অনন্তরূপে বসুমতী ধারণ করিয়াছ, তুমি সর্ব্ববুদ্ধির আধার, তুমি রাবণের সংহারসাধন করিয়াছ, হে রমেশ! হে মুরারে! হে শ্রীপতে! তুমি আমার অশেষ দুঃখের শান্তিবিধান কর ॥ ৮ ॥

অচ্যুতাষ্টকমিদং রমণীয়ং নির্ম্মিতং ভবভয়ং বিনিহন্তুম্।
যঃ পঠেদ্ বিষয় বৃত্তি-নিবৃত্তি-জন্ম-দুঃখমখিলং স জহাতি ॥৯॥

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য
শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতাব-
চ্যুতাষ্টকস্তোত্রং সমাপ্তম্।

**অনুবাদ।**—(ভগবান্ শঙ্করাচার্য্য) সংসারদুঃখসংহারার্থ পরম রমণীয় এই অচ্যুতাষ্টকস্তোত্র প্রণয়ন করিয়াছেন। যিনি এই স্তোত্র পাঠ করেন, তিনি বিষয়-ভোগবাসনায় নিবৃত্ত হইয়া অখিল জন্মদুঃখ পরিহারে সমর্থ হয়েন ॥ ৯ ॥

ইতি অচ্যুতাষ্টকস্তোত্র সমাপ্ত।

## অন্যবিধ অচ্যুতাষ্টক। *

অচ্যুতং কেশবং রাম-নারায়ণং
কৃষ্ণ-দামোদরং বাসুদেবং হরিম্।
শ্রীধরং মাধবং গোপিকাবল্লভং
জানকীনায়কং রামচন্দ্রং ভজে ॥ ১ ॥

**অনুবাদ।**—(যিনি) অচ্যুত, কেশব, রাম, নারায়ণ, কৃষ্ণ, দামোদর, বাসুদেব হরি; (যিনি) শ্রীধর, মাধব, গোপিকাবল্লভ, জানকীনায়ক, শ্রীরামচন্দ্র; (তাঁহাকে) ভজনা করি ॥ ১ ॥

অচ্যুতং কেশবং সত্যভামা-ধবং
মাধবং শ্রীধরং রাধিকারাধিতম্।
ইন্দিরামন্দিরং চেতসা সুন্দরং
দেবকীনন্দনং নন্দজং সন্দধে ॥ ২ ॥

**অনুবাদ।**—যিনি কখনই চ্যুত হয়েন না,—যিনি ক (ব্রহ্মা), ঈশ (শিব)

* অন্তিম শ্লোকে 'কর্ত্তৃ বিশ্বম্ভরম্' পাঠ বহু দেশে প্রচলিত, তাহা হইলে এই অচ্যুতাষ্টক বিশ্বম্ভররচিত, শঙ্করাচার্য্যরচিত নহে, শ্রীবিষ্ণু নাম-প্রাচুর্য্য দর্শনে এ বিশ্বম্ভর শচীনন্দন বিশ্বম্ভর, ইহাই মনে হয়। কিন্তু শঙ্কররচিতরূপে প্রসিদ্ধ বিধায় ইহা এই স্থানে সন্নিবেশিত হইল।

এবং ব ( বায়ু-বরুণ-স্বরূপ ), যিনি সত্যভামা-পতি, মধুবংশে যাঁহার জন্ম, অত্যন্ত ঐশ্বর্য্য যাঁহাতে বর্ত্তমান, রাধিকা যাঁহাকে আরাধনা করিয়াছেন, লক্ষ্মী-নিকেতন, সেই দেবকীগর্ভজাত সুন্দর নন্দ-নন্দনকে হৃদয়ে মিলিত করি ॥ ২ ॥

বিষ্ণবে জিষ্ণবে শঙ্খিনে চক্রিণে
রুক্মিণী-রাগিণে জানকী-জানয়ে।
বল্লবী-বল্লভায়ার্চ্চিতায়াত্মনে
কংস-বিধ্বংসিনে বংশিনে তে নমঃ ॥ ৩ ॥

**অনুবাদ।**—( যিনি ) বিষ্ণু, জিষ্ণু, শঙ্খ-চক্র-ধারী, রুক্মিণীর অনুরক্ত, জানকীপতি, গোপীবল্লভ ; ( যিনি ) অর্চ্চিত ( সর্ব্বলোকপূজিত ), আত্মা ( পরমাত্মা ), সেই কংসবিধ্বংসী মুরলীধর তোমাকে নমস্কার ॥ ৩ ॥

কৃষ্ণ গোবিন্দ হে রাম-নারায়ণ
শ্রীপতে বাসুদেবাজিত শ্রীনিধে।
অচ্যুতানন্ত হে মাধবাধোক্ষজ
দ্বারকা-নায়ক দ্রৌপদী-রক্ষক ॥ ৪ ॥

**অনুবাদ।**—হে কৃষ্ণ, গোবিন্দ, হে রাম-নারায়ণ, হে শ্রীপতে, বাসুদেব, হে অজিত, হে শ্রীনিধে, হে অচ্যুত, অনন্ত, মাধব, অধোক্ষজ, হে দ্বারকানায়ক, তুমিই দ্রৌপদীকে ( কৌরব-সভায় লজ্জা হইতে ) রক্ষা করিয়াছিলে ॥ ৪ ॥

রাক্ষসক্ষোভিতঃ সীতয়া শোভিতো
দণ্ডকারণ্য-ভূ-পুণ্যতা-কারণম্।
লক্ষ্মণেনান্বিতো বানরৈঃ সেবিতো-
ঽগস্ত্যসংপূজিতো রাঘবঃ পাতু মাম্ ॥ ৫ ॥

**অনুবাদ।**—যিনি রঘুবংশে জন্মগ্রহণ করত সীতাবিবাহের পর সীতা ও লক্ষ্মণসহ দণ্ডকারণ্যভূমিকে পবিত্র করিয়াছিলেন, রাক্ষসকৃত ক্ষোভ প্রাপ্ত হইয়া বানরগণের সেবায় সীতাসহ শোভা প্রাপ্ত হয়েন, অগস্ত্য-সম্পূজিত তিনি আমাকে রক্ষা করুন।

[ এই শ্লোকে সংক্ষেপে সমগ্র রামায়ণকথা বর্ণিত হইয়াছে। 'রাক্ষসক্ষোভিত' ইহাতে অবতার-হেতুও সূচিত, এ জন্য প্রথমেই এই বিশেষণ, তৎপরেই 'সীতয়া

শোভিতঃ' থাকায় রাক্ষসক্ষোভের পরেই যে সীতা উদ্ধার, ইহা সূচিত,—সুতরাং 'রাক্ষসক্ষোভিতঃ' পদের পুনরাবৃত্তি ও দ্বিবিধ অর্থ গৃহীত হইয়াছে। দণ্ডকারণ্য হইতে সীতা-বিচ্ছেদ হওয়াতে দণ্ডকারণ্যগমন উল্লেখের পর 'লক্ষ্মণেনান্বিতঃ' আছে, ইহাতেই সীতাহরণ সূচিত। 'দণ্ডকারণ্য-ভূপুণ্যতা-কারণম্' এই বিশেষণের পূর্ব্বে 'সীতয়া শোভিতঃ' থাকায় তৎপূর্ব্বে সীতা-বিবাহ-প্রসঙ্গ সূচিত, এই কারণে ঐ পদেরও আবৃত্তি দুইবার করিয়া অর্থদ্বয় গৃহীত। জন্ম হইতে লীলাসমাপ্তি পর্য্যন্ত রাঘবত্ব থাকায় উহা শেষাংশে। আর 'অগস্ত্য-সংপূজিতঃ' উত্তরকাণ্ডের অগস্ত্য-সংবর্দ্ধনা অভিব্যক্ত। তদ্দ্বারা রাজ্যাভিষেক সূচিত হইয়াছে ] ॥ ৫ ॥

ধেনুকারিষ্টহানিষ্টকৃদ্ দ্বেষিণাম্

কেশিহা কংসহৃদ্ বংশিকানাদকঃ।

পূতনাকোপকঃ সূরজা-খেলনো

বালগোপালকঃ পাতু মাং সর্ব্বদা ॥ ৬ ॥

**অনুবাদ**।—যিনি পূতনা-বৈরী, ধেনুক ও অরিষ্ট অসুরের হন্তা, যিনি কেশী দৈত্যকে হনন করিয়াছেন, যিনি শত্রুগণের অনর্থসম্পাদনে দক্ষ, সেই যমুনাবিহারী বংশীবদন বালগোপাল সর্ব্বদা আমাকে রক্ষা করুন। [ এই স্থলে বিশেষ কথা এই যে, ধেনুকাসুরবধ বলরাম করিলেও শ্রীকৃষ্ণ-প্রেরণায় তাহা হওয়ায় শ্রীকৃষ্ণকে ধেনুকাসুরহন্তা বলা হইয়াছে, শ্রীমদ্ভাগবতেও আছে "হত্বা রাসভদৈতেয়ং তদ্বন্ধুংশ্চ বলান্বিতঃ।" ১০। ২৬। ১০। এই রাসভ দৈত্যই ধেনুকাসুর। ভাগবত ১০। ১০। ১৫ অধ্যায় দ্রষ্টব্য। শ্রীকৃষ্ণের বাল্যলীলা এই শ্লোকে সংক্ষেপে বর্ণিত হইয়াছে ] ॥ ৬ ॥

বিদ্যুদুদ্যোতবৎ-প্রস্ফুরদ্-বাসসং

প্রাবৃড়ম্ভোদবৎ প্রোল্লসদ্-বিগ্রহম্।

বন্যয়া মালয়া শোভিতোরঃস্থলং

লোহিতাঙ্ঘ্রিদ্বয়ং বারিজাক্ষং ভজে ॥ ৭ ॥

**অনুবাদ**।—যাঁহার পরিধানবস্ত্র বিদ্যুৎপ্রকাশবৎ উজ্জ্বল, যাঁহার শরীর বর্ষাকালীন জলধরের ন্যায় বিরাজমান, বন-মালা-শোভিত-বক্ষঃস্থল অরুণ-চরণ-যুগল সেই পুণ্ডরীকাক্ষকে ভজনা করি ॥ ৭ ॥

কুঞ্চিতৈঃ কুন্তলৈর্ভ্রাজমানাননং
রত্নমৌলিং লসৎকুণ্ডলং গণ্ডয়োঃ।
হার-কেয়ূরকং কঙ্কণপ্রোজ্জ্বলং
কিঙ্কিণীমঞ্জুলং শ্যামলং তং ভজে ॥ ৮ ॥

**অনুবাদ**।—কুঞ্চিত কুন্তলজালে যাঁহার মুখমণ্ডল শোভাসম্পন্ন, যাঁহার রত্নময় কিরীট ও গণ্ডযুগলে কুণ্ডল দোদুল্যমান, (যিনি) হার ও কেয়ূর ধারণে (ভক্তগণের) সুখ-সম্পাদক, কঙ্কণে ভূষিত কিঙ্কিণী-শোভিত সেই শ্যামকে ভজনা করি ॥ ৮ ॥

অচ্যুতস্যাষ্টকং যঃ পঠেদিষ্টদং
প্রেমতঃ প্রত্যহং পূরুষঃ সস্পৃহম্।
বৃত্ততঃ সুন্দরং বেদ্যবিশ্বম্ভরং *
তস্য বশ্যো হরির্জ্জায়তে সত্বরম্ ॥ ৯ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দ-
ভগবৎপূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ
কৃতাবচ্যুতাষ্টকং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—সুললিত বৃত্তে নিবদ্ধ জগদীশ্বরবোধক অভীষ্টপ্রদ এই অচ্যুতাষ্টক যে পুরুষ প্রত্যহ প্রেম পূর্ব্বক সাগ্রহে পাঠ করিবে, হরি তাহার সত্বর বশীভূত হইবেন ॥ ৯ ॥

শ্রীভগবান্ শঙ্করাচার্য্য-রচিত অচ্যুতাষ্টক সমাপ্ত।

* "কর্ত্তৃ বিশ্বম্ভরং" পাঠান্তর।

# সঙ্কটনাশনলক্ষ্মীনৃসিংহ-স্তোত্রম্।

## ( অথবা করাবলম্ব-স্তোত্র )

শ্রীগণেশায় নমঃ।

শ্রীমৎপয়োনিধি-নিকেতন-চক্রপাণে,
ভোগীন্দ্র-ভোগমণি-রঞ্জিত-পুণ্যমূর্ত্তে।
যোগীশ শাশ্বত শরণ্য ভবাব্ধিপোত,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ১ ॥

**অনুবাদ।**—হে শ্রীপতে! ক্ষীরোদসমুদ্র তোমার অবস্থান। হে চক্রপাণে! নাগরাজ অনন্তের ফণাস্থিত মণিসমূহে তোমার পুণ্যমূর্ত্তি সুরঞ্জিত, তুমি যোগিবৃন্দের ঈশ্বর, তুমি সনাতন, শরণ্য, তুমিই সংসার-সমুদ্রপারের পোতস্বরূপ। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ১ ॥

ব্রহ্মেন্দ্ররুদ্রমরুদর্ককিরীটকোটি-
সঙ্ঘট্টিতাঙ্ঘ্রি-কমলামলকান্তিকান্ত।
লক্ষ্মীলসৎকুচ-সরোরুহরাজহংস,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ২ ॥

**অনুবাদ।**—হে বিভো! ব্রহ্মা, ইন্দ্র, মরুদ্‌গণ ও আদিত্য ইঁহারা নিরন্তর ত্বদীয় পাদপদ্মে প্রণতি করেন, তাঁহাদিগের মৌলিস্থিত মুকুটে তোমার পাদাব্জ সংঘট্টিত হইতেছে বলিয়া তোমার পাদপদ্মের নির্ম্মলকান্তি অতি মনোহর হইয়াছে। তুমি কমলার কুচকমলে রাজহংস। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! তুমি আমাকে করাবলম্বন দাও ॥ ২ ॥

সংসারঘোরগহনে চরতো মুরারে,
* মারোগ্র-ভীকর-মৃগপ্রবরার্দ্দিতস্য।
আর্ত্তস্য মৎসরনিদাঘনিপীড়িতস্য,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৩ ॥

**অনুবাদ।**—হে মুরারে! আমি সংসাররূপ ঘোরতর বনে পরিভ্রমণ

---

* 'আরোগ' ইতি পাঠান্তর।

করিতেছি, কামরূপ উগ্র ও ভীষণ মৃগরাজ সর্ব্বদা আমাকে পীড়ন করিতেছে, আমি মাৎসর্য্যরূপ গ্রীষ্মপীড়নে পীড়িত, অতএব আর্ত্ত। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ৩ ॥

সংসার-কূপমতিঘোরমগাধমূলং,
সংপ্রাপ্য দুঃখশত-সর্পসমাকুলস্য।
দীনস্য দেব কৃপণা * পদমাগতস্য,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—হে দেব! আমি অতি ভীষণ অতলস্পর্শ ভবকূপে নিমগ্ন রহিয়াছি, শত শত দুঃখরূপ ভুজঙ্গ আমাকে নিয়ত ব্যাকুল করিতেছে, আমি অতি দীন এবং কদর্য্য আপদে পতিত। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! কৃপা করিয়া আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ৪ ॥

সংসার-সাগরবিশালকরালকাল-
নক্রগ্রহগ্রসননিগ্রহবিগ্রহস্য।
ব্যগ্রস্য রাগরসনোর্ম্মি-নিপীড়িতস্য,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৫ ॥

**অনুবাদ**।—হে দেব! ভবসাগরে বিশাল করাল কালরূপ কুম্ভীরের আক্রমণ ও গ্রাসে আমার দেহ নিপীড়িত, কাম ও লোভরূপ ঊর্ম্মিজালে তাড়িত হইয়া আমি (উদ্ধারলাভের জন্য) ব্যাকুল, হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ৫ ॥

সংসার-বৃক্ষমঘবীজমনন্তকর্ম্ম-
শাখাশতং করণপত্রমনঙ্গপুষ্পম্।
আরুহ্য দুঃখফলিতং পততো দয়ালো,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৬ ॥

**অনুবাদ**।—হে কৃপালো! পাপসমূহ যাহার বীজ, অনন্ত কর্ম্ম যাহার শত শত শাখা, ইন্দ্রিয়গ্রাম যাহার পত্র এবং স্বয়ং অনঙ্গ যাহার কুসুম এবং দুঃখ

---

* 'কৃপণা' স্থলে 'কৃপয়া' পাঠ উৎকৃষ্ট।

যাহার ফল, আমি সেই সংসারবৃক্ষে আরূঢ় হইয়া এখন পতিত হইতেছি, হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ৬ ॥

সংসার-সর্পঘনবক্ত্র-ভয়োগ্রতীব্র-
দংষ্ট্রাকরালবিষদগ্ধবিনষ্টমূর্ত্তেঃ।
নাগারিবাহন সুধাব্ধিনিবাস শৌরে,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৭ ॥

**অনুবাদ**।—হে গরুড়বাহন! সংসাররূপ ভুজঙ্গ বদন-ব্যাদান করিয়া আমাকে দংশন করিয়াছে, তাহার করাল দশনের উগ্রতর বিষে আমার সর্ব্বাঙ্গ দগ্ধ হওয়াতে আমি বিনষ্ট হইতেছি। হে সুধাসাগরশায়িন্! হে শৌরে! হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর। ভাবার্থ,—গরুড় সর্পভোজী, এবং সুধা বিষবিনাশক, এই দুই-ই যাঁহার আয়ত্ত, সর্প-ভয়ে ও বিষ-দাহে তাঁহার কৃপাভিক্ষাই করণীয়, তাহাই করা হইয়াছে ॥ ৭ ॥

সংসার-দাবদহনাতুর-ভীকরোরু-
জ্বালাবলীভিরভিদগ্ধতনূরুহস্য।
ত্বৎপাদপদ্মসরসীশরণাগতস্য,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৮ ॥

**অনুবাদ**।—হে দেব! আমি সংসাররূপ দাবানলে কাতর হইয়াছি, সেই দাবানলের ভয়ঙ্করী মহতী শিখাবলী মদীয় গাত্ররোমসকল দগ্ধ করিতেছে, আমি আপনার পাদদ্বয়কমলসরোবরে আশ্রয় লইলাম। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ৮ ॥

সংসার-জালপতিতস্য জগন্নিবাস,
সর্ব্বেন্দ্রিয়ার্থ-বড়িশার্ত্ত * ঝষোপমস্য।
প্রোৎখণ্ডিতপ্রতত † তালুকমস্তকস্য
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ৯ ॥

**অনুবাদ**।—হে জগন্নিবাস! আমি সংসারজালে মীনবৎ পতিত হইয়াছি, ইন্দ্রিয়ের বিষয়সকল বড়িশের ন্যায় আমাকে বিদ্ধ করিয়া বিস্তৃত তালুপ্রদেশ খণ্ড

* 'বড়িশার্থ' পাঠান্তর নিকৃষ্ট। † 'প্রচুর'—পাঠান্তর

খণ্ড করিয়া মস্তক পর্য্যন্ত বিদারণে উদ্যত। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ৯ ॥

সংসার-ভীকরকরীন্দ্র-করাভিঘাত-
নিষ্পিষ্টমর্ম্মবপুষঃ সকলার্ত্তিনাশ।
প্রাণপ্রয়াণভবভীতিসমাকুলস্য,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ১০ ॥

**অনুবাদ।**—হে সর্ব্বদুঃখহারিন্! সংসাররূপ ভীষণ গজেন্দ্র স্বীয় শুণ্ডাভিঘাতে আমার দেহের মর্ম্মস্থল নিষ্পেষণ করিতেছে, হে সর্ব্বার্ত্তিহারিন্! আমি প্রাণপ্রয়াণভয়ে অতীব ব্যাকুল হইয়াছি। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ১০ ॥

অন্ধস্য মে হৃতবিবেক-মহাধনস্য,
চৌরৈঃ প্রভো বলিভিরিন্দ্রিয়নামধেয়ৈঃ।
মোহান্ধকূপকুহরে বিনিপাতিতস্য,
লক্ষ্মীনৃসিংহ মম দেহি করাবলম্বম্ ॥ ১১ ॥

**অনুবাদ।**—হে প্রভো! আমি অন্ধ, ইন্দ্রিয়-নামক বলী চৌরগণ মদীয় বিবেকরূপ মহাধন হরণ করিয়া মোহান্ধকূপের গভীর-বিবরে আমাকে নিপাতিত করিয়াছে। হে সলক্ষ্মীক নৃসিংহদেব! আমাকে করাবলম্বন প্রদান কর ॥ ১১ ॥

লক্ষ্মীপতে কমলনাভ সুরেশ বিষ্ণো,
বৈকুণ্ঠ কৃষ্ণ মধুসূদন পুষ্করাক্ষ।
ব্রহ্মণ্য কেশব জনার্দ্দন বাসুদেব,
দেবেশ দেহি কৃপণস্য করাবলম্বম্ ॥ ১২ ॥

**অনুবাদ।**—হে লক্ষ্মীপতে! হে পদ্মনাভ! হে বিষ্ণু! হে বৈকুণ্ঠ! হে কৃষ্ণ! হে মধুসূদন! হে কমললোচন! হে দেবপ্রধান ব্রহ্মরূপিন্। হে কেশব! হে জনার্দ্দন! হে বাসুদেব! হে দেবেশ! এ দীনকে করাবলম্বন প্রদান কর ॥ ১২ ॥

যন্মায়য়োর্জ্জিতবপুঃপ্রচুরপ্রবাহ-
মগ্নার্থমাত্রনিবহোরুকরাবলম্বম্।
লক্ষ্মীনৃসিংহচরণাব্জমধুব্রতেন,
স্তোত্রং কৃতং সুখকরং ভুবি শঙ্করেণ ॥ ১৩ ॥

ইতি সঙ্কষ্টনাশনলক্ষ্মীনৃসিংহস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—এই ভূমণ্ডল-সুখকর করাবলম্ব স্তোত্র, যাঁহার মায়াবলে সম্পাদিত অনাদি সুপ্রচুর জন্মপ্রবাহে নিমগ্ন জীবগণের যত প্রকার বিষয় আছে, তৎসর্ব্বাপেক্ষা মহত্ত্ব-পূর্ণ অথবা সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট, সেই লক্ষ্মীনৃসিংহচরণকমলে ভ্রমরস্বরূপ শঙ্করাচার্য্য তাহা রচনা করিলেন।

—( আংশিক ভাবার্থ এই—মূলে যে অর্থ শব্দ আছে, তাহার অর্থ বিষয়; শব্দ স্পর্শ রূপ রস গন্ধ, এই পাঁচটি বিষয়। এতন্মধ্যে এই স্তব শব্দস্বরূপ, অপর যত কিছু শব্দাদি বিষয় আছে, এই স্তব-শব্দ তৎসর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ। কারণ, ইহা দ্বারা পরম সুখলাভ করা যায় ) ॥ ১৩ ॥

সঙ্কষ্টনাশন-লক্ষ্মীনৃসিংহ-স্তোত্র সমাপ্ত।

# লক্ষ্মীনৃসিংহ-পঞ্চরত্নম্।

ত্বৎপ্রভুজীবপ্রিয়মিচ্ছসি চেন্নরহরিপূজাং কুরু সততং
প্রতিবিম্বালঙ্কৃতিধৃতিকুশলো বিম্বালঙ্কৃতিমাতনুতে।
চেতোভৃঙ্গ ভ্রমসি বৃথা ভবমরুভূমৌ বিরসায়াং
ভজ ভজ লক্ষ্মীনরসিংহানঘপদসরসিজমকরন্দম্ ॥ ১ ॥

**অনুবাদ।**—( হে চিত্ত ) যদি তুমি নিজ প্রভু জীবের প্রিয়সাধন করিতে ইচ্ছা কর তো সতত নরহরি-পূজা কর, ( দর্পণাদিস্থিত মুখাদি ) প্রতিবিম্বে অলঙ্কার-ধারণ-কার্য্যে কুশল হইতে হইলে বিম্বকে অলঙ্কৃত করিতে হয়। তাই বলি, হে চিত্তভ্রমর! নীরস সংসার-মরুভূমিতে বৃথা ভ্রমণ করিতেছ, লক্ষ্মীনৃসিংহদেবের নির্ম্মল চরণকমল-মকরন্দ পুনঃ পুনঃ সেবন কর ॥ ১ ॥

শুক্তৌ রজতপ্রতিভা জাতা কটকাদ্যর্থসমর্থা চেদ্
দুঃখময়ী তে সংসৃতিরেষা নির্বৃতিদানে নিপুণা স্যাৎ।
চেতোভৃঙ্গ! ভ্রমসি বৃথা ভবমরুভূমৌ বিরসায়াং
ভজ ভজ লক্ষ্মীনরসিংহানঘপদসরসিজমকরন্দম্ ॥ ২ ॥

**অনুবাদ**।—শুক্তিতে রজতবুদ্ধি হইলে (ঐ রজত) যদি বলয় প্রভৃতি অলঙ্কারের উপযুক্ত হয়, তবেই এই দুঃখময় সংসার সুখপ্রদানে সমর্থ হইবে। অর্থাৎ ভ্রমকল্পিত রজতে যেমন অলঙ্কারাদি গঠন হয় না, মিথ্যা কল্পিত সংসারেও সেইরূপ সুখের কারণ হইতে পারে না, (তাই বলি) হে চিত্তভ্রমর, নীরস সংসারমরুভূমিতে বৃথা ভ্রমণ করিতেছ, শ্রীলক্ষ্মীনৃসিংহদেবের নির্ম্মল চরণকমল-মকরন্দ পুনঃ পুনঃ সেবন কর ॥ ২ ॥

আকৃতিসাম্যাচ্ছাল্মলিকুসুমে স্থলনলিনত্বভ্রমমকরোঃ
গন্ধরসাবিহ কিমু বিদ্যেতে বিফলং ভ্রাম্যসি ভৃশবিরসেঽস্মিন্।
চেতোভৃঙ্গ! ভ্রমসি বৃথা ভবমরুভূমৌ বিরসায়াং
ভজ ভজ লক্ষ্মীনরসিংহানঘপদসরসিজমকরন্দম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—হে চিত্তভ্রমর, আকার-সাদৃশ্যে তুমি শিমুলফুলে স্থলপদ্ম-ভ্রম করিয়াছ, ইহাতে (স্থলপদ্মের) গন্ধরস আছে কি? এই গন্ধরসহীন শিমুলফুলে বৃথা ভ্রমণ করিতেছ। তাই বলি, হে চিত্তভ্রমর, নীরস সংসার-মরুভূমিতে বৃথা ভ্রমণ করিতেছ, শ্রীলক্ষ্মীনৃসিংহদেবের নির্ম্মল চরণকমল-মকরন্দ পুনঃ পুনঃ সেবন কর ॥ ৩ ॥

স্রক্চন্দন-বনিতাদীন্ বিষয়ান্ সুখদান্ মত্বা তত্র বিহরসে
গন্ধফলীসদৃশা ননু তেঽমী ভোগানন্তরদুঃখকৃতঃ স্যুঃ।
চেতোভৃঙ্গ! ভ্রমসি বৃথা ভবমরুভূমৌ বিরসায়াং
ভজ ভজ লক্ষ্মীনরসিংহানঘপদসরসিজমকরন্দম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—(হে চিত্ত) স্রক্চন্দন-বনিতাদি বিষয়-সমূহকে সুখজনক মনে করিয়া তাহাতে বিহার করিতেছ, ওহে (জান না) তাহারা যে চম্পক-কলিকার তুল্য, ভোগানন্তর দুঃখকরই হইয়া থাকে, অর্থাৎ মধুলোভে স্বাদগ্রহণের পরেই মধু না পাওয়াতে বিশেষতর তিক্তাস্বাদ চম্পককলিকা যেমন দুঃখহেতু হয়,

সুখলোভে ভোগ করিবার পরেই সুখের পরিবর্ত্তে সংসারও সেইরূপ দুঃখকর হইয়া থাকে। (তাই বলি) হে চিত্তভ্রমর, নীরস সংসার-মরুভূমিতে বৃথা ভ্রমণ করিতেছ, শ্রীলক্ষ্মীনৃসিংহদেবের নির্ম্মল চরণকমল-মকরন্দ পুনঃ পুনঃ সেবন কর ॥ ৪ ॥

তব হিতমেকং বচনং বক্ষ্যে শৃণু সুখকামো যদি সততং
স্বপ্নে দৃষ্টং সকলং হি মৃষা জাগ্রতি চ স্মর তদ্বদিতি।
চেতোভৃঙ্গ ! ভ্রমসি বৃথা ভবমরুভূমৌ বিরসায়াং
ভজ ভজ লক্ষ্মীনরসিংহানঘপদসরসিজমকরন্দম্ ॥ ৫ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীগোবিন্দভগবৎ-
পূজ্যপাদশিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
লক্ষ্মীনৃসিংহপঞ্চরত্নং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—হে চিত্তভৃঙ্গ, যদি সদা সুখাভিলাষী হইয়া থাক তো, তোমাকে একটি হিতকথা বলিব, শুন। যেমন স্বপ্ন-দৃষ্ট সকল বস্তুই জাগ্রদবস্থায় মিথ্যা বলিয়া স্মরণ করিয়া থাক, জাগ্রদবস্থায় দৃষ্ট বস্তুও সেইরূপ মিথ্যা স্মরণ করিবে। (তাই বলি) হে চিত্তভ্রমর, নীরস সংসার-মরুভূমিতে বৃথা ভ্রমণ করিতেছ, শ্রীলক্ষ্মীনৃসিংহদেবের নির্ম্মল চরণকমল-মকরন্দ পুনঃ পুনঃ সেবন কর ॥ ৫ ॥

লক্ষ্মীনৃসিংহ-পঞ্চরত্ন সম্পূর্ণ।

# হরিস্তুতিঃ।

শ্রীগণেশায় নমঃ।

স্তোষ্যে ভক্ত্যা বিষ্ণুমনাদিং জগদাদিং,
যস্মিন্নেতৎ সংসৃতিচক্রং ভ্রমতীত্থম্।
যস্মিন্ দৃষ্টে নশ্যতি তৎ সংসৃতিচক্রং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১ ॥

**অনুবাদ।**—যাঁহার আদি নাই, যিনি জগতের আদি, যাঁহাকে আশ্রয় করিয়া এই সংসারচক্র নিরন্তর এইরূপে ভ্রমণ করিতেছে, যে হরিকে দর্শন করিলে সংসারচক্র বিনাশ পায়, আমি সেই সংসাররূপ অন্ধকারনাশী হরিকে স্তব করি ॥১॥

যস্মৈকাংশাদিত্থমশেষং জগদেতৎ,

প্রাদুর্ভূতং যেন পিনদ্ধং পুনরিত্থম্।

যেন ব্যাপ্তং যেন বিবুদ্ধং সুখদুঃখং,

তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২ ॥

**অনুবাদ।**—এই অশেষজগৎ যাঁহার একাংশ হইতে এইরূপ ভাবে প্রাদুর্ভূত হইয়াছে, যিনি এই জগৎকে পুনরায় এইরূপ ভাবে বন্ধন করিয়া রাখিয়াছেন, যিনি অনন্ত ব্রহ্মাণ্ড ব্যাপিয়া আছেন, যিনি জগতের সুখদুঃখ বিশেষরূপে পরিজ্ঞাত অর্থাৎ যাঁহার সান্নিধ্যবশতই জীব সুখ-দুঃখাদি বোধ করিতে পারে, আমি সেই সংসাররূপ অন্ধকারবিনাশী হরিকে স্তব করি ॥ ২ ॥

সর্ব্বজ্ঞো যো যশ্চ হি সর্ব্বঃ সকলো যো,

যশ্চানন্দোঽনন্তগুণো যোঽগুণধামা।

যশ্চাব্যক্তো ব্যস্তসমস্তং সদসদ্য-

স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩ ॥

**অনুবাদ।**—যিনি সর্ব্বজ্ঞ, যিনি সর্ব্বময় হইয়াও কলাযুক্ত অর্থাৎ অংশ-বিভক্তরূপে প্রতীয়মান হয়েন, যিনি আনন্দস্বরূপ, যাঁহার গুণের অন্ত নাই অথচ ধাম অর্থাৎ প্রকাশসত্ত্বাদি গুণশূন্য, যিনি অব্যক্তভাবে সর্ব্বত্র বিদ্যমান আছেন, যিনি সদসৎ সমুদয় পদার্থ-স্বরূপ, যিনি এই বিশ্বস্থ পদার্থের পূর্ণসমষ্টি হইয়াও অংশে বিভক্তবৎ প্রতীয়মান, আমি সেই সংসাররূপ অন্ধকারবিনাশী হরিকে স্তব করি ॥৩॥

যস্মাদন্যন্ নাস্ত্যপি নৈবং পরমার্থং

দৃশ্যাদন্যো নির্ব্বিষয়জ্ঞানময়ত্বাৎ।

জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়বিহীনোঽপি সদাজ্ঞ-

স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৪ ॥

**অনুবাদ।**—এই ব্রহ্মাণ্ডে যাঁহা ভিন্ন কোন পদার্থ বা পরমার্থ আর নাই, যিনি নির্ব্বিষয় ও জ্ঞানময় বলিয়া দৃশ্য হইতে ভিন্ন, যিনি জ্ঞাতা জ্ঞান ও জ্ঞেয়বিহীন হইয়াও সর্ব্বদা জ্ঞানময়, আমি সেই সংসাররূপ অন্ধকারবিনাশী হরিকে স্তব করি ॥ ৪ ॥

আচার্য্যেভ্যো লব্ধসূক্ষ্মাচ্যুততত্ত্বাদ্-
বৈরাগ্যেণাভ্যাসবলাচ্চ দ্রঢ়িমাঢ্যাৎ *।
ভক্ত্যৈকাগ্রধ্যানপরা যং বিদুরীশং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৫ ॥

**অনুবাদ।**—আচার্য্যগণের নিকট সূক্ষ্ম অচ্যুততত্ত্ব জানিলে এবং বৈরাগ্য ও অভ্যাসবশতঃ দৃঢ়ভক্তিসহকারে একাগ্রচিত্তে ধ্যান করিলে, ব্রহ্মবিদ্গণ যাঁহাকে ঈশ্বর বলিয়া জানেন, সেই সংসাররূপ অন্ধকারবিনাশী হরিকে স্তব করি ॥ ৫ ॥

প্রাণানায়ম্যোমিতি চিত্তং হৃদি রুদ্ধ্বা,
নান্যৎ স্মৃত্বা তৎ পুনরত্রৈব বিলাপ্য।
ক্ষীণে চিত্তে ভাদৃশিরস্মীতি বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৬ ॥

**অনুবাদ।**—প্রাণায়াম করিয়া প্রণবযোগে হৃদয়ে চিত্তবৃত্তিনিরোধ পূর্ব্বক অন্যস্মরণ পরিত্যাগ করিয়া হৃদয়ে বিলীন করিলে যখন চিত্তবৃত্তি সকল ক্ষীণ হইয়া থাকে, তখন যাঁহাকে 'জ্ঞানজ্যোতিঃ'স্বরূপে 'আমি' ( আমি ) এই ভাব জানা যায়, সংসার-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৬ ॥

যং ব্রহ্মাখ্যং দেবমনন্যং পরিপূর্ণং,
হৃৎস্থং ভক্তৈর্ল্ভ্যমজং সূক্ষ্মমতর্ক্যম্।
ধ্যাত্বাত্মস্থং ব্রহ্মবিদো যং বিদুরীশং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৭ ॥

**অনুবাদ।**—যিনি ব্রহ্মনামে অভিহিত, যাঁহা হইতে অন্য দেব নাই, যিনি পরিপূর্ণ, সূক্ষ্ম, ভক্তগণের হৃদয়ে বিরাজমানস্বরূপে লভ্য, যাঁহার জন্ম নাই, যিনি সূক্ষ্ম ( স্থূল-দর্শীর অতি অজ্ঞেয় ) এবং অতর্কনীয়, ব্রহ্মবিদ্গণ যাঁহাকে আত্মস্থ করিয়া ধ্যান করত ঈশ্বর বলিয়া জানেন, সংসার-অন্ধকার-নাশী সেই হরিকে স্তব করি ॥ ৭ ॥

---

* 'চৈব-দ্রঢ়িমা' পাঠ বহুস্থানে দৃষ্ট হয়।

মাত্রাতীতং স্বাত্মবিকাশাত্মবিবোধং,

জ্ঞেয়াতীতং জ্ঞানময়ং হৃদ্যুপলভ্যম্। *

ভাবগ্রাহ্যানন্দমনন্যং চ বিদুর্যং,

তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৮ ॥

**অনুবাদ।**—যিনি মাত্রাতীত অর্থাৎ রূপ, রস, গন্ধ, স্পর্শ প্রভৃতি ইন্দ্রিয়বিষয়ের অতীত, যিনি স্বপ্রকাশমান, যিনি আপনিই আপনাকে জানেন, যিনি জ্ঞেয় হইতে অতীত জ্ঞানময় ও হৃদয়ে অনুভবনীয়, যাঁহাকে কেবল সত্ত্বা দ্বারাই গ্রহণ করা যায়, যিনি আনন্দময় এবং যাঁহাকে যোগিগণ অদ্বিতীয় বলিয়া জানেন, সংসার-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৮ ॥

যদ্ যদ্ বেদ্যং বস্তু সতত্ত্বং বিষয়াখ্যং,

তত্তদ্ব্রহ্মৈবেতি বিদিত্বা তদহং চ।

ধ্যায়ন্ত্যেবং যং সনকাদ্যা মুনয়োঽজং,

তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৯ ॥

**অনুবাদ ঃ**—জ্ঞানের বিষয়ীভূত বিষয়-নামক ( ব্যাবহারিক ) বাস্তব পদার্থ যাহা যাহা, সেই সমুদয় বস্তুই ব্রহ্ম, ইহা জানিয়া আমিও সেই ব্রহ্মপদার্থ, এইরূপে সনকাদি মুনিগণ যাঁহাকে ধ্যান করিয়া থাকেন এবং যিনি জন্মরহিত, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৯ ॥

যদ্‌যদ্ বেদ্যং তত্তদহং নেতি বিহায়,

স্বাত্মজ্যোতির্জ্ঞানময়ানন্দমবাপ্য।

জা[illegible]ত্যাত্মবিদো যং বিদুরীশং,

তং সংসারধ্বা[illegible]ং হরিমীড়ে ॥ ১০ ॥

**অনুবাদ ঃ**—যে যে জ্ঞেয় বস্তু আছে, সেইরূপে তাহার কিছুই আমি নহি, এই প্রকারে তাহা ত্যাগ করিয়া আত্মজ্যোতিঃস্বরূপ জ্ঞানময় আনন্দ লাভ করত যাঁহাতে 'আমি' এই ভাবে যে ঈশ্বরকে জানেন, সংসাররূপ-অন্ধকার-নাশী সেই হরিকে স্তব করি ॥ ১০ ॥

---

* 'হৃদ্যুপলভ্য' ইতি বাণীবিলাস মুদ্রিত পাঠ।

হিত্বা হিত্বা দৃশ্যমশেষং সবিকল্পং,

মত্বা শিষ্টং ভাদৃশিমাত্রং গগনাভম্।

ত্যক্ত্বা দেহং যং প্রবিশন্ত্যচ্যুতভক্তা-

স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১১ ॥

**অনুবাদ**।—নাম রূপাদি বিকল্পযুক্ত দৃশ্য পদার্থ সকল তন্ন তন্নরূপে পরিত্যাগ পূর্ব্বক বিবেচনা করিলে যিনি একমাত্র অবশিষ্ট জ্ঞানজ্যোতির্ম্মাত্র এবং আকাশবৎ থাকেন, অচ্যুতভক্তগণ দেহত্যাগান্তে যাঁহাতে প্রবেশ করেন, সংসার-অন্ধকার-নাশী সেই হরিকে স্তব করি ॥ ১১ ॥

সর্ব্বত্রাস্তে সর্ব্বশরীরী ন চ সর্ব্বঃ,

সর্ব্বং বেত্ত্যেবেহ ন যং বেত্তি চ সর্ব্বঃ।

সর্ব্বত্রান্তর্যামিতয়েত্থং যময়ন্ য-

স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১২ ॥

**অনুবাদ**।—ব্রহ্মাণ্ডের সর্ব্বস্থানে জীবদেহে বর্ত্তমান থাকিলেও যিনি সেই সকল হইতে স্বতন্ত্র, যিনি সকল জানিলেও সকলে যাঁহাকে জানিতে পারে না, এই প্রকারে যিনি অন্তর্যামিরূপে সর্ব্বহৃদয়ে বিদ্যমান থাকিয়া সকলকে পরিচালনা করিতেছেন, সংসাররূপ-অন্ধকার-নাশী সেই হরিকে স্তব করি ॥ ১২ ॥

সর্ব্বং দৃষ্ট্বা স্বাত্মনি যুক্ত্যা জগদেতদ্-

দৃষ্ট্বাত্মানং চৈবমজং সর্ব্বজনেষু।

সর্ব্বাত্মৈকোঽস্মীতি বিদুর্যং জনহৃৎস্থং,

তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৩ ॥

**অনুবাদ**।—স্বীয় আত্মাতে সকল জগৎ দর্শন করিয়া ও সর্ব্ব-জীবে জন্ম-রহিত আত্মাকে দর্শন করিয়া সর্ব্বহৃদয়েই অধিষ্ঠিত যাঁহাকে 'এক আমিই সর্ব্বাত্মা' এই ভাবে (তত্ত্বজ্ঞগণ) জানিয়া থাকেন, সংসাররূপ-অন্ধকার-বিনাশী, সেই হরিকে স্তব করি ॥ ১৩ ॥

সর্ব্বত্রৈকঃ পশ্যতি জিঘ্রত্যথ ভুঙ্‌ক্তে,
স্প্রষ্টা শ্রোতা বোধতি * চেত্যাহুরিমং যম্।
সাক্ষী চাস্তে কর্ত্তৃষু পশ্যন্নিতি চান্যে,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৪ ॥

অনুবাদ।—একই পুরুষ সর্ব্বত্র দর্শন করিতেছেন, আঘ্রাণ করিতেছেন, ভোজন করিতেছেন, স্পর্শ করিতেছেন, শ্রবণ করিতেছেন ও বুঝিতেছেন, উপনিষদে কোথাও এইরূপে যাঁহার স্বরূপ কথিত হইযাছে এবং যাঁহাকে কর্ত্তৃস্থ দ্রষ্টা ও সাক্ষিরূপে অন্যচ বলা হইয়াছে, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ১৪ ॥

পশ্যন্ শৃণ্বন্নত্র বিজানন্ রসয়ন্ সন্,
জিঘ্রন্ বিভ্রদ্দেহমিমং জীবতয়েত্থম্।
ইত্যাত্মানং যং বিদুরীশং বিষয়জ্ঞং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৫ ॥

অনুবাদ।—যিনি একমাত্র এই জগতে দর্শনকর্ত্তা, শ্রবণকর্ত্তা, জ্ঞানকর্ত্তা, রসাস্বাদনকর্ত্তা, ঘ্রাণকর্ত্তা এই ভাবে জীবরূপে যিনি এই দেহ ধারণ করিয়া বর্ত্তমান আছেন, এইরূপে যে ঈশ্বরকে বিষয়ের জ্ঞাতা আত্মা বলিয়া (বেদান্তের অন্য স্থান হইতে) জানা যায়, সংসাররূপ অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ১৫ ॥

জাগ্রদ্দৃষ্ট্বা স্থূলপদার্থানথ মায়াং,
দৃষ্ট্বা স্বপ্নেঽথাপি সুষুপ্তৌ সুখনিদ্রাম্।
ইত্যাত্মানং বীক্ষ্য মুদাস্তে চ তুরীয়ে,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৬ ॥

অনুবাদ।—যিনি জাগরণকালে স্থূলপদার্থ দর্শন করেন, স্বপ্নাবস্থায় মায়া দর্শন করেন, সুষুপ্তিকালে সুখনিদ্রা ভোগ করেন, এইরূপে যিনি বিভিন্নাবস্থাদর্শী আপনাকে দর্শন করিয়া সানন্দে তুরীয়ভাবে অবস্থিত, সংসারান্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ১৬ ॥

* 'বুধ্যতি' এই পাঠ বহু স্থলে দেখা যায়।

পশ্যন্ শুদ্ধোঽপ্যক্ষর একো গুণভেদা-

ন্নানাকারান্ স্ফটিকবদ্ভাতি বিচিত্রঃ।

ভিন্নশ্ছিন্নশ্চায়মজঃ কর্ম্মফলৈর্য-

স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৭ ॥

**অনুবাদ।**—যেমন এক স্ফটিকমণি বিবিধ বর্ণের সান্নিধ্যবশতঃ নানারূপে প্রকাশ পায়, সেইরূপ যে অদ্বিতীয়, শুদ্ধ ও শাশ্বত জ্ঞানময় পুরুষ গুণভেদে নানাপ্রকারে প্রকাশ পাইতেছেন, যিনি অজন্মা হইয়াও নিগূঢ় থাকিয়া কর্ম্মফলানুসারে ভিন্নরূপে প্রতীয়মান হইতেছেন, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ১৭ ॥

ব্রহ্মা বিষ্ণূ রুদ্রহুতাশৌ রবিচন্দ্রা-

বিন্দ্রো বায়ুর্যজ্ঞ ইতীত্থং পরিকল্প্য।

একং সন্তং যং বহুধাহুর্ম্মতিভেদা-

ত্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৮ ॥

**অনুবাদ।**—এক এবং অবিনাশী হইলেও বুদ্ধিভেদবশতঃ লোকে যাঁহাকে ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, অগ্নি, চন্দ্র, সূর্য্য, ইন্দ্র, বায়ু, যজ্ঞ ইত্যাদি কল্পনা করিয়া বহু প্রকার স্বরূপসম্পন্ন বলিয়া থাকে, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ১৮ ॥

সত্যং জ্ঞানং শুদ্ধমনন্তং ব্যতিরিক্তং,

শান্তং গূঢ়ং নিষ্কলমানন্দমনন্যম্।

ইত্যাহাদৌ যং বরুণোঽসৌ ভৃগবেঽজং,

তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ১৯ ॥

**অনুবাদ।**—যিনি সত্য, শুদ্ধ, জ্ঞানময়, অনন্ত, সকলের অতিরিক্ত, শান্ত, গূঢ়, নিষ্কল, আনন্দময় এবং আত্মা হইতে অভিন্ন ইত্যাদিরূপে বরুণ পূর্ব্বে ভৃগুকে যে অজ অর্থাৎ সনাতন ব্রহ্মের উপদেশ করিয়াছেন, সংসারান্ধকার-বিনাশী সেই হরিকে আমি স্তব করি ॥ ১৯ ॥

কোশানেতান্ পঞ্চ রসাদীনতিহায়,
ব্রহ্মাস্মীতি স্বাত্মনি নিশ্চত্য দৃশিস্থঃ।
পিত্রাদিষ্টো বেদ ভৃগুর্যং যজুরন্তে,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২০ ॥

**অনুবাদ।**—যজুর্ব্বেদের উপানিষদ্ভাগে কথিত আছে, বরুণতনয় ভৃগু পূর্ব্বোক্ত প্রকারে পিতৃকর্ত্তৃক উপদিষ্ট হইয়া, আমি অন্নময়াদি পঞ্চকোষের অতীত এবং রসাদির অতিরিক্ত পরব্রহ্ম, এইরূপে জ্ঞাননিষ্ঠ হইয়া নিজ আত্মাতেই যাঁহাকে জানিয়াছেন, সংসাররূপ-অন্ধকার-বিনাশক সেই হরিকে স্তব করি ॥ ২০ ॥

যেনাবিষ্টো যস্য চ শক্ত্যা যদধীনঃ
ক্ষেত্রজ্ঞোঽয়ং কারয়িতা জন্তুষু কর্ত্তুঃ।
কর্ত্তা ভোক্তাত্মাত্র হি চিচ্ছক্ত্যধিরূঢ়-
স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২১ ॥

**অনুবাদ।**—যাঁহার আবেশে, যাঁহার শক্তিবলে, যদীয় অধীন জীব, প্রাণিমধ্যে কর্ত্তার প্রযোজক, এবং স্বয়ং কর্ত্তা ও চিৎশক্তিসংস্থিত হইয়া আত্মা ও ভোক্তা, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ২১ ॥

সৃষ্ট্বা সর্ব্বং স্বাত্মতয়ৈবেত্থমতর্ক্যং,
ব্যাপ্যাথান্তঃ কৃৎস্নমিদং সৃষ্টমশেষম্।
সচ্চ ত্যচ্চাভূৎ পরমাত্মা স য এক-
স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২২ ॥

**অনুবাদ।**—যিনি সকল সৃষ্টি করিয়াছেন ও সকলের আত্মস্বরূপে বিদ্যমান, যিনি সর্ব্বব্যাপী অথচ সকলের অতর্ক্য; যিনি সৎ, ত্যৎ, অর্থাৎ অসৎ বস্তু, পরমাত্মা ও অদ্বিতীয় পুরুষ, সংসার-অন্ধকার-নাশী সেই হরিকে স্তব করি ॥ ২২ ॥

বেদান্তৈশ্চাধ্যাত্মিকশাস্ত্রৈশ্চ পুরাণৈঃ,
শাস্ত্রৈশ্চান্যৈঃ সাত্বত- * তন্ত্রৈশ্চ যমীশম্।
দৃষ্ট্বাথান্তশ্চেতসি বুদ্ধ্বা বিবিশুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে॥ ২৩॥

**অনুবাদ।**—বেদান্ত-শাস্ত্র, আধ্যাত্মিক শাস্ত্র, পুরাণশাস্ত্র, আগমাদি অপর শাস্ত্র এবং ভক্তিশাস্ত্র দ্বারা যে ঈশ্বরকে শ্রবণ-মননাদি-যোগে অন্তরে দর্শন করিয়া যাঁহাতে (যোগিগণ) প্রবেশ করিয়াছেন, সেই সংসার-অন্ধকার-বিনাশী হরিকে স্তব করি॥ ২৩॥

শ্রদ্ধাভক্তিধ্যানশমাদ্যৈর্যতমানৈ-
র্জ্ঞাতুং শক্যো দেব ইহৈবাশু য ঈশঃ।
দুর্ব্বিজ্ঞেয়ো জন্মশতৈশ্চাপি বিনা তৈ-
স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে॥ ২৪॥

**অনুবাদ।**—যে স্বপ্রকাশ ঈশ্বর শ্রদ্ধা, ভক্তি, ধ্যান ও শমদমাদিসাধন দ্বারা বিশেষ যত্ন সহকারে ইহজন্মে শীঘ্র পরিজ্ঞাত হয়েন, শ্রদ্ধা-ভক্তি প্রভৃতি ব্যতিরেকে শত শত জন্মেও যাঁহাকে জানা যাইতে পারে না, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি॥ ২৪॥

যস্যাতর্ক্যং স্বাত্মবিভূতেঃ পরতত্ত্বং †
সর্ব্বং খল্বিত্যত্র নিরুক্তং শ্রুতিবিদ্ভিঃ।
তজ্জাদিত্বাদব্ধিতরঙ্গাভমভিন্নং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে॥ ২৫॥

**অনুবাদ।**—যাঁহার স্বাত্মবিভূতির পরম তত্ত্ব অতর্ক্য এবং শ্রুতিবিৎ মুনিগণ "সর্ব্বং খল্বিদং" এইরূপে নির্ণয় করিয়াছেন, সমুদয় পদার্থ তজ্জাত, তৎপালিত ও তল্লীন বলিয়া সাগর ও তদীয় তরঙ্গের ন্যায় যাঁহা হইতে অভিন্ন, সংসার-অন্ধকারবিনাশী সেই হরিকে স্তব করি॥ ২৫॥

---

* 'শাশ্বত' পাঠান্তর।
† 'পরমার্থং' পাঠও আছে।

দৃষ্ট্বা গীতাস্বক্ষরতত্ত্বং বিধিনাজং
ভক্ত্যা গুর্ব্ব্যালভ্য হৃদিস্থং দৃশিমাত্রম্।
ধ্যাত্বা তস্মিন্নস্ম্যহমিত্যত্র বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২৬ ॥

**অনুবাদ**।—গীতাতে যথাবিধি অক্ষরতত্ত্ব দর্শন (জ্ঞান অর্থাৎ শ্রবণপূর্ব্বক) মহাভক্তিযোগে শুদ্ধ হৃদয়স্থিত জ্ঞান মাত্র উপলব্ধি অর্থাৎ মনন ও ধ্যান করিয়া যাঁহাকে 'অহমস্মি' আমিই ইনি এই ভাবে (মুনিগণ) জ্ঞাত হয়েন, সংসাররূপ অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ২৬ ॥

ক্ষেত্রজ্ঞত্বং প্রাপ্য বিভুঃ পঞ্চমুখৈর্যো,
ভুঙ্‌ক্তেঽজস্রং ভোগ্যপদার্থান্ প্রকৃতিস্থঃ।
ক্ষেত্রে ক্ষেত্রেঽপ্সিন্দুবদেকো বহুধাস্তে,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২৭ ॥

**অনুবাদ**।—প্রকৃতিতে অধিষ্ঠিত হইয়া যে বিভু জীবাত্মভাব প্রাপ্তিপূর্ব্বক পঞ্চমুখে (পঞ্চ ইন্দ্রিয়ে) অনবরত ভোগ্য পদার্থসকল ভোগ করিতেছেন, আর যেমন একই চন্দ্র জলে প্রতিবিম্বিত হইয়া অনেকবৎ প্রতীয়মান হয়েন, সেইরূপ যিনি এক হইয়াও নানাদেহে বিদ্যমান থাকায় বহুরূপে প্রতীয়মান হয়েন, সংসার-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ২৭ ॥

যুক্ত্যালোড্য ব্যাসবচাংস্যত্র হি লভ্যঃ,
ক্ষেত্রক্ষেত্রজ্ঞান্তরবিদ্ভিঃ পুরুষাখ্যঃ।
যোঽহং সোঽসৌ সোঽস্ম্যহমেবেতি বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ২৮ ॥

**অনুবাদ**।—ইহাতেই (গীতাতেই) ব্যাসদেবের বাক্যসমূহ যুক্তি দ্বারা আলোচনা করিয়া ক্ষেত্র ও ক্ষেত্রজ্ঞের (দেহত্রয় এবং জীবের) ভেদতত্ত্বজ্ঞ ব্যক্তিগণ অহংরূপে যে পুরুষনামক ক্ষেত্রজ্ঞকে জানিতে পারেন, তিনি ইনি, আমিই তিনি, এইরূপে যাঁহাকে জানা যায়, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ২৮ ॥

একীকৃত্যানেকশরীরস্থমিমং জ্ঞং,
যং বিজ্ঞায়েহৈব স এবাশু ভবন্তি।
যস্মিঁল্লীনা নেহ পুনর্জ্জন্ম লভন্তে,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে॥ ২৯॥

**অনুবাদ।**—অনেকশরীরস্থ যে আত্মাকে এক বলিয়া জানিতে পারিলে ইহকালেই আত্মস্বরূপ (ব্রহ্মস্বরূপ) হওয়া যায়, (অন্তে) যাঁহাতে লীন হওয়াতে পুনর্ব্বার জন্মগ্রহণ করিতে হয় না, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি॥ ২৯॥

দ্বন্দ্বৈকত্বং যচ্চ মধুব্রাহ্মণবাক্যৈঃ,
কৃত্বা শক্রোপাসনমাসাদ্য বিভূত্যা।
যোঽসৌ সোঽহং সোঽস্ম্যহমেবেতি বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে॥ ৩০॥

**অনুবাদ।**—(বৃহদারণ্যক উপনিষৎ দ্বিতীয় অধ্যায়স্থ) মধুব্রাহ্মণের বচনানুসারে জীবাত্মা ও পরমাত্মার ঐক্যনিশ্চয়পূর্ব্বক 'ইন্দ্রো মায়াভিঃ' ইত্যাদি প্রকারে বিভূতি (দশশত অশ্ব) সহ ইন্দ্রের উপাসনা অর্থাৎ স্বরূপাবধারণ করত যিনি তিনি, তিনি আমি, তিনি আমিই, এইরূপে যাঁহাকে জ্ঞাত হওয়া যায়, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি॥ •॥

যোঽহং দেহে চেষ্টয়িতান্তঃকরণস্থঃ,
সূর্য্যে চাসৌ তাপয়িতা সোঽস্ম্যহমেব।
ইত্যাত্মৈক্যোপাসনয়া যং বিদুরীশং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে॥ ৩১॥

**অনুবাদ।**—যে আমি অন্তঃকরণে অধিষ্ঠিত থাকিয়া দেহে চেষ্টা উৎপাদন করি, যিনি সূর্য্যে অধিষ্ঠিত হইয়া তাপ প্রদান করাইতেছেন, সেই আমিই সেই আত্মা ইত্যাদি (বৃহদারণ্যক উপনিষদ্) বাক্য-বোধিত একাত্মভাবে উপাসনা দ্বারা যে ঈশ্বরকে জানা যায় সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি॥ ৩১॥

বিজ্ঞানাংশো যস্য সতঃ শক্ত্যধিরূঢ়ো,
বুদ্ধির্ব্বোধত্যত্র * বহির্বোধ্য পদার্থান্।
নৈবান্তঃস্থং বোধতি † যং বোধয়িতারং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩২ ॥

**অনুবাদ।**—যে সৎ অর্থাৎ সত্যবস্তুর শক্তিসমাশ্রিত বিজ্ঞানাংশ, বুদ্ধি-রূপে বাহ্য-বোধ্য পদার্থসকলের বোধ জন্মায়, কিন্তু সেই বুদ্ধি যে অন্তঃস্থ বোধয়িতা পুরুষকে জানাইতে পারে না, সংসাররূপ-অন্ধকারবিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩২ ॥

কোঽয়ং দেহে দেব ইতীত্থং সুবিচার্য্য,
জ্ঞাতা শ্রোতানন্দয়িতা চৈষ হি দেবঃ।
ইত্যালোচ্য জ্ঞাংশ ইহাস্মীতি বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৩ ॥

**অনুবাদ।**—এই দেহে কোন্ দেব আছেন? এইরূপ বিচারে যিনি জ্ঞাতা, শ্রোতা ও আনন্দয়িতা, তিনি এই দেহে অধিষ্ঠিত দেব, এইরূপ আলোচনা দ্বারা আমিই সেই পরমাত্মা দেব, এই প্রকারে যাঁহাকে জানা যায়, সংসাররূপ-অন্ধকারবিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩৩ ॥

কো হ্যেবান্যাদাত্মনি ন স্যাদয়মেষ,
হ্যেবানন্দঃ প্রাণিতি চাপানিতি চেতি।
ইত্যস্তিত্বং বক্ত্যুপপত্ত্যা শ্রুতিরেষা,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৪ ॥

**অনুবাদ।**—(আনন্দময় আত্মা) ইনি না থাকিলে, কে শ্বাস-প্রশ্বাস-কার্য্য করিতে পারিত, আনন্দময় আত্মা আছেন বলিয়াই জীব শ্বাসপ্রশ্বাসকার্য্য করিতে সমর্থ হইয়াছে। ইত্যাদিরূপে উপপত্তি প্রদর্শন করিয়া শ্রুতি যাঁহার অস্তিত্ব প্রতিপাদন করিয়াছেন, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩৪ ॥

---

* 'বুদ্ধির্বুধ্যত্যত্র' এই পাঠও দৃষ্ট হয়।
† 'বুধ্যতি' পাঠাদৃষ্ট হয়।

প্রাণো বাহং বাক্‌শ্রবণাদীনি মনো বা,
বুদ্ধির্ব্বাহং ব্যস্ত উতাহোঽপি সমস্তঃ।
ইত্যালোচ্য জ্ঞপ্তিরিহাস্মীতি বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৫ ॥

**অনুবাদ।**—আমি প্রাণ, আমি বাক্য, আমি শ্রবণাদি ইন্দ্রিয়, আমি মন, আমি বুদ্ধি অথবা এই প্রাণাদি পৃথক্‌রূপে ও সমস্তরূপে আমিই বিদ্যমান আছি, এইরূপে আলোচনা করিলে যাঁহাকে "আমি ফলস্বরূপ" এইরূপ জানা যায়, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩৫ ॥

নাহং প্রাণো নৈব শরীরং ন মনোঽহং,
নাহং বুদ্ধির্নাহমহঙ্কারধিয়ৌ চ।
যোঽত্র জ্ঞাংশঃ সোঽস্ম্যহমেতি বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৬ ॥

**অনুবাদ।**—আমি প্রাণ নহি, শরীর নহি, মন নহি, বুদ্ধি নহি, অহঙ্কার নহি, চিত্তবৃত্তি নহি, (যেহেতু, ঐ প্রাণাদি ভৌতিক পদার্থও দৃশ্য সাবয়ব ঘটাদির ন্যায় উপচয়াপচয়শালী। বিশেষতঃ আমার প্রাণ ও আমার শরীর ইত্যাদি জ্ঞান হয়।) যিনি (দৃশ্যত্বাদি-ধর্ম্মরহিত, প্রাণাদির সাক্ষী) জ্ঞানময়, তিনিই আমি, এইরূপে যাঁহাকে জানা যায়, সংসার-অন্ধকার-বিনাশকারী সেই হরিকে আমি স্তব করি ॥ ৩৬ ॥

সত্তামাত্রং কেবলবিজ্ঞানমজং সৎ,
সূক্ষ্মং নিত্যং তত্ত্বমসীত্যাত্মসুতায়।
সাম্নামন্তে প্রাহ পিতা যং বিভুমাদ্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৭ ॥

**অনুবাদ।**—"সত্তামাত্র অদ্বিতীয়, জ্ঞানময়, উৎপত্তিরহিত, সৎস্বরূপ, সূক্ষ্ম ও নিত্য, তিনিই তুমি"—"তৎ ত্বমসি—" এইরূপে সামবেদের অন্তভাগে (ছান্দোগ্য উপনিষদে) পিতা (উদ্দালক) নিজ পুত্রকে (শ্বেতকেতুকে) যে সর্ব্বকারণ বিভুবিষয়ে উপদেশ করিয়াছেন, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩৭ ॥

মূর্ত্তামূর্ত্তে পূর্ব্বমপোহ্যাথ সমাধৌ,
দৃশ্যং সর্ব্বং নেতি চ নেতীতি বিহায়।
চৈতন্যাংশে স্বাত্মনি সন্তঞ্চ বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৮ ॥

**অনুবাদ ।**—( আত্মতত্ত্বানুসন্ধানকারী যোগিগণ ) অগ্রে মূর্ত্তামূর্ত্ত সকল পদার্থ পরিত্যাগ করিয়া সমাধিকালেও দৃশ্য পদার্থসকলকে নেতি নেতি বাক্যে নিরাস পূর্ব্বক অবশিষ্ট চৈতন্যস্বরূপ স্বীয় আত্মায় সদাস্থিত বলিয়া যাঁহাকে জানিয়াছেন, সংসার-রূপ অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩৮ ॥

ওতং প্রোতং যত্র চ সর্ব্বং গগনান্তং,
যোঽস্থূলানণ্বাদিষু সিদ্ধোঽক্ষরসংজ্ঞঃ।
জ্ঞাতাতোঽন্যো নেত্যুপলভ্যো ন চ বেদ্য-
স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৩৯ ॥

**অনুবাদ ।**—যাঁহাতে ক্ষিতি, জল, তেজ, বায়ু ও আকাশ এই পঞ্চভূত সর্ব্বতোভাবে পরিব্যাপ্ত আছে, যিনি "স্থূল নহেন বা সূক্ষ্ম নহেন"—"অস্থূলম্ অনণু"—ইত্যাদি শ্রুতি বাক্যে সিদ্ধ আছেন, যিনি অক্ষরসংজ্ঞক অর্থাৎ কোন কালেও যাঁহার ক্ষয়োদয় নাই, যিনি ভিন্ন আর কেহ জ্ঞাতা নহেন, যাঁহাকে এই ভাবেই কেবল বুঝিতে হয়, ( প্রকারান্তরে ) যিনি জ্ঞেয় নহেন, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৩৯ ॥

তাবৎ সর্ব্বং সত্যমিবাভাতি যদেতদ্-
যাবৎ সোঽস্মীত্যাত্মনি যো জ্ঞো ন হি দৃষ্টঃ।
দৃষ্টে তস্মিন্ সর্ব্বমসত্যং ভবতীদং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৪০ ॥

**অনুবাদ ।**—যাবৎ,—আমিই সেই পরমাত্মা, এইরূপে যে পরমাত্মার পরমার্থদর্শন না হয়, তাবৎ—সকল পদার্থই সত্য বলিয়া বোধ হইতে থাকে। যে পরমাত্মরূপী হরির দর্শনে সমস্তই অসত্য বলিয়া প্রতীতি হইয়া থাকে, সংসার-রূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৪০ ॥

রাগামুক্তং লোহযুতং হেম যথাগ্নৌ,
যোগাষ্টাঙ্গৈরুজ্জ্বলিতজ্ঞানময়াগ্নৌ।
দগ্ধ্বাত্মানং জ্ঞং পরিশিষ্টঞ্চ বিদুর্যং,
তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৪১ ॥

**অনুবাদ।**—যেমন লৌহযুক্ত সুবর্ণকে অগ্নিতে দগ্ধ করিলে সেই লৌহ ভস্মীভূত হইয়া কেবল সুবর্ণমাত্র অবশিষ্ট থাকে, সেইরূপ অষ্টাঙ্গ-যোগ-সাধন দ্বারা সমুজ্জ্বল জ্ঞানাগ্নিতে রাগরঞ্জিত আপনাকে দগ্ধ করিলে ( রাগ—বিষয়সমূহ বিনষ্ট হয় ) কেবল একমাত্র যে জ্ঞানস্বরূপ অবশিষ্ট থাকেন, বলিয়া ( জ্ঞানীরা ) অবগত হয়েন, সংসাররূপ অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৪১ ॥

যং বিজ্ঞানজ্যোতিষমাদ্যং সুবিভাতং,
হৃদ্যর্কেন্দ্বগ্ন্যোকসমীড্যং তড়িদাভম্ ।
ভক্ত্যারাধ্যেহৈব বিশন্ত্যাত্মনি সন্তং,
তং সংসার-ধ্বান্ত-বিনাশং হরিমীড়ে ॥ ৪২ ॥

**অনুবাদ।**—যে আদ্য বিজ্ঞানজ্যোতিঃ হৃদয়মধ্যে সুপ্রকাশ, যিনি চন্দ্র, সূর্য্য ও অগ্নির তেজোদাতা, যিনি বিদ্যুতের ন্যায় তেজোময়, যাঁহাকে ভক্তিপূর্ব্বক আরাধনা করিলে আত্মস্থিত যাঁহাতে ইহলোকেই প্রবেশ করা যায়, সংসাররূপ-অন্ধকার-বিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৪২ ॥

পায়াদ্ভক্তং স্বাত্মনি সন্তং পুরুষং যো,
ভক্ত্যা স্তৌতীত্যাঙ্গিরসং বিষ্ণুরিমং মাম্ ।
ইত্যাত্মানং স্বাত্মনি সংহৃত্য সদৈক-
স্তং সংসারধ্বান্তবিনাশং হরিমীড়ে ॥ ৪৩ ॥

**অনুবাদ।**—স্বাত্মস্থ পুরুষকে "আমি ভক্ত আঙ্গিরসস্বরূপ, এই আমাকে বিষ্ণু রক্ষা করুন" যিনি ভক্তরূপে, এইপ্রকার স্তব করেন, অথচ নিজ আত্মাতে সর্ব্বাত্ম লীন করিয়া সদা একরূপে স্থিত, সংসাররূপ-অন্ধকারবিনাশী সেই হরিকে স্তব করি ॥ ৪৩ ॥

ইত্থং স্তোত্রং ভক্তজনেড্যং ভবভীতি-
ধ্বান্তার্কাভং ভগবৎপাদীয়মিদং যঃ।
বিষ্ণোর্লোকং বক্তি * শৃণোতি ব্রজতি জ্ঞো,
জ্ঞানং জ্ঞেয়ং স্বাত্মনি চাপ্নোতি মনুষ্যঃ † ॥ ৪৪ ॥

ইতি হরিস্তুতিঃ।

অনুবাদ।—যে মানব উক্তপ্রকার ভগবৎপাদ শঙ্করাচার্য্য-প্রণীত ভগবদ্ভক্তজনের পূজ্য, সংসারভয়রূপ অন্ধকারের ভাস্করস্বরূপ এই স্তব উচ্চারণ করেন অথবা শ্রবণ করেন, তিনি বিষ্ণুলোকে গমন করেন এবং সেই জ্ঞাতা আত্মাতেই জ্ঞান ও জ্ঞেয়কে প্রাপ্ত হয়েন ॥ ৪৪ ॥

হরিস্তোত্র সম্পূর্ণ।

# শ্রীরামভুজঙ্গপ্রয়াত-স্তোত্রম্।

শ্রীগণেশায় নমঃ।

বিশুদ্ধং পরং সচ্চিদানন্দরূপং
গুণাধারমাধারহীনং বরেণ্যম্।
মহান্তং বিভান্তং গুহান্তং গুণান্তং
সুখান্তং স্বয়ং ধাম রামং প্রপদ্যে ॥ ১ ॥

অনুবাদ।—যিনি নিখিল গুণের আধার অথচ গুণাতীত, যিনি হৃদয়-গুহায় অধিষ্ঠিত অথচ নিরাধার, বিষয়-সুখের পরপারে স্থিত, সচ্চিদানন্দস্বরূপ, সেই স্বপ্রকাশ সর্ব্বকারণ বিশুদ্ধ জ্যোতীরূপ শ্রীরামের প্রপন্ন হইতেছি ॥ ১ ॥

---

* 'পঠতি' পাঠান্তর, কিন্তু ছন্দোভঙ্গ।
† এই শ্লোকটি বাণীবিলাস মুদ্রিত পুস্তকে নাই।

শিবং নিত্যমেকং বিভুং তারকাখ্যং
সুখাকারমাকারশূন্যং সুমান্যম্।
মহেশং কলেশং সুরেশং পরেশং
নরেশং নিরীশং মহীশং প্রপদ্যে ॥ ২ ॥

**অনুবাদ**।—যিনি মঙ্গলময়, অদ্বিতীয় বিভু, যাঁহার নাম তারকব্রহ্ম, যিনি নিরাকার, নিত্যসুখস্বরূপ, সর্ব্বকলার (অগ্নির দশ কলা, সূর্য্যের দ্বাদশ কলা, চন্দ্রের ষোড়শ কলা, এবং সৃষ্ট্যাদি পঞ্চাশৎ কলার) অধীশ্বর ও জগন্মান্য, যাঁহার প্রভু কেহ নাই, যিনি মহেশ্বর, সুরেশ্বর ও পরমেশ্বর, সেই নরনাথ ভূপালের প্রপন্ন হইতেছি ॥ ২ ॥

যদাবর্ণয়ৎ কর্ণমূলেঽন্তকালে
শিবো রাম রামেতি রামেতি কাশ্যাম্।
তদেকং পরং তারকব্রহ্মরূপং
ভজেঽহং ভজেঽহং ভজেঽহং ভজেঽহম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—শিব কাশীতে মৃত্যুকালে জীবের কর্ণমূলে যে 'রাম রাম রাম' এই বর্ণ প্রদান করেন, তারকব্রহ্মস্বরূপ সেই এক সর্ব্বপ্রধান বস্তুকে আমি ভজনা করি, আমি ভজনা করি, আমি ভজনা করি, আমি ভজনা করি। (আনন্দের আতিশয্যে ও একান্ত নিশ্চয়দ্যোতনের জন্য পুনঃ পুনঃ কীর্ত্তন হইয়াছে) ॥ ৩ ॥

মহারত্নপীঠে শুভে কল্পমূলে
সুখাসীনমাদিত্যকোটিপ্রকাশম্।
সদা জানকীলক্ষ্মণোপেতমেকং
সদা রামচন্দ্রং ভজেঽহং ভজেঽহম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—শুভ কল্পবৃক্ষমূলে মহারত্নময় পীঠে সুখে আসীন, সতত জানকী এবং লক্ষ্মণ-সমন্বিত, কোটিসূর্য্যসমতেজা, অদ্বিতীয় রামচন্দ্রকে আমি ভজনা করি, আমি সর্ব্বদা ভজনা করি ॥ ৪ ॥

কণদ্রত্নমঞ্জীর-পাদারবিন্দং
লসন্মেখলা-চারু-পীতাম্বরাঢ্যম্‌ ।
মহারত্ন-হারোল্লসৎ-কৌস্তুভাঙ্গং
নদচ্চঞ্চরীমঞ্জরীলোলমালম্‌ ॥ ৫ ॥

অনুবাদ।—যাঁহার চরণকমলে রত্ন-নূপুর বাজিতেছে, সুশোভিত-কটি-হার-মনোহর পীতাম্বর যাঁহার পরিধানে আছে, বক্ষঃস্থলে মহারত্নহার-শোভিত কৌস্তভমণি বিরাজমান, যাঁহার দোদুল্যমান মালায় কুসুমমঞ্জরী, গুঞ্জনরত ভ্রমরা শোভিত ॥ ৫ ॥

লসচ্চন্দ্রিকা-স্মের-শোণাধরাভং
সমুদ্যৎ-পতঙ্গেন্দু-কোটিপ্রকাশম্‌ ।
নমদ্‌ব্রহ্ম-রুদ্রাদি-কোটীর-রত্ন-
স্ফুরৎ-কান্তি-নীরাজনারাধিতাঙ্ঘ্রিম্‌ ॥ ৬ ॥

অনুবাদ।—যাঁহার অরুণ অধরের আভা, জ্যোৎস্না সদৃশ ঈষৎ হাস্য-শোভিত হইয়া বিরাজমান, যাঁহার জ্যোতি উদীয়মান কোটিসূর্য্য ও চন্দ্রের ন্যায়, যাঁহার চরণযুগল প্রণত ব্রহ্মা ও রুদ্র প্রমুখ দেবগণের কিরীটরত্ন-নিঃসৃত কিরণজাল-নীরাজনায় আরাধিত হইতেছে ॥ ৬ ॥

পুরঃ প্রাঞ্জলীনাঞ্জনেয়াদিভক্তা-
স্ব-চিন্মুদ্রয়া ভদ্রয়া বোধয়ন্তম্‌ ।
ভজেঽহং ভজেঽহং সদা রামচন্দ্রং
ত্বদন্যং ন মন্যে ন মন্যে ন মন্যে ॥ ৭ ॥

অনুবাদ।—যিনি সম্মুখে কৃতাঞ্জলিপুটে অবস্থিত অঞ্জনানন্দন প্রভৃতি ভক্তবৃন্দকে কল্যাণদায়িনী স্বীয়জ্ঞানমুদ্রা দ্বারা জ্ঞানোপদেশ-প্রদানে তৎপর, আমি সেই রামচন্দ্রকে সদা ভজনা করি, সদা ভজনা করি। আমি তাঁহা ব্যতীত কাহাকেও মনে আনিতে চাহি না, মনে আনিতে চাহি না, মনে আনিতে চাহি না ॥ ৭ ॥

যদা মৎসমীপং কৃতান্তঃ সমেত্য
প্রচণ্ড-প্রকোপৈর্ভটৈর্ভীষয়েন্মাম্।
তদাবিষ্করোষি ত্বদীয়ং স্বরূপং
সদাপৎপ্রণাশং স-কোদণ্ডবাণম্ ॥ ৮ ॥

**অনুবাদ**।—যখন আমার কাছে কৃতান্ত আসিয়া প্রচণ্ড ক্রোধযুক্ত নিজ যোদ্ধৃগণ দ্বারা আমাকে ভয় দেখাইবে, তখন সদা-বিপত্তি-ভঞ্জন ধনুর্ব্বাণধারী তোমার মূর্ত্তি ( নিশ্চয়ই আমার সমক্ষে ) প্রাদুর্ভূত করিবে ॥ ৮ ॥

নিজে মানসে মন্দিরে সন্নিধেহি
প্রসীদ প্রসীদ প্রভো রামচন্দ্র।
স-সৌমিত্রিণা কৈকয়ী-নন্দনেন
স্বশক্ত্যানুভক্ত্যা চ সংসেব্যমান ॥ ৯ ॥

**অনুবাদ**।—হে প্রভো, রামচন্দ্র! প্রসন্ন হও, প্রসন্ন হও; লক্ষ্মণসহ কৈকেয়ীনন্দন নিজ শক্তি আর অনুগত ভক্তিসহকারে তোমার সেবা করিতেছেন, এইরূপে আমার মানসমন্দিরে উপস্থিত হও ॥ ৯ ॥

স্বভক্তাগ্রগণ্যৈঃ কপীশৈর্মহীশৈ-
রনীকৈরনেকৈশ্চ রাম প্রসীদ।
নমস্তে নমোঽস্ত্বীশ রাম প্রসীদ
প্রশাধি প্রশাধি প্রকাশং প্রভো মাম্ ॥ ১০ ॥

**অনুবাদ**।—নিজভক্তাগ্রগণ্য কপিরাজ-সমূহ, ভূপালসমূহ এবং বহুসৈন্য-সমন্বিত হে রাম! আমার প্রতি প্রসন্ন হও; হে ঈশ্বর! তোমার প্রতি ( আমার ) পুনঃ পুনঃ নমস্কার ( অর্পিত ) হউক। হে রাম, প্রসন্ন হও, হে প্রভো, আমাকে প্রকাশ্যরূপে উপদেশ প্রদান কর, উপদেশ প্রদান কর ॥ ১০ ॥

ত্বমেবাসি দৈবং পরং মে যদেকং
সুচৈতন্যমেতৎ ত্বদন্যন্ন মন্যে।
যতোঽভূদমেয়ং বিয়দ্-বায়ু-তেজো-
জলোর্ব্ব্যাদিকার্য্যং চরঞ্চাচরঞ্চ ॥ ১১ ॥

**অনুবাদ**।—যাহা হইতে আকাশ, বায়ু, তেজ, জল, পৃথিবী প্রভৃতি

অপরিমিত চরাচরকার্য্য উৎপন্ন হইয়াছে, যিনি এক নিত্য চৈতন্যস্বরূপ, সেই তুমিই আমার পরম দেবতা হইতেছ, এই বিশ্বব্রহ্মাণ্ডকে তোমা ভিন্ন মনে করি না ॥ ১১ ॥

নমঃ সচ্চিদানন্দরূপায় তস্মৈ

নমো দেবদেবায় রামায় তুভ্যম্।

নমো জানকী-জীবিতেশায় তুভ্যং

নমঃ পুণ্ডরীকায়তাক্ষায় তুভ্যম্ ॥ ১২ ॥

অনুবাদ।—সেই সচ্চিদানন্দরূপকে নমস্কার, হে দেবদেব রাম, তুমিই সেই, তোমাকে নমস্কার, জানকী-জীবিতেশ্বর, তোমাকে নমস্কার, হে পুণ্ডরীক-বিশাললোচন, তোমাকে নমস্কার ॥ ১২ ॥

নমো ভক্তিযুক্তানুরক্তায় তুভ্যং

নমঃ পুণ্যপুঞ্জৈকলভ্যায় তুভ্যম্।

নমো বেদবেদ্যায় চাদ্যায় পুংসে

নমঃ সুন্দরায়েন্দিরাবল্লভায় ॥ ১৩ ॥

অনুবাদ।—নিজ ভক্তগণের প্রতি অনুরক্ত তোমাকে নমস্কার, একমাত্র পুণ্যপুঞ্জলভ্য তোমাকে নমস্কার, বেদবেদ্য আদ্য পুরুষ (তোমাকে) নমস্কার, সুন্দরমূর্ত্তি (শ্রীবল্লভ) তোমাকে) নমস্কার ॥ ১৩ ॥

নমো বিশ্বকর্ত্রে নমো বিশ্বহর্ত্রে

নমো বিশ্বভোক্ত্রে নমো বিশ্বমাত্রে।

নমো বিশ্বনেত্রে নমো বিশ্বজেত্রে

নমো বিশ্বপিত্রে নমো বিশ্বধাত্রে ॥ ১৪ ॥

অনুবাদ।—বিশ্বকর্ত্তাকে নমস্কার, বিশ্বহর্ত্তাকে নমস্কার, বিশ্বভোক্তাকে নমস্কার, বিশ্বজ্ঞাতাকে নমস্কার, বিশ্বনেতাকে নমস্কার, বিশ্বজেতাকে নমস্কার, বিশ্বপিতাকে নমস্কার, বিশ্বধাতাকে নমস্কার ॥ ১৪ ॥

নমস্তে নমস্তে সমস্তপ্রপঞ্চ-
প্রভোগ-প্রয়োগ-প্রমাণ-প্রবীণ।
মদীয়ং মনস্ত্বৎ-পদদ্বন্দ্বসেবাং
বিধাতুং প্রবৃত্তং সুচৈতন্যসিদ্ধ্যৈ ॥ ১৫ ॥

**অনুবাদ**।—হে সমস্ত জগৎপ্রপঞ্চের অব্যাহত ভোগ, প্রয়োগ এবং যাথার্থ্য-নির্ণয়ে প্রবীণ, তোমাকে পুনঃ পুনঃ নমস্কার করি। আমার মন সুচৈতন্য অর্থাৎ তত্ত্বজ্ঞান লাভের জন্য তোমার চরণযুগল সেবা করিতে প্রবৃত্ত হইয়াছে ॥১৫॥

শিলাপি ত্বদঙ্ঘ্রিক্ষমাসঙ্গিরেণু-
প্রসাদাদ্ধি চৈতন্যমাধত্ত রাম।
নরস্ত্বৎপদদ্বন্দ্ব-সেবাবিধানাৎ
সুচৈতন্যমেতীতি কিং চিত্রমত্র ॥ ১৬ ॥

**অনুবাদ**।—হে রাম! তোমার চরণসঙ্গত পার্থিব রেণুর প্রসাদে শিলাও চৈতন্য প্রাপ্ত হইয়াছিল। মানুষ তোমার চরণযুগল সেবা করিলে যে সুচৈতন্য লাভ করিবে, ইহাতে আর আশ্চর্য্য কি ॥ ১৬ ॥

পবিত্রং চরিত্রং বিচিত্রং ত্বদীয়ং
নরা যে স্মরন্ত্যন্বহং রামচন্দ্র।
ভবন্তং ভবান্তং ভরন্তং ভজন্তো
লভন্তে কৃতান্তং ন পশ্যন্ত্যতোঽন্তে ॥ ১৭ ॥

**অনুবাদ**।—হে রামচন্দ্র! যাহারা জগৎপালক তোমাকে ভজনা করত প্রত্যহ তোমার পবিত্র বিচিত্র চরিত্র স্মরণ করে, তাহারা সংসারের পারপ্রাপ্ত হইয়া থাকে, অতএব অন্তে আর কৃতান্তদর্শন করে না ॥ ১৭ ॥

স পুণ্যঃ স গণ্যঃ শরণ্যো মমায়ং
নরো বেদ যো দেব-চূড়ামণিং ত্বাম্।
সদাকারমেকং চিদানন্দরূপং
মনোবাগগম্যং পরং ধাম রাম ॥ ১৮ ॥

**অনুবাদ**।—হে রাম, তুমি দেব-চূড়ামণি, নিত্যমূর্ত্তি, বাক্য-মনের অতীত,

চিদানন্দস্বরূপ, পরমজ্যোতিঃ, যে মানব তোমাকে 'ইনি আমার শরণ্য' ইহা উপলব্ধি করেন, তিনি পুণ্যবান্ এবং তিনি গণনীয় ॥ ১৮ ॥

প্রচণ্ড-প্রতাপ-প্রভাবাভিভূত-
প্রভূতারিবীর প্রভো রামচন্দ্র।
বলং তে কথং বর্ণ্যতেঽতীববাল্যে
যতোঽখণ্ডি চণ্ডীশকোদণ্ড-দণ্ডম্ ॥ ১৯ ॥

**অনুবাদ**।—হে প্রভো রামচন্দ্র, তোমার প্রচণ্ড প্রতাপ-প্রভাবে অগণিত অরাতি বীরগণ অভিভূত হইয়াছে, তোমার এই অতীব বল কিরূপে বর্ণনা করিব, যে হেতু তুমি অল্পবয়সে হরধনুর্ভঙ্গ করিয়াছিলে ॥ ১৯ ॥

দশগ্রীবমুগ্রং সপুত্রং সমিত্রং
সরিদ্দুর্গ-মধ্যস্থ-রক্ষো-গণেশম্।
ভবন্তং বিনা রাম বীরো নরো বা-
সুরো বামরো বা জয়েৎ কস্ত্রিলোক্যাম্ ॥ ২০ ॥

**অনুবাদ**।—হে রাম! সাগর-দুর্গমধ্যস্থ রাক্ষসবৃন্দের অধিপতি সপুত্র সমিত্র উগ্র দশগ্রীবকে জয় করিতে ত্রৈলোক্যমণ্ডলে তোমা ব্যতীত কোন্ সুরাসুর-মানব-বীর সমর্থ? ॥ ২০ ॥

সদারাম রামেতি নামামৃতং তে
সদারামমানন্দ-নিষ্যন্দ-কন্দম্।
পিবন্তং নমন্তং সুদন্তং হসন্তং
হনূমন্তমন্তর্ভজে তং নিতান্তম্ ॥ ২১ ॥

**অনুবাদ**।—হে রাম, সজ্জনের আরামপ্রদ আনন্দ-প্রস্রবণের মূল উৎস তোমার 'রাম' এই নামামৃত যিনি সদা পান করিতেছেন, তোমায় প্রণাম করিতেছেন, শুভ্র দশনপঙ্‌ক্তি বাহির করিয়া হাস্য [illegible], সেই হনুমানকে আমি অন্তরে একান্ত ভজনা করি ॥ ২১ ॥

সদারাম রামেতি নামামৃতং তে
সদারামমানন্দ-নিষ্যন্দ-কন্দম্‌।
পিবন্নন্বহং নন্বহং নৈব মৃত্যো-
র্বিভেমি প্রসাদাদসাদাত্তবৈব ॥ ২২ ॥

**অনুবাদ**।—হে রাম! সজ্জনগণের সতত আরামপ্রদ আনন্দ-প্রস্রবণের মূল উৎস তোমার 'রাম' এই নামামৃত আমি প্রতিদিন পান করত তোমারই অব্যাহত প্রসাদে মৃত্যুকেও ভয় করি না ॥ ২২ ॥

অ-সীতা-সমেতৈরকোদণ্ড-ভূষৈ-
রসৌমিত্রি-বন্দ্যৈরচণ্ড-প্রতাপৈঃ।
অলঙ্কেশ-কালৈরসুগ্রীব-মিত্রৈ-
ররামাভিধেয়ৈরলং দৈবতৈর্নঃ ॥ ২৩ ॥

**অনুবাদ**।—(হে রাম) যাঁহারা সীতা-সমন্বিত নহেন, কোদণ্ডভূষণ যাঁহাদের নাই, যাঁহারা সৌমিত্রির বন্দনীয় নহেন, যাঁহারা প্রচণ্ড-প্রতাপশালী নহেন, লঙ্কেশ্বরের মৃত্যু যাঁহারা করিতে পারেন নাই, সুগ্রীব যাঁহাদের মিত্র নহেন, রাম যাঁহাদের নাম নহে, এমন দেবতায় আমাদিগের প্রয়োজন নাই ॥ ২৩ ॥

অ-বীরাসনস্থৈর-চিন্মুদ্রিকাঢ্যৈ-
রভক্তাঞ্জনেয়াদিতত্ত্বপ্রকাশৈঃ।
অমন্দারমূলৈরমন্দারমালৈ-
ররামাভিধেয়ৈরলং দৈবতৈর্নঃ ॥ ২৪ ॥

**অনুবাদ**।—যাঁহারা বীরাসনে আসীন নহেন, জ্ঞানময়ী মুদ্রা যাঁহাদের হস্তে নাই, অঞ্জনানন্দন প্রভৃতি ভক্ত-সমক্ষে যাঁহারা তত্ত্ব প্রকাশ করেন নাই, মন্দারমূলে যাঁহাদের স্থিতি নহে, মন্দারমালা যাঁহাদের নাই, রাম যাঁহাদিগের নাম নহে, এইরূপ দেবতায় আমাদিগের প্রয়োজন নাই ॥ ২৪ ॥

অ-সিন্ধু-প্রকোপৈর-বন্দ্যপ্রতাপৈ-
র-বন্ধু-প্রযাণৈর-মন্দ-স্মিতাঢ্যৈঃ।
অ-দণ্ড-প্রবাসৈর-খণ্ডপ্রবোধৈ-
র-রামাভিধেয়ৈরলং দৈবতৈর্নঃ ॥ ২৫ ॥

**অনুবাদ।**—সমুদ্রের প্রতি যাঁহারা ক্রোধ প্রকাশ করিতে পারেন নাই, যাঁহাদের প্রতাপ বন্দনীয় হয় নাই, যাঁহাদিগের বন্ধুবিচ্ছেদ হয় নাই, যাঁহাদিগের মুখে মৃদুমন্দ ঈষৎ হাস্য নাই, দণ্ডকারণ্যে যাঁহারা প্রবাস করেন নাই, যাঁহারা আত্মবিস্মৃত নহেন, রাম যাঁহাদিগের নাম নহে, এইরূপ দেবতায় আমাদিগের প্রয়োজন নাই ॥ ২৫ ॥

হরে রাম সীতাপতে রাবণারে
খরারে মুরারেঽসুরারে পরেতি।
লপন্তং নয়ন্তং সদাকালমেবং
সমালোকয়ালোকয়াশেষবন্ধো ॥ ২৬ ॥

**অনুবাদ।**—হে হরে, হে রাম, হে সীতাপতে, হে রাবণারে, হে খরবিনাশন, হে মুরারে, হে অসুররিপো, হে পরাৎপর, এইরূপ কথায় সকলকাল যাপন করিতে প্রবৃত্ত ব্যক্তিকে হে অখিলবন্ধো, অবলোকন কর, অবলোকন কর ॥ ২৬ ॥

নমস্তে সুমিত্রা-সুপুত্রাভিবন্দ্য
নমস্তে সদা কৈকয়ী-নন্দনেড্য।
নমস্তে সদা বানরাধীশবন্দ্য
নমস্তে নমস্তে সদা রামচন্দ্র ॥ ২৭ ॥

**অনুবাদ।**—হে সুমিত্রা-তনয়ের অভিবাদনীয়, তোমাকে নমস্কার, হে কৈকেয়ী-নন্দনের স্তবপাত্র, সর্ব্বদা তোমাকে নমস্কার, হে বানরপতি সুগ্রীবের বন্দনীয়, তোমাকে নিরন্তর নমস্কার, হে রামচন্দ্র, সতত তোমায় নমস্কার, তোমায় নমস্কার ॥ ২৭ ॥

প্রসীদ প্রসীদ প্রচণ্ডপ্রতাপ
প্রসীদ প্রসীদ প্রচণ্ডারিকাল।
প্রসীদ প্রসীদ প্রপন্নানুকম্পিন্
প্রসীদ প্রসীদ প্রভো রামচন্দ্র ॥ ২৮ ॥

**অনুবাদ**।—হে প্রচণ্ড-প্রতাপ, প্রসন্ন হও, প্রসন্ন হও; হে প্রচণ্ড-শত্রুর কৃতান্ত, প্রসন্ন হও, প্রসন্ন হও; হে প্রপন্নজনে সদা অনুকম্পাপরায়ণ, প্রসন্ন হও, প্রসন্ন হও; হে প্রভো রামচন্দ্র, প্রসন্ন হও, প্রসন্ন হও ॥ ২৮ ॥

ভুজঙ্গপ্রয়াতং পরং বেদসারং
মুদা রামচন্দ্রস্য ভক্ত্যা চ নিত্যম্।
পঠন্ সন্ততং চিন্তয়ন্ স্বান্তরঙ্গে
স এব স্বয়ং রামচন্দ্রঃ স ধন্যঃ ॥ ২৯ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য
শ্রীগোবিন্দভগবৎ-পূজ্যপাদ-শিষ্যস্য
শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
শ্রীরামভুজঙ্গপ্রয়াত-স্তোত্রং সম্পূর্ণম্ ॥

**অনুবাদ**।—(যে ব্যক্তি) ভুজঙ্গপ্রয়াতচ্ছন্দে নির্ম্মিত রামচন্দ্রের বেদ-সার পরম স্তব সানন্দে ভক্তি সহকারে পাঠ করেন এবং অন্তঃকরণে সদা চিন্তা করেন, তিনি ধন্য এবং তিনিই স্বয়ং রামচন্দ্র ॥ ২৯ ॥

**শ্রীমচ্ছঙ্করাচার্য্য-কৃত শ্রীরাম-ভুজঙ্গপ্রয়াত-স্তোত্র সম্পূর্ণ।**

# পাণ্ডুরঙ্গাষ্টকম্।

মহাযোগপীঠে তটে ভীমরথ্যা,
বরং পুণ্ডরীকায় দাতুং মুনীন্দ্রৈঃ।
সমাগত্য তিষ্ঠন্তমানন্দকন্দং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—[ পুণ্ডরীক নামে এক সাধক ভীমরথী নদীতটে মহাযোগপীঠে ভগবান্ বিষ্ণুর উপাসনা করিয়াছিলেন, নারায়ণ পুণ্ডরীককে বরপ্রদানার্থ সেই স্থানে শিরোদেশে শিবলিঙ্গ ধারণ পূর্ব্বক আবির্ভূত হইয়া পাণ্ডুরঙ্গনামক কটিতটন্যস্তহস্ত সুঠাম মূর্ত্তিতে অবস্থান করিতেছেন। শ্রীমচ্ছঙ্করাচার্য্য দিগ্বিজয়কালে সেই ভীমরথী-তীরে উপস্থিত হইয়া উক্ত পাণ্ডুরঙ্গের স্তব করেন। ] যিনি পুণ্ডরীককে বরপ্রদানের নিমিত্ত মুনিগণের সহিত আগমন করিয়া ভীমরথীতীরে মহাযোগপীঠে বিদ্যমান আছেন, সেই আনন্দকন্দস্বরূপ পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গকে ভজনা করি ॥ ১ ॥

তড়িদ্‌বাসসং নীলমেঘাবভাসং,
রমামন্দিরং সুন্দরং চিৎপ্রকাশম্।
বরন্ত্বিষ্টকায়াং সমন্যস্তপাদং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ২ ॥

**অনুবাদ**।—যাঁহার পরিধেয়বস্ত্র বিদ্যুৎপুঞ্জের ন্যায় সমুজ্জল, যাঁহার দেহ নবজলধরের ন্যায় নীলবর্ণ, যিনি লক্ষ্মীর আবাসস্থান, যাঁহার কলেবর অতি সুন্দর, যাঁহাকে দর্শন করিলে জ্ঞানের উদয় হয়, যিনি সকলের শ্রেষ্ঠ, যিনি ইষ্টকোপরি পাদবিন্যাস করিয়া বিদ্যমান আছেন, সেই পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গনামক নারায়ণকে ভজনা করি ॥ ২ ॥

প্রমাণং ভবাব্ধেরিদং মামকানাং,
নিতম্বঃ করাভ্যাং ধৃতো যেন তস্মাৎ।
বিধাতুর্ব্বসত্যৈ ধৃতো নাভিকোষঃ,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—আমার ভক্তগণের পক্ষে ভবসাগরের পরিমাণ ( গভীরতা )

এইমাত্র ( কটিদেশ পর্য্যন্ত ), ইহা জ্ঞাপনের জন্ত ( যে ভবসাগর অন্তের পক্ষে দুস্তর, তাহা আমার ভক্তগণের পক্ষে অনায়াসে পার হইবার যোগ্য—মাত্র কোমর-জল, ইহা দেখাইবার জন্ত ) দুই হাত যিনি নিজ কটিদেশে স্থাপন করিয়াছেন, এবং যিনি ব্রহ্মার বসতির নিমিত্ত নাভিকোষ ধারণ করিয়াছেন, সেই পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গনামক নারায়ণকে ভজনা করি ॥ ৩ ॥

স্ফুরৎ-কৌস্তুভালঙ্কৃতং কণ্ঠদেশে,
শ্রিয়া জুষ্ট-কেয়ূরকং শ্রীনিবাসম্।
শিবং শান্তমীড্যং বরং লোকপালং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ৪ ॥

**অনুবাদ।**—যাঁহার কণ্ঠদেশে সমুজ্জ্বল কৌস্তুভমণি অলঙ্কাররূপে শোভা পাইতেছে, লক্ষ্মী যাঁহার কেয়ূরযুগল সর্ব্বদা সেবা করেন, যিনি লক্ষ্মীর আবাসস্থান-স্বরূপ, যিনি সর্ব্বমঙ্গলপ্রদ, যিনি সর্ব্বদা শান্তিপরায়ণ, যিনি সকলের স্তুত্য, যিনি সকলের শ্রেষ্ঠ, যিনি সকল লোক পালন করেন, সেই পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গ-নামক নারায়ণকে ভজনা করি ॥ ৪ ॥

শরচ্চন্দ্র-বিম্বাননং চারু-হাসং,
লসৎ-কুণ্ডলাক্রান্ত-গণ্ড-স্থলান্তম্।
জবারাগবিম্বাধরং কঞ্জনেত্রং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ৫ ॥

**অনুবাদ।**—যাঁহার বদন শরৎকালীন চন্দ্রের ন্যায় অতিশয় শোভমান, যাঁহার বদনে অতি মনোহর হাস্য প্রকাশ পায়, যাঁহার গণ্ডপ্রান্তভাগ কুণ্ডল-মণ্ডিত, যাঁহার অধর জবা-পুষ্পের ন্যায় লোহিতবর্ণ, যাঁহার নয়নযুগল পদ্মের ন্যায়, সেই পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গ নারায়ণকে ভজনা করি ॥ ৫ ॥

কিরীটোজ্জ্বলৎসর্ব্বদিক্‌প্রান্তভাগং,
সুরৈরর্চ্চিতং দিব্যরত্নৈরনর্ঘ্যৈঃ।
ত্রিভঙ্গাকৃতিং বর্হমাল্যাবতংসং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ৬ ॥

**অনুবাদ।**—যাঁহার মৌলিস্থিত কিরীটের উজ্জ্বল প্রভায় সমস্ত দিগন্ত আলোকিত হইয়াছে, দেবগণ যাঁহাকে অমূল্য দিব্যরত্ন দ্বারা অর্চ্চনা করেন, যিনি

ত্রিভঙ্গাকারে বিদ্যমান আছেন, যিনি ময়ূরপুচ্ছ ও মালা দ্বারা বিভূষিত হইয়া থাকেন, সেই পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গনামক নারায়ণকে ভজনা করি ॥ ৬ ॥

বিভুং বেণুনাদং চরন্তং দুরন্তং,
স্বয়ং লীলয়া গোপবেশং দধানম্ ।
গবাং বৃন্দকানন্দদং চারুহাসং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ৭ ॥

**অনুবাদ।**—যিনি জগতের অদ্বিতীয় অধীশ্বর, যিনি সর্ব্বদা বেণুবাদন করিয়া বিচরণ করেন, যিনি সকলের দুষ্প্রাপ্য ও অন্তহীন, যিনি স্বয়ং লীলাপ্রকাশ করিয়া গোপবেশ ধারণ করিয়াছেন, যিনি গো-গণের আনন্দবর্দ্ধন করেন, সেই সুচারু হাস্যবদন পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গনামক নারায়ণকে ভজনা করি ॥ ৭ ॥

অজং রুক্মিণী-প্রাণসঞ্জীবনং তং,
পরং ধাম কৈবল্যমেকং তুরীয়ম্ ।
প্রসন্নং প্রপন্নার্ত্তিহং দেবদেবং,
পরব্রহ্মলিঙ্গং ভজে পাণ্ডুরঙ্গম্ ॥ ৮ ॥

**অনুবাদ।**—যিনি অজ অর্থাৎ জন্মরহিত, যিনি রুক্মিণীর প্রাণ-সঞ্জীবক, যিনি পরম ধাম অর্থাৎ যাঁহাতে লীন হইলে আর পতন হয় না, যিনি সাক্ষাৎ মোক্ষস্বরূপ, যিনি জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি অবস্থাত্রিতয়ের অতীত, যিনি প্রসন্ন হইলে শরণাগত ব্যক্তির ক্লেশ নিবারিত হয়, সেই পরব্রহ্মলিঙ্গ পাণ্ডুরঙ্গনামক নারায়ণকে ভজনা করি ॥৮॥

স্তবং পাণ্ডুরঙ্গস্য বৈ পুণ্যদং যে,
পঠন্ত্যেকচিত্তেন ভক্ত্যা চ নিত্যম্ ।
ভবাম্ভোনিধিং তেঽপি তীর্ত্ত্বান্তকালে,
হরেরালয়ং শাশ্বতং প্রাপ্নুবন্তি ॥ ৯ ॥

ইতি শ্রীমৎশঙ্করভগবতঃ কৃতৌ শ্রীপাণ্ডুরঙ্গাষ্টক-
স্তোত্রং সমাপ্তম্ ।

**অনুবাদ।**—যাঁহারা প্রতিদিন নিয়তচিত্ত হইয়া ভক্তিপূর্ব্বক মহাপুণ্যপ্রদ পাণ্ডুরঙ্গনামক নারায়ণের স্তব করেন, তাঁহারা অন্তকালে এই ভবসাগর হইতে পরিত্রাণ পাইয়া পরমধাম বিষ্ণুলোকে গমন করেন ॥ ৯ ॥

পাণ্ডুরঙ্গস্তব সম্পূর্ণ।

# ভগবন্মানসপূজা

শ্রীগণেশায় নমঃ ।

হৃদম্ভোজে কৃষ্ণঃ সজলজলদশ্যামলতনুঃ,
সরোজাক্ষঃ স্রগ্বী মুকুটকটকাদ্যাভরণবান্ ।
শরদ্রাকা-নাথ-প্রতিম-বদনঃ শ্রীমুরলিকাং,
বহন্ ধ্যেয়ো গোপীগণপরিবৃতঃ কুঙ্কুমচিতঃ ॥ ১ ॥

**অনুবাদ**।—যে কৃষ্ণ জলপূর্ণ মেঘের ন্যায় শ্যামকলেবর, যাঁহার নয়নযুগল পদ্মসদৃশ, যিনি মুকুট, মাল্য, কেয়ূর ও বলয়াদি বিভূষণ ধারণ করিয়াছেন, যাঁহার বদন শরৎকালীন চন্দ্রের ন্যায় শোভমান, যিনি মুরলীবাদনে তৎপর আছেন, সেই গোপীগণ-পরিবৃত কুঙ্কুমাঞ্চিতদেহ হরিকে হৃদয়কমলে ধ্যান করি ॥ ১ ॥

পয়োঽম্ভোধের্দ্বীপান্মম হৃদয়মায়াহি ভগব-
ন্মণিব্রাতভ্রাজৎ * কনকবরপীঠং ভজ হরে ।
সুচিহ্নৌ তে পাদৌ যদুকুলজ ! নেনেজ্মি সুজলৈ-
র্গৃহাণেদং দূর্ব্বাফলজলবদর্ঘ্যং মুররিপো ॥ ২ ॥

**অনুবাদ**।—হে ভগবন্! ক্ষীরোদসাগরের দ্বীপ হইতে আসিয়া আমার হৃদয়ে আগমন কর। হে হরে! তথায় মণি-খচিত কনকময় পীঠে আসন গ্রহণ কর। হে যদুকুলজ! তোমার সুচিহ্নিত পাদযুগল সুনির্ম্মল জল দ্বারা আমি ধৌত করিতেছি অর্থাৎ পাদ্য প্রদান করিতেছি। হে মুরারে! আমি তোমাকে দূর্ব্বাদল, ফল ও জলসমন্বিত অর্ঘ্য প্রদান করিতেছি, তাহা গ্রহণ কর ॥ ২ ॥

ত্বমাচামোপেন্দ্র ! ত্রিদশসরিদম্ভোঽতি-শিশিরং,
ভজস্বেমং পঞ্চামৃতফলরসাপ্লাবমঘহন্ † ।
দ্যুনদ্যাঃ কালিন্দ্যা অপি কনককুম্ভস্থিতমিদং,
জলং তেন স্নানং কুরু কুরু কুরুষ্বাচমনকম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—হে উপেন্দ্র! আমি তোমাকে সুশীতল গঙ্গাজল আচমনীয়-

---

* ভ্রাজদিতি পরস্মৈপদ প্রয়োগ কথঞ্চিৎ বোধনীয়। 'ব্রাতৈরাজৎ' বিশুদ্ধ পাঠ'।
† 'পঞ্চামৃতরচিতমাপ্লাব'—পাঠান্তর।

করিতেছি, আমার সকল দুরিত ধ্বংস হউক এবং আমি যে নৃত্য, গীত ও স্তব করিতেছি, তাহাতে তোমার প্রীতি হউক, ইহাই প্রার্থনা। আমি তোমার দাস, আমার কৃত কর্ম্মচ্ছিদ্র পূর্ণ কর, অর্থাৎ আমার কর্ম্ম অচ্ছিদ্র হউক—ত্রুটি-শূন্য হউক, হে ভগবন্! তোমাকে নমস্কার করি ॥ ৯ ॥

সদা সেব্যঃ কৃষ্ণঃ স-জল-ঘন নীলঃ করতলে,
দধানো দধ্যন্নং তদনু নবনীতং মুরলিকাম্।
কদাচিৎ কান্তানাং কুচ-কলস-পত্রালি-রচনা-
সমাসক্তঃ স্নিগ্ধৈঃ সহশিশুবিহারং বিরচয়ন্ ॥ ১০ ॥

**অনুবাদ**।—যিনি করতলে দধ্যন্ন, তৎপরে নবনীত ও বংশী ধারণ করিয়াছেন, যিনি প্রিয়বয়স্যদিগের সহিত বাল্যক্রীড়া করিয়া কখন কখন কামিনী-গণের কুচকলসোপরি পত্রাবলি-রচনায় সমাসক্ত, সেই কৃষ্ণ সদা সকলের সেব্য ॥ ১০ ॥

মণিকর্ণীচ্ছয়া জাতমিদং মানসপূজনম্।
যঃ কুর্ব্বীতোষসি প্রাজ্ঞস্তস্য কৃষ্ণঃ প্রসীদতি ॥ ১১ ॥ *

ইতি ভগবন্মানসপূজনং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—এই মানসপূজা মণিকর্ণীর ইচ্ছায় উদ্ভূত। যে প্রাজ্ঞ ব্যক্তি প্রত্যূষসময়ে উক্তরূপে বিষ্ণুর মানসপূজা করে, নারায়ণ তাহার প্রতি প্রসন্ন হন ॥ ১১ ॥

---

ভগবন্মানসপূজা সম্পূর্ণ।

* এই শ্লোক বাণীবিলাস মুদ্রিত পুস্তকে নাই।

# কনকধারা-স্তোত্রম্‌।

শ্রীগুরবে নমঃ।

অঙ্গং হরেঃ পুলক-ভূষণমাশ্রয়ন্তী
ভৃঙ্গাঙ্গনেব মুকুলাভরণং তমালম্‌।
অঙ্গীকৃতাখিল-বিভূতিরপাঙ্গলীলা
মাঙ্গল্যদাস্তু মম মঙ্গলদেবতায়াঃ ॥ ১ ॥

**অনুবাদ**—মুকুলাবৃত-তমালতরু-আশ্রিতা ভ্রমরীর ন্যায় যাহা, পুলক-ভূষিত-নারায়ণ-অঙ্গে নিবদ্ধ, অখিল বিভূতির আধার মঙ্গলদেবতা লক্ষ্মীর সেই অপাঙ্গলীলা আমার মঙ্গলদাত্রী হউন ॥ ১ ॥

মুগ্ধা মুহুর্বিদধতী বদনে মুরারেঃ,
প্রেমত্রপাপ্রণিহিতানি গতাগতানি।
মালা দৃশোর্মধুকরীব মহোৎপলে যা,
সা মে শ্রিয়ং দিশতু সাগর-সম্ভবায়াঃ ॥ ২ ॥

**অনুবাদ**।—কমলে মধুকরীর ন্যায় যিনি মুরারিবদনে প্রেম ও লজ্জার প্রেরণায় বারংবার গতায়াত করিতেছেন, ক্ষীরোদতনয়ার সেই মুগ্ধ দৃষ্টিধারা আমার সম্পৎপ্রদা হউন ॥ ২ ॥

বিশ্বামরেন্দ্র-পদ-বিভ্রম-দান-দক্ষ-
মানন্দ-হেতুরধিকং মুরবিদ্বিষোঽপি।
ঈষন্নিষীদতু ময়ি ক্ষণমীক্ষণার্দ্ধ-
মিন্দীবরোদর-সহোদরমিন্দিরায়াঃ ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি ইঙ্গিতমাত্রে সর্ব্বদেবরাজ-ইন্দ্র-পদ প্রদান করিতে সমর্থ, যিনি স্বয়ং বৈকুণ্ঠনাথেরও অধিক আনন্দহেতু, ইন্দিরাদেবীর সেই নীল-কমল-গর্ভ-সুন্দর অর্দ্ধদৃষ্টি আমাতে ঈষৎ নিপতিত হউন ॥ ৩ ॥

আমীলিতাক্ষমধিগম্য মুদা মুকুন্দ-
মানন্দ-কন্দমনিমেষমনঙ্গতন্ত্রম্।
আকেকর-স্থিত-কনীনিক-পক্ষ্ম-নেত্রং,
ভূত্যৈ ভবেন্মম ভুজঙ্গশয়াঙ্গনায়াঃ ॥ ৪ ॥

**অনুবাদ**।—আনন্দে অর্দ্ধ-নিমীলিত নয়ন, আনন্দ-মূল, মদনাবেশ-মুগ্ধ নারায়ণকে লাভ করিয়া যিনি নিমেষশূন্য হইয়াছেন, যাঁহার তারা বক্রভাবে অবস্থিত, শেষশায়ি-দয়িতার সেই পক্ষ্মল নয়ন আমার যেন ঐশ্বর্য্যসম্পাদন করেন ॥ ৪ ॥

বাহ্বন্তরে মধুজিতঃ শ্রিতকৌস্তুভে যা,
হারাবলীব হরি-নীলময়ী বিভাতি।
কামপ্রদা ভগবতোঽপি কটাক্ষমালা,
কল্যাণমাবহতু মে কমলালয়ায়াঃ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যিনি কৌস্তুভমণি-মণ্ডিত মধুসূদন-বক্ষঃস্থলে, তাঁহারই কাল রংএ রঞ্জিত হারাবলীর ন্যায় শোভা পাইয়া থাকেন, ভগবানেরও মদন-সম্পাদিনী কমলালয়ার সেই কটাক্ষমালা আমার কল্যাণবহা হউন ॥ ৫ ॥

কালাম্বুদালি-ললিতোরসি কৈটভারে-
র্ধারাধরে স্ফুরতি যা তড়িদঙ্গনেব। *
মাতুঃ সমস্তজগতাং মহনীয়-মূর্ত্তি-
র্ভদ্রাণি মে দিশতু ভার্গবনন্দনায়াঃ ॥ ৬ ॥

**অনুবাদ**।—যিনি জলধরমধ্যে সৌদামিনী-কমলিনীর ন্যায়, কালাম্বুদ-রমণীয় নারায়ণ-বক্ষঃস্থলে বিরাজ করেন, সমস্ত জগজ্জননী ভার্গবতনয়া লক্ষ্মীর সেই অর্হণীয় মূর্ত্তি আমার মঙ্গলবিধান করুন ॥ ৬ ॥

---

* "ষণ্ডটিদঙ্গনেব" ইতি মুম্বই মুদ্রিত পুস্তক পাঠ।

প্রাপ্তং পদং প্রথমতঃ খলু যৎ-প্রভাবা-
ন্মাঙ্গল্যভাজি মধুমাথিনি মন্মথেন।
মষ্যাপতেত্তদিহ মন্থরমীক্ষণার্দ্ধং,
মন্দালসং চ মকরালয়কন্যকায়াঃ ॥ ৭ ॥

**অনুবাদ**।—যাঁহার প্রভাবে পঞ্চশর, মঙ্গলালয় মধুসূদনে প্রথমতঃ অধিকার প্রাপ্ত হইয়াছিল, বারিধি-তনয়ার সেই মন্দালস অর্দ্ধদৃষ্টি মন্থরভাবে (স্থিরভাবে) ইহজীবনে আমাতে নিপতিত হয়। (প্রণয়ীর প্রতি দৃষ্টি চঞ্চল, পুত্রের প্রতি দৃষ্টি স্থির,—কবি স্বয়ং পুত্রভাবে মাতৃদৃষ্টির প্রার্থী) ॥ ৭ ॥

দদ্যাদ্দয়ানুপবনো দ্রবিণাম্বুধারা-
মস্মিন্ন কিঞ্চন বিহঙ্গশিশৌ বিষণ্ণে।
দুষ্কর্ম্মঘর্ম্মমপনীয় চিরায় দূরং
নারায়ণ-প্রণয়িনী নয়নাম্বু-বাহঃ ॥ ৮ ॥

**অনুবাদ**।—করুণারূপ অনুকূল পবন-মিলিত, হরিপ্রিয়া-দৃষ্টিপাতরূপী মেঘ, চিরসঞ্চিত দুষ্কর্ম্মতাপ দূরে অপনীত করিয়া বিহঙ্গ-(চাতক) শিশুরূপী যেন এই বিষণ্ণ অকিঞ্চনকে ধন-জলধারা প্রদান করেন ॥ ৮ ॥

ইষ্টা বিশিষ্টমতয়োঽপি যয়া দয়ার্দ্র-
দৃষ্ট্যা ত্রিবিষ্টপপদং সুলভং লভন্তে।
দৃষ্টিঃ প্রহৃষ্টকমলোদরদীপ্তিরিষ্টাং,
পুষ্টিং কৃষীষ্ট মম পুষ্করবিষ্টরায়াঃ ॥ ৯ ॥

**অনুবাদ**।—বিশিষ্টবুদ্ধিসম্পন্ন ব্যক্তিগণও যাঁহার প্রীতিপাত্র হইয়াই তদীয় করুণার্দ্র দৃষ্টিপ্রভাবে অনায়াসে স্বর্গপদ লাভ করেন, সেই পদ্মাসনা লক্ষ্মীর প্রফুল্লকমলগর্ভ-কমনীয়া দৃষ্টি আমার অভিলষিত পুষ্টি সম্পাদন করুন ॥ ৯ ॥

গীর্দ্দেবতেতি গরুড়ধ্বজসুন্দরীতি,
শাকম্ভরীতি শশিশেখরবল্লভেতি।
সৃষ্টি-স্থিতি-প্রলয়-কেলিষু সংস্থিতায়ৈ,
তস্যৈ নমস্ত্রিভুবনৈকগুরোস্তরুণ্যৈ ॥ ১০ ॥

**অনুবাদ**।—যিনি সৃষ্টিলীলায় বাগ্‌দেবতা (ব্রাহ্মী শক্তি) এইরূপে,

স্থিতিলীলায় গরুড়ধ্বজসুন্দরী অর্থাৎ বৈষ্ণবী শক্তি, এইরূপে বা শাকম্ভরী এই-রূপে, এবং প্রলয়লীলায় শশিশেখরবল্লভা অর্থাৎ রুদ্রাণী এইরূপে অবস্থিতা, ত্রিভুবনৈকগুরু নারায়ণের সেই তরুণীকে (লক্ষ্মীকে) প্রণাম করি ॥১০ ॥

শ্রুত্যৈ নমোঽস্তু শুভকর্ম্মফলপ্রসূত্যৈ,
রত্যৈ নমোঽস্তু রমণীয়গুণার্ণবায়ৈ।
শক্ত্যৈ নমোঽস্তু শতপত্রনিকেতনায়ৈ,
পুষ্ট্যৈ নমোঽস্তু পুরুষোত্তমবল্লভায়ৈ ॥ ১১ ॥

অনুবাদ।—যিনি শুভকর্ম্মফলপ্রসবিনী শ্রুতিস্বরূপা, তাঁহাকে নমস্কার; যিনি রমণীয়-গুণ-সাগরায়মাণারূপা, তাঁহাকে নমস্কার; যিনি কমল-বাসিনী শক্তিরূপা, তাঁহাকে নমস্কার; যিনি পুরুষোত্তমদয়িতা পুষ্টিরূপা, তাঁহাকে নমস্কার ॥ ১১ ॥

নমোঽস্তু নালীক-নিভাননায়ৈ,
নমোঽস্তু দুগ্ধোদধি-জন্ম-ভূত্যৈ।
নমোঽস্তু সোমামৃতসোদরায়ৈ,
নমোঽস্তু নারায়ণবল্লভায়ৈ ॥ ১২ ॥

অনুবাদ।—(সেই) কমলাননাকে নমস্কার, ক্ষীরোদসম্ভবাকে নমস্কার, চন্দ্র ও অমৃতের সহোদরাকে নমস্কার, নারায়ণবল্লভাকে নমস্কার ॥ ১২ ॥

সম্পৎ-করাণি সকলেন্দ্রিয়-নন্দনানি,
সাম্রাজ্য-দান-বিভবানি সরোরুহাক্ষি।
ত্বদ্বন্দনানি দুরিতাহরণোদ্যতানি
মামেব, মাতরনিশং কলয়ন্তু মান্যে ॥ ১৩ ॥

অনুবাদ।—হে কমলনয়নে, মান্যে, তোমার বন্দনা সম্পত্তিসম্পাদক, সর্ব্বেন্দ্রিয়ের আনন্দদায়ক, সাম্রাজ্যদানে সমর্থ এবং পাপ-অপনয়নে সফল-উদ্যম-সম্পন্ন; মাতঃ, ঐ সকল বন্দনা সর্ব্বদা যেন (কর্তৃরূপে) আমাকেই আশ্রয় করে ॥ ১৩ ॥

যৎকটাক্ষসমুপাসনা-বিধিঃ,
সেবকস্য সকলার্থসম্পদঃ।
সন্তনোতি বচনাঙ্গমানসৈ-
স্ত্বাং মুরারিহৃদয়েশ্বরীং ভজে ॥ ১৪ ॥

**অনুবাদ**।—যাঁহার কটাক্ষলাভের জন্য উপাসনাবিধি সেবকের সর্ব্ববিধ অর্থসম্পদ্ সম্পাদন করিয়া থাকে, নারায়ণ-হৃদয়েশ্বরী সেই তোমাকে কায়মনোবাক্যে ভজনা করি ॥ ১৪ ॥

সরসিজ-নিলয়ে সরোজ-হস্তে,
ধবলতমাংশুক-গন্ধ-মাল্য-শোভে।
ভগবতি হরি-বল্লভে মনোজ্ঞে,
ত্রিভুবন-ভূতিকরি প্রসীদ মহ্যম্ ॥ ১৫ ॥

**অনুবাদ**।—হে কমলবাসিনি, হে কমলধারিণি, অতি শুভ্রগন্ধমাল্য-বস্ত্রসুশোভিতে, ভগবতি, ত্রিলোকৈশ্বর্য্যবিধায়িনি, মনোরমে, শ্রীহরিবল্লভে, আমার প্রতি প্রসন্না হও ॥ ১৫ ॥

দিগ্‌ঘস্তিভিঃ কনক-কুম্ভমুখাবসৃষ্ট-
স্বর্ব্বাহিনী-বিমল-চারু-জল-প্লুতাঙ্গীম্।
প্রাতর্নমামি জগতাং জননীমশেষ-
লোকাধিনাথগৃহিণীমমৃতাব্ধিপুত্রীম্ ॥ ১৬ ॥

**অনুবাদ**।—দিগ্‌গজগণ, স্বর্ণকুম্ভমুখবিগলিত নির্ম্মল স্বর্গগঙ্গা-রমণীয়-সলিলে যাঁহার অভিষেকক্রিয়া সম্পাদন করে, অশেষলোকনাথগৃহিণী সুধা-সিন্ধুনন্দিনী সেই ত্রিজগজ্জননীকে প্রভাতে নমস্কার করি ॥ ১৬ ॥

কমলে কমলাক্ষবল্লভে ত্বং করুণাপূরতরঙ্গিতৈরপাঙ্গৈঃ।
অবলোকয় মামকিঞ্চনানাং প্রথমং পাত্রমকৃত্রিমং দয়ায়াঃ ॥১৭॥

**অনুবাদ**।—হে পুণ্ডরীকাক্ষদয়িতে, কমলে, আমি অকিঞ্চনগণের প্রধান এবং দয়ার অকৃত্রিম পাত্র, করুণাপ্রবাহতরঙ্গিত অপাঙ্গে তুমি আমার প্রতি দৃষ্টিপাত কর ॥ ১৭ ॥

স্তুবন্তি যে স্তুতিভিরমীভিরন্বহং
ত্রয়ীময়ীং ত্রিভুবনমাতরং রমাম্।
গুণাধিকা গুরুতরভাগ্যভাগিনো *
ভবন্তি তে ভুবি বুধভাবিতাশয়াঃ ॥ ১৮ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দভগবৎ-
পূজ্যপাদশিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
কনকধারাস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—যাঁহারা ত্রয়ীময়ী ত্রিভুবনজননী রমাকে এই সকল স্তুতি-পদ্যে প্রত্যহ স্তব করেন, ভূতলে তাঁহারা গুণাধিক এবং গুরুতর ভাগ্যের অধি-কারী হয়েন এবং তাঁহাদিগের অভিপ্রায় অবগত হইবার জন্য বোদ্ধা ব্যক্তিরও চিন্তা করিতে হয় ॥ ১৮ ॥

শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য পূজ্যপাদ ভগবান্ গোবিন্দের শিষ্য
শ্রীমৎশঙ্কর-ভগবানের রচনাতে কনকধারাস্তোত্র সমাপ্ত।

## ত্রিপুরসুন্দরী-স্তোত্র।

শ্রীগণেশায় নমঃ

কদম্ববনচারিণীং মুনি-কদম্ব-কাদম্বিনীং
নিতম্বজিতভূধরাং সুরনিতম্বিনী-সেবিতাম্।
নবাম্বুরুহ-লোচনামভিনবাম্বুদশ্যামলাং
ত্রিলোচন-কুটুম্বিনীং ত্রিপুর-সুন্দরীমাশ্রয়ে ॥ ১ ॥

**অনুবাদ**।—যিনি কদম্ববনমধ্যে সর্ব্বদা বিচরণ করেন, যিনি মুনিগণের হৃদয়াকাশে মেঘমালাস্বরূপা, যাঁহার নিতম্ব পর্ব্বতকে জয় করিয়াছে, সুর-নিতম্বিনীগণ যাঁহার সেবা করেন, যাঁহার নয়নযুগল নবোৎপন্ন কমলের ন্যায় সুদৃশ্য, যিনি নবীন-নীরদের ন্যায় শ্যামবর্ণা এবং যিনি ত্রিলোচনের গৃহিণী, সেই ত্রিপুর-সুন্দরীর (ভক্তি সহকারে) আমি আশ্রয় গ্রহণ করিতেছি ॥ ১ ॥

* 'ভাজিনো' পাঠ বাণীবিলাস-মুদ্রিত পুস্তকে আছে।

কদম্ব-বন-বাসিনীং কনক-বল্লকী-ধারিণীং,
মহার্হ-মণি-হারিণীং মুখ-সমুল্লসদ্-বারুণীম্।
দয়া-বিভব-কারিণীং বিশদ-লোচনীং চারিণীং,
ত্রিলোচনকুটুম্বিনীং ত্রিপুরসুন্দরীমাশ্রয়ে ॥ ২ ॥

**অনুবাদ**।—যিনি কদম্ববনে বাস করেন, যিনি কনকবীণা ধারণ করিতেছেন, যিনি মহামূল্য মণিসমূহের হার পরিধান করিয়াছেন, যাঁহার মুখ-কমলে বারুণী উল্লসিত থাকে, যিনি দয়াবিভবকারিণী বিশদলোচনী অর্থাৎ নির্ম্মল-জ্ঞানদায়িনী এবং সুন্দরগমনা ত্রিলোচনের গেহিনী, সেই ত্রিপুরসুন্দরীর আমি আশ্রয় গ্রহণ করিতেছি ॥ ২ ॥

কদম্ব-বন-শালয়া কুচ ভরোল্লসন্মালয়া,
কুচোপমিত-শৈলয়া গুরু-কৃপা-লসদ্-বেলয়া।
মদারুণ-কপোলয়া মধুর-গীত-বাচালয়া,
কয়াপি ঘনশীলয়া কবচিতা বয়ং লীলয়া ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি কদম্ববনে গৃহ স্থাপন করিয়াছেন, যাঁহার স্তনযুগলে মণিময় হার বিরাজমান আছে, যাঁহার কুচযুগল গিরিবরের ন্যায়, যাঁহার মহতী কৃপা সর্ব্বকালে বিরাজমান, যাঁহার কপোলদেশ মদভরে আরক্ত, যিনি সর্ব্বদা মধুর গীতধ্বনি করিতেছেন, যিনি নবজলধরের ন্যায় নীলবর্ণা, সেই প্রকার দেহ লীলাবশে আমাদিগের রক্ষাকবচ হইয়াছেন ॥ ৩ ॥

কদম্ববনমধ্যগাং কনক-মণ্ডলোপস্থিতাং,
ষড়ম্বুরুহবাসিনীং সততসিদ্ধিসৌদামিনীম্।
বিড়ম্বিত-জবারুচিং বিকচ-চন্দ্রচূড়ামণিং,
ত্রিলোচনকুটুম্বিনীং ত্রিপুরসুন্দরীমাশ্রয়ে ॥ ৪ ॥

**অনুবাদ**।—যিনি কদম্ববনমধ্যবর্ত্তিনী, যিনি সুবর্ণমণ্ডলোপরি উপবিষ্টা আছেন, যিনি মূলাধারাদি ষট্‌চক্রপথে বাস করেন, যিনি সর্ব্বদা সিদ্ধিবিকাশে সৌদামিনীতুল্যা, যাঁহার দেহকান্তি জবাপুষ্পের শোভা তিরস্কৃত করিয়াছে, যাঁহার চূড়াতে পূর্ণচন্দ্র মণিস্বরূপে বিদ্যমান রহিয়াছে, যিনি ত্রিলোচনের কুটুম্বিনী, আমি সেই ত্রিপুরসুন্দরীর আশ্রয় গ্রহণ করিতেছি ॥ ৪ ॥

কুচাঞ্চিত-বিপঞ্চিকাং কুটিল-কুন্তলালঙ্কৃতাং,
কুশেশয়-নিবাসিনীং কুটিলচিত্ত-বিদ্বেষিণীম্ ।
মদারুণ-বিলোচনাং মনসিজারি-সম্মোহিনীং,
মতঙ্গ-মুনি-কন্যকাং মধুরভাষিণীমাশ্রয়ে ॥ ৫ ॥

**অনুবাদ ।**—যিনি কুচোপরি বীণা রাখিয়া থাকেন, যিনি কুটিল কুন্তলে অলঙ্কৃতা, যিনি কমলাসনা, যিনি কুটিলহৃদয় লোকদিগের দ্বেষ করেন, যাঁহার লোচনযুগল সর্ব্বদা মদবশে আরক্ত, যিনি মদনান্তক মহাদেবকেও মোহিত করিয়াছেন, যিনি মতঙ্গমুনির কন্যারূপে আবির্ভূতা হইয়াছিলেন, আমি সেই মধুরভাষিণীর আশ্রয় গ্রহণ করিতেছি ॥ ৫ ॥

স্মরেৎ প্রথমপুষ্পিণীং রুধিরবিন্দু-নীলাম্বরাং,
গৃহীত-মধুপাত্রিকাং মধুবিঘূর্ণ-নেত্রাঞ্চলাম্ ।
ঘন-স্তন-ভরোন্নতাং গলিত-কুন্তলাং * শ্যামলাং,
ত্রিলোচন-কুটুম্বিনীং ত্রিপুরসুন্দরীমাশ্রয়ে ॥ ৬ ॥

**অনুবাদ ।**—যাঁহাকে প্রথমপুষ্পিণী বলিয়া স্মরণ করা বিহিত, যাঁহার নীলাম্বরে রুধিরবিন্দু বিরাজিত আছে, যিনি মধুপাত্র ধারণ করিয়াছেন, মধুপানে যাঁহার লোচন সর্ব্বদা ঘূর্ণ্যমান এবং স্তনদ্বয় অতি ঘন ও উন্নত, যাঁহার কেশপাশ আলুলায়িত, যিনি শ্যামবর্ণা ও ত্রিলোচনের কুটুম্বিনী, সেই ত্রিপুরসুন্দরীর আশ্রয় গ্রহণ করিতেছি ॥ ৬ ॥

সকুঙ্কুম-বিলেপনামলকচুম্বি-কস্তূরিকাং,
সমন্দ হসিতেক্ষণাং সশর-চাপ-পাশাঙ্কুশাম্ ।
অশেষ-জন-মোহিনীমরুণ-মাল্যভূষাম্বরাং,
জবাকুসুমভাসুরাং জপবিধৌ স্মরাম্যম্বিকাম্ ॥ ৭ ॥

**অনুবাদ ।**—যাঁহার অঙ্গে কুঙ্কুমাদি বিলেপন রহিয়াছে, যাঁহার অলকপ্রান্ত কস্তূরচূর্ণে সজ্জিত, যিনি মন্দ হাস্যসহকারে দৃষ্টিপাত করিতেছেন, যিনি চারি হস্তে বাণ, ধনু, পাশ ও অঙ্কুশ ধারণ করিয়াছেন, যিনি জগতের সকল জনকে মোহিত করেন, যিনি রক্তমাল্য, রক্তবর্ণ অলঙ্কার ও রক্তবসনে বিভূষিতা, যাঁহার

* 'কুন্তলাং' এই স্থলে 'কুলিকাং' পাঠও আছে।

দেহকান্তি জবাপুষ্পের ন্যায় অতিশয় সমুজ্জ্বল, সেই জগজ্জননীকে জপকার্য্যে আমি স্মরণ করি ॥ ৭ ॥

পুরন্দর-পুরন্ধ্রিকাং চিকুর-বন্ধ-সৈরিন্ধ্রিকাং
পিতামহ-পতিব্রতাং পটুপটীর-চর্চ্চারতাম্।
মুকুন্দরমণীং মনোলসদলঙ্ক্রিয়াকারিণীং,
ভজামি ভুবনাম্বিকাং সুরবধূটিকাচেটিকাম্ ॥ ৮ ॥

ইতি ত্রিপুরসুন্দরীস্তোত্রং সম্পূর্ণম্।

অনুবাদ।--যিনি পুরন্দরপুরের পুরন্ধ্রীস্বরূপা (ইন্দ্রাণী), যিনি কেশবন্ধনে সৈরিন্ধ্রী, যিনি ব্রহ্মার পতিব্রতা শক্তি (ব্রহ্মাণী), যিনি মণিময় ভূষণ ধারণ করেন, যিনি উত্তম চন্দনে অনুলিপ্তা, যিনি মুকুন্দের রমণীরূপা ( বৈষ্ণবী ), যিনি নিখিল ভুবনের জননী এবং সুরবধূগণ যাঁহার দাসীকার্য্যে নিরত আছেন, তাঁহাকে সেবা করি ॥৮॥

ত্রিপুরসুন্দরীস্তোত্র সমাপ্ত।

## ললিতাপঞ্চরত্ন-স্তোত্রম্।

প্রাতঃ স্মরামি ললিতা-বদনারবিন্দং,
বিম্বাধরং পৃথুল-মৌক্তিক-শোভি-নাসম্।
আকর্ণ-দীর্ঘ-নয়নং মণি-কুণ্ডলাঢ্যং,
মন্দ-স্মিতং মৃগমদোজ্জ্বল-ভাল-দেশম্ ॥ ১ ॥

অনুবাদ।—ওষ্ঠাধর বিম্বফল সদৃশ, সুবৃহৎ মুক্তামণ্ডিত নাসা, ললাটে মৃগনাভির তিলক ও ( কর্ণে ) মণিকুণ্ডলযুক্ত, ঈষদ্‌হাস্য-শোভিত ললিতা-দেবীর ( ত্রিপুরসুন্দরীর ) মুখকমল আমি প্রভাতে স্মরণ করি ॥ ১ ॥

প্রাতর্ভজামি ললিতা-ভুজ-কল্প-বল্লীং,
রত্নাঙ্গুলীয়-লসদঙ্গুলি-পল্লবাঢ্যাম্।
মাণিক্য-হেম-বলয়াঙ্গদ-শোভমানাং,
পুণ্ড্রেক্ষু-চাপ-কুসুমেষু-সৃণীর্দধানাম্ ॥ ২ ॥

অনুবাদ।—রত্নময় অঙ্গুরীয়যোগে রঞ্জিত অঙ্গুলিপল্লবসম্পন্ন, মাণিক্য

ও স্বর্ণময় বলয় ও কেয়ূরে বিরাজিত, পুণ্ড্র নামক (পুঁড়ি আক) ইক্ষুদণ্ড, পুষ্পবাণ ধনুঃ, পাশ ও অঙ্কুশের ধারণস্থান ললিতাদেবীর বাহু-কল্প-লতাকে প্রাতঃকালে ভজনা করি ॥ ২ ॥

প্রাতর্নমামি ললিতা-চরণারবিন্দং,
ভক্তেষ্টদান-নিরতং ভব-সিন্ধু-পোতম্।
পদ্মাসনাদি-সুরনায়ক-পূজনীয়ং,
পদ্মাঙ্কুশ-ধ্বজ-সুদর্শনলাঞ্ছনাঢ্যম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—ভক্তবৃন্দের বাঞ্ছিতদানে নিরত, সংসারসমুদ্রের পোতস্বরূপ, পদ্ম, অঙ্কুশ, ধ্বজ ও সুদর্শনচিহ্নে অঙ্কিত, ব্রহ্মপ্রমুখ দেবশ্রেষ্ঠগণের পূজনীয় ললিতাদেবীর চরণকমলে আমি প্রভাতে প্রণাম করি ॥ ৩ ॥

প্রাতঃ * স্তুবে পরশিবাং ললিতাং ভবানীং,
ত্রয্যন্তবেদ্য-বিভবাং করুণানবদ্যাম্।
বিশ্বস্য সৃষ্টি-বিলয়-স্থিতি-হেতুভূতাং
বিদ্যেশ্বরীং নিগম-বাঙ্মনসাতিদূরাম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—বেদান্ত-বিজ্ঞেয়-বিভূতি, করুণাগুণে প্রশংসিতা, শাস্ত্র, বাক্য ও মনের অগোচর, জগতের সৃষ্টিস্থিতিপ্রলয়কর্ত্রী, সর্ব্ববিদ্যার ঈশ্বরী, পরমশিবা ভবানী ললিতাদেবীকে আমি প্রভাতসময়ে স্তব করি ॥ ৪ ॥

প্রাতর্বদামি ললিতে তব পুণ্যনাম,
কামেশ্বরীতি কমলেতি মহেশ্বরীতি।
শ্রীশাম্ভবীতি জগতাং জননী পরেতি,
বাগ্‌দেবতেতি বচসা ত্রিপুরেশ্বরীতি ॥ ৫ ॥

**অনুবাদ**।—হে ললিতে! আমি প্রভাতকালে তোমার কামেশ্বরী, কমলা, মহেশ্বরী, শ্রীশাম্ভবী, জগজ্জননী, পরা, বাগ্‌দেবী ও ত্রিপুরেশ্বরী, এই সমস্ত নাম বাক্-ইন্দ্রিয়-যোগে, উচ্চারণ করিতেছি ॥ ৫ ॥

---

* আত্মনেপদমিচ্ছন্তি পরস্মৈপদিনাং ক্বচিৎ। "প্রাতস্তু নৌমি শিবদাং" শুদ্ধ পাঠ।

যঃ শ্লোকপঞ্চকমিদং ললিতাম্বিকায়াঃ,
সৌভাগ্যদং সুললিতং পঠতি প্রভাতে।
তস্মৈ দদাতি ললিতা ঝটিতি প্রসন্না,
বিদ্যাং শ্রিয়ং বিমলসৌখ্যমনন্তকীর্ত্তিম্ ॥ ৬ ॥

ইতি পরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য শ্রীভগবৎ-গোবিন্দ-
পূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
শ্রীললিতাপঞ্চরত্নস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ**।—যে ব্যক্তি প্রভাতে জননী ললিতাদেবীর এই মনোহর পঞ্চশ্লোকগ্রথিত সৌভাগ্যপ্রদ স্তব পাঠ করে, ললিতাদেবী অচিরে প্রসন্না হইয়া তাহাকে বিদ্যা, শ্রী, বিমল আনন্দ ও অনন্ত কীর্ত্তি প্রদান করেন ॥ ৬ ॥

ললিতাপঞ্চরত্ন-স্তোত্র সমাপ্ত।

## মীনাক্ষী-পঞ্চরত্ন-স্তোত্রম্।

উদ্যদ্ভানু-সহস্র-কোটিসদৃশীং কেয়ূর-হারোজ্জ্বলাং,
বিম্বোষ্ঠীং স্মিত-দন্তপঙ্‌ক্তি-রুচিরাং পীতাম্বরালঙ্কৃতাম্।
বিষ্ণু-ব্রহ্ম-সুরেন্দ্র-সেবিতপদাং তত্ত্বস্বরূপাং শিবাং,
মীনাক্ষীং প্রণতোঽস্মি সন্ততমহং কারুণ্যবারাং নিধিম্ ॥১॥

**অনুবাদ**।—যাঁহার কান্তি যুগপদুদিত কোটিসহস্র সূর্য্যের ন্যায়, কেয়ূর ও হারে যিনি বিভূষিত, যাঁহার ওষ্ঠ বিম্বফল সদৃশ লোহিতবর্ণ, যিনি ঈষদ্ হাস্যসমন্বিত দন্তরাজিতে রমণীয়া, যিনি পীতাম্বরে শোভিত, বিষ্ণু, ব্রহ্মা ও দেবরাজ যাঁহার পদসেবা করেন, যিনি তত্ত্বরূপা (ব্রহ্মস্বরূপা) ও কল্যাণময়ী, আমি সেই করুণা-বারিধি মীনাক্ষীদেবীকে সতত প্রণাম করি ॥ ১ ॥

মুক্তাহার-লসৎ-কিরীট-রুচিরাং পূর্ণেন্দু-বক্ত্র-প্রভাং,
শিঞ্জন্নূপুর-কিঙ্কিণী-মণিধরাং পদ্মপ্রভা-ভাস্বরাম্।
সর্ব্বাভীষ্ট-ফলপ্রদাং গিরিসুতাং * বাণী-রমা-সেবিতাং,
মীনাক্ষীং প্রণতোঽস্মি সন্ততমহং কারুণ্য-বারাং নিধিম্ ॥২॥

অনুবাদ।—যিনি মুক্তাহার ও উজ্জ্বল কিরীটে সুশোভিতা, যাঁহার বদন-শোভা পূর্ণচন্দ্রের সদৃশ, চরণধৃত মণিময় নূপুর ও কিঙ্কিণী রুণু রুণু ধ্বনি করিতেছে এবং উজ্জ্বল লাবণ্য কমলতুল্য; লক্ষ্মী-সরস্বতী-সেবিতা সর্ব্বাভীষ্টফলদায়িনী সেই করুণাবারিধি পার্ব্বতী মীনাক্ষী দেবীকে সর্ব্বদা প্রণাম করি ॥ ২ ॥

শ্রীবিদ্যাং শিব-বামভাগ-নিলয়াং হ্রীঙ্কার-মন্ত্রোজ্জ্বলাং,
শ্রীচক্রাঙ্কিত-বিন্দু-মধ্য-বসতিং শ্রীমৎ-সভা-নায়কীম্।
শ্রীমৎ-ষণ্মুখ-বিঘ্নরাজ-জননীং শ্রীমজ্জগন্মোহিনীং,
মীনাক্ষীং প্রণতোঽস্মি সন্ততমহং কারুণ্য-বারাং নিধিম্ ॥৩॥

অনুবাদ।—যিনি শ্রীবিদ্যারূপা, শিবের বামভাগে যাঁহার অবস্থান, যিনি হ্রীং-মন্ত্রে সমুদ্ভাসিত অর্থাৎ হ্রীঁ যাঁহার বীজমন্ত্র, শ্রীচক্রান্তর্গত বিন্দুমধ্যে যিনি অধিষ্ঠিতা, শ্রীমৎ সভানায়ক মহেশ্বরের মহাশক্তি এবং শ্রীমৎ কার্ত্তিকেয় ও বিঘ্নেশ্বর গণপতির জননী, সেই বিশ্ববিমোহিনী করুণাবারিধি শ্রীমতী মীনাক্ষী দেবীকে আমি সতত প্রণাম করি ॥ ৩ ॥

শ্রীমৎ-সুন্দর-নায়কীং ভয়-হরাং জ্ঞান-প্রদাং নির্ম্মলাং,
শ্যামাভাং কমলাসনার্চ্চিত-পদাং নারায়ণস্যানুজাম্।
বীণা-বেণু-মৃদঙ্গ-বাদ্য-রসিকাং নানাবিধাড়ম্বিকাং,
মীনাক্ষীং প্রণতোঽস্মি সন্ততমহং কারুণ্য-বারাং নিধিম্ ॥৪॥

অনুবাদ।—যিনি শ্রীমৎ সুন্দরেশ্বর শিবের পত্নী, ভয়হারিণী, জ্ঞানপ্রদা,

---

* বিশেষ কথা,—এখানে 'গিরিসুতাং' পদটি লক্ষ্য করিতে হইবে। গিরিসুতা-বাণী-রমা-সেবিতাং পাঠ হইলে পরবর্ত্তী মীনাক্ষী-স্তোত্রের সহিত একার্থ হয়, নতুবা কিঞ্চিৎ বিরোধ হয়। সেই স্তোত্রে কথিত আছে, 'তিনি পার্ব্বতী-পূজিতা এবং মলয়ধ্বজের কন্যা' এই যে আপাত-বিরোধ, তাহার মীমাংসা এই যে, কুমারী অবস্থায় পার্ব্বতী আদ্যাশক্তির পূজা করেন, তখন তিনি অংশস্বরূপা ছিলেন, শিববিবাহান্তে তিনি পূর্ণত্ব লাভ করেন, তখন পূর্ণ আদ্যাশক্তি মীনাক্ষী ও পার্ব্বতী একই হওয়ায় এখানে তাঁহাকে গিরিসুতা অর্থাৎ পার্ব্বতী বলা হইয়াছে।

নির্ম্মলা ও শ্রীকৃষ্ণভগিনী, ব্রহ্মা যাঁহার পাদপদ্ম পূজা করেন, 'যিনি শ্যামকান্তি, বীণা-বেণু-মৃদঙ্গবাদ্যপ্রিয়া, বিবিধ কর্ম্মপ্রবর্ত্তিকা করুণাবারিধি সেই মীনাক্ষী-দেবীকে আমি সর্ব্বদা প্রণাম করি ॥ ৪ ॥

নানাযোগি-মুনীন্দ্র-হৃন্নিবসতিং নানার্থসিদ্ধিপ্রদাং,
নানাপুষ্পবিরাজিতাঙ্ঘ্রি-যুগলাং নারায়ণেনার্চ্চিতাম্।
নাদ-ব্রহ্মময়ীং পরাৎ পরতরাং নানার্থ-তত্ত্বাত্মিকাং,
মীনাক্ষীং প্রণতোঽস্মি সন্ততমহং কারুণ্য-বারাং নিধিম্ ॥৫॥

ইতি পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শ্রীগোবিন্দ-ভগবৎ-
পূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
মীনাক্ষীপঞ্চরত্নস্তোত্রং সম্পূর্ণম্।

অনুবাদ।—বহু যোগী ও মুনিপ্রবরগণের হৃদয়-মন্দিরে যাঁহার অবস্থান, যিনি নানাপ্রকার অর্থসিদ্ধিপ্রদাত্রী, যাঁহার পদযুগলে নানারূপ পুষ্প বিরাজিত, নারায়ণ-পূজিতা নাদ-ব্রহ্মময়ী, পরাৎপরতরা নানা পদার্থতত্ত্বস্বরূপা করুণা-বারিধি সেই মীনাক্ষী দেবীকে আমি সর্ব্বদা প্রণাম করি ॥ ৫ ॥

মীনাক্ষীপঞ্চরত্ন স্তোত্র সম্পূর্ণ।

---

## মীনাক্ষী-স্তোত্রম্। *

শ্রীবিদ্যে শিব-বামভাগ-নিলয়ে শ্রীরাজরাজার্চ্চিতে
শ্রীনাথাদি-গুরুস্বরূপ-বিভবে চিন্তামণীপীঠিকে।
শ্রী-বাণী-গিরিজা-নুতাঙ্ঘ্রি-কমলে শ্রীশাম্ভবি শ্রীশিবে
মধ্যাহ্নে মলয়ধ্বজাধিপ-সুতে মাং পাহি মীনাম্বিকে ॥ ১ ॥

অনুবাদ।—হে শ্রীবিদ্যে, শিবের বামভাগে তোমার স্থান; হে কুবের-পূজিতে, তোমারই বিভূতি শ্রীনাথাদি গুরুস্বরূপ; চিন্তামণিপীঠে তুমি অধিষ্ঠিতা;

* ত্রিপুরসুন্দরী আদ্যাশক্তি, তাঁহার তিন অংশ;—লক্ষ্মী, সরস্বতী এবং কুমারী পার্ব্বতী। স্বয়ং ত্রিপুরসুন্দরীই গৌড়মগধাধিপতি মলয়ধ্বজ-রাজের দুহিতা রাজরাজেশ্বরীরূপে অবতীর্ণা হয়েন; তাঁহার যৌগিক নাম মীনাক্ষী, সংক্ষিপ্ত নাম মীনা। স্বয়ং পরব্রহ্ম সুন্দরেশ্বর শিবরূপে অবতীর্ণ হইয়া মীনাক্ষীকে বিবাহ করেন। এই যে আদ্যাশক্তি ও পরব্রহ্মের লীলা, ইহার বিস্তৃত বিবরণ মীনাক্ষী-মাহাত্ম্যে আছে। দাক্ষিণাত্যপ্রদেশে মাদুরা সহরে মীনাক্ষী দেবীর মন্দির আছে। পার্ব্বতী শিবপরিণীতা হইয়া পূর্ণতা প্রাপ্ত হয়েন; সেই ভবানীমূর্ত্তিও ত্রিপুর-সুন্দরীর লীলা-মূর্ত্তি।

লক্ষ্মী, সরস্বতী এবং পার্ব্বতী তোমার চরণ-কমলের স্তব করিয়াছেন। হে শ্রীশাম্ভবি, হে শ্রীশিবে, হে রাজা মলয়ধ্বজের তনয়ারূপে অবতীর্ণা 'মীনাম্বিকে', অর্থাৎ জননি মীনাক্ষি, মধ্যাহ্নকালে আমাকে রক্ষা কর ॥ ১ ॥

**আবশ্যক ব্যাখ্যা।**—এই স্তোত্রমধ্যে প্রত্যেক শ্লোকেই কর্ম্মপদ ও ক্রিয়াপদ ব্যতীত প্রায় সমস্ত পদই সম্বোধনরূপে প্রযুক্ত, শেষ শ্লোকে কেবল অসম্বোধন বহু পদ আছে, সম্বোধন পদের অর্থানুসারে বাক্য-বিন্যাস, ভাষা-সরসতার জন্য অনুবাদে করা হইয়াছে, সর্ব্বত্র সম্বোধনরূপে ব্যবহৃত হয় নাই।

মধ্যাহ্নকালে রক্ষার অর্থ, আহারশুদ্ধি সম্পাদন কর। আহারের কাল মধ্যাহ্ন,—এই সময়ে আদ্যাশক্তির কৃপাকটাক্ষপাত না হইলে আহারশুদ্ধি-লাভ অসম্ভব। আহারশুদ্ধি না থাকিলে সত্ত্বশুদ্ধি হয় না, অশুদ্ধ আহারে পাতিত্য পর্য্যন্ত হয়। শিশু হইতে বৃদ্ধ পর্য্যন্ত সকলেই যে ভোজনাপেক্ষী, সেই ভোজন যদি আদ্যাশক্তির কৃপায় সত্ত্বশুদ্ধির অনুকূল হয়, তাহা হইলে ধ্যান-ধারণাদি সকলই সুচারু সম্পন্ন হয়। এই কারণে মধ্যাহ্নে রক্ষার প্রার্থনা হইয়াছে ॥ ১ ॥

চক্রস্থেঽচপলে চরাচর-জগন্নাথে জগৎপূজিতে
আর্ত্তালীবরদে নতাভয়করে বক্ষোজ-ভারান্বিতে।
বিদ্যে বেদকলাপ-মৌলি-বিদিতে বিদ্যুল্লতাবিগ্রহে
মাতঃ পূর্ণ-সুধারসার্দ্র-হৃদয়ে মাং পাহি মীনাম্বিকে ॥ ২ ॥

**অনুবাদ।**—হে শ্রীচক্রস্থিতে, তুমি স্থিরা, চরাচর জগতের তুমিই অধীশ্বরী, তুমি বিশ্বপূজিতা, হে আর্ত্তজনে বরদায়িনি, প্রণত-জন-ভয়হারিণি, হে স্তনভারবিনম্রে বিদ্যে, শ্রুতি-সমূহের শিরোভাগ (উপনিষৎ শাস্ত্র) কেবল তোমাকে জ্ঞাত আছেন, তোমার মূর্ত্তি বিদ্যুল্লতা-সদৃশ, হে পূর্ণ-সুধা-রসার্দ্র-হৃদয়ে মাতঃ মীনাম্বিকে, আমাকে রক্ষা কর ॥ ২ ॥

**বিশেষ কথা।**—অঙ্কিত শ্রীচক্রবিদ্যা বাহ্যপূজার যন্ত্র, অন্তর্যাগে শ্রীচক্র পৃথক্, মূলাধার হইতে সহস্রার পর্য্যন্ত স্থানে বিস্তৃত। মূলে বক্ষোজভারান্বিতে আর অনুবাদে স্তনভারবিনম্রে আছে, এখন জিজ্ঞাস্য হইতে পারে, স্তবের মধ্যে এই বিশেষণ কি জন্য? ইহার উত্তর এই যে, ত্রিজগজ্জননীর সকল সন্তানের পানোপযোগী স্তন্য সেই স্তনযুগলে আছে, এই মাতৃভাবটা মনে আনিবার জন্যই স্তনভারের কথা এই স্থানে এবং অন্যত্রও আছে ॥ ২ ॥

কোটীরাঙ্গদ-রত্ন-কুণ্ডলধরে কোদণ্ড-বাণাঞ্চিতে
কোকাকার-কুচদ্বয়োপরি-লসৎ-প্রালম্ব-হারাঞ্চিতে।
শিঞ্জন্নূপুর-পাদ-সারস মণি-শ্রী-পাদুকালঙ্কৃতে
মদ্দারিদ্র্য-ভুজঙ্গ-গারুড়-খগে মাং পাহি মীনাম্বিকে ॥ ৩ ॥

**অনুবাদ** ।—হে কিরীট-কেয়ূর-রত্ন-কুণ্ডলভূষণে, ধনুর্ব্বাণ-ধারিণি, তোমার চক্রবাক-যুগলাকৃতি স্তন-যুগলের উপর 'প্রালম্ব' (কণ্ঠদেশ হইতে সরলভাবে লম্বিত) হার শোভা পাইতেছে, নূপুর-ধ্বনি-যুক্ত-চরণকমল-বিন্যস্ত মণিময় শ্রীপাদুকার দ্বারা তুমি অলঙ্কৃতা এবং আমার দারিদ্র্য-ভুজঙ্গ-বিনাশে তুমি গরুড়-বংশজাতা পক্ষিণী সদৃশী, (তাই) হে মীনাম্বিকে, আমাকে রক্ষা কর ॥ ৩ ॥

ব্রহ্মেশাচ্যুত-গীয়মান-চরিতে প্রেতাসনান্তস্থিতে
পাশোদঙ্কুশ-চাপ-বাণ-কলিতে বালেন্দু-চূড়াঞ্চিতে।
বালে বাল-কুরঙ্গ-লোল-নয়নে বালার্ককোট্যুজ্জ্বলে
মুদ্রারাধিত-দেবতে* মুনি-নুতে † মাং পাহি মীনাম্বিকে ॥৪॥

**অনুবাদ** ।—(জননি!) ব্রহ্মা, শিব এবং বিষ্ণু তোমার চরিতাবলী গান করিয়া থাকেন, তুমি শবাসনে আসীনা, পাশ, উর্দ্ধীকৃত অঙ্কুশ, ধনুঃ ও বাণ, তোমার হস্তে বর্ত্তমান, নবীন শশিখণ্ড তোমার শিরোভাগে শোভমান, হে বালে, তোমার নয়ন কুরঙ্গ-শাবকনয়নবৎ চঞ্চল, উদীয়মান কোটি দিবাকরের ন্যায় তোমার উজ্জ্বল জ্যোতিঃ আর তুমি মুদ্রা দ্বারা আরাধিতা দেবতা; হে মুনিগণস্তুতে মীনাম্বিকে, আমাকে রক্ষা কর ॥ ৪ ॥

**বিশেষ কথা** ।—ত্রিপুরার ভেদত্রয় তন্ত্রশাস্ত্রে আছে;—বালা, ভৈরবী ও সুন্দরী। এই স্তুতি-পদ্যে তাঁহাকে 'বালা' নামে সম্বোধন করা হইয়াছে। মুনিস্নুতে পাঠ হইলে তাহার অর্থ—হে কাত্যায়নি, অপর লীলায় কাত্যমুনির কন্যারূপে পরিচিতা কাত্যায়নী—আদ্যাশক্তি মীনাক্ষী ॥ ৪ ॥

* দৈবতে—পাঠান্তর। † মুনি-স্নুতে—পাঠান্তর।

গন্ধর্ব্বামর-যক্ষ-পন্নগ-নুতে গঙ্গাধরালিঙ্গিতে
গায়ত্রী গরুড়াসনে কমলজে সুশ্যামলে সুস্থিতে।
খাতীতে খলদারু-পাবকশিখে খদ্যোতকোট্যুজ্জ্বলে
মন্ত্রারাধিত-দেবতে মুনিনুতে মাং পাহি মীনাম্বিকে ॥৫॥

**অনুবাদ**।—দেব, গন্ধর্ব্ব, যক্ষ, পন্নগ তোমাকে স্তব করিয়া থাকে, তুমি গঙ্গাধরের আলিঙ্গনে অবস্থিতা অর্থাৎ রুদ্রাণী, তুমিই গায়ত্রী অর্থাৎ ব্রহ্মাণী, তুমিই গরুড়াসনা ক্ষীরোদসম্ভবা অর্থাৎ বৈষ্ণবী, তুমিই সুস্থিতা শ্যামা, তুমি ইন্দ্রিয়ের অতীতা ( বা গগনমণ্ডলের অতীতা ), তুমিই খলস্বরূপ দারুচয়ের পক্ষে বহ্নিশিখা-স্বরূপা, কোটিখদ্যোতবৎ সমুজ্জ্বলা ও মন্ত্র সহযোগে আরাধিতা দেবতা; হে মুনিগণ-স্তুতে মীনাম্বিকে, আমাকে রক্ষা কর ॥ ৫ ॥

নাদে নারদ-তুম্বুরাদ্যবিনুতে নাদান্তনাদাত্মিকে
নিত্যে নীললতাত্মিকে নিরুপমে নীবারশূকোপমে।
কান্তে কামকলে কদম্ব-নিলয়ে কামেশ্বরাঙ্ক-স্থিতে
মদ্‌বিদ্যে মদভীষ্ট-কল্প-লতিকে মাং পাহি মীনাম্বিকে ॥ ৬ ॥

**অনুবাদ**।—হে নিত্যে! নারদ, তুম্বুরু প্রভৃতি ( নাদজ্ঞগণ ) নাদমধ্যে তোমাকে স্তব করিয়া থাকেন, তুমি নাদান্ত অর্থাৎ বিন্দু এবং নাদস্বরূপা, হে নীললতারূপিণি! অর্থাৎ তারারূপিণি! তোমার উপমা নাই, তুমি নীবার-শূকের ন্যায় সূক্ষ্মা, তুমি কমনীয়া কামকলা ( কামশক্তি রতিদেবী ), কদম্ববনে তোমার আলয়, তুমি কামেশ্বর শিব-অঙ্কে অবস্থিত, তুমি আমার বিদ্যা এবং আমার অভীষ্ট-দানে কল্পলতা, ( তাই প্রার্থনা ) হে মীনাম্বিকে, আমাকে রক্ষা কর ॥ ৬ ॥

**বিশেষ কথা**।—নাদ ধ্বনিবিশেষ, স্বর, রাগ এবং সঙ্গীত নাদ ব্যতীত হইতেই পারে না। সঙ্গীতদামোদরে উক্ত আছে—"আকাশাগ্নিমরুজ্জাতো নাভেরূর্দ্ধং সমুচ্চরন্। মুখেঽভিব্যক্তিমায়াতি যঃ স নাদ ইতীরিতঃ॥ ন নাদেন বিনা গীতং ন নাদেন বিনা স্বরঃ। ন নাদেন বিনা রাগস্তস্মান্নাদাত্মকং জগৎ॥" অর্থাৎ শরীরাভ্যন্তরস্থ আকাশ, অগ্নি ও বায়ুযোগে এই নাদ উৎপন্ন, নাভি হইতে ইহার আরম্ভ, মুখে অভিব্যক্ত, এইরূপ ধ্বনিই নাদনামে অভিহিত। নাদ ব্যতীত গীত, স্বর ও রাগ হয় না. অতএব জগৎ নাদময়।

দেবর্ষি নারদ ও তুম্বুরু-গন্ধর্ব্ব প্রভৃতি সঙ্গীতগুরুগণ নাদের সাধক। এই নাদ

বহু বীজমন্ত্রের উপান্ত্য অবয়বরূপে কথিত, ইহার চিহ্ন অর্দ্ধচন্দ্র, ইহার পরই বিন্দু যোজিত হয়। সগুণ ব্রহ্ম হইতে শক্তি, শক্তি হইতে নাদ, নাদ হইতে বিন্দুর উৎপত্তি, ইহা তন্ত্রশাস্ত্রে কথিত, এই নাদ অনুচ্চার্য্য বর্ণ, বিন্দুযোগে অনুস্বারবৎ উচ্চারণীয়।

জগৎ দ্বিবিধ ;—ক্ষুদ্র ও বৃহৎ। ক্ষুদ্র জগৎ মানব-দেহ। ক্ষুদ্র জগতে নাদের উদ্ভব এবং তাহার স্বরূপ ও মহিমা সঙ্গীতদামোদরে কথিত। বৃহৎ জগৎ এই বিশ্বব্রহ্মাণ্ড ঃ ইহার মূলে যে নাদের সম্বন্ধ আছে, তাহা তন্ত্রশাস্ত্রে কথিত আছে :—

"সচ্চিদানন্দবিভবাৎ সকলাৎ পরমেশ্বরাৎ।
আসীচ্ছক্তিস্ততো নাদস্ততো বিন্দুসমুদ্ভবঃ॥"

ব্রহ্ম হইতে শক্তি, শক্তি হইতে নাদ, নাদ হইতে বিন্দু। এই বিন্দু হইতে বর্ণক্রমে জগৎসৃষ্টি কথিত হইয়াছে। জগৎ যে নাদসম্ভূত, তাহা বেদসম্মত। ব্রহ্মসূত্র দেবতাধিকরণ ১।৩।২৮ শারীরক ভাষ্যে এ বিষয়ের সিদ্ধান্ত আছে। সেই নাদ ও বিন্দু বীজমন্ত্রে অভিব্যক্ত, নাদ অনুচ্চার্য্য, বিন্দুযোগে অনুস্বারবৎ উচ্চার্য্য। শক্তিসম্ভূত প্রথম নাদ ও নাদপরবর্ত্তী প্রথম বিন্দুর যোগে মন্ত্রসকল দেবভাব প্রাপ্ত হয়েন, দেবী মীনাক্ষী সেই নাদবিন্দুস্বরূপা ॥ ৬ ॥

বীণা-নাদ-নিমীলিতার্দ্ধ-নয়নে বিস্রস্ত-চূলী-ভরে
তাম্বূলারুণ-পল্লবাধর-যুতে তাড়ঙ্ক-* হারান্বিতে।
শ্যামে চন্দ্র-কলাবতংস-কলিতে কস্তূরিকা-ফালিতে
পূর্ণে পূর্ণ-কলাভিরাম-বদনে মাং পাহি মীনাম্বিকে ॥ ৭ ॥

**অনুবাদ**।—হে শ্যামে! বীণানাদ-শ্রবণসুখে তোমার অর্দ্ধনয়ন নিমীলিত, কেশপাশ বিস্রস্ত, তোমার অধরপল্লব তাম্বূলরাগে রঞ্জিত, (কর্ণে) তাড়ঙ্ক, (কণ্ঠে) হার, শিরোদেশে চন্দ্রকলা, ললাটে মৃগনাভি-তিলক ; হে পূর্ণচন্দ্রবদনে! পূর্ণে! মীনাম্বিকে! আমাকে রক্ষা কর ॥ ৭ ॥

**বিশেষ কথা**।—ত্রিপুরসুন্দরীর মূলবর্ণ উদীয়মান সূর্য্যসদৃশ, লীলামূর্ত্তির বর্ণ বিবিধ, শ্যামবর্ণ অন্যতম, তাই 'শ্যামে' সম্বোধন। তাড়ঙ্ক কর্ণভূষণ এখন নারীমণ্ডলীতে প্রচলিত নাই ; ইহার নাম "কাণ-তড়্কা", প্রতিমার সাজে এই অলঙ্কার এখনও ব্যবহৃত হয় ॥ ৭ ॥

* "তাটঙ্ক" পাঠ মুদ্রিত পুস্তকে দৃষ্ট হয়।

শব্দব্রহ্মময়ী চরাচরময়ী জ্যোতির্ম্ময়ী বাঙ্ময়ী
নিত্যানন্দময়ী নিরঞ্জনময়ী তত্ত্বংময়ী চিন্ময়ী।
তত্ত্বাতীতময়ী পরাৎপরময়ী মায়াময়ী শ্রীময়ী
সর্ব্বৈশ্বর্য্যময়ী সদাশিবময়ী মাং পাহি মীনাম্বিকে ॥ ৮ ॥

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দ-
ভগবৎপূজ্যপাদশিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
মীনাক্ষীস্তোত্রং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—মাতঃ মীনাক্ষি! তুমি শব্দব্রহ্মময়ী-স্থাবর ও জঙ্গম যাহা কিছু, সে সমস্তই তোমা হইতে অতিরিক্ত নহে, তুমি জ্যোতির্ম্ময়ী, তুমি বাঙ্ময়ী, তুমি নিরঞ্জন, নিত্যানন্দ, "তত্ত্বং"-পদার্থ, তুমিই চিন্ময়ী, চতুর্ব্বিংশতি তত্ত্বের অতীত তত্ত্বও তুমি, তুমিই মায়াময়ী এবং শ্রীময়ী, তুমিই সর্ব্বৈশ্বর্য্যরূপা ও সদাশিবস্বরূপা (অতএব বিত্তাদি সর্ব্ববিষয় রক্ষা করিবার শক্তি তোমারই আছে, তাই প্রার্থনা করিতেছি) আমাকে রক্ষা কর।

**বিশেষ কথা।**—মূলে "তুমি" কথা নাই, কিন্তু অর্থে তাহার যোজনা আবশ্যক; সংস্কৃতে একবার "ত্বং" অধ্যাহারেই তাহা সম্পন্ন হয়, কিন্তু অনুবাদে তাহাতে দুরূহতা হইবে মনে করিয়া বহুবার "তুমি" শব্দ ব্যবহার করিতে হইয়াছে। মূলের "ময়ী" অনেক, তাহার ভাবার্থ গ্রহণ করিয়া অনুবাদে কিছু কমাইয়াছি ॥৮॥

ইতি মীনাক্ষী-স্তোত্র সম্পূর্ণ।

# ভ্রমরাম্বাষ্টক-স্তোত্রম্।

চাঞ্চল্যারুণ-লোচনাঞ্চিত-কৃপা-চন্দ্রার্দ্ধ-* চূড়ামণিং
চারুস্মের-মুখাং চরাচরজগৎ-সংরক্ষণীং তৎপদাম্।
চঞ্চচ্চম্পক-নাসিকাগ্র-বিলসন্মুক্তামণী-রঞ্জিতাং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ১ ॥

**অনুবাদ।**—যাঁহার আরক্ত নয়নে চঞ্চলতা দ্বারা কৃপা অভিব্যক্ত, অর্দ্ধচন্দ্র যাঁহার চূড়ামণি, দোদুল্যমান চম্পকাকৃতি স্বর্ণভূষণভূষিত নাসিকার অগ্রভাগ দিব্যমুক্তা-বিরাজিত হইয়া যাঁহার প্রীতিবর্দ্ধন করিতেছে, সেই স্মের-চারু-বদনা, চরাচরজগৎ-পালিনী, তৎপদপ্রতিপাদ্যা অর্থাৎ ঈশ্বরস্বরূপা শ্রীশৈলবাসিনী ভগবতী শ্রীমাতাকে ভাবনা করি ॥ ১ ॥

কস্তূরী-তিলকাঞ্চিতেন্দু-বিলসৎ-প্রোদ্-ভাস-ভাল-স্থলীং
কর্পূর-দ্রব-মিশ্র-চূর্ণ-খদিরামোদোল্লসদ্-বীটিকাম্।
লোলাপাঙ্গ-তরঙ্গিতৈরধিকৃপা-সারৈর্নতানন্দিনীং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ২ ॥

**অনুবাদ।**—যাঁহার কস্তূরীতিলকযোগে শোভমান শশিকলা-সমুদ্ভাসিত স্বভাবসুন্দর ললাট, মুখে কর্পূরদ্রবসংযুক্ত স-চূর্ণ খদির-সুরভি তাম্বূল, করুণা-পূরিত অচল অপাঙ্গভঙ্গী দ্বারা প্রণত জনগণের আনন্দবিধায়িনী সেই শ্রীশৈলবাসিনী ভগবতী মাতাকে ভাবনা করি ॥ ২ ॥

রাজন্মত্ত-মরাল মন্দগমনাং রাজীব-পত্রেক্ষণাং
রাজীব-প্রভবাদি দেব-মুকুটৈরজ্যৎ- † পদাম্ভোরুহাম্।
রাজীবায়তমণ্ড- ‡ মণ্ডিত-কুচাং রাজাধিরাজেশ্বরীং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ৩ ॥

**অনুবাদ।**—যাঁহার সুঠাম ধীরগমন মত্তমরালগমনতুল্য, নয়ন পদ্মপলাশ-সদৃশ, পাদপদ্ম পদ্মযোনিপ্রমুখ দেবতাগণের মুকুটনিচয়ে রঞ্জিত এবং স্তনযুগল

---

* 'কৃপা-চন্দ্রার্ক' পাঠ মুদ্রিত পুস্তকে আছে।
† 'রাজৎ' পাঠ মুদ্রিত পুস্তকে আছে।
‡ রাজীবায়তমন্দ ইতি পাঠান্তর।

প্রফুল্লকমলবৎ আয়ত ও ময়ূরপুচ্ছে ভূষিত, সেই শ্রীশৈলস্থলবাসিনী শ্রীমাতা ভগবতী রাজরাজেশ্বরীকে ভাবনা করি ॥ ৩ ॥

ষট্-তারাং গণ-দীপিকাং শিব-সতীং ষড়্-বৈরি-বর্গাপহাং,
ষট্চক্রান্তর-সংস্থিতাং বরসুধাং ষড়্-যোগিনী-বেষ্টিতাম্।
ষট্-চক্রাঞ্চিত-পাদুকাঞ্চিত-পদাং ষড়্-ভাবগাং ষোড়শীং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ৪ ॥

**অনুবাদ**।—যিনি ষট্তারা ও গণদীপিকা নামে কথিত, যিনি মহাদেবের সহধর্ম্মিণী, যিনি কামাদি ষড়্রিপুকে সংহার করেন, (জীবশরীরস্থিত) ষট্চক্রাভ্যন্তরে যাঁহার অধিষ্ঠান, যিনি পরমামৃতরূপিণী, (ডাকিনী, রাকিণী, লাকিনী, সাকিনী, শাকিনী, ও হাকিনী) এই ছয়টি যোগিনী যাঁহাকে পরিবেষ্টন করিয়া রহিয়াছে, (ষোড়শদল চক্র, অষ্টদল চক্র, চতুর্দ্দশার চক্র, বহির্দ্দশার চক্র, অন্তর্দ্দশার চক্র এবং অষ্টার চক্র) এই ষট্চক্রস্থিত পাদুকাতে যাঁহার পদদ্বয় বিদ্যমান, যিনি ষড়্ভাবের (জন্ম, বিদ্যমানতা, বৃদ্ধি, হ্রাস, পরিবর্ত্তন ও ধ্বংস এই ছয় অবস্থায়) অধিষ্ঠাত্রী, এবং যিনি ষোড়শীরূপা, সেই শ্রীশৈলবাসিনী ভগবতী শ্রীমাতাকে আমি ভাবনা করি ॥ ৪ ॥

**বিশেষ কথা**।—ষট্তারা—ছয়টি তার অর্থাৎ প্রণব যাঁহার মন্ত্রমূর্ত্তিতে বিদ্যমান, তিনি ষট্তারা। তন্ত্রশাস্ত্রে এ বিষয়ে প্রমাণ, যথা—

শ্রীপরা বাগ্ভবাদ্যৈশ্চ ঈশ্বরী তারমন্মথৈঃ।
আদ্যভূতৈর্ভিদ্যমানা সুন্দরী ষড়্বিধা ভবেৎ ॥

ত্রিপুরসুন্দরীর বীজমন্ত্রপূর্ণ এই তান্ত্রিক বচনের ব্যাখ্যা করিব না, কেবল 'ষট্' আর 'তার' এই দুইটি পদের প্রতি দৃষ্টি আকর্ষণ করিবার জন্য প্রমাণ উদ্ধৃত হইল।

**গণদীপিকা**।—গণ এবং কূট একার্থক শব্দ; ত্রিপুরসুন্দরীমন্ত্র ত্রিকূট, 'দীপনী' বিদ্যা প্রত্যেক কূটেরই আছে। মন্ত্রসমূহের দীপ্তি সম্পাদন করেন বলিয়া এই বিদ্যার নাম 'দীপনী,' মন্ত্রের বীর্য্যই দীপ্তি। তন্ত্রশাস্ত্রে কথিত হইয়াছে;—

'এষা তু দীপনী বিদ্যা অজপা প্রাণরূপিণী

* * * *

দীপনেনৈব যুক্তাঃ সর্ব্বে মন্ত্রা বীর্য্যবন্তো ভবন্তি।' ত্রিকূটমন্ত্রের পূর্ব্বে উচ্চারণীয় পঞ্চাক্ষর প্রভৃতি মন্ত্র দীপনী বিদ্যা। মন্ত্রগণের দীপ্তিবিধায়িনী বলিয়া দীপনীই গণদীপিকা নামে গৃহীত হইয়াছে।

ভগবান্ শঙ্করাচার্য্য যে সকল মঠ স্থাপন করেন, তৎসমুদায়ের বৈশিষ্ট্য—চন্দ্র-মৌলীশ্বর শিব এবং শ্রীচক্র। শ্রীচক্রে ত্রিপুরসুন্দরীর পূজা হয়। ললিতা-পঞ্চরত্ন, সারদা-ভুজঙ্গপ্রয়াত-স্তোত্র, ভ্রমরাম্বাষ্টক, মীনাক্ষী-স্তোত্র, মীনাক্ষী-পঞ্চরত্ন সমস্তই ত্রিপুরসুন্দরীর স্তব; এতদ্ভিন্ন 'আনন্দলহরী' এতদ্বিষয়ে সর্ব্বপ্রধান স্তব। ত্রিপুরসুন্দরী,—শ্রীবিদ্যা, রাজরাজেশ্বরী, ষোড়শী ইত্যাদি নামে প্রসিদ্ধ। আর একটি নাম বাঙ্গালায় বর্ত্তমানে প্রসিদ্ধ না হইলেও শাস্ত্রপ্রসিদ্ধ। সেই নামটি হইতেছে—'ললিতা'। ললিতা-ত্রিশতী-ভাষ্য ভগবান্ আচার্য্যেরই রচিত। প্রথমোক্ত পাঁচখানি ক্ষুদ্র স্তোত্র-গ্রন্থে সেই ভাষ্যোক্ত বিবরণের সংক্ষিপ্ত সংগ্রহ, ধ্যান, মন্ত্ররহস্য ও চক্রের সূচনা আছে। সেই সূচনা বা সূত্রের যে ব্যাখ্যা হইতে পারে, তাহার স্পষ্ট আভাস আনন্দলহরী বা সৌন্দর্য্যলহরীমূলে আছে।

জীবের যে ষড়্ভাব বা ছয় অবস্থা—জন্ম, বিদ্যমানতা প্রভৃতি, তাহা শক্তির অধিষ্ঠানেই সামর্থ্যযুক্ত, চেতন জীবকে সেই অচেতন অবস্থা যেন অধীন করিয়া রাখে, ইহা কি কম সামর্থ্যের কথা। ৪।

'ষট্-চক্রান্তর-সংস্থিতাং' মূল পদ্যের দ্বিতীয়পাদস্থ বাক্যের অনুবাদ—'(জীব-শরীরস্থিত) ষট্চক্রাভ্যন্তরে যাহার অধিষ্ঠান' এই ষট্চক্রের নাম মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপূরক, অনাহত, বিশুদ্ধ ও আজ্ঞা। শরীরাভ্যন্তরে বায়ুগ্রন্থি এবং বায়ুর উৎপত্তিস্থিতিস্থান আছে, নির্গম ও প্রবেশের জন্য বিভিন্ন নাড়ী আছে, উৎপত্তিস্থান গুহ্যদেশস্থ মূলাধার, তাহার পর ক্রমে লিঙ্গমূল, নাভিমণ্ডল, হৃদয়, কণ্ঠ এবং ভ্রূমধ্য,—স্বাধিষ্ঠান প্রভৃতি পাঁচটি চক্রের স্থান; চক্রসমূহ বায়ুগ্রন্থি বা বায়ুর আবর্ত্ত, বায়ুর মধ্যেই সূক্ষ্ম তেজ থাকায় শাস্ত্রে ঐ সকল চক্রের বর্ণ-নির্দ্দেশ আছে। আদ্যাশক্তি ঐ সকল চক্রে আছেন, কারণ, জগতে যে কিছু শক্তি দেখা যায়, তাহার মূলপ্রস্রবণ আদ্যাশক্তি। বায়ু যে আবর্ত্ত-কৃত-সন্নিবেশ-বলে দেহকে জীবিত রাখিয়াছে, সেই বল বা শক্তির মূল শক্তি সেখানে আছেন, তিনিই মাতা আদ্যাশক্তি। এই সূক্ষ্মতত্ত্বের স্থূল বিবৃতি আনন্দলহরী ৯ শ্লোকের পাদটীকায় দ্রষ্টব্য। এই পদ্যের ৩য় পাদে আর একটি ষট্চক্র শব্দ আছে, অনুবাদে বেষ্টনীমধ্যে তাহার উল্লেখ আছে, সেগুলি কি এবং কোথায়, তাহা এই স্থানে বলিতেছি:—শ্রীচক্রের উল্লেখ স্তবমধ্যে অনেক স্থানে আছে, সেই শ্রীচক্র বহিঃপূজার যন্ত্র, তাহার অঙ্কনপ্রণালী আনন্দ-লহরীতে সংক্ষেপে উপদিষ্ট হইয়াছে, এখানেও তাহাই নামমাত্রে জ্ঞাপিত। সেই যন্ত্রে বাহিরে ষোড়শদল-পদ্ম আর অভ্যন্তরে অষ্টদলপদ্ম ও মধ্যে ঊর্দ্ধ ও অধোমুখ ৯টি ত্রিকোণ রেখায়

৪৩টি কোণ হইয়া থাকে, তন্মধ্যে মধ্যস্থ কোণ বাদ দিয়া অপর ৪২ কোণই চতুর্দ্দশার চক্র ইত্যাদিরূপে সংগৃহীত;—মধ্য কোণ ও বিন্দু, মহাশক্তির স্থান, অন্য ৪২ স্থানে তাঁহার পাত্রকাশক্তি। আনন্দলহরী ১১শ শ্লোকের তাৎপর্য্য দ্রষ্টব্য। ৪।

শ্রীনাথাদৃত-পালিত-ত্রিভুবনাং শ্রীচক্রসঞ্চারিণীং
জ্ঞানাসক্ত-মনোজ-যৌবন-লসদ্-গন্ধর্ব্বকন্যার্চ্চিতাম্। *
দীনানামতিবেল-ভাগ্য-জননীং দিব্যাম্বরালঙ্কৃতাং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ৫ ॥

**অনুবাদ।**—শ্রীশব্দযোগে 'নাথ'সমূহস্বরূপ স্থানে যিনি আদৃতা, (সংহারপ্রাপ্ত) ত্রিভুবনকে যিনি (মুক্তিপ্রদান করিয়া) পালন করেন, শ্রীচক্রে যাঁহার সঞ্চার, জ্ঞান-রত কামদেব এবং যুবতী গন্ধর্ব্বকন্যাগণ যাঁহার অর্চ্চনা করেন, যিনি দরিদ্রগণেরও অত্যন্ত সৌভাগ্য-সম্পাদন করেন, দিব্য-বসনভূষণ-সজ্জিতা সেই শ্রীশৈলস্থলবাসিনী ভগবতী শ্রীমাতাকে ভাবনা করি ॥ ৫ ॥

**বিশেষ কথা।**—ত্রিপুরসুন্দরীর আন্তরপীঠন্যাসে চারিটি পীঠের পারিভাষিক নাম,—কামগিরি, জালন্ধর, পূর্ণগিরি এবং উড্ডীয়ানপীঠ। এই চারিটি পীঠই চারি নাথস্বরূপ—মিত্রীশনাথ, ষষ্ঠীশনাথ, উড্ডীশনাথ, শ্রীচর্য্যানাথ। নাথস্বরূপ এই পীঠচতুষ্টয়ে 'শ্রী' শব্দযোগে পাদুকা-নমস্কার-বাক্য উচ্চারণ ও স্মরণ করিতে হয়, ইহাই আদর। যথা—কামগির্য্যালয়ে মিত্রীশনাথাত্মকে কামেশ্বরী-রুদ্রাত্মশক্তি-শ্রীপাদুকায়ৈ নমঃ ইত্যাদি। এই পীঠন্যাসপ্রসঙ্গ 'শ্রী' 'নাথ' ও 'আদৃত' এই তিনটি পদ দ্বারা সংক্ষেপে উপদিষ্ট। নাথ শব্দ দ্বারা নাথচতুষ্টয়স্বরূপ পীঠচতুষ্টয়, শ্রী শব্দ দ্বারা শ্রীপাদুকা ও আদৃত শব্দ দ্বারা তাঁহার প্রতি নমস্কার জ্ঞাপিত হইয়াছে। ('শ্রী' ইত্যাকারক-শব্দঃ, তেন করণেন নাথেষু নাথাত্মকেষু আদৃতা সৎকৃতা,—শ্রীশব্দমুচ্চার্য্য পাদুকাশব্দোপাদানাৎ সৎকারবিশেষসূচনং, তথা নম ইত্যনেনাপি। উত্তরপদেন কর্ম্মধারয়সমাসাৎ, আদৃতেত্যত্র পুংবদ্ভাবঃ ইতি সংস্কৃতটীকা)

**পালিত-ত্রিভুবনা।**—ইহার অনুবাদ—ভুবনকে যিনি পালন করেন, কিন্তু বেষ্টনীচিহ্নমধ্যে 'সংহারপ্রাপ্ত' ও 'মুক্তিপ্রদান করিয়া' এই দুইটি শব্দ যোজিত হইয়াছে। ঐরূপ স্থলেই 'পালনই' প্রকৃত পালন, কোন মৃত্যুমুখ-প্রবিষ্ট মূর্চ্ছাপন্ন

* 'কন্যাদৃতাম্' পাঠান্তর।

কঙ্কালসার অনাথশিশুকে যদি প্রকৃতিস্থ করিয়া তাহার পোষণ করা যায়, তাহাই শ্রেষ্ঠ পালন,—প্রমাণে এইরূপ পালনের কথাই আছে, তাই সংক্ষিপ্ত স্তোত্রের বাক্যানুবাদে মর্ম্মকথা প্রকাশের জন্য ঐ পদদ্বয়ের যোজনা করা হইয়াছে। প্রমাণ এই—

"লয়ে ত্রিলোক্যামপি পূরণত্বাৎ
প্রায়োঽম্বিকায়াস্ত্রিপুরেতি নাম।" প্রপঞ্চসার। (তন্ত্রসার)

প্রলয় হইলেও ত্রিলোকীর পূরণ যিনি করেন, প্রলয়ে যাহা ধ্বংসপ্রাপ্ত, তাহার যোজনা এবং তৎপরে পোষণ, ইহাই প্রকৃত পূরণ। ত্রি + (ত্রিভুবন) পুরা (পূরণকর্ত্রী)

কামদেব ইঁহার মন্ত্রসাধনা করিয়া সর্ব্বাঙ্গসুন্দর হয়েন। সাধনা জ্ঞান ব্যতীত হয় না, তাই 'জ্ঞানাসক্ত মনোজ' মূলে আছে। প্রমাণ—

"এতামুপাস্য দেবেশি কামঃ সর্ব্বাঙ্গসুন্দরঃ।"
তন্ত্রসারধৃত জ্ঞানার্ণব।

গন্ধর্ব্বকন্যাগণ দেবীর সাধনপ্রভাবে যোগিনী হইয়াছেন। এই যোগিনী-পূজা শ্রীবিদ্যাপূজাপদ্ধতিতে উল্লিখিত আছে।

শ্রীচক্রদেবীকে পূজা যিনি করিবেন, তিনি অচিরে সৌভাগ্য ও অণিমাদি অষ্ট-সিদ্ধির আধিপত্য লাভ করেন। যথা:—

"চক্রেঽস্মিন্ পূজয়েদ্ যো হি স সৌভাগ্যমবাপ্নুয়াৎ।
অণিমাদ্যষ্টসিদ্ধীনামধিপো জায়তেঽচিরাৎ॥"
তন্ত্রসারধৃত স্বচ্ছন্দভৈরববচন॥ ৫॥

**লাবণ্যাধিক-ভূষিতাঙ্গ-লতিকাং লাক্ষা-লসদ্রাগিণীং
সেবায়াত-সমস্ত-দেব-বনিতা-সীমন্ত-ভূষান্বিতাম্।
ভাবোল্লাসবশীকৃতপ্রিয়তমাং ভণ্ডাসুরচ্ছেদিনীং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে॥ ৬॥**

**অনুবাদ:**—যাঁহার অঙ্গলতিকা অসামান্য লাবণ্যে বিমণ্ডিত, সেবার্থ সমাগত সমস্ত দেববনিতাগণের সীমন্তভূষণে রঞ্জিত হওয়াতে যাঁহার চরণস্থ লাক্ষারাগ অধিকতর উজ্জ্বল, ভাবাবেশে প্রিয়তম মহাদেবকে যিনি একান্ত বশীভূত করিয়াছেন, সেই ভণ্ডাসুরবিমর্দ্দিনী শ্রীশৈলস্থলবাসিনী ভগবতী শ্রীমাতাকে ভাবনা করি॥ ৬॥

ধন্যাং সোম-বিভাবনীয়-চরিতাং ধারাধর-শ্যামলাং
মুন্যারাধন-মেধিনীং সুযুবতীং মুক্তি-প্রদান-ব্রতাম্।
কন্যা-পূজন-সুপ্রসন্ন-হৃদয়াং কাঞ্চী-লসন্মধ্যমাং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ৭ ॥

**অনুবাদ**।—যিনি ধন্যা, যাঁহার চরিত্র সোম-বিভাবনীয়, যিনি মেঘসদৃশ শ্যামকান্তি, মুনিগণের আরাধনা-সামর্থ্যের বৃদ্ধিদায়িনী, পূর্ণযুবতী ও মুক্তিদান-পরায়ণা ; কুমারী পূজা করিলে যাঁহার হৃদয় প্রসন্ন হয়, যাঁহার মধ্যভাগ কাঞ্চী-ভূষণশোভিত, সেই শ্রীশৈল-স্থল-বাসিনী ভগবতী শ্রীমাতাকে ভাবনা করি ॥ ৭ ॥

**বিশেষ কথা**।—ধন্যা শ্লাঘ্যা, সকলেই যাঁহার উৎকর্ষ খ্যাপন করে, তিনিই শ্লাঘ্য। 'সোমবিভাবনীয়' কথাটির নানা অর্থ (১) সোম চন্দ্র, চন্দ্রবৎ নির্ম্মল, (২) চন্দ্রের ধ্যেয়, (৩) সোমস্থানে অর্থাৎ ইড়া নাড়ীতে যাঁহার ধ্যান করিতে হয়, ইড়া নাড়ী শক্তিরূপা, (৪) সোমযাগে যাঁহার ভাবনা করিতে হয়, (৫) সোম উমাসহচর শিব যে আদ্যাশক্তির চরিত্র ধ্যান করিয়া থাকেন। মূলের 'ধারাধরশ্যামলা' আর অনুবাদের মেঘবৎ শ্যামকান্তি ত্রিপুরসুন্দরীর স্বরূপের বর্ণ নহে, কিন্তু কালী প্রভৃতি মূর্ত্তিও তাঁহারই, তাই তিনি মেঘবৎ শ্যাম-কান্তি, আদ্যাশক্তি ত্রিপুরসুন্দরী ধ্যানমন্ত্রে যে বর্ণে এবং রূপে বর্ণিত হউন না, কিন্তু সেই রূপই তাঁহার একমাত্র নহে, তিনি নানারূপধারিণী, এই কারণে পরবর্ত্তী শ্লোকে তাঁহাকে 'কর্পূর-বর্ণ-স্থিতা' বলা হইয়াছে। তাঁহার সরস্বতী প্রভৃতি মূর্ত্তি কর্পূরবৎ শুভ্র। তবে ঐ পদের আর একটি ব্যাখ্যাও হইতে পারে, কর্পূরবর্ণ সদাশিব তদুপরিস্থিতা বলিয়া তাঁহাকে 'কর্পূর-বর্ণ-স্থিতা' বলা হইয়াছে। তবে এই অর্থটি কষ্টকল্পিত। সুযুবতী পূর্ণযুবতী,—অনাদি সৃষ্টিপ্রবাহে মাতা হইয়াও—বহুকাল-স্থায়িনী হইয়াও—কালধর্ম্ম জরা তাঁহার নিকট আসিতে পারে না, এইরূপ কাল-বিজয়শক্তি এই বিশেষণ দ্বারা জ্ঞাপিত। ত্রিপুরসুন্দরীধ্যানে, অনর্ঘরত্নঘটিত কাঞ্চী-যুক্তনিতম্বিনীং থাকাতে এ স্থানেও 'কাঞ্চীলসন্মধ্যমা' বিশেষণ প্রদত্ত হইয়াছে ॥ ৭ ॥

কর্পূরাগুরু-কুঙ্কুমাঞ্চিত-কুচাং কর্পূর-বর্ণ-স্থিতাং,
কৃষ্টোৎকৃষ্ট-সুকৃষ্ট-কর্ম্ম-দহনাং কামেশ্বরীং কামিনীম্।
কামাক্ষীং করুণা-রসার্দ্র-হৃদয়াং কল্পান্তর স্থায়িনীং,
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ৮ ॥

**অনুবাদ**।—যাঁহার স্তনদ্বয় কর্পূর, অগুরু ও কুঙ্কুমে লিপ্ত, যিনি

কর্পূরবর্ণস্থিতা, কৃষ্ট (বিপ্রকৃষ্ট সঞ্চিত), উৎকৃষ্ট (প্রারব্ধ) এবং সুকৃষ্ট (সন্নিহিত ক্রিয়মাণ) ত্রিবিধকর্ম্ম যাঁহার কৃপায় দগ্ধ হইয়া যায়, যিনি কামেশ্বরী এবং কামিনী-শক্তি, যিনি কামাক্ষী, যাঁহার হৃদয় করুণারসে আর্দ্র, কল্পান্তরেও যাঁহার স্থিতি অব্যাহত, সেই শ্রীশৈল-স্থল-বাসিনী ভগবতী শ্রীমাতাকে ভাবনা করি ॥ ৮ ॥

**বিশেষ কথা।**—কর্পূর, অগুরু ও কুঙ্কুম, বিহিত পূজার উপকরণ-মধ্যে বিশেষ আদরণীয়, ইহা প্রথম বাক্য দ্বারা প্রকাশিত। কর্পূরবর্ণস্থিতা অর্থাৎ শুভ্রবর্ণ আশ্রয় করিয়া যিনি অবস্থিতা, অর্থাৎ শুভ্রবর্ণা। প্রারব্ধ কর্ম্মের দাহ অর্থাৎ নাশ জগদম্বার আরাধনা দ্বারা হয়, ইহা কেহ কেহ বলেন। কেহ কেহ বলেন, দাহ শব্দের অর্থ নাশ নহে, ব্যর্থতাবিধান। প্রারব্ধ কর্ম্ম হইতেও যে সুখ-দুঃখ, তাহা জগদম্বার কৃপা হইলে মানুষকে বিচলিত করিতে পারে না, ইহাই তাহার ব্যর্থতা। যে কাম লোকের চিত্তকে বিপথে পরিচালিত করে, তাহাকে সুনিয়ন্ত্রিত ও সৎপথের সহায় করিবার বিধান ত্রিপুরসুন্দরীই করিয়া দেন, এই জন্য তিনি কামেশ্বরী, কামের যে শক্তি বিশ্ববিজয়িনী, তাহার মূল তিনি, এই জন্যই তিনি কামিনী। শিবকোপানলে ভস্মীভূত কাম তাঁহারই কৃপা-কটাক্ষে পুনর্জ্জীবিত হয়, এই কারণে তিনি কামাক্ষী ॥ ৮ ॥

গায়ত্রীং গরুড়-ধ্বজাং গগনগাং গান্ধর্ব্ব-গান-প্রিয়াং
গম্ভীরাং গজগামিনীং গিরিসুতাং গন্ধাক্ষতালঙ্কৃতাম্।
গঙ্গা-গৌতম-গর্গ-সন্নুতপদাং গাং গৌতমীং গোমতীং
শ্রীশৈল-স্থল-বাসিনীং ভগবতীং শ্রীমাতরং ভাবয়ে ॥ ৯ ॥

ইতি পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শ্রীগোবিন্দ-ভগবৎ-
পূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
ভ্রমরাম্বাষ্টকস্তোত্রং সমাপ্তম্।

**অনুবাদ।**—যিনি গায়ত্রীস্বরূপা (ব্রাহ্মীশক্তি), গরুড়ধ্বজা (বৈষ্ণবী-শক্তি), যিনি শূন্যচারিণী ও গন্ধর্ব্বকৃত গানে প্রীতিমতী, যাঁহার মূর্ত্তি গম্ভীর, গতি গজেন্দ্রের ন্যায়, যিনি পর্ব্বতরাজের কন্যা (শৈবীশক্তি) ও চন্দনাক্ষতে বিমণ্ডিতা, গঙ্গা, গৌতম ও গর্গ যাঁহার চরণ বন্দনা করেন এবং যিনি বসুমতী, গোদাবরী ও গোমতীরূপিণী, আমি সেই শ্রীশৈলস্থলবাসিনী ভগবতী শ্রীমাতাকে ভাবনা করি ॥ ৯ ॥

**বিশেষ কথা।**—ভ্রমরাম্বাষ্টক নামের কারণ সুদৃঢ়রূপে নির্ণয় করা যায় না, তবে বোধ হয়, শঙ্করাচার্য্য আপনাকে বা নিজচিত্তকে ভ্রমররূপে প্রকাশ করিয়াছেন, তৎপ্রযুক্ত অম্বাষ্টক বা মাতৃ-অষ্টক স্তোত্র বলিয়া ইহা ভ্রমরাম্বাষ্টক নামে খ্যাত।

ভ্রমর যেমন মধুলুব্ধ, সংসারী জীব বা তদীয় মন সেইরূপ বিষয়রস-লুব্ধ, তাই তাহার 'ভ্রমর' আখ্যা অসঙ্গত নহে। 'ভ্রমরাম্বাষ্টক' নামটি বহু পুস্তকসম্মত। 'ভ্রমরাষ্টক' নামও আছে। বসুমতীর পূর্ব্বমুদ্রিত পুস্তকে এই স্তোত্রটি ভ্রমরাষ্টক-স্তোত্র নামে প্রকাশিত হইয়াছিল॥ ৯॥

ভ্রমরাম্বাষ্টক সমাপ্ত।

# শারদাভুজঙ্গ-প্রয়াতাষ্টক-স্তোত্র

সুবক্ষোজকুম্ভাং সুধাপূর্ণকুম্ভাং,
প্রসাদাবলম্বাং প্রপুণ্যাবলম্বাম্।
সদাস্যেন্দুবিম্বাং সদানোষ্ঠবিম্বাং,
ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্॥ ১॥

**অনুবাদ।**—যিনি রমণীয় কুচকলসদ্বয়ে বিরাজমানা, যাঁহার হস্তে সুধা-পূরিত কুম্ভ শোভা পায়, যিনি প্রসন্নভাবেই সদা অবস্থিতা, যাঁহাকে অবলম্বন করিলে পরম পুণ্যলাভ হয়, যাঁহার উত্তম মুখমণ্ডল শশাঙ্কবিম্বের ন্যায় শোভা পাইতেছে এবং যাঁহার বরদানস্ফুরিত ওষ্ঠপুট পক্কবিম্ববৎ সুদৃশ্য, আমার জননীরূপা সেই জগজ্জননী শারদাকে নিরন্তর ভজনা করি॥ ১॥

কটাক্ষে দয়ার্দ্রাং করে জ্ঞানমুদ্রাং,
কলাভির্বিনিদ্রাং কলাপৈঃ সুভদ্রাম্।
পুরস্ত্রীং বিনিদ্রাং পুরস্তুঙ্গভদ্রাং,
ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্॥ ২॥

**অনুবাদ।**—যিনি কটাক্ষে দয়ার্দ্রা, অর্থাৎ. যিনি কৃপাকটাক্ষে দর্শন করিতেছেন, যাঁহার হস্তে জ্ঞানমুদ্রা, যিনি (নিরন্তর) নৃত্যগীতাদি চতুঃষষ্টি

কলা-বিস্তায় জাগরিত ( ব্যাপৃত ) রহিয়াছেন, যিনি বিশুদ্ধ স্বর্ণালঙ্কারভূষিতা পুরস্ত্রী, যিনি আলস্তবিহীনা ও তুঙ্গভদ্রা-নাম্নী নদী যাঁহার পুরোভাগে অবস্থিতা, আমার জননীরূপিণী জগন্মাতা সেই শারদাকে আমি নিরন্তর ভজনা করি ॥ ২ ॥

ললামাঙ্ক-ফালাং * লসদ্-গান-লোলাং,

স্বভক্তৈকপালাং যশঃশ্রীকপোলাম্।

করে ত্বক্ষমালাং কনৎ-† প্রত্নলীলাং,

ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্ ॥ ৩ ॥

**অনুবাদ।**—যাঁহার ললাট কস্তূরী-তিলকে অঙ্কিত, উত্তম সঙ্গীতে যিনি আকৃষ্টা হয়েন, যিনি স্বীয় ভক্তবৃন্দের একমাত্র রক্ষাকর্ত্রী, যাঁহার ( স্বচ্ছ ) কপোল-স্থল মূর্ত্তিমতী যশঃশ্রী, যাঁহার হস্তে অক্ষমালা, যাঁহার প্রাচীন লীলাবলি সমুজ্জ্বল, আমার জননীরূপিণী জগন্মাতা সেই শারদাকে নিরন্তর ভজনা করি ॥ ৩ ॥

সুসীমন্তবেণীং দৃশা নির্জ্জিতৈণীং,

রণৎকীরবাণীং নমদ্বজ্রপাণিম্।

সুধামন্থরাস্যাং মুদা চিন্ত্যবেণীং,

ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্ ॥ ৪ ॥

**অনুবাদ।**—যাঁহার সীমন্ত-বেণী মনোরম, যাঁহার নয়নশোভায় মৃগী পরাজিত, শুক-পক্ষিকুলের মুখে যাঁহার কথা ধ্বনিত হইতেছে, বজ্রধারী দেবেন্দ্র যাঁহাকে প্রণাম করেন, যাঁহার বদন অমৃতে পরিপূর্ণ, ভক্তবৃন্দ যাঁহার বেণীকে হর্ষসহকারে ধ্যান করে, আমার জননী জগন্মাতা সেই শারদাকে নিরন্তর ভজনা করি ॥ ৪ ॥

**বিশেষ কথা।**—'মুদা চিন্ত্যবেণীং' ইহার অনুবাদে বেণী শব্দেই ব্যবহৃত হইয়াছে, দেবীর অঙ্গপ্রত্যঙ্গ-ধ্যানের বিধি থাকায় বেণীধ্যান অসঙ্গত নহে।

অথবা "অচিন্ত্য বেণীং" এইরূপ পদচ্ছেদ হইবে, বেণী শব্দের অর্থ নদীর ধারা বা প্রবাহ। যে পবিত্র প্রবাহ মানবের চিন্তার অতীত, তিনি সেই মন্দাকিনী-প্রবাহরূপা এবং আনন্দময়ী।

---

* 'ললামাঙ্কফালাং'—পাঠান্তরম্।

† 'কণৎ'—পাঠান্তর।

সুশান্তাং সুদেহাং দৃগন্তে কচান্তাং,
লসৎসল্লতাঙ্গীমনন্তামচিন্ত্যাম্।
স্মরৎ-তাপসৈঃ সঙ্গপূর্ব্বস্থিতান্তাং, *
ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্ ॥ ৫ ॥

অনুবাদ।—যিনি সুশান্ত-প্রকৃতি, যাঁহার কলেবর কমনীয়, যাঁহার নেত্রপ্রান্ত কেশান্তস্পর্শী, অলকদাম-সংলগ্ন যাঁহার সত্যস্বরূপ, অঙ্গবল্লী শোভাসম্পন্ন, যাঁহার অন্ত নাই, যিনি স্মরণপরায়ণ তাপসগণেরও অচিন্তনীয়া, সৃষ্টির পূর্ব্বেও যিনি স্বরূপে অবস্থিতা, আমার জননীরূপিণী জগন্মাতা সেই শারদাকে নিরন্তর ভজনা করি ॥ ৫ ॥

কুরঙ্গে তুরঙ্গে মৃগেন্দ্রে খগেন্দ্রে,
মরালে মদেভে মহোক্ষেঽধিরূঢ়াম্।
মহত্যাং নবম্যাং সদাসামরূপাং,
ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্ ॥ ৬ ॥

অনুবাদ।—যিনি ( বায়ুরূপে ) মৃগে, ( সূর্য্যরূপে ) অশ্বে, ( দুর্গারূপে ) সিংহে, ( বিষ্ণুরূপে ) গরুড়ে, ( ব্রহ্মারূপে ) হংসে, ( ইন্দ্ররূপে ) মত্তহস্তীতে এবং শিবরূপে মহাবৃষে আরোহণ করেন, অথচ যিনি অরূপা ( নিরাকারা ) এবং মহা-নবমীতে নিত্য আসীনা, আমার জননীরূপিণী জগন্মাতা সেই শারদাকে নিরন্তর ভজনা করি ॥ ৬ ॥

জ্বলৎকান্তিভঙ্গিং জগন্মোহনাঙ্গীং,
ভজে মানসাম্ভোজসুভ্রান্তভৃঙ্গীম্।
নিজস্তোত্রসঙ্গীতনৃত্যপ্রভাঙ্গীং,
ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্ ॥ ৭ ॥

অনুবাদ।—যাঁহার কান্তি-লহরী উজ্জ্বল, দেহযষ্টি যাঁহার বিশ্বপ্রপঞ্চকে বিমোহিত করে, যিনি মানসকমলচারিণী ভৃঙ্গরূপিণী, নিজস্তুতি, সঙ্গীত ও নৃত্য যাঁহার প্রকাশের অঙ্গ, আমার জননী বিশ্বমাতা সেই শারদাকে নিরন্তর ভজনা করি ॥ ৭ ॥

---

* সঙ্গঃ, মেলনং অসঙ্গত্বহানিঃ,—মায়াসম্বন্ধ ইতি যাবৎ তেন সৃষ্টিরুপলক্ষ্যতে। সর্গ ইতি পাঠ স্পষ্টোঽর্থঃ। ( সংস্কৃতটীকা )

ভবাম্ভোজনেত্রাজসংপূজ্যমানাং,
লসন্মন্দহাসপ্রভাবক্ত্রচিহ্নাম্ ।
চলচ্চঞ্চলাচারুতাটঙ্ককর্ণাং,
ভজে শারদাম্বামজস্রং মদম্বাম্ ॥ ৮ ॥

ইতি পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শ্রীগোবিন্দ-ভগবৎ-
পূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ
শ্রীশারদাভুজঙ্গপ্রয়াতাষ্টকং সম্পূর্ণম্ ।

**অনুবাদ** ।—মহেশ্বর, পদ্মপলাশলোচন হরি ও ব্রহ্মা যাঁহার অর্চনা করেন, যাঁহার বদনমণ্ডল মৃদু মৃদু হাস্যচ্ছটায় সদা লক্ষিত, সৌদামিনী-রমণীয় তাটঙ্ক-ভূষণ যাঁহার কর্ণে দোদুল্যমান, আমার জননীরূপা বিশ্বজননী সেই শারদাকে নিরন্তর ভজনা করি ॥ ৮ ॥

শারদাভুজঙ্গপ্রয়াতাষ্টক-স্তোত্র সমাপ্ত ।

# অম্বাষ্টকম্

চেটী-ভবন্-নিখিল-খেটী-কদম্ব-তরু-বাটীষু নাকি-পটলী-
কোটীর-চারুতর-কোটী-মণী-কিরণ-কোটী-করম্বিত-পদা ।
পাটীর-গন্ধ-কুচ-শাটী কবিত্ব-পরিপাটীমগাধিপসুতা
ঘোটী-কুলাদধিক-ধাটী মুদার-মুখ-বীটী-রসেন তনুতান্ ॥ ১ ॥

**সংস্কৃত-বিষম-পদ-ব্যাখ্যা** ।—চেটী—দাসী। খেটী—খেচরী সুরললনা ইত্যর্থঃ। নাকিপটলী—দেবসমূহঃ। কোটীরঃ—কিরীটম্। কোটী—অগ্রম্, উৎকর্ষো বা। দ্বিতীয়কোটীশব্দঃ শতলক্ষসংখ্যাবাচকঃ। করম্বিতং—খচিতম্। পাটীরশ্চন্দনম্। ধাটী—শত্রুসম্মুখগমনম্ ত্বরিতং প্রতিদ্বন্দ্বিনং—প্রত্যাসাদনমিতি যাবৎ। বীটী—তাম্বূলম্ ॥ ১ ॥

**অনুবাদ** ।—যে কদম্ব-বৃক্ষবাটিকায় নিখিল খেচরললনা (দেবাদি-রমণী) দাসীরূপে নিযুক্তা, তথায় অমরবৃন্দ-কিরীট-নিচয়ের কমনীয়াগ্রভাগস্থিত

অসংখ্য মণিকিরণে যাঁহার চরণ খচিত, যাঁহার স্তনাচ্ছাদনবস্ত্র চন্দন-গন্ধযুক্ত, সেই গিরিরাজনন্দিনী নিজ-মুখ-(চর্ব্বিত) তাম্বূল-রস-প্রসাদ প্রদান দ্বারা (সত্বরতায়) বড়বাকুলের অপেক্ষা অধিক প্রতিপক্ষ-আক্রমণ-সমর্থ (মদীয়) কবিত্বশক্তি সম্পাদন করুন, অর্থাৎ তাঁহার প্রসাদে আমি যেন দ্রুত কবিতা-রচনায় সমর্থ হই, এবং সেই দ্রুত রচনায় আমার তুল্য কেহ না থাকে ॥ ১ ॥

কূলাতিগামি-ভয়-তূলা-বলি-জ্বলন-কীলা নিজ-স্তুতি-বিধা
কোলাহল-ক্ষপিত-কালামরী-কুশল-কীলাল-পোষণনভাঃ।
স্থূলা কুচে জলদনীলা কচে কলিত-লীলা কদম্ব-বিপিনে
শূলায়ুধ-প্রণতি-শীলা বিভাতু হৃদি শৈলাধিরাজ-তনয়া ॥ ২ ॥

**সংস্কৃত বিষম-পদ-ব্যাখ্যা**।—কূলেতি।—'কূলাতিগামি' দুস্তরং ভয়মেব তূলাবলিঃ তূলরাশিঃ; তত্র জ্বলনকীলা অগ্নিশিখাস্বরূপা। নিজস্তুতীত্যাদি। স্তুতি-পরায়ণ-সুরললনা-কুশলরূপ-সলিলবর্ষণে নভোমাসতুল্যা। নভা ইতি শ্রাবণ-মাস-নাম ॥ ২ ॥

**অনুবাদ**।—যিনি অপার-ভয় (সংসার-সাগর-ভীতি) স্বরূপ-তূলরাশির দাহে অগ্নিশিখা, যিনি নিজস্তুতি-কোলাহলে কালযাপনকারিণী অমররমণীগণের কল্যাণবারিবর্ষণে শ্রাবণমাসতুল্যা, পীনস্তনী, ঘননীলকুন্তলা, কদম্ববন-বিহারিণী, শঙ্করপ্রীতিপরায়ণা সেই গিরিরাজনন্দিনী (আমার) হৃদয়ে বিরাজমানা হউন্ ॥২॥

যত্রাশয়ো লগতি তত্রাগজা বসতু কুত্রাপি নিস্তুল-শুকা
সুত্রাম-কাল-মুখ-সত্রাশন-প্রকর-সুত্রাণকারি-চরণা।
ছত্রানিলাতিরয়-পত্রাভিরাম-গুণ-মিত্রামরী-সম-বধূঃ
কুত্রাসদৃগ্মণি-* বিচিত্রাকৃতিঃ স্ফুরিত-পুত্রাদি-দান-নিপুণা ॥৩॥

**সংস্কৃত বিষম-পদ-ব্যাখ্যা**।—শুকং—বস্ত্রম্। সুত্রামা—ইন্দ্রঃ, কালঃ—যমঃ। সত্রাশনাঃ—দেবাঃ। সুত্রাণং—সুখেন শোভনং বা রক্ষণম্। ছত্রম্—আতপত্রম্। অনিলাতিরয়ঃ—অনিলবদ্ বেগাতিশয়ঃ পত্রং বাহনং তেষু অভিরাম-গুণাঃ অমরীসমাঃ বধ্বো মিত্রাণি যস্যাঃ। অথবা ছত্রযুক্তা অতিবেগ-বিবিধবাহন-শোভিতা যোগিন্যো যস্যাঃ সহচর্য্যঃ। অমর্য্যঃ—দেব্যঃ, সমাঃ—সর্ব্বাঃ বধ্বঃ ইতি

* "কুত্রাসহস্মণি"—এই পাঠ বোম্বে মুদ্রিত পুস্তকে আছে।

বা বহুব্রীহৌ পদার্থঃ। কুত্র—পর্ব্বতঃ তস্য অসদৃক্ অনুপমো যো মণিঃ তদ্বদ্বিচিত্রা আকৃতির্যস্যা, ইতি বহুব্রীহিঃ সা চাসৌ বিচিত্রাকৃতিশ্চেতি বা কর্ম্মধারয়ঃ ॥ ৩ ॥

**অনুবাদ**।—যাঁহার শ্রীচরণ, ইন্দ্র যম প্রমুখ দেবগণের সুরক্ষণ করিয়া থাকেন, অমরীসদৃশী যদীয় সহচরী ডাকিনী-যোগিনীগণ, ছত্রধারণে, বায়ুবেগ-সদৃশ গমনে এবং বাহনচালনে পরম গুণ-সম্পন্না; অথবা ছত্রযুক্তা, বায়ুবেগগামি-বাহনা, রূপ ও অভিরামগুণসম্পন্না; যিনি গিরিরাজের অতুলনীয় রত্নস্বরূপা ও অপরূপরূপশালিনী অথবা নানাবর্ণা, সুন্দর পুত্রাদিদানদক্ষা, সেই পার্ব্বতী আমার মনোমত স্থানে অধিষ্ঠিতা হউন ॥ ৩ ॥

দ্বৈপায়ন-প্রভৃতি-শাপায়ুধ-ত্রিদিব-সোপান-ধূলি-চরণা
পাপাপহ-স্বমনু-জাপানুলীন-জন-তাপাপনোদ-নিপুণা।
নীপালয়া সুরভি-ধূপালকা দুরিত-কূপাদুদঞ্চয়তু মাং
রূপাধিকা শিখরি-ভূপাল-বংশ-মণি দীপায়িকা ভগবতী ॥ ৪ ॥

**সংস্কৃত-বিষম-পদ ব্যাখ্যা**।—'শাপায়ুধাঃ'—ঋষয়ঃ। 'ত্রিদিব—সোপানং' স্বর্গারোহণসাধনং 'ধূলিঃ' রেণুর্যয়োঃ তৌ 'চরণৌ' দ্বৈপায়নপ্রভৃতিষু ঋষিষু যস্যাঃ ইত্যর্থঃ ॥ ৪ ॥

**অনুবাদ**।—দ্বৈপায়ন প্রভৃতি ঋষিগণের সেবিত যদীয় চরণের ধূলি স্বর্গারোহণের সোপান; যিনি পাপবিনাশন নিজমন্ত্রজপে নিরত জনগণের ত্রিতাপ-নাশে নিপুণা, কদম্ববননিলয়া ধূপ-সুরভি-অলক-বিরাজিতা রূপাতিশয়শালিনী, সেই গিরিরাজকুলের রত্নদীপসদৃশী ভগবতী আমাকে দুরিত-কূপ হইতে উদ্ধার করুন ॥ ৪ ॥

যালীভিরাত্মতনুতালী-সকৃৎ-প্রিয়-কপালীষু খেলতি ভয়-
ব্যালী-নকুল্যসিত-চূলীভরা চরণধূলীলষন্-মুনিবরা। *
বালীভৃতি শ্রবসি তালীদলং বহতি যালীক-শোভি-তিলকা
সালীকরোতু মম কালী মনঃ স্বপদ-নালীক-সেবন-বিধৌ ॥৫॥

**সংস্কৃত-বিষম-পদ-ব্যাখ্যা**।—আত্মনস্তন্বী মূর্ত্তী যা তালী করতলসংযোগঃ তয়া সকৃৎ প্রিয়াসু কপালীষু খর্পরখণ্ডেষু আলীভিঃ সখীভিঃ সহ যা খেলতি। এতেন বাল্যলীলা সূচিতা। ভয়ব্যালী নকুলী, ভয়নাশিনীত্যর্থঃ।

* 'লসন্মুনিবরা' পাঠান্তর।

বালীভৃতি—ভূষণবতি, তালীদলং—তালপত্রম্। অলীকং—ললাটম্। অলীকরোতু—ভ্রমরীকরোতু। নালীকং পদ্মম্ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যিনি আপনার ক্ষুদ্র করতলতালীর সকৃৎ প্রীতিসংযোগ-প্রাপ্ত খর্পরখণ্ডে সখীগণসহ খেলা করেন, (অথচ ভক্তগণের) ভয়স্বরূপভুজগী-বিনাশে যিনি নকুলী, মুনিগণ যাঁহার পদধূলির অভিলাষী, যাঁহার (শৈশবের) অদীর্ঘ কেশপাশ ভ্রমরকৃষ্ণ, অলঙ্কৃত কর্ণে তালীপত্র দোদুল্যমান, ললাট-পট্টে তিলক শোভিত, সেই কালী আমার মনকে নিজ চরণকমল-সেবন-কার্য্যে ভ্রমর সদৃশ করুন ॥ ৫ ॥

ন্যঙ্কাক রে বপুষি কঙ্কাল-* রক্ত-পুষি কঙ্কাদি-পক্ষিবিষয়ে
ত্বঙ্কামনাময়সি কিঙ্কারণং হৃদয়-পঙ্কারিমেহি গিরিজাম্।
শঙ্কা-শিলা-নিশিত-টঙ্কায়মান-পদ-সংকাশমান-সুমনো-
ঝঙ্কারি-মান-ততিমঙ্কানুপেত-শশি-সঙ্কাশিবক্ত্র-কমলাম্ ॥ ৬ ॥

**সংস্কৃত-বিষম-পদ-ব্যাখ্যা**।—ন্যঙ্, কাক, রে ইতি ছেদঃ। ন্যঙ্ নীচঃ, কাকঃ অতিধৃষ্টঃ, সম্বোধনপদদ্বয়ম্; তচ্চ স্বং প্রতি বা সংসারিণং প্রপন্নং প্রতি বা প্রযুক্তম্। রে ইতি নীচ-সম্বোধন-দ্যোতকমব্যয়-পদম্। কঙ্কাদি-পক্ষি-ভক্ষ্যে-হস্থিরক্তযুক্তে বপুষি কথং ত্বং কামনাম্ অয়সি প্রাপ্নোষীতি তদর্থঃ। শঙ্কা-ভয়ং শিলেব। টঙ্কঃ পাষাণভেদি শস্ত্রম্। তৎস্বরূপে পদে সঙ্কাশমানাঃ বিরাজমানাঃ সুমনসো দেবাঃ। সকলভয়-বিনাশনযদীয়-চরণ-শরণ-দেবানাং স্তবধ্বনিবহুলা সিংহ-নাদযুক্তা বা .মান-ততি-মহিমাবলিঃ পূজাপর্য্যয়ো বা যস্যাস্তামকলঙ্কচন্দ্রমুখীং অন্তঃপাপনাশিনীং গিরিজাং প্রপদ্যস্বেতি কেষাঞ্চিৎ পদানাং কৃতান্বয়ানাং প্রতিশব্দা-খ্যানম্ ॥ ৬ ॥

**অনুবাদ**।—রে (আমার) অতিধৃষ্ট নীচ (মন), অস্থি ও রক্তযুক্ত কঙ্ক-প্রভৃতি পক্ষিগণের লোভনীয় দেহে কি কারণে অনুরাগযুক্ত হইতেছ? ভীতিপাষাণচ্ছেদনে, শাণিত টঙ্কতুল্য, যদীয় চরণসমীপে বিরাজিত দেববৃন্দ-কণ্ঠঝঙ্কারে যাঁহার মান বিস্তৃত, সেই অকলঙ্কশশিবদনা অন্তরের পাপনাশিনী গিরিজার আশ্রয় গ্রহণ কর ॥ ৬ ॥

---

* 'কঙ্কাদি'—এই পাঠ বোম্বে পুস্তকে আছে

কম্বা * বতীব সম-বিড়ম্বা গলেন নবতুম্বাভ-বীণ-সবিধা
শম্বাহুলেয়-শশি-বিম্বাভিরাম-মুখ-সম্বাধিত-স্তন-ভরা।
অম্বা কুরঙ্গমদজম্বাল-রোচিরিহ লম্বালকা দিশতু মে
বিম্বাধরা বিনত-শম্বায়ুধাদি-নিকরম্বা কদম্ব-বিপিনে ॥ ৭ ॥

**সংস্কৃতবিষম-পদ-ব্যাখ্যা।**—গলেন—কণ্ঠেন, কম্বৌ—শঙ্খে, অতীব সমঃ বিড়ম্বঃ অনুকরণং সংস্থানং বা যস্যাঃ, কম্বুঃ যস্যাঃ কণ্ঠদেশমালম্ব্য অনুকরণমতিসাম্যেন করোতি ইতি ভাবঃ। তুম্বশোভিতা বীণা যস্য ইতি শিবপক্ষে। যন্ত্রেতি স্থানপক্ষে। তুম্বাভবীণঃ শিবঃ স সবিধঃ সমীপবর্ত্তী যস্যাঃ, অথবা তুম্বাভবীণং সবিধং সমীপস্থানং যস্যাঃ। বাহুলেয়ঃ কার্ত্তিকেয়ঃ। মে মহ্যং মম বা শং দিশতু। কুরঙ্গমদঃ—কস্তূরিকা। জম্বালঃ পঙ্কঃ পঙ্কতাপন্ন-কস্তূরিকা-চর্চ্চিতা ইত্যর্থঃ। শম্বঃ—বজ্রম্। শম্বায়ুধ—ইন্দ্রঃ ॥ ৭ ॥

**অনুবাদ।**—যাঁহার গলদেশের সুসদৃশ গঠন শঙ্খে বর্ত্তমান, নবতুম্ব-বিরাজিত বীণাধারী শিব যাঁহার সমীপে অবস্থিত, (অথবা যাঁহার সমীপস্থানই ঐরূপ বীণাশোভিত), যাঁহার স্তনমণ্ডল কার্ত্তিকেয়ের শশিবিম্বকমনীয় ষড়্‌বদনচুম্বনে ব্যথাপ্রাপ্ত, ঘৃষ্ট মৃগনাভি-রচিততিলকালঙ্কৃতা, কদম্ববনে প্রণতইন্দ্রাদি-দেবগণ-পরিবৃতা সেই জননী লম্বিতালকা, বিম্বাধরা আমার কল্যাণদায়িনী হউন ॥ ৭ ॥

ইন্ধান-কীর-মণিবন্ধা ভবে হৃদয়বন্ধাবতীব রসিকা
সন্ধাবতী ভুবন-সন্ধারণেঽপ্যমৃত-সিন্ধাবুদার-নিলয়া।
গন্ধানুভান-মুহুরন্ধালি-বীত-কচ-বন্ধা সমর্পয়তু মে
শন্ধাম ভানুমপিসন্ধানমাশুপদ-সন্ধানমপ্যগসুতা ॥ ৮ ॥

ইতি শ্রীভগবচ্ছঙ্করাচার্য্য-বিরচিতম্ অম্বাষ্টকং সমাপ্তম্।

**সংস্কৃতবিষমপদ-ব্যাখ্যা।**—ইন্ধানেতি। কীরাঃ—কাশ্মীর-প্রদেশঃ—মণিবন্ধঃ—মণিবন্ধপাতস্থানং তন্নাম্না প্রসিদ্ধম্। ইন্ধানাঃ প্রভাবন্তঃ কীরাঃ কাশ্মীরপ্রদেশঃ মণিবন্ধঃ মণিবন্ধপাতস্থানং চ যয়া যস্যা বা কাশ্মীরপ্রদেশে মণিবন্ধ-নাম্নি তৎপাতস্থানে চ সতীরূপায়া দেব্যা অঙ্গবিশেষপতনেন একপঞ্চাশৎপীঠান্তর্গ-তত্বম্ ইতি তেষাং মহিমোজ্জ্বলত্বম্। 'সন্ধাবতী' স্থিতিমতী সততযুক্তা ইত্যর্থঃ। গন্ধানুভানেতি। গন্ধানুভবেন বারংবারং অন্ধীভূতৈরলিকুলৈঃ যস্যাঃ কবরীবন্ধঃ

* 'কুম্বা, এই পাঠ বোম্বে মুদ্রিত।

ব্যাপ্ত ইত্যর্থঃ। সন্ধানমাম্বিতি।—সন্ধা—সন্ধ্যা তত্র যে নমন্তি তে সন্ধানমাঃ তৈরাশুপদসন্ধানং পদস্মরণম্ পদমেলনং বা যস্ত এবম্ভূতং ধামস্বরূপং ভানুমপি প্রাপয়তু; সূর্য্যদ্বারেণ হি সগুণব্রহ্মোপাসকা মুচ্যন্তে ইতি শ্রুত্যর্থোঽত্রানুসন্ধেয়ঃ। ভানুমপি ইত্যপিকারঃ শমিতি কল্যাণমিত্যনেনান্বেতি, সন্ধানমপি ইত্যপিকারঃ ভানুমিত্যনেন, অপিকারৌ চার্থে। ঐহিকং কল্যাণঞ্চ প্রাপয়তু মোক্ষার্থং সূর্য্যঞ্চ প্রাপয়তু, উভয়োঃ কালভেদদ্যোতনার্থমিদমপিকারদ্বয়ম্॥ ৮॥

**অনুবাদ**।—যিনি কাশ্মীরপ্রদেশকে (কণ্ঠপীঠ করিয়া সারদারূপে) ও মণিবন্ধ-নামক স্থানকে (মণিবন্ধপীঠ করিয়া গায়ত্রীরূপে) উজ্জ্বল করিয়াছেন, যিনি হৃদয়বন্ধু শিবের অতীব অনুরক্তা, ভুবনধারণে সতত যুক্তা এবং সুধাসিন্ধু-মধ্যে মহানিলয়ে অবস্থিতা; যাঁহার কবরীবন্ধকে গন্ধানুভবে (পুষ্পভ্রমে) বারংবার মুগ্ধ অলিকুল আবৃত করিতেছে, সেই নগনন্দিনী, আমাকে (ঐহিক) মঙ্গলও অর্পণ করুন এবং সন্ধ্যাসময়ে প্রণতগণের সংস্মরণীয়-পদ সূর্য্যকে (অন্তে) প্রবেশ-স্থানরূপে অর্পণ করুন॥ ৮॥

ইতি শ্রীশঙ্করাচার্য্য-বিরচিত অম্বাষ্টক সমাপ্ত।

# ভবান্যষ্টক-স্তোত্রম্।

ন তাতো ন মাতা ন বন্ধুর্ন দাতা,
ন পুত্রো ন পুত্রী ন ভৃত্যো ন ভর্ত্তা,
ন জায়া ন বিদ্যা ন বৃত্তির্মমাস্তে,
তদেকা গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি *॥ ১॥

**অনুবাদ**।—আমার পিতা নাই, মাতা নাই, বন্ধু নাই, দাতা নাই, পুত্র নাই, পুত্রী নাই, ভৃত্য নাই, ভর্ত্তা নাই, জায়া নাই, বিদ্যা নাই, বৃত্তিও নাই; তাই হে ভবানি! আমার একমাত্র তুমিই গতি, তুমিই গতি॥ ১॥

* 'মমৈব, গতিস্ত্বং গতিস্ত্বং ত্বমেকা ভবানি'—পাঠান্তর।

ভবাব্ধাবপারে মহাদুঃখ-ভীরুঃ,
পপাত * প্রকামী প্রলোভী প্রমত্তঃ।
কুসংসারপাশ-প্রবদ্ধঃ সদাহং,
গতিস্ত্বং গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি ॥ ২ ॥

**অনুবাদ**।—আমি অতীব কামার্ত্ত, প্রলুব্ধ, নিরন্তর কুসংসারজালে সংবদ্ধ, মহাদুঃখে ভীরু; (কিন্তু) প্রমত্ত হইয়া অপার ভবসাগরে (জানি না কতকাল) পতিত হইয়াছি। (এখন) হে ভবানি! (আমার) তুমিই গতি, তুমিই গতি, তুমিই গতি ॥২॥

ন জানামি দানং ন চ ধ্যান-যোগং,
ন জানামি তন্ত্রং ন চ স্তোত্র-মন্ত্রম্।
ন জানামি পূজাং ন চ ন্যাসযোগং,
গতিস্ত্বং গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি ॥ ৩ ॥

**অনুবাদ**।—আমি দান (অর্পণবিধি বা শুদ্ধি) জানি না, ধ্যানযোগ জানি না, তন্ত্র জানি না, স্তোত্রমন্ত্র জানি না, অর্চ্চনা জানি না, ন্যাসযোগও অবগত নহি; হে ভবানি! (আমার) তুমিই গতি, তুমিই গতি, তুমিই গতি ॥ ৩ ॥

ন জানামি পুণ্যং ন জানামি তীর্থং,
ন জানামি মুক্তিং লয়ং বা কদাচিৎ।
ন জানামি ভক্তিং ব্রতং বাপি মাত-
র্মমৈকা গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি † ॥ ৪ ॥

**অনুবাদ**।—আমি কোন কালেই পুণ্য অবগত নহি, তীর্থ অবগত নহি, মুক্তি অবগত নহি, লয়যোগ অবগত নহি, ভক্তি অবগত নহি, ব্রতও অবগত নহি। হে ভবানি! আমার একমাত্র তুমিই গতি, তুমিই গতি ॥ ৪ ॥

কুকর্ম্মী কুসঙ্গী কুবুদ্ধিঃ কুদাসঃ,
কুলাচার-হীনঃ কদাচার-লীনঃ।
কুদৃষ্টিঃ কুবাক্য-প্রবন্ধঃ সদাহং,
মমৈকা গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি ॥ ৫ ॥

**অনুবাদ**।—আমি কুকর্ম্মে লিপ্ত, কুসংসর্গী, কুমতি, কুভৃত্য, কুলাচার-

---

* 'প্রপাতঃ' পাঠ কচিৎ দেখা যায়।

† 'গতিস্ত্বং গতিস্ত্বং ত্বমেকা ভবানি' এই পাঠান্তর পরবর্ত্তী শ্লোকগুলিতে আছে।

বর্জ্জিত, কদাচারপরায়ণ, কুদৃষ্টিযুক্ত ও কুবাক্যরচনায় নিরত। হে ভবানি! আমার একমাত্র তুমিই গতি, তুমিই গতি ॥ ৫ ॥

প্রজেশং রমেশং মহেশং সুরেশং,
দিনেশং নিশীথেশ্বরং বা কদাচিৎ।
ন জানামি চান্যং সদাহং শরণ্যে,
মমৈকা গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি ॥ ৬ ॥

**অনুবাদ।**—হে শরণ্যে! হর, হরি, ব্রহ্মা, দেবেন্দ্র, দিবাকর, নিশাকর বা অন্য কাহাকেও আমি কদাচ অবগত নহি। হে ভবানি! আমার একমাত্র তুমিই গতি, তুমিই গতি ॥ ৬ ॥

বিবাদে বিষাদে প্রমাদে প্রবাসে,
জলে চানলে পর্ব্বতে শত্রুমধ্যে।
অরণ্যে শরণ্যে সদা মাং প্রপাহি,
মমৈকা গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি ॥ ৭ ॥

**অনুবাদ।**—হে শরণ্যে! কি বিবাদক্ষেত্রে, কি বিষাদসময়ে, কি প্রমাদে, কি বিদেশে, কি জলগর্ভে, কি অগ্নিতে, কি পর্ব্বতে, কি অরিমধ্যে, কি অরণ্যে, সর্ব্বত্র সর্ব্বদা তুমি আমার রক্ষাবিধান কর। হে ভবানি! আমার একমাত্র তুমিই গতি, তুমিই গতি ॥ ৭ ॥

অনাথো দরিদ্রো জরারোগ-যুক্তো,
মহাক্ষীণ-দীনঃ সদা-জাড্যবক্ত্রঃ।
বিপত্তৌ প্রবিষ্টঃ প্রণষ্টঃ সদাহং,
মমৈকা গতিস্ত্বং গতিস্ত্বং ভবানি ॥ ৮ ॥

ইতি পরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দ-ভগবৎ-পূজ্যপাদ-শিষ্যস্য শ্রীমচ্ছঙ্করভগবতঃ কৃতৌ ভবান্যষ্টকস্তোত্রং সমাপ্তম্।

**অনুবাদ।**—আমি অনাথ, দরিদ্র, জরারোগী, অতিক্ষীণ ও দীন; আমার মুখ সদা জড়তাপূর্ণ; আমি নিরন্তর বিপদে নিপতিত হইয়া প্রণষ্ট অবস্থায় আছি। হে ভবানি! আমার একমাত্র তুমিই গতি, তুমিই গতি ॥ ৮ ॥

ইতি শঙ্করাচার্য্যকৃত ভবান্যষ্টকস্তোত্র সম্পূর্ণ।

# ভবানীভুজঙ্গ-স্তোত্রম্

ষড়াধার-পঙ্কেরুহান্তর্বিরাজৎ-

সুষুম্নান্তরালেঽতিতেজোলসন্তীম্ * ।

সুধামণ্ডলং দ্রাবয়ন্তীং পিবন্তীং,

সুধামূর্ত্তিমীড়ে চিদানন্দরূপাম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—যিনি মূলাধারাদি ষট্‌চক্রস্থিত পদ্মমধ্যে শোভমানা সুষুম্না-নাম্নী নাড়ীর অন্তরালে বিপুলতেজে সমুদ্ভাসিতা, যিনি সহস্রদলকমলগত সুধামণ্ডল দ্রাবিত করিয়া সেই সুধাপানে নিরত আছেন, সেই সুধাময় মূর্ত্তিধারিণী চিদানন্দরূপা † (ব্রহ্মময়ী) ভবানীকে স্তব করি ॥ ১ ॥

জ্বলৎ-কোটি-বালার্ক-ভাসারুণাঙ্গীং,

সুলাবণ্য-শৃঙ্গার-শোভাভিরামাম্ ।

মহাপদ্ম-কিঞ্জল্ক-মধ্যে বিরাজৎ-

ত্রিকোণে নিষণ্ণাং ভজে শ্রীভবানীম্ ॥ ২ ॥

**অনুবাদ**।—নবোদিত কোটি সূর্য্যের ন্যায় উজ্জ্বল-আভায় যাঁহার অঙ্গসমূহ অরুণ-বর্ণ, অপূর্ব্ব লাবণ্য ও বেশ-বিন্যাস-শোভায় যিনি পরমরমণীয়া, মূলাধারমহাপদ্মে ত্রিকোণমণ্ডলে যিনি বিরাজমানা, সেই দেবী শ্রীভবানীকে আমি ভজনা করি ॥ ২ ॥

ক্বণৎ-কিঙ্কিণী-নূপুরোদ্‌ভাসি-রত্ন-

প্রভালীঢ়-লাক্ষাদ্র'-পাদাব্জ-যুগ্মম্ ।

অজেশাচ্যুতাদ্যৈঃ সুরৈঃ সেব্যমানং,

মহাদেবি মন্মূর্দ্ধ্নি তে ভাবয়ামি ॥ ৩ ॥

**অনুবাদ**।—হে মহাদেবি ! শব্দায়মান কিঙ্কিণী ও নূপুরে বিরাজিত রত্ন-প্রভায় রঞ্জিত ও লাক্ষারস-সিক্ত এবং ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর প্রভৃতি সুরবৃন্দ-সেবিত তোমার চরণকমলযুগল মদীয় মস্তকে ধ্যান করি ॥ ৩ ॥

* 'তেজোলসন্তীম্' বাণীবিলাস মুদ্রিত পাঠ।

† চিদানন্দরূপা—ব্রহ্মানন্দ বা জ্ঞানানন্দকেই চিদানন্দ বলে। একমাত্র জ্ঞানময় ব্রহ্মই ঐ আনন্দ।

সুশোণাম্বরাবদ্ধ-নীবী-বিরাজন্-
মহারত্ন-কাঞ্চী-কলাপং নিতম্বম্।
স্ফুরদ্দক্ষিণাবর্ত্তনাভিং চ তিস্রো
বলীরম্ব তে রোমরাজিং ভজেঽহম্ ॥ ৪ ॥ *

**অনুবাদ** :—হে জননি! তোমার সুরক্ত দুকূল-সংবৃত কটিদেশে বিরাজিত মহারত্নময় কাঞ্চীকলাপে (চন্দ্রহার) শোভিত নিতম্বদেশ, দক্ষিণাবর্ত্ত-বিরাজিত নাভি, ত্রিবলি এবং রোমাবলিকে ভজনা করি ॥ ৪ ॥

লসদ্বৃত্তমুত্তুঙ্গ-মাণিক্য-কুম্ভো-
পমশ্রি স্তনদ্বন্দ্বমম্বাম্বুজাক্ষি।
ভজে দুগ্ধপূর্ণাভিরামং তবেদং,
মহাহার-দীপ্তং সদা প্রস্নুতাস্যম্ ॥ ৫ ॥

**অনুবাদ**।—হে কমল-নয়নে জননি, (আমি তোমার তনয়) তোমার সুবৃত্ত, উচ্চ ও রত্নময় ঘটদৃশ শ্রীসম্পন্ন উৎকৃষ্ট হার-বিরাজিত (সন্তানবাৎসল্যে) দুগ্ধস্রাবী অফুরন্ত দুগ্ধের আধার ঐ স্তনযুগল ভজনা করি ॥ ৫ ॥

শিরীষ-প্রসূনোল্লসদ্-বাহুদণ্ডৈ-
র্জ্বলদ্-বাণ-কোদণ্ড-পাশাঙ্কুশৈশ্চ।
চলৎ-কঙ্কণোদার-কেয়ূর-ভূষো-
জ্জ্বলদ্ভির্লসন্তীং ভজে শ্রীভবানীম্ ॥ ৬ ॥

**অনুবাদ**।—ভাস্বর ধনুর্ব্বাণ, পাশ ও অঙ্কুশ-যুক্ত, চঞ্চল কঙ্কণে ও দিব্য কেয়ূরভূষণে উজ্জ্বল, শিরীষ-কুসুম-কোমল বাহুলতা-চতুষ্টয় দ্বারা শোভমানা শ্রীভবানীকে ভজনা করি ॥ ৬ ॥

শরৎ-পূর্ণচন্দ্র-প্রভা-পূর্ণ-বিম্বা-
ধর-স্মের-বক্ত্রারবিন্দাং সুশান্তাম্।
সুরত্নাবলী-হার-তাটঙ্ক-শোভাং,
মহাসুপ্রসন্নাং ভজে শ্রীভবানীম্ ॥ ৭ ॥

**অনুবাদ** :—যাঁহার সহাস্য বিম্বাধর-যুক্ত মুখারবিন্দ শরৎকালীন-পূর্ণচন্দ্র

* 'বলীরম্ব রোমাবলিং তে ভজেঽহং' শুদ্ধপাঠ।

সদৃশ সৌন্দর্য্যে বিমণ্ডিত, যিনি পরমা শান্তির আস্পদ, দিব্যরত্নরাজিখচিত হার ও তাটঙ্কবিভূষণে যিনি শোভমানা এবং অতীব সুপ্রসন্না, সেই শ্রীভবানীদেবীকে ভজনা করি ॥ ৭ ॥

সুনাসাপুটং সুন্দর-ভ্রূ-ললাটং,

তবৌষ্ঠশ্রিয়ং দান-দক্ষং কটাক্ষম্ ।

ললাটে লসদ্‌গন্ধ-কস্তূরিভূষং,

স্ফুরচ্ছ্রীমুখাম্ভোজমীড়েঽহমম্ব ॥ ৮ ॥

অনুবাদ।—হে মাতঃ! তোমার অতীব রমণীয় নাসাপুট, সুন্দর ভ্রূ, ললাট, ওষ্ঠের শ্রী, অভীষ্টদানে সুদক্ষ কটাক্ষ এবং চন্দন ও কস্তূরিকা-ভূষিত ললাটদেশ-সমুদ্ভাসিত শ্রীমুখকমলের স্তব করি ॥ ৮ ॥

চলৎ-কুন্তলান্তর্ভ্রমদ্‌-ভৃঙ্গ-বৃন্দং

ঘন-স্নিগ্ধ-ধম্মিল্ল ভূষোজ্জ্বলং তে ।

স্ফুরন্মৌলি-মাণিক্য বদ্ধেন্দুরেখা-

বিলাসোল্লসদ্দিব্যমূর্দ্ধানমীড়ে ॥ ৯ ॥

অনুবাদ।—(জননি) সৌরভলোভ-বিভ্রান্ত ভ্রমরকুলে অন্তঃশোভিত চঞ্চল কুন্তলে বিরাজিত, মসৃণ-বেণী-অলঙ্কারে সমুদ্ভাসিত, কিরীটস্থিত উজ্জ্বল মাণিক্যসংস্পৃষ্ট শশিকলা-বিলাসোল্লসিত তোমার ঐ দিব্য মস্তকপ্রদেশের স্তব করি ॥ ৯ ॥

ইতি শ্রীভবানি স্বরূপং তবেদং,

প্রপঞ্চাৎ পরং চাতিসূক্ষ্মং প্রসন্নম্ ।

স্ফুরত্বম্ব ডিম্ভস্য মে হৃৎসরোজে,

সদা বাঙ্ময়ং সর্ব্বতেজোময়ং চ ॥ ১০ ॥

অনুবাদ।—হে জননি ভবানি! ত্বদীয় এই স্বরূপ—বিশ্বপ্রপঞ্চের অতীত, অতীব দুর্জ্ঞেয়, প্রসন্ন, পঞ্চাশদ্‌বর্ণময় ও নিরন্তর অসীম তেজোরাশিতে সমুদ্ভাসিত; আমি তোমার বালক, আমার হৃদয়পদ্মে ইহা স্ফুরিত হউক ॥ ১০ ॥

গণেশাভিমুখ্যাখিলৈঃ শক্তিবৃন্দৈ-

র্বৃতাং বৈ স্ফুরচ্চক্ররাজোল্লসন্তীম্।

পরাং রাজরাজেশ্বরি ত্রৈপুরি ত্বাং,

শিবাঙ্কোপরিস্থাং শিবাং ভাবয়ামি ॥ ১১ ॥

**অনুবাদ।**—হে রাজরাজেশ্বরি ত্রৈপুরি-দেবি! তুমি গণেশাভিমুখী নিখিল শক্তিসমূহে পরিবৃতা, সমুজ্জ্বল 'শ্রীচক্র' নামে প্রসিদ্ধ চক্ররাজে বিরাজমানা, ও মহেশ্বরের অঙ্কদেশে অবস্থিতা পরমা শিবা, তোমাকে আমি ধ্যান করি ॥ ১১॥

ত্বমর্কস্ত্বমিন্দুস্ত্বমগ্নিস্ত্বমাপ-

স্ত্বমাকাশভূ-বায়বস্ত্বং মহত্ত্বম্।

ত্বদন্যো ন কশ্চিৎ প্রপঞ্চোঽস্তি সর্ব্বং,

ত্বমানন্দসংবিৎ সদা ত্বাং * ভজেঽহম্ ॥ ১২ ॥

**অনুবাদ।**—তুমিই সূর্য্য,তুমিই চন্দ্র,তুমিই বহ্নি,তুমিই জল,তুমিই আকাশ, তুমিই ভূ, তুমিই অনিল এবং তুমিই মহত্তত্ত্ব, তুমি অখিলরূপিণী, তুমি ভিন্ন কোনরূপ প্রপঞ্চ নাই, তুমি আনন্দরূপিণী ও চিৎস্বরূপা,তোমাকে আমি ভজনা করি ॥১২॥

শ্রুতীনামগম্যে সুবেদাগমজ্ঞা

মহিম্নো ন জানন্তি পারং তবাম্ব।

স্তুতিং কর্ত্তুমিচ্ছামি তে ত্বং ভবানি,

ক্ষমস্বেদমত্র প্রমুগ্ধঃ কিলাহম্ ॥ ১৩ ॥

**অনুবাদ।**—মাতঃ! তুমি শ্রুতিসমূহের অজ্ঞেয়, বেদ ও আগমে অভিজ্ঞ-(মুনি)গণ তোমার মহিমার সীমা অবগত নহেন, হে ভবানি, আমি মূঢ়মতি, আমি যে তোমার স্তুতিবাদে অভিলাষী হইয়াছি, তজ্জন্য আমাকে ক্ষমা কর ॥ ১৩ ॥

গুরুস্ত্বং শিবস্ত্বং চ শক্তিস্ত্বমেব,

ত্বমেবাসি মাতা পিতা চ ত্বমেব।

ত্বমেবাসি বিদ্যা ত্বমেবাসি বন্ধু-

র্গতির্মে মতির্দেবি সর্ব্বং ত্বমেব ॥ ১৪ ॥

**অনুবাদ।**—দেবি! তুমি গুরু, তুমি শিব, তুমিই শক্তি, তুমিই জননী,

---

* 'স্বরূপাং'—পাঠও দৃষ্ট হয়।

তুমিই জনক, তুমিই বিত্তা, তুমিই বন্ধু, আমার গতি ও মতিও তুমি, তুমিই (আমার) সব ॥ ১৪ ॥

শরণ্যে বরেণ্যে সুকারুণ্যমূর্ত্তে,
হিরণ্যোদরাদ্যৈরগম্যে সুপুণ্যে।
ভবারণ্যভীতেশ্চ মাং পাহি ভদ্রে,
নমস্তে নমস্তে নমস্তে ভবানি ॥ ১৫ ॥

**অনুবাদ।**—হে শরণ্যে! হে বরেণ্যে! হে পরমকরুণাময়মূর্ত্তে! হিরণ্যগর্ভাদি কেহই তোমাকে বুঝিতে সমর্থ নহেন। হে সুপবিত্ররূপে, হে মঙ্গলময়ি! সংসারারণ্য-সন্ত্রাস হইতে আমাকে রক্ষা কর, হে ভবানি! তোমাকে পুনঃ পুনঃ (তিনবার) নমস্কার করি ॥ ১৫ ॥

ইতীমাং মহাশ্রীভবানীভুজঙ্গ-
স্তুতিং যঃ পঠেদ্‌ভক্তিযুক্তশ্চ তস্মৈ।
স্বকীয়ং পদং শাশ্বতং বেদসারং,
শ্রিয়ং চাষ্টসিদ্ধিং ভবানী দদাতি ॥ ১৬ ॥

**অনুবাদ।**—যে ব্যক্তি ভক্তি-সমন্বিত হইয়া এই মহাশ্রীযুক্ত ভবানীভুজঙ্গ স্তোত্র পাঠ করে, দেবী ভবানী তাহাকে বেদসারভূত নিজ নিত্যপদ, অষ্টসিদ্ধিযুক্ত শ্রী প্রদান করিয়া থাকেন ॥ ১৬ ॥

ভবানী ভবানী ভবানী ত্রিবার-
মুদারং মুদা সর্ব্বদা যে জপন্তি।
ন শোকো ন মোহো ন পাপং ন ভীতিঃ,
কদাচিৎ কথঞ্চিৎ কুতশ্চিজ্জনানাম্ ॥ ১৭ ॥

ইতি পরমহংস-পরিব্রাজকাচার্য্যস্য শ্রীগোবিন্দ-ভগবৎ-
পূজ্যপাদশিষ্যস্য শ্রীমচ্ছঙ্কর-ভগবতঃ কৃতৌ
শ্রীভবানীভু[illegible]স্তোত্রং সমাপ্তম্।

**অনুবাদ।**—যাহারা নিরন্তর আনন্দ সহকারে 'ভবানী, ভবানী, ভবানী' এই নাম বারত্রয় উদারভাবে জপ করে, কখনও কোনও স্থানে তাহাদিগকে কিছুমাত্র শোক প্রাপ্ত হইতে হয় না, তাহাদিগের মোহ বিদ্যমান থাকে না, পাপ থাকিতে পারে না এবং তাহাদিগের ভীতিও বিদ্যমান থাকে না ॥ ১৭ ॥

ভবানীভুজঙ্গ-স্তোত্র সম্পূর্ণ।

# অন্নপূর্ণা-স্তোত্রম্।

শ্রীগণেশায় নমঃ।

নিত্যানন্দকরী বরাভয়করী সৌন্দর্য্যরত্নাকরী
নির্দ্ধূতাখিলদোষ- * পাবনকরী প্রত্যক্ষমাহেশ্বরী।
প্রালেয়াচল-বংশ-পাবন-করী কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ১ ॥

**অনুবাদ**।—যিনি নিরন্তর সকলের আনন্দবর্দ্ধন করিতেছেন, হস্তে বর ও অভয়-মুদ্রা ধারণ করিতেছেন, যাঁহার শরীর সৌন্দর্য্যরত্নাকর যিনি, (ভক্তবৃন্দের সকল পাপ ধ্বংস করিয়া তাহাদিগকে পবিত্র করিয়া থাকেন, যিনি সাক্ষাৎ মাহেশ্বরীশক্তি, যিনি (জন্মদ্বারা) হিমাচলের বংশ পবিত্র করিয়াছেন, সেই তুমিই কাশীপুরীর অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা, আমাকে করুণা করিয়া ভিক্ষা প্রদান কর ॥ ১ ॥

**বিষম-পদ-ব্যাখ্যা**—বরাভয়করী—ভরাভয়ে করে যস্যাঃ সা, স্বাঙ্গাদিত্যাদি সূত্রেণ বৈকল্পিকঙীবিধানাৎ, বরাভয়করী, অথবা বরা অভয়করী চেতি চ্ছেদঃ, বরা সর্ব্বশ্রেষ্ঠা অভয়করী ভক্তানামভয়কারিণী। অশব্দাদেঃ কৃঞঃ শীলার্থে টপ্রত্যয়ন সিদ্ধম্। টিত্ত্বাদ্ ঙী। এবমন্যত্র।

সৌন্দর্য্যরত্নাকরী—সৌন্দর্য্যস্য রত্নাকরঃ সাগরঃ,—রত্নাকর ইত্যনেন সৌন্দর্য্যে রত্নত্বমর্থাদারোপিতম্। স চ দেব্যাঃ কায়ঃ, তস্যেয়মিত্যণ্ প্রত্যয়াৎ স্ত্রীত্বে ঙী। সৌন্দর্য্যরত্নাকরঃ খলু দেব্যাঃ শরীরং তৎসম্বন্ধিনী তদধিষ্ঠাত্রী চিদ্রূপা দেবতা। অতএব আত্মা দেহীত্যুচ্যতে। অণ্ প্রত্যয়ং বিনা রত্নাকরীতি প্রয়োগো নোপপদ্যতে। এবং যথাশ্রুতার্থটীকারে অন্যত্রাপি যত্র পদসাধুতা ন ভবতি তত্র তৎ সাধুত্বোপপাদনায়েদৃশো মে প্রযত্ন ইতি বোধ্যম্।

নানা-রত্ন-বিচিত্র-ভূষণ-করী হেমাম্বরাড়ম্বরী
মুক্তা-হার-বিলম্ব মান-বিলসদ্-বক্ষোজ-কুম্ভান্তরী।
কাশ্মীরাগুরু-বাসিতা রুচিকরী † কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ২ ॥

**অনুবাদ**।—যিনি নানা প্রকার বিচিত্র রত্ন দ্বারা স্বীয় অঙ্গ ভূষিত

---

* 'ঘোর' পাঠান্তর। † 'কাশ্মীরাগরুবাসিতাঙ্গরুচিরে' এই পাঠ বাণীবিলাস পুস্তকে আছে।

করিয়াছেন, স্বর্ণময় বসন সদা যাঁহার প্রিয়, যাঁহার উচ্চপীন কুচকুম্ভে মুক্তাহার বিলম্বিত, এবং যিনি অন্তর্য্যামিণী, কুঙ্কুম ও অগুরু-সৌরভে আমোদিনী ও দীপ্তি-কারিণী সেই তুমি কাশীপুরীর অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা, তুমি করুণা করিয়া আমাকে ভিক্ষা প্রদান কর ॥ ২ ॥

**বিষম-পদ-ব্যাখ্যা**—নানা·· করী,—নানারত্নবিচিত্রাণি ভূষণানি কঙ্কণ-কেয়ূরাদীনি করে যস্যাঃ সা, অথবা নানরত্নবিচিত্রভূষণসম্পাদিনী, স্বস্য বা ভক্তানাং বেতি শেষঃ।

হেমাম্বরাড়ম্বরী—হেমাম্বরাড়ম্বরানুরাগিণী, আত্মনঃ হেমাম্বরাড়ম্বরমিচ্ছতি ইতি ক্যচি হেমাম্বরাড়ম্বরীয়ধাতোঃ কর্ত্তরি ক্বিপি হেমাম্বরাড়ম্বরীরিতি তেন চ পদেন পরপদস্য বিশেষণেন চেতি কর্ম্মধারয়ঃ। সমাসপূর্ব্বপদত্বাদ্ বিভক্তিলোপঃ।

মুক্তা···বক্ষোজকুম্ভান্তরী—মুক্তেত্যাদি বক্ষোজকুম্ভা ইত্যন্তমুত্তরপদম্, আন্ত-রীতি পৃথগদমন্তপদম্। মুক্তাহারস্য বিলম্বো লম্বনং যয়োস্তৌ—মানবিলসন্তৌ, মানেন পরিমাণেন পরিণাহতুঙ্গত্বরূপেণ বিলসন্তৌ বিরাজমানৌ বক্ষোজকুম্ভৌ কুচকলসৌ যস্যাঃ সা, আন্তরী অন্তরম্ অন্তরাত্মা তস্যেয়ম্, ষষ্ঠ্যর্থঃ স্বামিত্বম্, অন্তর্য্যামিণীত্যর্থঃ। কাশ্মীরং কুঙ্কুমম্।

> যোগানন্দকরী রিপুক্ষয়করী ধর্ম্মার্থনিষ্ঠাকরী,
> চন্দ্রার্কানলভাসমান-লহরী ত্রৈলোক্যরক্ষাকরী।
> সর্ব্বৈশ্বর্য্যসমস্তবাঞ্ছিতকরী * কাশীপুরাধীশ্বরী
> ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি যোগানন্দবিধায়িনী, শত্রুধ্বংসকরী, ধর্ম্মার্থপূরণকারিণী, চন্দ্র, সূর্য্য ও অগ্নির আভা যাঁহার (প্রভা-সমুদ্রের) ছোট বড় তরঙ্গমাত্র, ত্রিভুবনের রক্ষাকর্ত্রী, ভক্তবৃন্দের বাঞ্ছিতকরী ও ঐশ্বর্য্যদাত্রী, সেই তুমি কাশীপুরীর অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা কৃপা করিয়া আমাকে ভিক্ষা দাও ॥ ৩ ॥

**বিষম-পদ-ব্যাখ্যা**—চন্দ্রার্কানল-ভাসমান-লহরী,—চন্দ্রার্কানলভা অসমানা উচ্চাবচা নিরুপমা বা লহর্য্যো যস্যাঃ, তেন দেব্যাঃ প্রভা-সমুদ্রত্বং ব্যঞ্জিতম্। চন্দ্রসূর্য্যাগ্নিপ্রভাঃ খলু—প্রভা-সমুদ্ররূপায়াঃ যস্যাঃ বিবিধাকারতরঙ্গবৎ ক্ষুদ্রাংশ-ভূতাঃ। ইতি ভাবঃ।

---

* 'সর্ব্বৈশ্বর্য্যকরী তপঃফলকরী'—পাঠান্তর।

কৈলাসাচল-কন্দরালয়-করী গৌরী উমা শঙ্করী,
কৌমারী নিগমার্থ-গোচর-করী * ওঙ্কার-বীজাক্ষরী।
মোক্ষদ্বার-কপাট † পাটন-করী কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী ‡ মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৪ ॥

**অনুবাদ।**—যিনি কৈলাস-পর্ব্বতের কন্দরমধ্যে বাস করেন, যিনি গৌরী, উমা ও শঙ্করী এবং কৌমারীরূপা, যিনি উপযুক্ত সাধককে শাস্ত্রপ্রতিপাদ্য অতীন্দ্রিয় বিষয়েরও প্রত্যক্ষদ্রষ্টা করেন, প্রণব যাঁহার বীজ, যিনি ব্রহ্মশক্তি, এবং মোক্ষধামের দ্বারস্থ কবাট যিনি উদ্ঘাটন করেন, সেই তুমি কাশীপুরীর অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা, আমাকে করুণা করিয়া ভিক্ষা দাও ॥ ৪ ॥

**বিষম-পদ-ব্যাখ্যা**—নিগমার্থগোচরকরী,—নিগমার্থগোচরঃ নিগমার্থ-বিষয়ঃ শাস্ত্রৈকগম্যো বিষয়ো মোক্ষঃ তং করোতি সাধয়তি ভাক্তনামিতি শেষঃ। অথবা নিগমার্থাঃ। সর্ব্বশাস্ত্রপ্রতিপাদ্যানি গোচরাঃ প্রত্যক্ষরূপা যেষাম্—তথা-বিধান্, অতীন্দ্রিয়দর্শিনঃ করোতি যা সার্ব্বজ্ঞ্যসম্পাদিকেত্যর্থঃ।

ওঙ্কারবীজাক্ষরী,—ওঙ্কারবীজেত্যেকমাক্ষরীত্যপরং পদম্। ওঙ্কারঃ প্রণবো বীজং সাধনমন্ত্রো যস্যাঃ সা, আক্ষরী,—অক্ষরং ব্রহ্ম তস্যেয়ম্, ব্রহ্মশক্তিরিত্যর্থঃ। অক্ষরীতিচ্ছেদো বা, অক্ষরো॰মৃত্যুঞ্জয়ঃ তস্য পত্নী পুংযোগে ঙীবিধানাৎ। মোক্ষদ্বার-কপাটপাটনকরী, মোক্ষদ্বারস্য যৎ কপাটং রোধককাষ্ঠফলকতুল্যম্ অজ্ঞানমিতি যাবৎ তস্য পাটনকরী ভেদনকরী বিঘটিকা ইত্যর্থঃ।

দৃশ্যাদৃশ্য-বিভূতি-বাহন-করী ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদরী,
লীলা-নাটক-সূত্র-খেলন-করী বিজ্ঞান-দীপাঙ্কুরা।
শ্রীবিশ্বেশমনঃপ্রসাদনকরী কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৫ ॥

**অনুবাদ।**—যিনি দৃশ্যাদৃশ্য সম্পৎসম্পাদিনী, ব্রহ্মাণ্ড যাঁহার জঠরমধ্যে নিহিত আছে, যিনি বিজ্ঞানরূপা, যিনি সংসারলীলা-নাটকাভিনয়ে সূত্রধাররূপা ও যিনি বিজ্ঞানদীপকে অঙ্কুরিত করেন, শ্রীবিশ্বনাথ-হৃদয়-প্রসন্নতাবিধায়িনী সেই

* 'হ্রোঙ্কারবীজাক্ষরী' পাঠ—বাণীবিলাস পুস্তকে আছে।
† 'কপাট' স্থলে 'কবাট'—পাঠান্তর।
‡ 'ভেদনকরী'—পাঠান্তর।

তুমি কাশীপুরীর অধীশ্বরী এবং মাতা ঈশ্বরী অন্নপূর্ণা করুণা করিয়া আমাকে ভিক্ষা প্রদান কর ॥ ৫ ॥

**বিষমপদ-ব্যাখ্যা**—দৃশ্যাদৃশ্যবিভূতিবাহনকরী,—দৃশ্যা ইহ ভূমণ্ডলে লভ্যাঃ অদৃশ্যা মনুষ্যদর্শনাতীতাঃ স্বর্গাদৌ লভ্যাঃ যা বিভূতয়ঃ তাসাং বাহনং প্রাপণং তৎকর্ত্রী তৎসাধিনী। ব্রহ্মাণ্ডভাণ্ডোদরী,—ব্রহ্মাণ্ডভাণ্ডমুদরয়তি উদরং করোতি ইতি ণিজন্তনামধাতোঃ কর্ম্মণোহণ্ ইতি অণ্ প্রত্যয়েন স্ত্রীত্বাৎ সিদ্ধম্। ব্রহ্মাণ্ড-ভাণ্ডমেব তস্যা উদরতুল্যম্, উদরং যথা দেহস্যৈকদেশঃ তথা ব্রহ্মাণ্ডমপি তস্যাস্তথা। উদরং যথা ভুক্তবস্তূনাং স্থানং ব্রহ্মাণ্ডমপি কালস্বরূপয়া তয়া ভুক্তানাং সর্ব্বেষামেব স্থানম্। মৃতানাং সর্ব্বেষামেব জীবানাং তত্রৈব স্থিতেঃ। অথবা ব্রহ্মাণ্ডম্ উদরবৎ উদরসম্বদ্ধম্ উদরস্থমিতি যাবৎ করোতি সম্পাদয়তি,—ব্রহ্মাণ্ডমেব তদুদরস্থমিতি ভাবঃ। ণিচি মতোর্লুকি পূর্ব্ববৎ সাধনীয়ম্। লীলানাটকসূত্রখেলনকরী—লীলৈব নাটকং তস্য সূত্রম্ আরম্ভঃ তেন খেলনং করোতি,—লীলানাটকস্য সূত্রধারস্বরূপা প্রথমপ্রবর্ত্তিনীতি তাৎপর্য্যম্। বিজ্ঞানদীপম্ অঙ্কুরয়তি অঙ্কুরবন্তং করোতি—বীজরূপেণ স্থিতং অব্যক্তভাবেন স্থিতং তম্ অঙ্কুরবন্তং করোতি। অজ্ঞানজবনিকাবৃতো হি জ্ঞানদীপঃ, যয়া অজ্ঞানাপসারণাৎ প্রকাশ্যতে ইতি তদাশয়ঃ।

উর্ব্বী সর্ব্বজনেশ্বরী জয়করী * মাতান্নপূর্ণেশ্বরী, †
বেণী- ‡ নীল-সমানকুন্তল-হরী নিত্যান্নদানেশ্বরী।
সর্ব্বানন্দকরী দশাশুভকরী কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৬ ॥

**অনুবাদ**।—যিনি মহীরূপা, জনসমূহের ঈশ্বরী, সাকারভাবে পরিমাণ-কারীদিগের নিকট যিনি পূর্ণা নহেন, কিন্তু—শিবসীমন্তিনী শিবজায়া, নীলবর্ণ উৎকৃষ্ট যাঁহার কুন্তলসকল বেণীরূপে শোভা পাইতেছে, যিনি বিষ্ণুতুল্য পালন-পরায়ণা, সুতরাং অন্নদানে অব্যাহত সামর্থ্য প্রদর্শন করিতেছেন, মহাদেবের আনন্দবিধায়িনী বাল্যাদি দশ দশা ও মঙ্গল উভয়দাত্রী সেই তুমি কাশীপুরীর অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা ; করুণা করিয়া আমাকে ভিক্ষা প্রদান কর ॥ ৬ ॥

**বিষমপদ-ব্যাখ্যা**—উর্ব্বী মহতী পৃথিবীরূপা যা "মহীস্বরূপেণ যতঃ স্থিতাসি ইত্যুক্তেঃ।

---

* 'জয়করী' স্থলে 'ভগবতী'—পাঠান্তর।

† 'মাতা কৃপাসাগরী'—পাঠান্তর। ‡ 'নারী'—পাঠান্তর আছে।

মাতান্নপূর্ণেশ্বরীতি প্রথমচরণস্থবাক্যে মাতাং ন পূর্ণেশ্বরী ইতি, মাতাং ন পূর্ণে অশ্বরী ইতি বা চ্ছেদঃ, তত্র প্রথমকল্পস্যার্থস্তু মাতাং [মা-ধাতোঃ শতৃপ্রত্যয়ঃ ততঃ ষষ্ঠ্যা বহুবচনম্] সাকারত্বেন পরিচ্ছিন্দতাং মন্দাধিকারিণাং (পক্ষে) ন পূর্ণা অব্যাপকত্বাৎ, ঈশ্বরী ঈশ্বরস্য শিবস্য জায়া, অয়ং ভাবঃ যা বস্তুতঃ অপরিচ্ছিন্না পূর্ণা চিন্মাত্রস্বরূপা সৈব পরিমাণং কুর্ব্বতাম্ ইয়দাকারবতীয়ম্ ইতি ধারয়তাং সমীপে ন পূর্ণা, কিন্তু, শিবপত্নীত্বেনৈব খণ্ডরূপা প্রতীয়তে, যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্ ইতি গীতোক্তেঃ, অত্র পুংযোগে ঙী। অন্যত্র ঔণাদিক বরট্প্রত্যয়েন তৎসিদ্ধিঃ। দ্বিতীয়কল্পস্যার্থশ্চ—হে পূর্ণে যা ত্বং মাতাং পরিচ্ছিন্দতাং পক্ষে ন অশ্বরী ন ব্যাপিকা সাকারত্বাৎ, অশ্বরীতি অশূঙ্ ব্যাপ্তৌ ইত্যশধাতোর্ব্বন্প্রত্যয়ে স্ত্রিয়াং রূপম্ এবং চ ন চতুর্থচরণান্তিমভাগেন পৌনরুক্ত্যম্।

বেণী-নীল-সমান-কুন্তল-হরী নিত্যান্নদানেশ্বরী,—নীলং নীলীবৃক্ষঃ তৎসমানাঃ তৎসবর্ণাঃ, যদ্বা নীলাঃ কৃষ্ণবর্ণাঃ সমানাঃ অন্যোন্যসদৃশাঃ মসৃণত্বাদিগুণেন পরস্পরং তুল্যাঃ মানেন পরিমাণবিশেষেণ দৈর্ঘ্যেণেতি যাবৎ সহ বর্ত্তমানা ইতি বা, মানঃ পূজা প্রশংসা তেন সহ বর্ত্তমানা উৎকৃষ্টত্বেন সর্ব্বৈরাদৃতা ইতি কল্পান্তরঃ কুন্তলা ইতি কর্ম্মধারয়ঃ, বেণীভূতা নীলসমানকুন্তলা যস্যাঃ সা চাসৌ হরী-নিত্যান্নদানেশ্বরী চেতি বিশেষণকর্ম্মধারয়ঃ, হরিঃ বিষ্ণুঃ তদ্বদাচরন্তীতি কর্ত্তুরুপমানাচারে ক্যঙি হরীয় ধাতোঃ কর্ত্তরি ক্বিপি হরীতি সিদ্ধম্। পালনং বিষ্ণুকার্য্যং তৎকরণেন হরিতুল্যাচরণমুক্তম্ অতএব নিত্যম্ অন্নদানে ঈশ্বরী। অব্যাহতসামর্থ্যা, স্বাতন্ত্র্যেণ তৎ সাধয়িত্রীত্যর্থঃ, হরীশ্চাসৌ নিত্যান্নদানেশ্বরী চেতি বিশেষণে কর্ম্মধারয়ঃ।

দশাশুভানি, দশাশ্চ শুভানি চ তৎকর্ত্রী বাল্যাদিরূপাঃ, অবস্থাঃ কলা-কাষ্ঠাদিরূপেণ পরিণামপ্রদায়িনীতি সপ্তশত্যুক্তেঃ বাল্যাদিকর্তৃত্বং দেব্যাঃ সিদ্ধম্।

আদি-ক্ষান্ত-সমস্তবর্ণন-করী শম্ভুপ্রিয়া শাঙ্করী *
কাশ্মীরত্রিপুরেশ্বরী ত্রিনয়নী-বিশ্বেশ্বরী † শর্ব্বরী।
সাক্ষান্মোক্ষকরী সদা শুভকরী ‡ কা
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৭ ॥

অনুবাদ।—যিনি (কুলকুণ্ডলিনীরূপে) অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশৎ মাতৃকাবর্ণ প্রকাশ করেন, যিনি শম্ভুদয়িতা মাহেশ্বরী, যিনি কাশ্মীরেশ্বরী

* 'শম্ভোস্ত্রিভাবাকরী'—পাঠান্তর। † 'নিত্যাঙ্কুরা' এই পাঠও দৃষ্ট হয়।
‡ 'কামাকাঙ্ক্ষকরী জনোদয়করী' পাঠান্তর।

সারদা ও ত্রিপুরেশ্বরী, যিনি নয়নত্রয়-শক্তি দ্বারা বিশ্বের অধীশ্বরী এবং সংহারকারিণী ; সাক্ষাৎ মোক্ষবিধায়িনী, সতত শুভকারিণী, সেই তুমি কাশীপুরীর অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা ; করুণা করিয়া আমাকে ভিক্ষা প্রদান কর ॥৭॥

**বিষমপদ-ব্যাখ্যা**—আদি-ক্ষান্ত-সমস্ত-বর্ণন-করী,—অকারাদি ক্ষকারান্তাঃ সমস্তবর্ণাঃ তেষামাখ্যানং বর্ণনং পরাদিভাবেন প্রকাশঃ, তৎকারিণী ; বর্ণশব্দস্য ণিজন্তস্য বর্ণনমিতিরূপম্। কুণ্ডলিনীরূপা হি দেবী বর্ণান্ প্রকাশয়তি, তদুক্তং প্রপঞ্চসারে—'অবৈষম্যান্মুখশ্রোত্রমার্গস্যাবিষদাক্ষরম্। অপ্যব্যক্তং প্রলপতি যদা সা কুণ্ডলী তদা। মূলাধারে বিষণতি সুষুম্নাং বেষ্টতে মুহুঃ।' ইতি। এতদ্বিবরণং পদার্থাদর্শে, "সূক্ষ্মা কুণ্ডলিনী মধ্যে জ্যোতির্ম্মাত্রাস্বরূপিণী। আশ্রোত্রবিষয়া তস্মাদুদগচ্ছত্যূর্দ্ধগামিনী। স্বয়ংপ্রকাশা পশ্যন্তী সুষুম্নামাশ্রিতা ভবেৎ। সৈব হৃৎপঙ্কজং প্রাপ্য মধ্যমা নাদরূপিণী। অন্তঃ সংজল্পমাত্রা স্যাদবিভক্তোর্দ্ধগামিনী। সৈবোরঃকণ্ঠতালুস্থা শিরোঘ্রাণরদস্থিতা। জিহ্বামূলোষ্ঠনির্দ্ধৃত-সর্ব্ববর্ণপরিগ্রহা। শব্দপ্রপঞ্চজননী শ্রোত্রগ্রাহ্যা তু বৈখরী।" ত্রিনয়নী-বিশ্বেশ্বরী ত্রয়াণাং নয়নানাং সমাহারঃ ত্রিনয়নী, তয়া বিশ্বস্য ঈষ্টে (ঔণাদিকো বরট্) সোমসূর্য্যাগ্নিরূপনয়নত্রয়েণ সর্ব্বাতিশায়িনী বিশ্বনিয়ন্ত্রীতি ভাবঃ ॥ ৭ ॥

দেবী সর্ব্ব-বিচিত্র-রত্ন-খচিতা দাক্ষায়ণী সুন্দরী,
বামা স্বাদু-পয়োধরা প্রিয়করী সৌভাগ্য-মাহেশ্বরী।
ভক্তাভীষ্টকরী সদা শুভকরী কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৮ ॥

**অনুবাদ**।—যিনি সর্ব্বপ্রকার বিচিত্র রত্নে অলঙ্কৃতা, যিনি সুন্দরী দাক্ষায়ণী, যিনি বামা, মধুর স্তন্যশালিনী, সদাপ্রীতিদায়িনী এবং সৌভাগ্য-মাহেশ্বরী, অর্থাৎ সকলকে সৌভাগ্য প্রদান করিয়া মাহেশ্বরী নামে প্রসিদ্ধা, ভক্ত-সাধারণের অভীষ্টপ্রদায়িনী, সদা কল্যাণ-সম্পাদিনী, সেই তুমি কাশীপুরীর অধীশ্বরী এবং মাতা ঈশ্বরী অন্নপূর্ণা ; করুণা করিয়া আমাকে ভিক্ষা প্রদান কর ॥ ৮ ॥

চন্দ্রার্কানল-কোটি-কোটি-সদৃশী চন্দ্রাংশু-বিম্বাধরী,
চন্দ্রার্কাগ্নি-সমান-কুণ্ডল-ধরী চন্দ্রার্ক-বর্ণেশ্বরী।
মালাপুস্তক-পাশসাঙ্কুশধরী কাশীপুরাধীশ্বরী,
ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ৯ ॥

**অনুবাদ**।—যিনি কোটি কোটি চন্দ্র, সূর্য্য ও বহ্নির ন্যায়

সমুজ্জ্বলপ্রভাশালিনী, জ্যোৎস্নাচুম্বিত বিম্বফলের ন্যায় যাঁহার ( স্মিত-শোভিত ) অধর, যাঁহার চন্দ্র, সূর্য্য ও অনলের ন্যায় ভাস্বর কুণ্ডলযুগল, যিনি মালা অক্ষপুস্তক পাশধারিণী অঙ্কুশ-সমন্বিতা ও গিরিবৎসলা, সেই তুমি কাশীর অধীশ্বরী, ঈশ্বরী মাতা অন্নপূর্ণা ; আমাকে কৃপা করিয়া ভিক্ষা প্রদান কর॥ ৯ ॥

**বিষমপদ-ব্যাখ্যা**—চন্দ্রাংশুবিম্বাধরী,—চন্দ্রাংশুবিম্বম্ চন্দ্রস্যাংশবো যস্মিন্ তৎ চন্দ্রাংশুচ্ছুরিতমিত্যর্থঃ, বিম্বং বিম্বফলং, তৎ অধরয়তি অধরং করোতি ইতি নামধাতোঃ কর্ম্মণোঽণি স্ত্রীত্বে চন্দ্রাংশুবিম্বাধরীতি। সদা মন্দস্মিতোদ্ভাসিতঃ খলু দেব্যা অধরশ্চন্দ্রাংশুচ্ছুরিতবিম্বফলসদৃশ ইতি ভাবঃ।

চন্দ্রার্কবর্ণা ঈশ্বরীতি শ্ছেদঃ যস্যা বর্ণঃ চন্দ্রবৎ স্নিগ্ধঃ সূর্য্যবদ্দীপ্তশ্চ,—ঈশ্বরী অষ্টৈশ্বর্য্যবতী। চতুর্থচরণে অন্নপূর্ণেশ্বরীত্যত্র ঈশ্বরীপদং জগৎস্রষ্ট্র্যাদিকর্ত্ত্রীবাচকম্, ইত্যর্থভেদান্নাস্য পৌনরুক্ত্যম্। ভক্তিবাহুল্যদ্যোতকতয়া পুনরুক্তিরত্র ন দোষায়েতি বা সর্ব্বত্র সমাধানম্।

অথবা চন্দ্রশ্চন্দ্রনাড়ী—ইড়া, সূর্য্যঃ সূর্য্যনাড়ী—পিঙ্গলা, বর্ণেশ্বরী বর্ণাভিব্যঞ্জনসমর্থা সুষুম্নানাড়ী। 'সুষুম্নাং বেষ্টতে মুহুঃ' ইত্যুক্তেঃ। নাড়ীত্রয়রূপা। ইড়া পিঙ্গলা ত্বং সুষুম্না চ নাড়ীত্যুক্তেঃ। মালা-পুস্তক-পাশ-সাঙ্কুশ-ধরী—মালা-পুস্তক-পাশা চাসৌ সাঙ্কুশা চেতীতি বিশেষণে কর্ম্মধারয়ঃ। অত্র চ মালা-পুস্তক-পাশা অস্যাঃ সন্তীতি অর্শ আদিত্বাদচ্ মালা-পুস্তকসহিতঃ পাশো যস্যাম্ ইতি মধ্যপদলোপী বা বহুব্রীহিঃ। সাঙ্কুশা অঙ্কুশেন সহ বর্ত্তমানা। ততো মালা-পুস্তক-পাশ-সাঙ্কুশা চাসৌ ধরীশ্চেতি সমাসঃ।

ধরং পর্ব্বতম্ ইচ্ছতি, ইতি ধরশব্দাৎ ক্যচি কর্ত্তরি ক্বিপি রূপম্। হিমালয়দুহিতৃত্বেন কৈলাসাবস্থিত্যা বা ইষ্টপর্ব্বতা ইত্যর্থঃ সা চাসৌ কাশীপুরাধীশ্বরী চেতি সমাসঃ॥ ৯ ॥

> ক্ষত্রত্রাণকরী মহাভয়করী মাতা কৃপাসাগরী,
> সর্ব্বানন্দকরী * সদাশিবকরী বিশ্বেশ্বরী শ্রীধরী † ।
> দক্ষাক্রন্দকরী নিরাময়করী কাশীপুরাধীশ্বরী,
> ভিক্ষাং দেহি কৃপাবলম্বনকরী মাতান্নপূর্ণেশ্বরী ॥ ১০ ॥

**অনুবাদ**।—যিনি ক্ষত্রিয়কুল পরিত্রাণ করিয়াছেন, উৎসবে অভয় প্রদান করেন, যিনি মূর্ত্তিমতী করুণা এবং সুধাস্বরূপা, শিবের আনন্দবিধায়িনী, সতত

---

* 'সাক্ষান্মোক্ষকরী' এই পাঠও আছে।

† 'বিশ্বেশ্বর-শ্রীধরী' পাঠান্তর।

শিবসম্পাদনী বিশ্বেশ্বরী; যিনি লক্ষ্মীরূপা, দক্ষদুঃখবিধায়িনী ও নিরাময়করী, সেই তুমি কাশীপুরের অধীশ্বরী মাতা ঈশ্বরী অন্নপূর্ণা; করুণা করিয়া আমাকে ভিক্ষা প্রদান কর ॥ ১০ ॥

।বঙ্গানন্দ-ব্যাখ্যা।—মহাভয়করী,—মহস্য উৎসবস্য অভয়করী উৎসবভঙ্গভয়নিবারণী, শত্রূণাং মহতীং ভীতিং জনয়ন্তী ইতি বা, মহৎ অব্যাহতম্ অভয়ং কুর্ব্বতী ভক্তানাম্ ইতি কল্পান্তরম্।

কৃপাসাগরী, সাগরস্যেয়ং ইতি সাগরী শক্তির্গম্যতে, কৃপা সাগরী সাগরশক্তিরিব যস্যাং, সাগরশক্তির্যথা নিরবধিঃ তথা যস্যাং কৃপা নিরবধিঃ, সাগরী সাগরসম্ভবা সুধা ইত্যর্থঃ, কৃপৈব সাগরী যস্যাং ইতি বা, অথবা কৃপাসাগরীতি চ পৃথক্ পদদ্বয়ং, কৃপা মূর্ত্তিমতী করুণা, "যা দেবী সর্ব্বভূতেষু দয়ারূপেণ সংস্থিতা" ইত্যুক্তেঃ। সাগরী সুধারূপা চ "সুধা ত্বমক্ষরে নিত্যে" ইত্যুক্তেঃ। শ্রীধরী শ্রীধরস্য পত্নী লক্ষ্মীঃ, হে মাতঃ লক্ষ্মীস্বত্তো নাতিরিচ্যতে ইতি ভাবঃ ॥ ১০ ॥

অন্নপূর্ণে সদাপূর্ণে শঙ্করপ্রাণবল্লভে।
জ্ঞানবৈরাগ্যসিদ্ধ্যর্থং ভিক্ষাং দেহি চ পার্ব্বতি ॥ ১১ ॥

অনুবাদ।—হে অন্নপূর্ণে! তুমি নিয়ত পূর্ণরূপে বিরাজিতা আছ, তুমি মহাদেবের প্রাণতুল্য প্রিয়পত্নী। হে পার্ব্বতি! তুমি জ্ঞান ও বৈরাগ্যসিদ্ধির জন্য ভিক্ষা দান কর অর্থাৎ আমি যেন সংসারের অনুরাগ ত্যাগ করিয়া জ্ঞান ও বৈরাগ্য উপার্জ্জন পূর্ব্বক মোক্ষ লাভ করিতে পারি, আমার এই বাসনা পূর্ণ কর ॥ ১১ ॥

মাতা চ পার্ব্বতী দেবী পিতা দেবো মহেশ্বরঃ।
বান্ধবাঃ শিবভক্তাশ্চ স্বদেশো ভুবনত্রয়ম্ ॥ ১২ ॥

ইতি অন্নপূর্ণা-স্তোত্রং সম্পূর্ণম্।

অনুবাদ।—পার্ব্বতী দেবী আমার মাতা, দেবাদিদেব মহাদেব পিতা, শিবভক্তবৃন্দ আমার বান্ধব এবং ত্রিলোকই আমার স্বদেশ ॥ ১২ ॥

অন্নপূর্ণাস্তোত্র সম্পূর্ণ।

# আনন্দলহরী-স্তোত্রম্।

শ্রীগণেশায় নমঃ।

অত্রেত্থং পদযোজনা—হে ভগবতি! কলঙ্কঃ কস্তূরী রজনিকরবিম্বং জলময়ং কলাভিঃ কর্পূরৈঃ নিবিড়িতং মরকতকরণ্ডম্। অতঃ ইদং প্রতিদিনং ত্বদ্ভোগেন রিক্তকুহরং বিধিঃ ভূয়োভূয়ঃ তব কৃতে নিবিড়য়তি নূনম্।

অত্রাতিশয়োক্তিরলঙ্কারঃ, মরকতকরণ্ডত্বেন চন্দ্রমণ্ডলস্যাধ্যবসানাৎ। যথা—

অপহ্নবালঙ্কারঃ, অয়ং কলঙ্কো ন ভবতি, অপি তু কস্তূরী ; ইদং রজনিকরবিম্বং ন ভবতি কিন্তু বহিঃপ্রতিফলিতমন্তর্গতং পন্নীরং ; ইমাঃ কলাঃ ন ভবন্তি অপি তু কর্পূররজঃ ; ইদমিন্দুমণ্ডলম্ অন্তঃস্থিতদ্রব্যপ্রতিফলনবশাৎ পীতবর্ণং প্রতীয়তে বস্তুতস্তু শ্বেতবর্ণমেবেত্যাহুবস্থাপহ্নবমালায়াঃ প্রতীতেঃ। উৎপ্রেক্ষালঙ্কারশ্চ ; প্রতিপদাদিদিনেষু বৃদ্ধিক্ষয়বতঃ চন্দ্রমসঃ কস্তূর্য্যাদিদ্রব্যব্যয়প্রচয়াভ্যাম্ ঈষদ্রিক্তত্ব-সংপূর্ণত্বয়োঃ সম্ভাবনাৎ। অতঃ অনয়োরনুস্যূষ্টিঃ অঙ্গাঙ্গিভাবেন পৃথক্‌স্থিত্যা অবস্থানাৎ ॥ ৯৫ ॥ *

**লক্ষ্মীধরকৃত-টীকার মর্ম্মানুবাদ।**—দৃশ্যমান চন্দ্রমণ্ডলে কলঙ্ক—বাস্তব নহে, উহা কস্তূরী ( মৃগনাভি ), চন্দ্র পনীর, কলাসমূহ কর্পূর,—মরকতপাত্রে সজ্জিত হওয়াতে চন্দ্রমণ্ডলরূপে পরিদৃষ্ট হইয়া থাকে। হে ভগবতি, আপনি ঐ সকল বস্তু ভোগ করেন বলিয়া প্রতিদিন ( কৃষ্ণপক্ষে ) তাহার ক্ষয় হয়, বিধাতা তাহা আবার ( শুক্লপক্ষে ) আপনারই জন্য পূর্ণ করেন। (এতন্মধ্যে চন্দ্রকলাবিদ্যাসাধনার সঙ্কেত আছে ) ॥ ৯৫ ॥

**অচ্যুতানন্দকৃত-টীকা।**—শ্রীমত্যাঃ পূজায়াং পাত্রাদিকং নিরূপয়তি কলঙ্ক ইতি। জলবজ্জলং চন্দ্ররশ্মিঃ পীযূষমিতি যাবৎ। জলময়ং পীযূষপূর্ণং রজনিকরবিম্বং চন্দ্রমণ্ডলং কলাভিঃ কর্পূরৈর্নিবিড়িতং চন্দ্রকলারূপকর্পূরৈঃ পূরিতং মরকতকরণ্ডং প্রতিদিনম্ ইত্যস্মাভির্লক্ষ্যত ইত্যাহুম্। শরচ্চন্দ্রস্য শুক্লবর্ণতয়া মরকতমণেঃ কৃষ্ণবর্ণত্বাৎ উৎপ্রেক্ষ্যতে। কলঙ্কঃ কস্তূরী যত্র। তথা চ সৌগন্ধ্যার্থং পূজাপাত্রাণি কস্তূর্য্যাদিভিঃ সংক্রিয়তে। অতঃ কারণাৎ ত্বদ্ভোগেন আত্মভোগার্থং শ্রীমত্যা নিরূপিতং রিক্তকুহরং শূন্যগর্ভম্ ইদং মরকতকরণ্ডং নূনং নিশ্চিতং তব কৃতে যুষ্মদর্থং বিধির্ভূয়ো ভূয়ঃ পূরয়তি। তথা চোর্দ্ধাম্নায়ে,—"ব্রহ্মরন্ধ্রাদধোভাগে যচ্চান্দ্রং পাত্রমুত্তমম্। কলাসারেণ সম্পূজ্য তর্পয়েত্তেন খেচরীমিতি" ॥ ৯৫ ॥

**অনুবাদ।**—বিশ্বজননি! আমার বোধ হয়, বিধাতা তোমার পূজার জন্য চন্দ্রমণ্ডলরূপ মরকতমণিময় অমৃতপাত্র প্রতিদিন পুনঃ পুনঃ অমৃতপূর্ণ করিয়া অর্পণ করিতেছেন। এই পাত্রে রশ্মিপুঞ্জই অমৃতস্বরূপ ও কলঙ্কই সুগন্ধিদ্রব্য কস্তূরীস্বরূপ। ইহা কলারূপ কর্পূরখণ্ড দ্বারা পরিপূরিত হইয়া থাকে। মাতঃ! তোমার ভোগ দ্বারা এই পাত্র যেমন শূন্যগর্ভ হয়, বিধাতা অমনই তোমার পূজার নিমিত্ত তাহা অমৃতপূর্ণ করিয়া দিয়া থাকেন ॥ ৯৫ ॥

**তাৎপর্য্য।**—চন্দ্রমণ্ডল মরকতমণিময় পাত্রের ন্যায় স্বভাবতঃ শ্যামবর্ণ ;

---

* ১৪ নং মুঃ পুঃ।

কিন্তু উহা কলারূপ কর্পূরখণ্ড এবং রশ্মিপুঞ্জরূপ অমৃতরাশি দ্বারা পরিপূর্ণ হওয়াতে শুভ্রবর্ণ দৃষ্ট হয়; পরন্তু কলা ও রশ্মি ক্ষয় হইলে পুনর্ব্বার মরকতমণির ন্যায় শ্যামবর্ণ দৃষ্ট হইতে থাকে। ঊর্দ্ধাম্নায়ে কথিত হইয়াছে যে, ব্রহ্মরন্ধ্রের অধোদেশে যে চন্দ্রময় উত্তম অমৃতপাত্র আছে, তাহার কলা দ্বারা বিশ্বজননীর পূজা করিয়া ঐ অমৃত দ্বারা তর্পণ করিবে ॥ ৯৫ ॥

স্বদেহোদ্ভূতাভির্ঘৃণিভিরণিমাদ্যাভিরভিতো,
নিষেব্যাং * নিত্যে ত্বামহমিতি সদা ভাবয়তি যঃ।
কিমাশ্চর্য্যং তস্য ত্রিনয়নসমৃদ্ধিং তৃণয়তো,
মহাসংবর্ত্তাগ্নির্ব্বিরচয়তি নীরাজনবিধিম্ ॥ ৯৬ ॥

**লক্ষ্মীধরকৃত-টীকা।**—স্বদেহোদ্ভূতাভিঃ স্বস্যাঃ দেহঃ স্বদেহঃ তস্মাদুদ্ভূতাভিঃ। অত্র দেহশব্দঃ দেহাবয়বং চরণং লক্ষয়তি। ঘৃণিভিঃ ময়ূখৈঃ। ময়ূখানাং চরণোদ্ভবত্বমুক্তং প্রাক্। অণিমাদ্যাভিঃ অণিমাগরিমেত্যাদিভিঃ অষ্টসিদ্ধিভিঃ অভিতঃ আবরণত্বেন অবস্থিতাভিঃ যুক্তামিতি শেষঃ। নিষেব্যে! সংসেব্যে! নিত্যে! আদ্যন্তরহিতে! ত্বাম্ এতাদৃশীম্ অহমিতি অহন্তাবনয়া সদা সর্ব্বকালং ভাবয়তি ধ্যানং করোতি যঃ সাধকঃ। কিমাশ্চর্য্যং নাস্ত্যাশ্চর্য্যম্ তস্য সাধকস্য ত্রিনয়নসমৃদ্ধিং ত্রীণি নয়নানি মার্গাঃ প্রাপকাঃ সূর্য্যচন্দ্রাগ্নিরূপাঃ যস্য দর্শনায়েতি স ত্রিনয়নঃ। যদ্বা—ইড়াপিঙ্গলাসুষুম্নামার্গাঃ ত্রয়ঃ তদ্দর্শনে উপায়া ইতি ত্রিনয়নঃ সদাশিবঃ। যদ্বা ত্রীণি নয়নানি চক্ষূংষি যস্য সঃ ত্রিনয়নঃ। ক্ষুভ্নাদিত্বাৎ ণত্বাভাবঃ। তস্য সমৃদ্ধিম্ ঐশ্বর্য্যং তৃণয়তঃ তৃণীকুর্ব্বতঃ মহাসংবর্ত্তাগ্নিঃ প্রলয়কালাগ্নিঃ বিরচয়তে করোতি। নীরাজনবিধিং নীরাজনানুষ্ঠানম্। তস্য নীরাজনক্রিয়ায়ামবস্থিতঃ প্রলয়াগ্নিরপীত্যর্থঃ।

অত্রেত্থং পদযোজনা—হে নিত্যে! নিষেব্যে! স্বদেহোদ্ভূতাভিঃ ঘৃণিভিঃ অণিমাদ্যাভিঃ অভিতোঽবস্থিতাভিঃ পরিবৃতাং ত্বাং যং সাধকঃ অহমিতি সদা ভাবয়তি, ত্রিনয়নসমৃদ্ধিং তৃণয়তঃ তস্য মহাসংবর্ত্তাগ্নিঃ নীরাজনবিধিং বিরচয়তীত্যত্র কিমাশ্চর্য্যম্।

অয়ং ভাবঃ—অহমিতি ভাবনয়া তাদাত্ম্যসিদ্ধৌ ভগবত্যাঃ তন্নীরাজনবিধিরাশ্চর্য্যকরো ন ভবতীতি ॥ ৯৬ ॥

---

* 'নিষেব্যে' ইতি ন পাঠঃ। তন্মতেঽয়ং ত্রিংশঃ শ্লোকঃ।

**লক্ষ্মীধরকৃত-টীকার মর্ম্মানুবাদ।**—হে নিত্যে, নিষেব্যে, আপনার চরণোদ্ভূত কিরণস্বরূপ অণিমাদি অষ্টসিদ্ধি-পরিবৃতা আপনাকে যে সাধক 'অহং'ভাবে সদা ধ্যান করে, শিবের ঐশ্বর্য্যেও তৃণ-জ্ঞানযুক্ত সেই ব্যক্তি (কালে তোমার সাযুজ্য প্রাপ্ত হওয়াতে) প্রলয়কালের অনলে যে নীরাজিত হইবে, তাহার আর আশ্চর্য্য কি ॥ ৯৬ ॥

**অচ্যুতানন্দকৃত-টীকা।**—স্বদেহ ইতি। হে নিত্যে! হে নিত্য-স্বরূপে! স্বদেহোদ্ভূতাভিঃ স্বশরীরজাতাভির্ঘৃণিভিঃ অণিমাদ্যাভিঃ সিদ্ধিভিরভিতো নিষেব্যাং ত্বাং অহমিতি যঃ সদা ভাবয়তি সোঽহংভাবেন যঃ সদা উপাস্তে, ত্রিনয়ন-সমৃদ্ধিং তৃণয়তঃ শিবসম্পত্তিং তৃণীকুর্ব্বতস্তস্য মহাসংবর্ত্তাগ্নির্মহাপ্রলয়াগ্নির্নীরা-জনবিধিং নির্ম্মঞ্ছনবিধিং বিরচয়তীতি কিমাশ্চর্য্যম্। স এব সদাশিব ইতি ভাবঃ ॥ ৯৬ ॥

**অনুবাদ।**—হে নিত্যে! "স্বীয় দেহসম্ভূত রশ্মিবৃন্দরূপ অণিমাদি আবরণ-দেবতা কর্ত্তৃক যিনি সেবিতা হইয়াছেন, আমি সেই ভগবতী ত্রিপুরাসুন্দরী," এইরূপ সোঽহংভাবে যিনি তোমাকে সর্ব্বদা চিন্তা করেন, তিনি মহাদেবের অষ্ট-বিভূতিকেও তৃণজ্ঞান করিয়া থাকেন। মহাপ্রলয়কাল উপস্থিত হইলে সর্ব্ব-সংহারক মহাপ্রলয়াগ্নিও তাঁহার নীরাজনকার্য্য সম্পাদন করিয়া থাকে। ইহাতে আর আশ্চর্য্য কি? অর্থাৎ সেই সাধক চিরতরে শিবরূপে অবস্থিত হইয়া থাকেন ॥ ৯৬ ॥

কলত্রং বৈধাত্রং কতি কতি ভজন্তে ন কবয়ঃ,
শ্রিয়ো দেব্যাঃ কো বা ন ভবতি পতিঃ কৈরপি ধনৈঃ।
মহাদেবং হিত্বা তব সতি সতীনামচরমে,
কুচাভ্যামাসঙ্গঃ কুরু(র)বকতরোরপ্যসুলভঃ ॥ ৯৭ ॥

।—কশ্মলাৎ ত্রায়ত ইতি কলত্রম্। কশ্মলং নরকং মধ্যবর্ণলোপঃ পৃষোদরাদিত্বাৎ সাধুঃ। কলত্রং কশ্মলাৎ ত্রায়ত ইতি রক্ষিতঃ। বৈধাত্রং বিধাতৃসম্বন্ধি। বিধাতৃশব্দস্য "তস্যেদম্" ইতি টণি কৃতে সম্বন্ধমাত্রপরত্বে তদ্বিশেষজিজ্ঞাসায়াং কলত্রশব্দস্যান্বয় ইতি, বি ধাতুঃ কলত্রমিত্যুক্তে সম্বন্ধমাত্রে বিহিতা ষষ্ঠী সম্বন্ধিন্যেব পর্য্যবস্যতীতি সাক্ষাদন্বয় ইতি ভাবঃ। অতো নায়ং প্রয়োগো

দোষাবহঃ। বৈধাত্রং কলত্রং সরস্বতীং কতি কতি ভজন্তে সেবন্তে ন কবয়ঃ কে বা কবয়ো ন ভজন্তে সর্ব্বেঽপি ভজন্ত ইত্যর্থঃ। শ্রিয়ো দেব্যাঃ লক্ষ্ম্যাঃ কো বা ন ভবতি পতিঃ কৈরপি ধনৈঃ। মহাদেবং সদাশিবং হিত্বা তব ভবত্যাঃ সতি! পরিব্রতে! সতীনাং পতিব্রতানাম্ অচরমে! অগ্রগণ্যে! কুচাভ্যাম্ আসঙ্গঃ আলিঙ্গনং কুরবক-তরোরপি অসুলভঃ সুলভো ন ভবতি। কুচালিঙ্গনং দোহদত্বেনাপি কুরবক-তরোরচেতনস্যাপি ন সম্ভবতি কিমু বক্তব্যং পুরুষান্তরস্যেতি পাতিব্রত্যং বাচাম-গোচর ইতি ভাবঃ।

অত্রেত্থং পদযোজনা—হে সতি! বৈধাত্রং কলত্রং কতি কতি কবয়ঃ ন ভজন্তে। শ্রিয়ো দেব্যাঃ কৈরপি ধনৈঃ কো বা পতিঃ ন ভবতি। হে সতীনাম-চরমে! মহাদেবং হিত্বা তব কুচাভ্যামাসঙ্গঃ কুরবকতরোরপ্যসুলভঃ।

অয়মর্থঃ—যে মন্ত্রজপাস্যাসাদিতসারস্বতাঃ তে সরস্বতীবল্লভা ইতি গীয়ন্তে। যে ধনধান্যাশ্বগজাদিসমৃদ্ধিমন্তঃ তে লক্ষ্মীপতয়ঃ ইতি গীয়ন্তে। পার্ব্বতীপতিস্তু মহাদেব এবেতি ভবত্যাঃ পাতিব্রত্যমহিমা অবাঙ্মনসগোচর ইতি॥ ৯৭॥

**অচ্যুতানন্দকৃত-টীকা।**—কলত্রমিতি। হে সতি! সতীনাম-চরমে! সতীনাং মুখ্যে! মহাদেবং হিত্বা তব কুচাভ্যামাসঙ্গঃ তবালিঙ্গনং কুরুবকতরোঃ ঝিণ্টিবৃক্ষস্যাপি দুর্লভঃ কুরুবকো নাম ঝিণ্টিবৃক্ষবিশেষঃ। তস্যালিঙ্গনে স্ত্রীণাং কামবৃদ্ধির্ভবতি। তথাচ কামশাস্ত্রে,—কুরুবকতরোরালিঙ্গনাৎ সিদ্ধবার ইতি। মহা-দেবস্য সর্ব্বাত্মকত্বাৎ শ্রীমত্যাঃ সর্ব্বাধারভূতত্বাৎ ক্রিয়াব্যাভিচারো নাস্তীতি ভাবঃ। তথাচ ভারতে—"ন চক্রাঙ্কা ন পদাঙ্কা ন বজ্রাঙ্কা জনাঃ কচিৎ। লিঙ্গাঙ্কাশ্চ ভগাঙ্কাশ্চ তেন মাহেশ্বরী প্রজা" ইতি। অন্যাসাং ক্রিয়াব্যভিচারমাহ— বৈধাত্রং কলত্রং কতি কতি কবয়ো ন ভজন্তে অপি তু কাব্যসামর্থ্যমাত্রেণ বাগীশা ভবন্তি ন তু মূর্খাঃ। শ্রিয়ো দেব্যা লক্ষ্ম্যাঃ কৈরপি ধনৈর্ধনসম্পর্ক-মাত্রেণ কঃ পতির্ন ভবতি, অপি তু সর্ব্ব এব ধনিনঃ লক্ষ্মীপতয়ঃ ন তু দরিদ্রা ইতি ভাবঃ॥ ৯৭॥

**অনুবাদ।**—হে সতীগণের অগ্রগণ্যে সতি! একমাত্র তুমিই মহাদেবকে ছাড়িয়া কুরুবক-বৃক্ষকেও আলিঙ্গন কর না। ব্রহ্মার পত্নী বাগ্দেবীর ভজনায় বাক্‌পতিত্বলাভ কত কত কবির না হইয়াছে? যাঁহার কিছু ধনসঞ্চয় হয়, তিনিই লক্ষ্মীপতি বলিয়া বিখ্যাত হইয়া থাকেন। (কবিপ্রসিদ্ধি আছে, রমণীর আলিঙ্গনে কুরুবকের পুষ্পোদ্গম হয়। বৃক্ষের প্রতি এইরূপ ব্যবহার দোষাবহ না হইলেও—তোমার দ্বারা তাহাও ঘটে না।)॥ ৯৭॥

গিরামাহুর্দ্দেবীং দ্রুহিণগৃহিণীমাগমবিদো,
হরেঃ পত্নীং পদ্মাং হরসহচরীমদ্রিতনয়াম্।
তুরীয়া কাপি ত্বং দুরধিগমনিঃসীমমহিমা,
মহামায়া বিশ্বং ভ্রময়সি পরব্রহ্মমহিষি ॥ ৯৮ ॥ *

**লক্ষ্মীধরকৃত-টীকা**।—গিরাং বাচাম্ আহুঃ কথয়ন্তি দেবীম্ অধি-দেবতাং দ্রুহিণগৃহিণীং ব্রহ্মণঃ পত্নীম্ আগমবিদঃ আগমরহস্যবেদিনঃ হরেঃ বিষ্ণোঃ পত্নীং জায়াং পদ্মাং পদ্মালয়াং হরসহচরীং শম্ভুপত্নীম্ অদ্রিতনয়াং পার্বতীম্। তুরীয়া চতুর্থী কাহপি অনির্বাচ্যা ত্বং দুরধিগমনিঃসীমমহিমা দুঃখেন অধিগন্তুং শক্যঃ স চাসৌ নিঃসীমো মহিমা যস্যাঃ সা দেশতঃ কালতো বস্তুতশ্চাপরিচ্ছেদ্যেত্যর্থঃ। মহামায়া শুদ্ধবিদ্যান্তর্গতং মায়াতত্ত্বং বিশ্বং প্রপঞ্চং ভ্রময়সি বিবর্তয়সীতি বিবর্তঃ ব্রহ্মধর্ম্মং মায়ায়ামতিদিশতি। পরব্রহ্মমহিষি পরব্রহ্মণঃ সদাশিবস্য মহিষি। তথা তু শ্রূয়তে—"হ্রীশ্চ তে লক্ষ্মীশ্চ পত্ন্যৌ" † ইতি পুরুষসূক্তে। হ্রীঃ ভুবনেশ্বরী লক্ষ্মীঃ শ্রীবিদ্যা উভে ব্রহ্মণস্তে পত্ন্যৌ। অত্র তয়োর্ম্মধ্যে শ্রীবিদ্যায়াঃ প্রাধান্যং, শ্রীবিদ্যায়াং ভুবনেশ্বর্য্যা অন্তর্ভাবাৎ। ভুবনেশ্বর্য্যাং ন শ্রীবিদ্যায়া অন্তর্ভাব ইতি চন্দ্রকলাপ্রাধান্যং সৈব মহিষীতি ধ্যেয়ম্।

অত্রেত্থং পদযোজনা—হে পরব্রহ্মমহিষি! আগমবিদঃ ত্বামেব দ্রুহিণগৃহিণীং গিরাং দেবীমাহুঃ ; ত্বামেব হরেঃ পত্নীং পদ্মামাহুঃ, ত্বামেব হরসহচরীম্ অদ্রিতনয়া-মাহুঃ ; ত্বং তুরীয়া কাহপি দুরধিগমনিঃসীমমহিমা মহামায়া সতী বিশ্বং ভ্রময়সি।

অয়মর্থঃ—একামেব ভগবতীং নানা নামভিঃ গৃণন্ত্যাগমবিদঃ পরব্রহ্মমহিষী শ্রীবিদ্যাপরনামধেয়া চন্দ্রকলা একৈবেতি ॥ ৯৮ ॥

**লক্ষ্মীধরকৃত-টীকার মর্ম্মানুবাদ**।—হে পরব্রহ্মমহিষি, আগমজ্ঞগণ আপনাকেই ব্রহ্মার পত্নী সরস্বতী, বিষ্ণুজায়া লক্ষ্মী এবং শিবসীমন্তিনী দুর্গা বলিয়া থাকেন, শ্রীবিদ্যানাম্নী যে চন্দ্রকলা, তৎস্বরূপা অজ্ঞেয়-অসীম-মহিমশালিনী আপনি, অনির্ব্বচনীয়া তুরীয়া এবং জগৎপ্রপঞ্চ-বিবর্ত্তের অধিষ্ঠান ॥ ৯৮ ॥

**অচ্যুতানন্দকৃত-টীকা**।—গিরামিতি। হে পরব্রহ্মমহিষি! আগমবিদো জ্ঞানিনঃ দ্রুহিণগৃহিণীং ব্রহ্মণঃ শক্তিং বাগীশ্বরীমাহুঃ বিদুষামধিষ্ঠাত্রী-মাহুঃ। হরেঃ পত্নীং লক্ষ্মীমাহুঃ ধনিনামধিষ্ঠাত্রীম্। হরসহচরীং দুর্গামাহুঃ

* তৈঃ আঃ ৩।১৩। † ১৭ ন-সূ-পু।

জ্ঞানিনামধিষ্ঠাত্রীম্। হে মহামায়ে! ত্বং পুনস্তুরীয়া এতত্ত্রয়াতিরিক্তা কাপি অনির্ব্বচনীয়া। যতো বিশ্বং ভ্রময়সি জগন্মোহয়সি। ত্বং কিম্ভূতা? দুরধিগমনিঃসীম-মহিমা দুর্জ্ঞেয়োঽপরিমিতঃ মহিমা যস্যাঃ সত্ত্বরজস্তমসামতিরিক্তাসীত্যর্থঃ॥ ৯৮॥

**অনুবাদ।**—হে পরব্রহ্মমহিষি! আগমবিদ্জনগণ ব্রহ্মার পত্নীকে বাগ্দেবী বলিয়া কীর্ত্তন করেন (ইনি পণ্ডিতগণের অধিষ্ঠাত্রী দেবতা); তাঁহারা বিষ্ণুর পত্নীকে লক্ষ্মী বলিয়া নির্দ্দেশ করেন (ইনি ধনীদিগের অধিষ্ঠাত্রী দেবতা); তাঁহারা বলেন, পর্ব্বত-তনয়া দুর্গা মহেশ্বরের সহচরী (ইনি জ্ঞানীদিগের অধিষ্ঠাত্রী দেবতা)। হে মহামায়ে! এই শক্তিত্রয় হইতে অতিরিক্তা গুণত্রয়াতীতা চতুর্থী তুমি কে, আমরা তাহা নিরূপণ করিতে সমর্থ নহি। তোমার দুরধিগম্য মহিমার সীমা নিরূপিত হয় না। তুমি এই ব্রহ্মাণ্ডমণ্ডলকে মোহিত করিতেছ॥ ৯৮॥

সমুদ্ভূতস্থূলস্তনভরমুরশ্চারু হসিতং,
কটাক্ষে কন্দর্পাঃ কতি চ ন কদম্বদ্যুতিবপুঃ।
হরস্য ত্বদ্‌ভ্রান্তিং মনসি জনয়ামাস মদনো,
ভবত্যাং যে ভক্তাঃ পরিণতিরমীষামিয়মুমে॥ ৯৯॥ *

**অচ্যুতানন্দকৃত-টীকা।**—সমুদ্ভূত ইতি। হে উমে! ভবত্যাং যে ভক্তাঃ অমীষামিয়ং পরিণতিঃ ফলপরিপাকঃ তদ্দর্শয়ন্নাহ,—মদনঃ কন্দর্পঃ হরস্য মনসি ত্বদ্ভ্রান্তিং জনয়ামাস ত্বামভেদেন ভজন্ আত্মনি ত্বদ্ভ্রান্তিং জনয়ামাস। মদনঃ কিম্ভূতঃ? কদম্বদ্যুতিবপুঃ কদম্বপুষ্পবদ্দ্যুতিঃ শোভা যস্য বপুষঃ। তৎ কিং কৃতবানিত্যাহ। উরো বক্ষঃসমুদ্ভুত-স্থূলস্তনভরং কৃতবান্ প্রাদুর্ভূতঃ স্থূল-স্তনয়োর্ভরো যত্র। হসিতং চারু কৃতবান্। পূর্ব্বং প্রৌঢ়হাস্যমাসীৎ, তদ্বিহায় মনোহরং কৃতবান্। কটাক্ষে কতি কন্দর্পা ন সন্তি, অপি তু সন্ত্যেব॥ ৯৯॥

**অনুবাদ।**—হে উমে! মদন তোমাকে কামরাজবিদ্যা দ্বারা অভিন্নভাবে উপাসনা করাতে তোমারই স্বরূপ লাভ করিয়া, মহাদেবের মনে ভ্রান্তি জন্মাইয়া দিলেন, মহাদেব মদনকেই তোমার স্বরূপ মনে করিলেন। মদনের বক্ষঃস্থলে আপনি পয়োধরমণ্ডল সমুদ্ভূত হইল; অট্টহাস্যের পরিবর্ত্তে সুললিত মধুর হাস্য প্রকাশ পাইল, কটাক্ষে শত শত মদন অবস্থান করিতে লাগিল এবং শরীর

* অয়ং শ্লোকো লক্ষ্মীধরেণ ভগবৎপাদরচিতো ন ইত্যুল্লিখ্যোপেক্ষিতঃ।

কদম্বপুষ্পের ন্যায় শোভাযুক্ত হইয়া উঠিল। জননি! যাঁহারা তোমার ভক্ত, যাঁহারা তোমাকে অভিন্নভাবে চিন্তা করেন, তাঁহাদিগের এইরূপ গতিই হইয়া থাকে। ভক্তগণ যদি তোমাকে অভিন্নভাবে চিন্তা করেন, তাহা হইলে তাঁহারা সারূপ্য-মুক্তি লাভ করিতে পারেন, সন্দেহ নাই ॥ ৯৯ ॥

সরস্বত্যা লক্ষ্ম্যা বিধিহরিসপত্নো বিহরতে,
রতেঃ পাতিব্রত্যং শিথিলয়তি রম্যেণ বপুষা।
চিরং জীবন্নেব ক্ষয়ি(পি)তপশুপাশব্যতিকরঃ,
পরং ব্রহ্মা-*ভিখ্যং রসয়তি রসং ত্বদ্ভজনবান্ ॥ ১০০ ॥

**লক্ষ্মীধরকৃত-টীকা।**—প্রক্রান্তাং স্তুতিম্ উপসংহরন্ ষট্কমলভেদ-সিদ্ধান্তং নির্দিশতি—

সরস্বত্যা ভারত্যা লক্ষ্ম্যা পদ্মালয়য়া বিধিহরিসপত্নঃ—যথাক্রমমিতি শেষঃ—সরস্বতীপতিত্বেন বিধেঃ ব্রহ্মণঃ সপত্নঃ অসূয়াস্পদং, লক্ষ্মীপতিত্বেন হরেঃ অসূয়া-স্পদমিত্যর্থঃ। বিহরতে বিহরমাণঃ রতেঃ কামমহিষ্যাঃ পাতিব্রত্যং পতিব্রতাধর্ম্মং পুরুষান্তরাসম্পর্করূপং শিথিলয়তি, মন্মথাকারতয়া রতেঃ মন্মথভ্রান্তিং জনয়ন্ সম্ভোগেচ্ছাং জনয়তীতি ভাবঃ। রম্যেণ অতিসুন্দরেণ বপুষা শরীরেণ, তাদাত্ম্য-বুদ্ধ্যেতি যাবৎ। এবং সাদাখ্যায়াঃ কলায়াঃ উপাসকস্য ঐহিকফলমুক্ত্বা আমুষ্মিক-মপ্যাহ —চিরং জীবন্নেব নিত্যজীবনঃ সন্। সাবয়বদ্রব্যস্য নিত্যত্বং পশুপাশব্যতি-করক্ষপণহেতুকম্। অত্র কেবলব্যতিরেকি অনুমানং সাধনত্বেন প্রয়োজ্যম্—সাবয়বং যৎ ক্ষপিতপশুপাশব্যতিকরং ন ভবতি, তন্নিত্যং ন ভবতি, যথা পশ্বাদি ইতি জীবন্মুক্তিসিদ্ধিঃ। সাবয়বাঃ কপিলাদয়ঃ, মার্কণ্ডেয়াদয়ো নিত্যসিদ্ধাঃ, অতঃ অন্বয়ব্যতিরেকি বা ভবতু সাবয়বস্য নিত্যতায়াং সাধনম্। এবং নিত্যজীবনঃ সন্ ক্ষপিতপশুপাশব্যতিকরঃ ক্ষপিতঃ বিনষ্টঃ পশুপাশয়োঃ ব্যতিকরঃ যস্য সঃ ক্ষপিতো বিনাশিতঃ পশুপাশব্যতিকরো যেন ইতি বা। পশুঃ জীবঃ, ইন্দ্রিয়ৈঃ প্রপঞ্চং পশ্যতীতি। যদ্বা—পশ বন্ধনে ইত্যস্মাদ্ধাতোঃ পশুঃ অবিদ্যাবদ্ধো জীবঃ, পাশঃ অবিদ্যা। এতচ্চ শ্রূয়তে—

অদিতিঃ পাশং প্রমুমোক্তেতং নমঃ
পশুভ্যঃ পশুপতয়ে করোমি ॥ †

অস্যার্থঃ—অদিতিঃ আদিত্যমণ্ডলান্তর্গতা বৈষ্ণবী শক্তিঃ। পাশম্ অবিদ্যাকৃতং

* 'পরানন্দা' ইতি ল পাঠঃ।

† তৈঃ সং ৩।১।৪

বন্ধং প্রমুমোক্তু প্রকর্ষেণ অত্যন্তং মোচয়তু। এতৎ নমঃ নমস্কারং পশুভ্যঃ পশুপতয়ে করোমি। পশুভ্য ইতি তাদর্থ্যে চতুর্থী। পশুত্বস্য নিবৃত্তিঃ পশুত্বনিবৃত্তিঃ তদর্থং পশুত্বনিবৃত্ত্যর্থম্। অয়মর্থঃ—অদিতিঃ পশুপতিনা সদাশিবেন যুক্তা পাশবিমোচনং করোত্বিতি। পশুশব্দস্য জীববাচিত্বং তৈত্তিরীয়কে সৌম্যকাণ্ডে "তেষামসুরাণাম্" * ইত্যনুবাকে তেষামসুরাণামিত্যারভ্য "তস্মাদ্রুদ্রঃ পশূনামধিপতিঃ" ইত্যন্তেন প্রতিপাদিতম্। অতঃ পশুপাশৌ জীবাবিদ্যে, তয়োর্ব্যতিকরঃ সম্বন্ধঃ, স চ যস্য ক্ষপিতঃ সঃ বিদলিতপশুপাশসম্বন্ধঃ সদাশিবাত্মনাঽবস্থিতঃ পরানন্দাভিখ্যং পরানন্দাত্মিকা অভিখ্যা জ্যোতির্যস্য সঃ পরানন্দাখ্যং জ্যোতীরূপং রসয়তি আস্বাদয়তি রসং সুখং ত্বদ্ভজনবান্ ত্বদ্ভক্তঃ—তব ভজনং সেবা।

অত্রেত্থং পদযোজনা—হে ভগবতি! ত্বদ্ভজনবান্ সরস্বত্যা লক্ষ্ম্যা বিধিহরিসপত্নঃ সন্ বিহরতে। রম্যেণ বপুষা রতেঃ পাতিব্রত্যং শিথিলয়তি। ক্ষপিতপশুপাশব্যতিকরঃ চিরং জীবন্নেব পরানন্দাভিখ্যং রসং রসয়তি।

অত্রেদম্ অনুসন্ধেয়ং—জীবন্মুক্তানাং অবিদ্যানিবৃত্তাবপি কুলালচক্রভ্রমণন্যায়েন দেহসম্বন্ধঃ। যথোক্তং ষষ্টিতন্ত্রে সপ্তত্যাম্—

সম্যগ্‌জ্ঞানাধিগমাদ্ধর্ম্মাদীনামকারণপ্রাপ্তৌ।
তিষ্ঠতি সংস্কারবশাচ্চক্রভ্রমিবদ্ধৃতশরীরঃ॥

ইতি। অত্র ত্বদ্ভজনবানিত্যত্র দ্বিবিধং ভজনং—ষট্‌চক্রসেবাত্মকং ধারণাত্মকং চ। আদ্যং নিরূপ্যতে—আধার-স্বাধিষ্ঠানে তামিস্রলোকত্বাৎ নোপাস্যে। মণিপূরপ্রভৃতিসহস্রকমলপর্য্যন্তং পঞ্চচক্রাণি পূজ্যানীতি। তত্র মণিপূরকপূজাপরাণাং সার্ষ্টিরূপা মুক্তিঃ। সার্ষ্টির্নাম দেব্যাঃ পুরসমীপে পুরান্তরং নির্ম্মায় সেবাং কুর্ব্বাণস্য অবস্থিতিঃ। সংবিৎকমলপূজারতানাং সালোক্যমুক্তিঃ। সালোক্যং নাম—দেব্যাঃ পত্তনে নিবাসঃ। বিশুদ্ধিচক্রোপাসকানাং সামীপ্যমুক্তিঃ। সামীপ্যং নাম অঙ্গসেবকত্বম্। আজ্ঞাচক্রোপাসকানাং সারূপ্যমুক্তিঃ সারূপ্যং নাম সমানরূপত্বম্। পৃথগ্‌দেহধারিত্বেনেতি সাযুজ্যাদ্ভেদঃ। এতৎ চতুর্বিধং গৌণং বাহ্যদুঃখাতিবর্ত্তিত্বমাত্রাৎ মুক্তিরিতি ব্যপদিশ্যতে। পরং তু সাযুজ্যাত্মিকৈব শাশ্বতী মুক্তিঃ সহস্রকমলোপাসকানামেবেতি। অতএব পরানন্দাভিখ্যং রসং ত্বদ্ভজনবান্ রসয়তি ইতি।

অত্রেদং মতত্বম্—ষট্‌কমলভেদমতে সুখস্বরূপৈব মুক্তিঃ। সুখং তু লৌকিকদৃষ্টান্তেন স্ত্রীসংভোগাত্মকমেব। লোকেঽপি স্ত্রীসম্মেলনাৎ পরং সুখং নাস্তি। এবং

* তৈঃ সং ৬।২।৩

অত্যন্তদুঃখোচ্ছেদানন্তরং সাযুজ্যসংসিদ্ধৌ শিবশক্তিসম্পুটান্তর্ভাবাৎ তদাত্মৈকৈব মুক্তিরিতি।

তদয়মত্র নিষ্কর্ষঃ—পূর্ব্বং মূলাধারাদিষট্‌চক্রাণাং ত্রিকোণাষ্টকোণদশারদ্বিতয়মন্বস্র-শিবচক্রাত্মনা তাদাত্ম্যং প্রতিপাদিতম্। এতদেব নাদবিন্দ্বোরৈক্যম্। তথাহি—নাদো নাম শ্রীচক্রম্। বিন্দুর্নাম ষট্‌কমলগহনং বক্ষ্যতে। তয়োরৈক্যম্ নাম—আধারচক্রং চতুর্দলং, তৎকর্ণিকা ত্রিকোণং ; স্বাধিষ্ঠানং ষড়্দলং তৎকর্ণিকা অষ্টকোণাত্মিকা ; মণিপূরং দশদলং পদ্মং, তৎকর্ণিকা দশকোণাত্মিকা ; অনাহতং দ্বাদশদলং, তৎকর্ণিকা দ্বিতীয়দশকোণাত্মিকৈব ; বিশুদ্ধিচক্রম্ ষোড়শদলং, তৎকর্ণিকা চতুর্দশকোণাত্মিকা ; এতাবৎপর্য্যন্তং শক্তিচক্রৈক্যম্। আজ্ঞাচক্রং দ্বিদলম্, অষ্টকোণমেকত্র ষোড়শকোণমপরত্রেতি দ্বিধা ভিন্না কর্ণিকা। অয়ং ভাবঃ—দ্বিধা ভিন্নং চতুরস্রপ্রকৃতিকং শিবচক্রচতুষ্টয়াত্মকম্ আধারস্বাধিষ্ঠানাত্মকং চেতি প্রপঞ্চিতম্। বৃত্তত্রয়ং স্বাধিষ্ঠানান্তে একং বৃত্তং রুদ্রগ্রন্থ্যাত্মকম্ ; অনাহতান্তে একং বিষ্ণুগ্রন্থ্যাত্মকম্, আজ্ঞাচক্রান্তে একং ব্রহ্মগ্রন্থ্যাত্মকম্। তত উপরি চতুর্দ্বারোপেতং ভূপুরত্রিতয়ং দ্বারেষু চতুর্ষু সোপানযুক্তম্। তচ্চ সহস্রদলকর্ণিকা। তস্য কমলস্য দলানি সহস্রম্। বৈন্দবস্থানম্ চতুর্দ্বারোপেতং কর্ণিকামধ্যে। এবং প্রাসাদন্যায়েন শ্রীচক্রস্য কমলানাং চৈক্যমনুসন্ধেয়ম্। এতচ্চ নাদবিন্দ্বৈক্যং গুহ্যাৎ গুহ্যতমং শিষ্যানুগ্রহাৎ উপদিষ্টম্।

অস্মিন্ ষট্‌চক্রে পঞ্চাশৎকমলদলানামন্তর্ভাবঃ কথিতঃ। চন্দ্রখণ্ডে স্বরাঃ, সূর্য্যখণ্ডে স্পর্শাঃ, অগ্নিখণ্ডে অন্তস্থাঃ উষ্মাণশ্চ হকারবর্জিতাঃ, হকারলকারৌ বৈন্দবে, ক্ষকারঃ সর্ব্বত্রেতি "সবিত্রীভিঃ" * ইতি শ্লোকেন প্রাগেব প্রতিপাদিতম্। মূলাধারাদিদলেষু কলানাম্ অন্তর্ভাবঃ প্রাগেব প্রতিপাদিতঃ। কলানাং তিথ্যাত্মকত্বং, নিত্যানাং কলাত্মকত্বম্, কলানাং মূলমন্ত্রগতপঞ্চদশাক্ষরাত্মকত্বং পঞ্চদশাক্ষরাণাং ত্রিখণ্ডত্বং, ত্রিখণ্ডস্য সোমসূর্য্যানলাত্মকত্বং, সোমসূর্য্যানলানাং গ্রন্থিত্রয়াত্মকত্বং গ্রন্থিত্রয়স্য মন্ত্রগতহ্রীঙ্কারত্রয়াত্মকত্বং, হ্রীঙ্কারস্য ভুবনেশ্বরীমন্ত্রত্বং, ভুবনেশ্বরীমন্ত্রস্য মূলমন্ত্রান্তর্গতত্বং, মূলমন্ত্রস্য চক্রেণৈক্যং, তচ্চক্রনবকস্য মূলাধারাদিষট্‌চক্রেষু ব্রহ্মগ্রন্থ্যাদিত্রিকেঽপি সহস্রকমলকর্ণিকাদৌ তাদাত্ম্যম্। এতদেব কলানাদয়োরৈক্যং নাম।

অয়মত্র নিষ্কর্ষঃ—নাদেন বিন্দোরৈক্যং, বিন্দুনা কলায়াঃ ঐক্যং, কলায়াশ্চ নাদেনৈক্যং, এবং ত্রিতয়ং ; কলয়া বিন্দোরৈক্যং, কলয়া নাদস্যৈক্যং শ্রীবিদ্যয়া পঞ্চকস্যৈক্যমিতি ষড়্‌বিধত্বমৈক্যস্যেতি পরমরহস্যং গুরূপদেশবশাৎ জ্ঞেয়ম্। এবং

* ১৭ শ্লোকঃ।

ষোঢ়ৈক্যং ভগবত্যাঃ সপর্য্যেতি সম্যগুপবর্ণিতম্। ষোঢ়ৈক্যানুসন্ধানানন্তরং দশভুজা ভগবতী শ্রীবিদ্যা মণিপূরে প্রত্যক্ষং পরিদৃশ্যমানা সপর্য্যয়া সন্নিধেয়েতি ঐক্যমেব সপর্য্যেতি বদতো মমাশয় ইতি বিজ্ঞেয়ম্॥

অধুনা বিন্দুস্বরূপং প্রপঞ্চ্যতে—বিন্দুরিতি মূলাধারাদিচক্রষট্কম্। বিন্দুঃ জগদুৎপত্তিলয়হেতুঃ শিবস্য শক্তিবিশেষঃ। স চ এক এব সহস্রকমলান্তর্গতচতুর্দ্বারাত্মককর্ণিকামধ্যগতচতুষ্কোণাত্মকং শক্তিতত্ত্বম্। তন্মধ্যগতশিবতত্ত্বং নাদ ইত্যুচ্যতে। স চতুর্ব্বিধ ইতি প্রাগেবোক্তম্। উভয়োঃ শক্তিশিবয়োঃ শব্দার্থরূপত্বাৎ কলাত্মকত্বম্ উভয়সাধারণম্। অতশ্চ মেলনং নাদবিন্দুকলাতীতমিতি সময়ান্তরহস্যম্। স চ বিন্দুঃ দশধা ভিদ্যতে—যথোক্তম্—

> দশধা ভিদ্যতে বিন্দুঃ এক এব পরাত্মকঃ।
> চতুর্ধাধারকমলে ষোঢ়াঽধিষ্ঠানপঙ্কজে॥
> উভয়াকাররূপত্বাৎ ইতরেষাং তদাত্মতা।

ইতি। অস্যার্থঃ—এক এব বিন্দুঃ মূলাধারকমলগতচতুর্দলেষু চতুর্ধা, স্বাধিষ্ঠানগতষড়্দলেষু ষোঢ়া, এবং দশধা ভিদ্যতে। অয়ং ভাবঃ—মূলাধারঃ চতুষ্পত্রং সরসিজং, স্বাধিষ্ঠানং ষড়্দলং, মণিপূরং দশদলম্, অনাহতং পদ্মং দ্বাদশদলং, বিশুদ্ধিপদ্মং ষোড়শদলং, আজ্ঞাচক্রপদ্মং দ্বিদলমিতি সর্ব্বযোগশাস্ত্রসিদ্ধম্। অত্র আধারপদ্মস্য দলচতুষ্টয়ং বিন্দুচতুষ্টয়াত্মকম্। তে চ বিন্দবো মনোবুদ্ধ্যহঙ্কারচিত্তাখ্যাঃ প্রকৃত্যাত্মকাঃ জগন্নির্ম্মাণহেতব ইতি সর্ব্বযোগশাস্ত্রসিদ্ধম্। স্বাধিষ্ঠানপদ্মগতষড়্দলানাং কামক্রোধলোভমোহমদমাৎসর্য্যাত্মকাঃ ষড়্বিন্দবঃ। অতএব তে সংহৃতিবিন্দব ইত্যাহুঃ। তদুক্তং ভগবতা পতঞ্জলিনা—"স্বাধিষ্ঠানে সংহারঃ ষড়্বিন্দুকৃতঃ" ইতি। এবং দশ বিন্দবঃ কমলদ্বয়দলাত্মকাঃ। মণিপূরং মূলাধারস্বাধিষ্ঠানাত্মকমিতি কৃত্বা দশদলম্। অনাহতচক্রে মণিপূরপ্রকৃতিকং দশদলং পূর্ব্বার্দ্ধং, কমলদ্বয়প্রকৃতিকং দলদ্বয়ং দ্বাদশদলম্ অনাহতপদ্মম্। বিশুদ্ধিপদ্মং তু অনাহতচক্রপ্রকৃতিকং দ্বাদশদলম্, আধারপ্রকৃতিকং চতুর্দলং, এবং ষোড়শদলম্। তথা মণিপূরপ্রকৃতিকং দশদলং স্বাধিষ্ঠানপ্রকৃতিকং ষড়্দলমিতি ষোড়শদলম্। আজ্ঞাচক্রং তু আধারস্বাধিষ্ঠানাত্মকমিতি দ্বিদলম্। এবং মণিপূরপ্রভৃতীনি আজ্ঞান্তানি চত্বারি কমলানি মূলাধারস্বাধিষ্ঠানপ্রকৃতিকানি। অতএব মূলাধারদ্বিকে উত্তরকমলচতুষ্কমন্তর্ভূতমিতি একস্যৈব বিন্দোঃ দশধাত্বং নান্যথেতি সিদ্ধম্।

যদ্যপি কৌলানাং দ্বিকানুসন্ধানাৎ ষট্কমলানুসন্ধানফলং সেৎস্যতি, তথাপি ষড়্বিধৈক্যানুসন্ধানাভাবাৎ কৌলমার্গ এবেতি ন দেব্যা মণিপূরে সান্নিধ্যং, পঞ্চবিধ-

মুক্তিযুক্ত্য ভাবশ্চ, নাদবিন্দুকলাতীতত্বমপ্যসংভাব্যমেব কৌলমতে ইতি। সময়িনাং তু কার্য্যভূতচতুষ্কানুসন্ধানাদেব কারণভূতকমলদ্বয়ানুসন্ধানফলং সেৎস্যত্যেবেতি। অতএব পঞ্চবিধসাম্যসিদ্ধৌ সময়সময়িভাবঃ প্রত্যক্ষং পরিদৃশ্যতে সময়সময়িনোঃ সময়িনাং সেবকানামিতি ভগবৎপাদমততত্ত্বম্।

এবং ভজনশব্দার্থং প্রতিপাদ্য প্রকারান্তরেণ ভজনশব্দার্থো নিরূপ্যতে।—যদাহুঃ ভগবৎপাদাঃ "ধারণাপরিজ্ঞানামুক্তিঃ" ইতি। অস্যার্থঃ—ধারণাঃ ষষ্ট্যুত্তরত্রিশতসংখ্যাকাঃ। ধারণা নাম বায়োঃ কমলেষু নাদকলাভ্যাং নিরোধঃ। স চ ষট্-কমলেষু ষোঢ়া সপ্তমে কমলে সময়শব্দাভিধেয়েন সার্দ্ধং সপ্তবিধঃ। একৈকস্মিন্ কমলে পঞ্চাশদিতি ষষ্ট্যুত্তরত্রিশতং ধারণাঃ। তাশ্চ পৃথক্ নাদবিন্দুকলাভিঃ সার্দ্ধং মেলনপ্রকারৈরনন্তা ধারণা গুরূপদেশবশাদবগন্তব্যাঃ। ধারণানাং ফলম্ আধারাদিচক্রষট্কে যথাক্রমং মতিস্মৃতিবুদ্ধিপ্রজ্ঞামেধাপ্রতিভাসংবিদ্রূপং দিঙ্মাত্রং দর্শিতম্। অধিকং তু সুভগোদয়ে চরণাগমে চ সপ্রপঞ্চং বহুধা প্রতিপাদিতং তত এবাবধার্য্যং গ্রন্থবিস্তরভয়ান্নোপবর্ণিতমিহেতি। অতএব কালিদাসভগবৎপাদৈঃ কুলসময়মতভেদপ্রতিপাদকশ্লোকেন সকলজননীস্তোত্রে কথিতম্। যথা—

> চতুষ্পত্রান্তঃ ষড়্দলপুটভগান্তস্ত্রিবলয়-
> স্ফুরদ্বিদ্যুদ্বহ্নিদ্যুমণিনিযুতাভদ্যুতিলতে।
> ষড়স্রং ভিত্ত্বাঽঽদৌ দশদলমথ দ্বাদশদলং
> কলাস্রং চ দ্ব্যস্রং গতবতি নমস্তে গিরিসুতে॥

অস্যার্থঃ—চতুষ্পত্রং আধারকমলম্ অন্তঃ অন্তঃস্থিতং অন্তর্ভূতমিত্যর্থঃ যস্মিন্ তৎ স্বাধিষ্ঠানমিতি বহুব্রীহিঃ, ন তু তৎপুরুষঃ, উত্তরস্য পূর্ব্বস্মিন্নন্তর্ভাবাযোগাৎ। "ষড়স্রং ভিত্ত্বাঽঽদৌ" ইত্যুত্তরবাক্যানন্বয়াচ্চ বহুব্রীহিরেব। চতুষ্পত্রান্তশ্চ তৎ ষড়্দলং স্বাধিষ্ঠানং চ চতুষ্পত্রান্তঃ ষড়্দলম্। তস্য পুটভগাঃ পুটাত্মকাঃ সম্পুটাত্মকাঃ তৎপ্রকৃতিকা ইতি যাবৎ, তে চ তে ভগাঃ ত্রিকোণানি। মণিপূরপ্রভৃতি-চতুশ্চক্রস্য মূলাধারপ্রকৃতিকত্বস্যোক্তত্বাৎ তেষাং ত্রিকোণাত্মকত্বম্। "ত্রিকোণে বৈন্দবং শ্লিষ্টং অষ্টারেঽষ্টাদলাম্বুজম্" ইত্যত্র সম্যঙ্নির্ণীতম্। পুটভগানাম্ অন্তঃ মধ্যে। ত্রিবলয়ং গ্রন্থিত্রয়ং স্বাধিষ্ঠানানাহতাজ্ঞান্তেষু অগ্নিসূর্য্যচন্দ্রাত্মকরুদ্রগ্রন্থিবিষ্ণুগ্রন্থিব্রহ্মগ্রন্থি-পর্য্যায়েন স্থিতমিত্যর্থঃ। তত্র স্ফুরৎ স্ফুরন্তী। "স্ত্রিয়াঃ পুংবদ্ভাষিতপুংস্কাদনূঙ্ সমানাধিকরণে" ইত্যাদিনা পুংবদ্ভাবঃ। বিদ্যুতঃ সৌদামিন্যাঃ বহ্নেঃ অগ্নেঃ দ্যুমণেঃ সূর্য্যস্য। নিযুতশব্দঃ অগণেয়াং সংখ্যাং লক্ষয়তি। তস্যেবাভা যস্যাঃ সা, সা চ সা দ্যুতিলতা, নিত্যা তটিদ্বল্লী স্থিরসৌদামিনীতি যাবৎ। তস্যাঃ সম্বুদ্ধিঃ। আজ্ঞাচক্রান্তে ব্রহ্ম-

গ্রন্থিভেদনসময়ে বিদ্যুন্নিবৃতাভা, স্বাধিষ্ঠানান্তে রুদ্রগ্রন্থিভেদনসময়ে বহ্নিনিবৃতাভা, অনাহতচক্রান্তে বিষ্ণুগ্রন্থিভেদনসময়ে দ্যুমণিনিবৃতাভা ইতি বিবেকঃ। ষড়স্রং মূলাধারগর্ভিতং স্বাধিষ্ঠানম্ আদৌ ভিত্বা অথ তদনন্তরং দশদলং মণিপূরং ভিত্বা দ্বাদশদলম্ অনাহতচক্রং ভিত্বা কলাস্রং বিশুদ্ধিচক্রং ভিত্বা দ্ব্যস্রং আজ্ঞাচক্রং ভিত্বা গতবতী সহস্রকমলমিতি শেষঃ। হে গিরিসুতে! তে নমঃ।

অত্র চতুষ্পত্রং মূলাধারং স্বাধিষ্ঠানে অন্তর্ভূতং কৌলাঃ উপাসত ইতি প্রাগেব প্রতিপাদিতম্। সময়িনস্তু স্বাধিষ্ঠানং ভিত্বা মণিপূরং প্রবিষ্টায়াঃ দেব্যাঃ উপাসনং কুর্ব্বন্তীতি সময়মততত্ত্বং চ প্রতিপাদিতম্। অত্রেদমুপহ্বরং—ষট্‌কমলেষু মনঃষষ্ঠং ভূতপঞ্চকং তাদাত্ম্যেনাবতিষ্ঠতে। তচ্চ পিণ্ডব্রহ্মাণ্ডয়োরৈক্যানুসন্ধানমহিম্না ষট্‌কমলানুসন্ধানমহিম্না পঞ্চবিধসাম্যানুসন্ধানমহিম্না ষড়্‌বিধৈক্যানুসন্ধানমহিম্না পিণ্ডাণ্ডং ব্রহ্মাণ্ডবদবভাসত ইতি সর্ব্বযোগশাস্ত্ররহস্যম্। অতএব যোগিনা চতুর্বিধৈক্যানুসন্ধানং কর্ত্তব্যমেব। তথা চ শ্রূয়তে—

পিণ্ডব্রহ্মাণ্ডয়োরৈক্যং লিঙ্গসূত্রাত্মনোরপি।
স্বাপাব্যাকৃতয়োরৈক্যং ক্ষেত্রজ্ঞপরমাত্মনোঃ॥

অয়মর্থঃ—পিণ্ডব্রহ্মাণ্ডয়োরৈক্যং জ্ঞাতব্যম্। তদনন্তরং লিঙ্গাত্মসূত্রাত্মনোরৈক্যং অবগন্তব্যম্। লিঙ্গাত্মা লিঙ্গশরীরং একাদশেন্দ্রিয়গণঃ তন্মাত্রাপঞ্চকং ষোড়শকং লিঙ্গশরীরম্। সূত্রাত্মা ব্রহ্মাণ্ডাবচ্ছিন্নো বায়ুঃ লিঙ্গশরীরস্য অর্চিরাদিমার্গপ্রাপকঃ। তয়োরৈক্যমবগন্তব্যম্। স্বাপাব্যাকৃতয়োঃ—স্বাপঃ সুষুপ্ত্যবস্থাপন্নঃ সাক্ষী প্রাজ্ঞঃ অব্যাকৃতঃ অবিদ্যাশবলিতং ব্রহ্ম তয়োরৈক্যম্। ক্ষেত্রজ্ঞঃ জীবঃ, পরমাত্মা ব্রহ্মস্বরূপং, তয়োরৈক্যং জ্ঞাতব্যম্। এবং সম্প্রদায়রহস্যসংক্ষেপঃ। বিস্তরস্তু সুভগোদয়ে শারীরকে জ্ঞাতব্যঃ। অস্মিন্ শ্লোকে সৌন্দর্য্যলহর্য্যাং যাবৎ প্রমেয়জাতং সময়সিদ্ধান্তরহস্যত্বেন কৌলসিদ্ধান্তরহস্যত্বেন চ প্রতিপাদিতমস্মাভিঃ সংক্ষেপতঃ। তৎসর্ব্বং সূক্ষ্মদৃশা মহাত্মভিরনুসন্ধেয়মিতি সর্ব্বমনবদ্যম্॥ ১০০॥

**লক্ষ্মীধর-টীকা-মর্ম্মানুবাদ।**—ভগবতি, আপনার ভজনরত ব্যক্তি বাক্‌পতিত্ব (পাণ্ডিত্য, কবিত্ব অথচ সরস্বতীভর্তৃত্ব) লাভ করিয়া ব্রহ্মার অসূয়াপাত্র ও শ্রীপতিত্ব (ঐশ্বর্য্য অথচ লক্ষ্মীপতিত্ব) লাভ করিয়া নারায়ণের অসূয়াপাত্র হইয়া বিচরণ করেন, রমণীয় শরীর দ্বারা (সৌন্দর্য্য লাভ করিয়া) রতির পাতিব্রত্য শিথিল করিয়া থাকেন, অর্থাৎ রতি তাঁহাকে দেখিয়া মদন-ভ্রমে তাঁহার প্রতি অনুরক্তা হয়েন। (ইহা সেই ভজনের ঐহিক ফল) এবং তিনি অবিদ্যাবদ্ধ জীব ও অবিদ্যার যে সম্বন্ধ, তাহা অপনীত করিয়া নিত্যদেহে জ্যোতিঃস্বরূপ পরমানন্দ

আস্বাদন করিয়া থাকেন। নিত্যদেহ অর্থে স্থূলদেহে দীর্ঘজীবন, স্থূলদেহাবসানে সূক্ষ্মশরীরের নিত্যত্ব। স্থূলদেহ যত দিন থাকে, তত দিন তিনি জীবন্মুক্ত। পরে তাঁহার সার্ষ্টি, সালোক্য, সামীপ্য, সারূপ্য বা সাযুজ্য মুক্তিলাভ হয়। সার্ষ্টি প্রভৃতি চতুর্ব্বিধ মুক্তিতে পুনরাবৃত্তি আছে, সাযুজ্যই নিত্য। ভজনার ভেদে এই মুক্তিভেদ হইয়া থাকে। ষট্‌চক্রই শ্রীচক্ররূপে ধ্যেয়, ইহা পূর্ব্বে কথিত হইয়াছে। ষট্‌চক্রভেদ-শিক্ষার্থী সময়াচারীর প্রাথমিক সেবা মূলাধার ও স্বাধিষ্ঠানে থাকিলেও তাহা প্রকৃত ভজনাস্থান নহে, ঐ দুই চক্র তামিস্র নামে অভিহিত। মণিপুর হইতে আজ্ঞাচক্র পর্য্যন্ত চারচক্র শ্রীচক্রের যে এক এক অংশ, তন্মধ্যে মণিপুরে ভজনাসিদ্ধির ফল—সার্ষ্টি মুক্তি, অনাহত চক্রে ভজনাসিদ্ধির ফল—সালোক্য, বিশুদ্ধিচক্রে ভজনাসিদ্ধির ফল—সামীপ্য, আজ্ঞাচক্রে ভজনাসিদ্ধির ফল—সারূপ্য। সময়াচারীর প্রকৃত ভজনাস্থান—সহস্রার কমল, তথায় অবস্থিত চন্দ্রমণ্ডল ও তন্মধ্যে ত্রিপুরসুন্দরীর ভজনার কথা পূর্ব্বে কথিত হইয়াছে। সেই ভজনা সিদ্ধির ফল—সাযুজ্যমুক্তি, তাহা হইতে আর বিচ্যুতি হয় না। শিবশক্তি মিলিত হইয়া যেন একটি কৌটা। সাযুজ্যমুক্তিপ্রাপ্ত ব্যক্তি সেই কৌটার মধ্যে থাকিয়া অনন্তকাল কেবল পরমানন্দ ভোগ করেন। সার্ষ্টি-মুক্তি—দেবীনগরসমীপে নগরান্তর নির্ম্মাণ, তাহাতে বাস ও দেবী-সেবা। সালোক্য—দেবীনগরেই অবস্থিতি পূর্ব্বক দেবী-সেবা। সামীপ্য—দেবীসমীপস্থ পরিজনবৎ সেবানন্দলাভ। সারূপ্য—দেবীর তুল্যরূপপ্রাপ্তি পূর্ব্বক পৃথক্ অবস্থিত হইয়া আনন্দলাভ। এই সার্ষ্টি প্রভৃতি চতুর্ব্বিধ মুক্তি গৌণ।

মূলাধার প্রভৃতি ষট্‌চক্রকে শ্রীবিদ্যাযন্ত্ররূপে ধ্যান করিতে হয়। এই তাদাত্ম্য-ধ্যানই নাদবিন্দুর ঐক্য। নাদ শ্রীচক্র (অর্থাৎ শ্রীবিদ্যাযন্ত্র), বিন্দু ষট্‌চক্র। শ্রীচক্র ও ষট্‌চক্রকে অভিন্নভাবে গ্রহণই নাদবিন্দুর ঐক্য। শ্রীচক্রে ত্রিকোণ, অষ্টকোণ, দশ-কোণদ্বয়, চতুর্দ্দশ কোণ, শিবচক্র-চতুষ্টয়, বৃত্তত্রয়, তাহার বাহিরে চতুর্দ্বারযুক্ত ভূপুর-ত্রয়, চতুর্দ্বারে সোপান, এবং চতুর্দ্বারযুক্ত বৈন্দব স্থান—এইরূপে শ্রীচক্র রচনা হয়। চিত্র পরপৃষ্ঠায় দেখ। ষট্‌চক্রে শ্রীচক্র সম্পাদন করিবার প্রণালী, আধার অর্থাৎ মূলাধারচক্র চতুর্দ্দল, তাহার কর্ণিকাই শ্রীচক্রের ত্রিকোণ; স্বাধিষ্ঠান ষড়্‌দলপদ্ম, তাহার কর্ণিকাই শ্রীচক্রের অষ্টকোণ, মণিপুর দশদলপদ্ম, তাহার কর্ণিকা শ্রীচক্রের প্রথম দশকোণ, অনাহতচক্র দ্বাদশদলপদ্ম, তাহার কর্ণিকা শ্রীচক্রের দ্বিতীয় দশকোণ, বিশুদ্ধিচক্র ষোড়শদলপদ্ম, তাহার কর্ণিকা শ্রীচক্রের চতুর্দ্দশ কোণ, শক্তিচক্রের ঐক্য এই পর্য্যন্ত। আজ্ঞাচক্র দ্বিদলপদ্ম, এক দিকে অষ্টকোণ ও

অপর দিকে ষোড়শকোণ—এই দ্বিবিধ কর্ণিকা, অর্থাৎ আজ্ঞাচক্রই শিবচক্র-চতুষ্টয়াত্মক। পূর্ব্বোক্ত রুদ্রগ্রন্থি, বিষ্ণুগ্রন্থি ও ব্রহ্মগ্রন্থিই ত্রিবৃত্ত,—তদুপরি সহস্রদলকমল, তদীয় কর্ণিকাই শ্রীচক্রের সোপান-যুক্ত চতুর্দ্বারসমন্বিত ভূপুরত্রয়। আর সেই কর্ণিকামধ্যে শ্রীচক্রের চতুর্দ্বারযুক্ত বৈন্দবস্থান। এই প্রকার শ্রীচক্র ও ষট্‌চক্রের ঐক্যধ্যানই নাদবিন্দুর ঐক্য।

সময়াচারী গুরু লক্ষ্মীধরের মত, কথিত নাদবিন্দুর ঐক্যের ন্যায় আরও পাঁচটি ঐক্য আছে, সেই ষড়্‌বিধ ঐক্য ধারণাই ভগবতীর পূজা। পাঁচটি ঐক্য যথা—বিন্দুর সহিত কলার ঐক্য, নাদের সহিত কলার ঐক্য, কলার সহিত বিন্দুর ঐক্য,

শ্রীবিদ্যাযন্ত্রম্।

কলার সহিত নাদের ঐক্য, এবং শ্রীবিদ্যার সহিত পূর্ব্বোক্ত সমুদয়ের ঐক্য। ষড়্‌বিধ ঐক্যধারণা সিদ্ধ হইলে মণিপুরচক্রে দশভুজা ভগবতী শ্রীবিদ্যার প্রত্যক্ষ দর্শন হয়।

এক্ষণে বিন্দু প্রভৃতির স্বরূপ কথিত হইতেছে।—বিন্দু, শিবের শক্তি (মূল প্রকৃতি) এক, তিনি জগতের সৃষ্টি-স্থিতি-সংহার-হেতু, তিনি শিরঃস্থিত সহস্রদলকমল কর্ণিকামধ্যে অবস্থিত, ধ্যানে তাঁহার আকার চতুষ্কোণ, তন্মধ্যে নাদরূপী শিবতত্ত্ব চৈতন্য। উক্ত পদ্মাত্মক এক বিন্দুই অর্থাৎ মূল প্রকৃতিই দশপ্রকার স্বরূপ ধারণ করেন। তাহাই ষট্‌চক্র। মূলাধারে চতুর্দ্দল চারবিন্দু, সৃষ্টি হেতু—মন, বুদ্ধি, অহঙ্কার

এবং চিত্ত, ( মনের বৃত্তি—সঙ্কল্প-বিকল্প, বুদ্ধির বৃত্তি—নিশ্চয়, অহঙ্কারের বৃত্তি—'অহং'-বিষয়ক জ্ঞান, চিত্তের বৃত্তি—স্মরণ ) স্বাধিষ্ঠানে ষড়্‌দল ছয় বিন্দু, কাম-ক্রোধাদি ষড়্‌রিপু,—সংহারহেতু এই দশবিন্দু, মণিপূরে দশদলরূপে স্থিত; অনাহতচক্রে দ্বাদশ দলের দশদল—মণিপূরের দশ বিন্দু এবং অপর দলদ্বয় মূলাধার ও স্বাধিষ্ঠানস্বরূপ হওয়ায় তাহাও সেই সেই চক্রের দুইটি সমষ্টি বিন্দু; বিশুদ্ধিচক্রে ষোড়শ-দলের দ্বাদশ বিন্দু অনাহতচক্রের ন্যায় এবং অবশিষ্ট চারবিন্দু মূলাধার চতুর্দ্দলের চারবিন্দু; আজ্ঞাচক্র দ্বিদল, তাহা মূলাধার স্বাধিষ্ঠান স্বরূপ; অতএব মণিপূর হইতে আজ্ঞা পর্য্যন্ত চারচক্রের উপাদান বা প্রকৃতি মূলাধার ও স্বাধিষ্ঠান। ( রুদ্রগ্রন্থি—তমোগুণের গ্রন্থি বলিয়া মূলাধার ও স্বাধিষ্ঠান অশুদ্ধ, মোহবহুল এই কারণে উপাসনার স্থান নহে। রুদ্রগ্রন্থির উর্দ্ধ চক্র উপাসনার আলম্বন, ইহা সময়াচারীর মত, কৌলগণ মূলাধার ও স্বাধিষ্ঠানকেই বিশেষভাবে আলম্বন করিয়া থাকেন )।

একই বিন্দুর এইরূপে দশধা ভেদ। কলা পঞ্চাশৎ মাতৃকবর্ণ। ষট্‌চক্রের দুই দুই চক্র অগ্নিখণ্ড, সূর্য্যখণ্ড এবং চন্দ্রখণ্ড নামে উক্ত। সর্ব্বনিম্নে অগ্নিখণ্ড, মধ্যে সূর্য্যখণ্ড, উর্দ্ধে চন্দ্রখণ্ড। এই চন্দ্রখণ্ডে ষোড়শ স্বর, সূর্য্যখণ্ডে স্পর্শবর্ণ, অগ্নিখণ্ডে অন্তস্থ বর্ণ ও হকারবর্জ্জিত উষ্মবর্ণ, বৈন্দব স্থানে হকার ও দ্বিতীয় লকার (এই লকার বাঙ্গালায় 'ড়' আকারে পরিবর্ত্তিত, শব্দশাস্ত্র ও তন্ত্রশাস্ত্রে ইহা দ্বিতীয় লকার, মহারাষ্ট্র নাগরাক্ষরে ইহার আকারভেদও দৃষ্ট হয়) ক্ষকার সর্ব্বত্র। কলা তিথিস্বরূপ, ত্রিপুরাসুন্দরীর নিত্যানাম্নী অনুচরীরা কলাস্বরূপা। মূলমন্ত্র ত্রিকূট,—তাহাতে পঞ্চদশ অক্ষর, কলা সেই সেই অক্ষরস্বরূপা, সেই পঞ্চদশাক্ষর ত্রিখণ্ড; ত্রিখণ্ড চন্দ্র সূর্য্য ও অগ্নিস্বরূপ; সোম সূর্য্য ও অগ্নি—ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রগ্রন্থিস্বরূপ; উক্ত গ্রন্থিত্রয় মন্ত্রস্থিত মায়াবীজত্রয়স্বরূপ, ঐ মায়াবীজ ভুবনেশ্বরী মন্ত্র, উহা ত্রিপুরাসুন্দরী মূলমন্ত্রের অন্তর্গত মূলমন্ত্র, শ্রীবিদ্যাযন্ত্রের নব চক্রের সহিত অভিন্ন, নব চক্র—দেহস্থ ষট্‌চক্র গ্রন্থিত্রয় এবং সহস্রদল কমলের সহিত অভিন্ন। এইরূপ ক্রমে যে অভেদ বা তাদাত্ম্য ধ্যান, তাহাই কলানাদের ঐক্য। কলাকে প্রথম আশ্রয় করিয়া সহস্রদলকমলস্থ নাদ পর্য্যন্ত ধ্যানে ঐক্যচিন্তা—কলার সহিত নাদের ঐক্য। আর নাদকে প্রথম আশ্রয় করিয়া অন্তে কলা পর্য্যন্তের যে পূর্ব্বোক্ত-রূপে ঐক্যচিন্তা, তাহাই নাদের সহিত কলার ঐক্য। আরোহ-প্রণালী আশ্রয়ে ঐক্যচিন্তার ভেদ হেতু বিন্দুর সহিত কলার ঐক্য ও কলার সহিত বিন্দুর ঐক্য

পৃথক্‌ভাবে উপদিষ্ট হইয়াছে। কথিত পঞ্চবিধ ঐক্য—শ্রীবিদ্যার সহিত ঐক্য-সাধনা হইলে ষড়্‌বিধ ঐক্য হইয়া থাকে। পূর্ব্বোক্ত পঞ্চবিধ সাম্যসাধনা এবং এই ঐক্যসাধনার ফলে দেহ ও বিশ্বের একত্ব জ্ঞান, লিঙ্গশরীর (একাদশ ইন্দ্রিয় ও পঞ্চতন্মাত্র) ও বিশ্বব্রহ্মাণ্ডস্থ বায়ুর একত্ব জ্ঞান, প্রাজ্ঞ অর্থাৎ সুষুপ্ত্যবস্থোপহিত জীব ও ঈশ্বরের একত্বজ্ঞান ও সর্ব্বক্ষেত্রজ্ঞ পরমাত্মার একত্বজ্ঞান—এইরূপ ক্রমে অদ্বৈতজ্ঞান হয়। তাহার ক্রম জ্ঞানাদি গুরূপদেশ ব্যতীত হয় না, এইরূপ কারণে তাহার বিস্তৃত বর্ণনা হইতে বিরত হইলাম ॥ ১০০ ॥

**অচ্যুতানন্দকৃত-টীকা**।—সরস্বত্যা ইতি। ভক্তজনবান্ ভক্তো জনঃ বিধিহরিসপত্নঃ সন্ সরস্বত্যা লক্ষ্ম্যা সহ বিহরতে বিধিহরিপ্রতিপক্ষমপি ভক্তং সরস্বতী লক্ষ্মী চ ভজতে ইত্যর্থঃ। রম্যেণ বপুষা আত্মনঃ সৌন্দর্য্যেণ রতেঃ পাতিব্রত্যং শিথিলয়তি। ব্রহ্মাণ্ডে মম পতিঃ সুন্দর ইতি রত্যা নির্ব্বন্ধং দূরী-করোতি। ভক্তঃ কিম্ভূতঃ? ক্ষয়িতপশুপাশব্যতিকরঃ দূরীকৃতঃ অজ্ঞানরূপঃ পাশো যেন স তথা চিরং বহুকালং জীবন্নেব ব্রহ্মাভিখ্যং রসং রসয়তি আস্বাদয়তি জীবন্মুক্তো ভবতীত্যর্থঃ ॥ ১০০ ॥

**অনুবাদ**।—জননি! যে সাধক ভক্তিপূর্ব্বক তোমার উপাসনা করেন, তিনি ব্রহ্মা ও বিষ্ণুর সপত্ন হইয়া সরস্বতী ও লক্ষ্মীর সহিত বিহার করিতে থাকেন অর্থাৎ তিনি সরস্বতী এবং লক্ষ্মীরও প্রসন্নতা লাভ করিয়া থাকেন। বিশেষতঃ তিনি স্বীয় সৌন্দর্য্য দ্বারা রতির পাতিব্রত্যধর্ম্মও শিথিল করিয়া ফেলেন। ঈদৃশ সাধক চিরজীবী হইয়া অজ্ঞানপাশ উন্মোচন পূর্ব্বক পরমব্রহ্মানন্দ ভোগ করিতে থাকেন ॥ ১০০ ॥

নিধে নিত্যস্মেরে নিরবধিগুণে নীতিনিপুণে,
নিরাঘাটজ্ঞানে নিয়মপরিচিত্তৈকনিলয়ে।
নিয়ত্যা নির্ম্মুক্তে নিখিলনিগমান্তস্তুতপদে,
নিরাতঙ্কে নিত্যে নিগময় মমাপি স্তুতিমিমান্ ॥১০১॥ *

**অচ্যুতানন্দকৃত-টীকা**।—নিধে ইতি। নিধীয়তে অস্মিন্ বিশ্বমিতি বিশ্বাধারভূতে! নিত্যং প্রতিক্ষণং স্মেরমানন্দহাসঃ যস্যাঃ, হে নিত্যস্মেরে! নির্গতো-ঽবধির্নিয়ত্তা গুণানাং যস্যাঃ। হে নীতৌ নিপুণে! যথোচিতনিগ্রহানুগ্রহপরে! নিরাঘাটমপরিমিতং জ্ঞানং যস্যাঃ, হে নিরাঘাটজ্ঞানে! নিগমপরা [illegible]

* অয়ং শ্লোকো লক্ষ্মীধরেণ শ্রীশঙ্করাচার্য্যভগবত্তিরকৃতত্বং প্রখ্যাপ্যোপেক্ষিতঃ।

চিত্তমেকং প্রধানং স্থানং যস্যাঃ। নিয়তিঃ শুভাশুভং কর্ম্ম তথা কর্ম্মহীনে! অপর্য্যাপ্ত-বেদান্তে স্তুতং পদং স্থানং যস্যাঃ, হে নিখিলনিগমান্তস্তুতপদে! নির্গতমাতঙ্কং ইদং কর্ত্তব্যমিদমকর্ত্তব্যমিতি চিত্তচাঞ্চল্যং যস্যাঃ, হে নিরাতঙ্কে! হে নিত্যে! ইমাং মমাপি স্তুতিং নিগময় বেদবৎ কুরু। যথা বেদ-প্রমাণং তথা কুর্ব্বিত্যর্থঃ। নিশময় ইতি পঞ্চাননঃ॥ ১০১॥

**অনুবাদ**।—জননি! তুমি নিখিল জগতের আধারস্বরূপা। তুমি প্রতিক্ষণ আনন্দযুক্ত হাস্য করিতেছ। তোমার গুণের সীমা নাই। তুমি যথোচিত নিগ্রহানুগ্রহে সর্ব্বদা নিরতা। তুমি অপরিমিত জ্ঞানসম্পন্না। তুমি যমনিয়মপরায়ণ জনগণের চিত্তে সর্ব্বদা অবস্থান করিয়া থাক। তুমি কর্ম্মফলের অধীন নহ। নিখিল বেদান্তে নিরন্তর তোমার পদ স্তূয়মান হইয়া থাকে। তুমি আতঙ্কহীনা অর্থাৎ কর্ত্তব্য অকর্ত্তব্য চিন্তায় তুমি চঞ্চলা নহ। হে নিত্যানন্দময়ি! মৎকৃত এই স্তোত্র বেদবৎ প্রামাণিক করিয়া দাও॥ ১০১॥

প্রদীপজ্বালাভির্দ্দিবসকরনীরাজনবিধিঃ,
সুধাসূতেশ্চন্দ্রোপলজললবৈরর্ঘ্যরচনা।
স্বকীয়ৈরম্ভোভিঃ সলিলনিধিসৌহিত্যজননং,
ত্বদীয়াভির্ব্বাগ্‌ভিস্তব জননি বাচাং স্তুতিরিয়ম্॥ ১০২॥

**লক্ষ্মীধর-কৃত-টীকা**।—প্রদীপস্য করদীপিকায়াঃ জ্বালাভিঃ কীলাভিঃ দিবসকরস্য সূর্য্যস্য নীরাজনবিধিঃ নীরাজনকৃত্যম্। সুধাসূতেঃ চন্দ্রস্য চন্দ্রোপল-জললবৈঃ চন্দ্রোপলানাং চন্দ্রকান্তানাং জললবৈঃ নিষ্যন্দৈঃ অর্ঘ্যরচনা। স্বকীয়ৈঃ আত্মসম্বন্ধিভিঃ। এতৎ স্বকীয়পদং প্রদীপজ্বালাভিরিত্যাদৌ ব্যত্যয়েনান্বেতি স্বকীয়াভিরিতি। অম্ভোভিঃ জলৈঃ সলিলনিধিসৌহিত্যকরণং সমুদ্রস্য তৃপ্তিহেতুঃ তর্পণবিশেষঃ। ত্বদীয়াভিঃ ত্বদুৎপন্নাভিঃ ত্বদীয়াভিঃ বাগ্‌ভিঃ ত্বৎস্বরূপৈঃ বাক্যসন্দর্ভৈঃ স্তুতিঃ স্তোত্রং তব ভবত্যাঃ জননি! মাতঃ! সবিত্রীত্যর্থঃ বাচাং বাক্যপ্রপঞ্চস্য স্তুতিরিয়ম্।

অত্রৈবং পদযোজনা—হে বাচাং জননি! যথা স্বকীয়াভিঃ প্রদীপজ্বালাভিঃ দিবসকরনীরাজনবিধিঃ, যথা স্বকীয়ৈশ্চন্দ্রোপলজললবৈঃ সুধাসূতেরর্ঘ্যরচনা ভবতি, যথা স্বকীয়ৈরম্ভোভিঃ সলিলনিধিসৌহিত্যকরণং ভবতি তথা ত্বদীয়াভিঃ বাগ্‌ভিরেব ভবেয়ং স্তুতিঃ।

অত্র ইয়ং স্তুতিরিতি যদা পূর্ব্বোক্তপ্রদীপজ্বালাদিবাক্যপ্রতিপাদিতার্থসাম্যপরামর্শঃ

তদা প্রতিবস্তূপমালঙ্কারঃ, উপমানোপমেয়য়োর্বস্তুপ্রতিবস্তুভাবেনান্বয়াৎ। যদা ইয়ং স্তুতিরিতি স্বরূপমাত্রং পর্য্যবসিততে তদা ভিন্নবাক্যত্বেন বিম্বপ্রতিবিম্বাক্ষেপাৎ দৃষ্টান্তালঙ্কারঃ। এবং প্রতিবস্তূপমাদৃষ্টান্তালঙ্কারয়োঃ অন্বয়ভেদেন প্রতীয়মানত্বাৎ বাক্যদ্বয়শ্রবণাৎ সংসৃষ্টিরেবেতি ধ্যেয়ম্।

অস্মিন্ সৌন্দর্য্যলহরীশ্লোকশতকে "সমানীতঃ পদ্ভ্যাং" * ইতি "সমুদ্ভূতস্থূলস্তনভরম্" † ইতি "নিধে নিত্যস্মেরে" ‡ ইতি শ্লোকত্রয়ং বর্ত্ততে। তত্তু ভগবৎপাদরচিতং ন ভবতি, কেনচিৎ প্রক্ষিপ্তমিতি ন ব্যাখ্যাতম্। শ্লোকশতকমেব ব্যাখ্যাতম্॥ ১০২॥

**অচ্যুতানন্দকৃত-টীকা**।—প্রদীপ ইতি। হে বাচাং জননি! ইয়ং স্তুতিস্ত্বদীয়াভির্ব্বাগ্‌ভির্ব্বিরচিতা নাত্র মম কর্ত্তৃত্বমিতি ভাবঃ। অত্র দৃষ্টান্তমাহ প্রদীপেত্যাদি। যথা প্রদীপজ্বালাভির্দ্দিবসকরস্য নির্ম্মঞ্ছনবিধিঃ বিশ্বব্যাপকস্তেজসা স্বল্পতেজোঽনুভবিষ্যতীত্যর্থঃ। যথা সুধাসিন্ধোশ্চন্দ্রস্য চন্দ্রোপলশ্চন্দ্রকান্তমণিবিশেষঃ। তস্মাদ্‌যদমৃতং স্রবতি তদমৃতেনার্ঘ্যরচনা। যথা স্বকীয়ৈরম্ভোভিঃ সমুদ্রোত্থিতবারিভিঃ সলিলনিধেঃ সৌহিত্যকরণং প্রীতিজননমিত্যর্থঃ॥ ১০২॥

**অনুবাদ**।—হে ব্রহ্মাণ্ডজননি! যিনি স্বীয় তেজঃসমূহ দ্বারা জগন্মণ্ডল পরিব্যাপ্ত করিয়া রহিয়াছেন, তাদৃশ দিবাকরকে সামান্য দীপশিখা দ্বারা নীরাজিত করা যেরূপ, সুধাসিন্ধু চন্দ্রের পূজার নিমিত্ত চন্দ্রকান্তমণি-নিঃসৃত অমৃতবিন্দু দ্বারা অর্ঘরচনা করা যেরূপ এবং সমুদ্র-সলিল দ্বারা সমুদ্রের তর্পণ করা যেরূপ, তুমি বাক্যসমুদায়ের জননী বলিয়া আমি তোমার বাক্য দ্বারাই সেইরূপ তোমার স্তব করিলাম। ইহাতে আমার কোন কর্ত্তৃত্বই নাই॥১০২॥

মঞ্জীরশোভিচরণং বলিশোভিমধ্যং,
হারাভিরামকুচমম্বুরুহায়তাক্ষম্।
লীলাত্মকং হিমমহীধরকন্যকাখ্যং
জ্ঞানপ্রদীপমিমমীশ্বরদীপদাপ্তম্॥ ১০৩॥ ¶

**অচ্যুতানন্দকৃত-টীকা**।—মঞ্জীরেত্যাদি। হিমমহীধরকন্যকা

---

* অয়ং "অরালা কেশেষু" ইত্যনন্তরং পঠ্যতে। অচ্যুতানন্দেনাপ্যয়ং নোল্লিখিতঃ।
† অয়ং "গিরামাহুঃ" ইত্যনন্তরং পঠ্যতে।
‡ অয়ং "সরস্বত্যা" ইত্যনন্তরং পঠ্যতে।
¶ অয়ং শ্লোকো লক্ষ্মীধরেণ নোল্লিখিতোঽপি। অত্র 'দীপদীপ্তম্' ইত্যত্র 'বর্ত্তিমীড়ে' ইতি পাঠঃ সমীচীনঃ।

আখ্যা যস্য তং জ্ঞানপ্রদীপং জ্ঞানময়ং দীপম্ অহমীড়ে ইত্যুচ্যমানক্রিয়া ভাবান্তর-প্রবিষ্টা। কিম্ভূতং তম্? ঈশ্বরদীপদীপ্তম্ ঈশ্বররূপেণ দীপেন বর্ত্ত্যা প্রকাশীভূতম্॥১০৩॥

**অনুবাদ।**—যাঁহার পদযুগল মণিময় নূপুরে শোভা পাইতেছে, যাঁহার মধ্যদেশ ত্রিবলি দ্বারা বিশোভিত, যাঁহার স্তনতট হারাবলি দ্বারা অপরূপ রূপ ধারণ করিয়াছে, যাঁহার নয়নত্রয় বিকসিত কমলদলের ন্যায় আয়ত, যিনি লীলাময়ী, তাদৃশ হিমালয়কন্যকারূপ যে জ্ঞানপ্রদীপ ঈশ্বররূপ বর্ত্তি দ্বারা নিরন্তর প্রকাশীভূত রহিয়াছেন, আমি তাঁহার স্তব করিতেছি ॥ ১০৩ ॥

ইত্থং শঙ্করমূর্ত্তিনা ভগবতা বাগেদবতাসিন্ধুনা,
শ্রীসৌন্দর্য্যসুধানদীস্তুতিরিয়ং কৢপ্তা বিচিত্রা গুণৈঃ।
আবৃত্তা ধৃতশক্তিভির্দ্দশশতাবৃত্ত্যা নবৈঃ সাধকৈ-
স্তান্ কুর্ব্বীত কবীন্ নরেন্দ্রমুকুটীসংঘৃষ্টপাদাম্বুজান্ ॥১০৪॥*

ইতি আনন্দলহরী সমাপ্তা ॥

ইতি শ্রীলোল্লকুলসম্প্রদায়প্রবর্ত্তকভ্রমরাম্বিকাবরপ্রসাদসমুল্লসিতমহাসারস্বতভট্ট-লোল্লপতিগ্রন্থবিবরণকর্ত্তৃ-শ্রীমহোপাধ্যায়মহাদেবাচার্য্যসপ্তমেন সাহিত্যপারিজাতস্মৃতি-কল্পতরুপ্রবন্ধপ্রবন্ধৃ-লক্ষ্মীধরার্য্যষষ্ঠেন ভবতার্ণবপোতাখ্যসাহিত্যমীমাংসাগ্রন্থদ্বয়প্রণেতৃ-বিরিঞ্চিমিশ্রপঞ্চমেন মীমাংসাদ্বয়জীবাতুনির্মাতৃপুরুষোত্তমমহোপাধ্যায়প্রনপ্ত্রা প্রাভাকরামৃতবাহিনীপ্রভাবলীখণ্ডনাদ্যনেকপ্রবন্ধসন্দর্ভ-প্রবর্ত্তকবিবিধবিরুদপদমহোপাধ্যায়-লক্ষ্মণার্য্যপৌত্রেণ নয়বিবেকদীপিকাপ্রবন্ধ-সংবিধাতৃমহোপাধ্যায়বিদ্বৎসার্ব্বভৌমনূতন-ব্যাসাদ্যনেকবিরুদাঙ্কিত-শ্রীবিশ্বনাথভট্টারকতনয়েন অধীতদশশতনয়েন পার্ব্বতীগর্ভ-শুক্তিমুক্তারত্নেন বহুকৃতক্রতধী চিরত্নেন লোল্লকুলকলশাম্বুধিসুধাংশুনা যশঃপ্রাংশুনা হরিতগোত্রকল্পশাখিনা আপস্তম্বশাখিনা ষড়্দর্শনীপারদৃশ্বনা প্রতিপক্ষবৃক্ষঝঞ্ঝামাত-রিশ্বনা ভ্রমরাম্বিকাপ্রসাদসমাসাদিতপ্রতিভাবিশেষেণ ভুবি শেষেণ নিখিলযামল-তন্ত্রার্ণবাবগাহনরুদ্রেণ আশ্রয়ীকৃতগজপতিবীররুদ্রেণ নীলগিরিসুন্দরচরণারবিন্দ-চঞ্চরীকেণ বাণীসহচরীকেণ সরস্বতীবিলাসাদ্যনেকস্মৃতিনিবন্ধন-লক্ষ্মীধরাদ্যনেক-সাহিত্যনিবন্ধন-নয়বিবেকভূষণাদ্যনেকগুরুমতনিবন্ধন-যোগদীপিকাদ্যনেকপাতঞ্জল-মত-নিবন্ধন-মহানিবন্ধনাখ্যমানবধর্ম্মশাস্ত্রটীকা-কর্ণাবতংসবর্হাবতংসাদ্যনেক-কাব্যকল্পকেন আশ্রিতজনকল্পকেন নিগ্রহানুগ্রহকৌশিকেন শ্রীমহোপাধ্যায়লক্ষ্মীধর-দেশিকেন কৃতেয়ং লক্ষ্মীধরাখ্যা সৌন্দর্য্যলহরীস্তুতিব্যাখ্যা; অনয়া সন্তুষ্টা ভবতু ভগবতী ভবানী।

* ১০৩।১০৪ শ্লোকৌ লক্ষ্মীধরেণ ত্যক্তৌ।

অস্মদীয়ানাং লক্ষ্মীধরাচার্য্যাণাং পদ্যম্—

বয়মিহ পদবিদ্যাং তন্ত্রমান্বীক্ষকীং বা,
যদি পথি বিপথে বা বর্ত্তয়ামঃ স পন্থাঃ।
উদয়তি দিশি যস্যাং ভানুমান্ সৈব পূর্ব্বা,
ন হি তরণিরুদীতে দিক্‌পরাধীনবৃত্তিঃ॥

সায়ং সম্ফুল্লমল্লী-সুমসুরভিসুধামাধুরী-সাধুরীতি-
প্রেঙ্খৎপুঙ্খানুপুঙ্খস্ফুরদমরসরিদ্বীচিবাচালবাচঃ।
লোল্লশ্রীলক্ষ্মণাখ্যো গুণমণিজলধির্ভাসতে ভূসুরালী-
কেলী-নালীক-পালী-দশশতকিরণো বিদ্বদগ্রেসরোঽহসৌ॥

যস্য সপ্তমঃ—যঃ কর্ণাটবসুন্ধরাধিপমহাস্থানে সুবর্ণায়িতো
যো বিদ্বন্নিকষায়িতো নৃপগৃহে বেমাখ্যপৃথ্বীশিতুঃ।
শ্রীমল্লোল্লটভট্টশিষ্য ইতি যো লোল্লাখ্যয়া শ্রূয়তে
শ্রীশেষান্বয়শেখরঃ স হি মহাদেবো বিপশ্চিন্মহান্॥

তস্যোক্তিঃ—নিকষায়িতুমীহে বা সুবর্ণায়িতুমেব বা।
সুবর্ণায়িতুমেবেহে নিকষো ন হ্যলঙ্ক্রিয়া॥

তর্কস্তর্ককৃতবাবদূকনিচয়ং বাদিত্বমাস্তাং মম
ব্যাখ্যাতৃত্বমুদারশিষ্যনিবহশ্লাঘ্যং তথা তিষ্ঠতু।
স্বর্লোক-চ্যবমান-সিদ্ধ-তটিনী-কল্লোলসল্লাপিনা-
মুল্লাসা বচসাং ন কস্য মনসাং মৎকাশ্চমৎকারিণঃ॥

গতোঽয়ং শঙ্করাচার্য্যো বীরমাহেশ্বরো গতঃ।
ষট্‌চক্রভেদনে কো বা জানীতে মৎপরিশ্রমম্॥

সমাপ্তোঽয়ং গ্রন্থঃ।

**অচ্যুতানন্দকৃত-টীকা।**—ইত্থমিত্যাদি। সুগমম্॥ ১০৪॥

ইতি আনন্দলহরীস্তোত্রটীকা।

**অনুবাদ।**—এই প্রকার বাগ্দেবতাসিদ্ধ শঙ্করাবতার ভগবান্ শঙ্কর কর্ত্তৃক বিচিত্ররূপে গ্রথিত শ্রীসৌন্দর্য্য-সুধানদীরূপ এই স্তোত্র, ধৃতশক্তি তরুণ সাধকগণ সহস্রবার পাঠ করিলে নরেন্দ্রগণসেবিত শ্রেষ্ঠ কবি হইতে পারেন॥ ১০৪॥

আনন্দলহরী সমাপ্ত।

# নিরঞ্জনাষ্টক-স্তোত্র

স্থানং ন মানং ন চ নাদ-বিন্দু-রূপং ন রেখা ন চ ধাতুবর্ণম্।
দ্রষ্টা ন দৃশ্যং শ্রবণং ন শ্রাব্যং, * তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥১॥

**অনুবাদ**।—যিনি স্থান নহেন, যাঁহার পরিমাণ (সীমা) নাই, যিনি নাদ ও বিন্দু নহেন, যিনি রূপ নহেন, রেখা নহেন, ধাতু ও বর্ণ নহেন, দর্শক ও দর্শনীয় নহেন, শ্রবণেন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয়ের বিষয়ীভূত নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ১ ॥

বৃক্ষো ন মূলং ন চ বীজকূলং, শাখা ন পত্রং ন চ বল্লিপল্লবম্।
পুষ্পং ন গন্ধো ন ফলং ন ছায়া, তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥২॥

**অনুবাদ**।—যিনি বৃক্ষ নহেন, বৃক্ষের মূল ও বীজস্তূপ নহেন, শাখা ও পত্র নহেন, লতা ও পল্লব নহেন, যিনি পুষ্প ও গন্ধ নহেন, ফল নহেন, ছায়া নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ২ ॥

বেদো ন শাস্ত্রং ন চ শৌচ-সন্ধ্যে,
মন্ত্রো ন জাপ্যং † ন চ ধান-ধেয়ম্। ‡
হোমো ন যজ্ঞো ন চ দেবপূজা,
তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥ ৩ ॥

**অনুবাদ**।—যিনি বেদ নহেন, শাস্ত্র ( ধর্ম্মশাস্ত্র ) নহেন, শৌচ (পবিত্রতা) নহেন, সন্ধ্যা নহেন, যিনি মন্ত্র নহেন, জাপ্য নহেন, যিনি আধার নহেন, আধারে স্থাপনীয় নহেন, যিনি হোম নহেন, যজ্ঞ নহেন এবং দেবপূজা নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ৩ ॥

অধো ন চোর্দ্ধং ন শিবো ন শক্তিঃ, পুমান্ ন নারী ন চ লিঙ্গমূর্ত্তিঃ।
ব্রহ্মা ন বিষ্ণুর্ন চ দেবরুদ্রস্তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥ ৪ ॥

**অনুবাদ**।—যিনি নিম্ন নহেন, ঊর্দ্ধদিক্ নহেন, শিব নহেন, শক্তিও

---

* 'শব্দঃ' পাঠ হইলে ছন্দোদোষ হয় না।

† 'মন্তা' পাঠান্তর।

‡ 'ধ্যান-ধ্যেয়ম্' স-দোষ পাঠান্তর।

নহেন, পুরুষ নহেন, নারীও নহেন, যিনি লিঙ্গমূর্ত্তি নহেন, যিনি ব্রহ্মা নহেন, বিষ্ণু নহেন, রুদ্রদেবও নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ৪ ॥

অখণ্ড-খণ্ডং ন চ দণ্ড-দণ্ড্যং, কালোঽপি জীবো ন গুরুর্ন শিষ্যঃ।
গ্রহা ন তারা ন চ মেঘমালা, তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥ ৫ ॥

**অনুবাদ।**—যিনি অখণ্ড বা খণ্ড নহেন, দণ্ড নহেন, যিনি দণ্ডের যোগ্যও নহেন, যিনি কাল (সময়) নহেন, যিনি জীব নহেন, গুরু ও শিষ্য নহেন, যিনি গ্রহ, তারা ও মেঘমালা নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ৫ ॥

শ্বেতং ন পীতং ন চ রক্তরেতো, হৈমং ন রৌপ্যং ন চ বর্ণবর্ণম্।
চন্দ্রার্কবহ্নেরুদয়ো ন চাস্তং, তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥ ৬ ॥

**অনুবাদ।**—যিনি শ্বেত নহেন, পীত নহেন, যিনি রক্ত বা রেতঃ নহেন, স্বর্ণময় নহেন, রজত নহেন, যিনি চতুর্ব্বর্ণ বা যশঃ নহেন, যিনি চন্দ্র সূর্য্য ও অগ্নির উদয় বা তিরোভাব নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ৬ ॥

স্বর্গে ন মর্ত্ত্যে নগরে ন সত্রে, জাতেরতীতং ন চ ভেদভিন্নম্।
নাহং ন তত্ত্বং ন পৃথক্ পৃথক্ত্বাৎ, তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায়॥৭॥

**অনুবাদ।**—যিনি স্বর্গে নহেন, পৃথিবীতে নহেন, নগরে নহেন, সত্র-স্থানে নহেন, যিনি জন্মের অতীত, যিনি ভেদ ও ভিন্ন নহেন, অহং নহেন, তৎ নহেন, ত্বং নহেন, যিনি পৃথক্ত্ব হইতে পৃথক্ নহেন, সেই নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ৭ ॥

গম্ভীর-ধীরং ন ঘনং ন শূন্যং, * সংসারসারং ন চ পাপপুণ্যম্।
ব্যক্তং ন চাব্যক্তম-ভেদভিন্নং, তস্মৈ নমো ব্রহ্ম-নিরঞ্জনায় ॥৮॥
ইতি নিরঞ্জনাষ্টকং সম্পূর্ণম্।

**অনুবাদ।**—যিনি গম্ভীর নহেন, ধীর নহেন, ঘন নহেন, শূন্য নহেন, যিনি সংসারের সার, যিনি পাপ নহেন, পুণ্যও নহেন, যিনি ব্যক্ত নহেন, অথচ অব্যক্তও নহেন, সেই নির্ব্বিশেষ নিরঞ্জন ব্রহ্মকে নমস্কার ॥ ৮ ॥

নিরঞ্জনাষ্টক-স্তোত্র সম্পূর্ণ।

---

* 'নির্ব্বাণ-শূন্যং' ছন্দোহীন পাঠান্তর।

শ্রীশ্রীদ্বারকানাথো জয়তি।

# শঙ্করাচার্য্য-গ্রন্থমালা

## অনুমতি বা আদেশ ভাগ

## মঠাম্নায়।

অথ দ্বারকাপুর্য্যাং প্রতিষ্ঠিতঃ

### শারদামঠাম্নায়ঃ।

প্রথমঃ পশ্চিমাম্নায়ঃ শারদা মঠ উচ্যতে।

কীটবারঃ সম্প্রদায়স্তস্য তীর্থাশ্রমৌ পদে ॥ ১ ॥ *

**অনুবাদ।**—দ্বারকা নগরীতে ভগবান্ শঙ্করাচার্য্যের প্রতিষ্ঠিত শারদা-মঠাম্নায় কথিত হইতেছে। শারদা-মঠাম্নায় শব্দের অর্থ—শারদা-মঠ সম্পর্কে অনুশাসন। প্রথম এবং পশ্চিমাম্নায় শারদা-মঠ নামে প্রসিদ্ধ। সম্প্রদায়ের নাম কীটবার, (সন্ন্যাসীর) উপাধি তীর্থ ও আশ্রম। (এখানে পশ্চিমাম্নায় শব্দের অর্থ—সিন্ধু সৌবীর প্রভৃতি পশ্চিম দেশের ধর্ম্মানুশাসন যথা হইতে প্রবর্ত্তিত হয়, সেই মঠ) ॥১॥

দ্বারকাখ্যং হি ক্ষেত্রং স্যাদ্দেবঃ সিদ্ধেশ্বরঃ স্মৃতঃ।

ভদ্রকালী তু দেবী স্যাদাচার্য্যো বিশ্বরূপকঃ ॥ ২ ॥

**অনুবাদ।**—ক্ষেত্র (স্থান) দ্বারকা, দেবতার নাম সিদ্ধেশ্বর, দেবী ভদ্রকালী, (প্রথম) আচার্য্য বিশ্বরূপ। (বিশ্বরূপের নামান্তর সুরেশ্বর) ॥ ২ ॥

গোমতী তীর্থমমলং ব্রহ্মচারী স্বরূপকঃ।

সামবেদস্য বক্তা চ তত্র ধর্ম্মং সমাচরেৎ ॥ ৩ ॥

জীবাত্ম-পরমাত্মৈক্যবোধো যত্র ভবিষ্যতি।

তত্ত্বমসি মহাবাক্যং গোত্রেঽত্রিগত উচ্যতে ॥ ৪ ॥ †

**অনুবাদ।**—গোমতী নির্ম্মলতীর্থ, (প্রথম) ব্রহ্মচারীর নাম স্বরূপ, তিনি

---

* 'তীর্থাশ্রমৈঃ শুভৈঃ' পাঠও দৃষ্ট হয়।

† 'গোত্রোঽবিগত' উচ্যতে। ইহা প্রসিদ্ধ পাঠ কিন্তু অশুদ্ধ।

সামবেদ-বক্তা ও তন্নির্দ্দিষ্ট ধর্ম্ম আচরণ করিবেন, যাহাতে জীবাত্মা ও পরমাত্মার একত্ব বোধ হইবে। তত্ত্বমসি মহাবাক্য, 'অত্রি' নাম প্রাপ্ত গোত্রে স্থিতি ( প্রথম ব্রহ্মচারীর গোত্র হইতেই মঠের গোত্র নির্দ্দেশ হইয়াছে ), ইহা কথিত হয় ॥ ৩-৪ ॥

সিন্ধু-সৌবীর-সৌরাষ্ট্র-মহারাষ্ট্রাস্তথান্তরাঃ।

দেশাঃ পশ্চিমদিক্‌স্থা যে শারদামঠভাগিনঃ ॥ ৫ ॥

**অনুবাদ**।—সিন্ধু, সৌবীর, সৌরাষ্ট্র, মহারাষ্ট্র এবং পশ্চিম দিক্‌স্থ যে সব অন্তর দেশ—সমস্তই শারদামঠের ভাগে অবস্থিত। অর্থাৎ শারদামঠের যিনি আচার্য্য, তদুপদিষ্ট ধর্ম্মমর্য্যাদা পালনে ঐ সকল দেশবাসী বাধ্য থাকিবেন, আচার্য্যও তাঁহাদিগের ধর্ম্মাচরণে অবহিত থাকিবেন ॥ ৫ ॥

ত্রিবেণীসঙ্গমে তীর্থে তত্ত্বমস্যাদিলক্ষণে।

স্নায়াৎ তত্ত্বার্থভাবেন তীর্থনামা স উচ্যতে ॥ ৬ ॥

**অনুবাদ**।—তত্ত্বমসি—তৎ (১) ত্বং (২) অসি (৩) ত্রিপদরূপ ত্রিবেণীসঙ্গম তীর্থে তত্ত্বার্থভাব সহ স্নান যিনি করিবেন, তাঁহার নাম তীর্থ ॥ ৬ ॥

আশ্রমগ্রহণে প্রৌঢ় আশা-পাশ-বিবর্জ্জিতঃ।

যাতায়াতবিনির্ম্মুক্ত এষ আশ্রম উচ্যতে ॥ ৭ ॥

**অনুবাদ**।—আশাবন্ধন-বিবর্জ্জিত হওয়ায় যিমি আশ্রম ( সন্ন্যাসাশ্রম ) গ্রহণে সামর্থ্যযুক্ত এবং যাতাযাত অর্থাৎ সংসারে গমনাগমন হইতে মুক্ত, তিনি আশ্রম নামে কথিত হয়েন। ( বিশেষণ মধ্যে, তীর্থ এবং আশ্রমের বিশেষ সম্বন্ধ আছে, এই হেতু তীর্থ ও আশ্রম সংজ্ঞা, ইহাই ভাবার্থ। বিশেষ কথা এই যে, তীর্থ ও আশ্রম এই দুই উপাধি এই মঠাচার্য্যগণের শিষ্যপরম্পরায় হইয়া থাকে। এখন শারদামঠের আচার এই যে, একজন আচার্য্য—তীর্থ ও তৎপরবর্ত্তী আচার্য্য—আশ্রম উপাধিধারী হইয়া থাকেন, এই ক্রমে আচার্য্যপরম্পরা চলিতেছে ) ॥ ৭ ॥

কীটাদয়ো বিশেষেণ বার্য্যন্তে জীবজন্তবঃ।

ভূতানুকম্পয়া নিত্যং কীটবারঃ স উচ্যতে ॥ ৮ ॥

**অনুবাদ**।—সর্ব্বভূতে করুণাবশতঃ, ( কীটাদিও নিহত না হয় এই ভাবে ) কীটাদি অপসারণ করেন বলিয়া এই সম্প্রদায়ের নাম কীটবার ॥ ৮ ॥

স্ব-স্বরূপং বিজানাতি স্বধর্ম্মপরিপালকঃ।

স্বানন্দে ক্রীড়িতো নিত্যং স্বরূপো বটুরুচ্যতে ॥ ৯ ॥

ইতি শারদামঠাম্নায়ঃ।

**অনুবাদ।**—(স্বং রূপয়তি,—স্বম্ আত্মানং স্বং স্বীয়ং ধর্ম্মং স্বং নিজানন্দঞ্চ ;—এইরূপ ব্যুৎপত্তি অনুসারে ব্যাখ্যা হইতেছে) যিনি স্বকে—আত্ম-স্বরূপকে জানেন, যিনি স্বীয়—আপনার বস্তু অর্থাৎ স্বধর্ম্মপালন করেন, যিনি স্ব-আনন্দে ব্রহ্মানন্দে ক্রীড়ারত, সেই ব্রহ্মচারী 'স্বরূপ' নামে কথিত ॥ ৯ ॥

ইতি শারদামঠাম্নায়।

শ্রীশ্রীজগন্নাথো জয়তি।

অথ শ্রীজগন্নাথপুর্য্যাং প্রতিষ্ঠিতো

## গোবর্দ্ধনমঠাম্নায়ঃ।

পূর্ব্বাম্নায়ো দ্বিতীয়ঃ স্যাদ্ গোবর্দ্ধনমঠঃ স্মৃতঃ।

ভোগবারঃ সম্প্রদায়ো বনারণ্যে পদে স্মৃতে ॥ ১ ॥

**অনুবাদ।**—দ্বিতীয়, পূর্ব্বাম্নায় গোবর্দ্ধনমঠ নামে প্রসিদ্ধ। (পূর্ব্বদেশের ধর্ম্মানুশাসন যে মঠ হইতে প্রদেয়, তাহা—পূর্ব্বাম্নায়,—এইরূপ পরবর্ত্তী উত্তরাম্নায় ও দক্ষিণাম্নায় শব্দের অর্থ বুঝিতে হইবে)। (এই মঠের) সম্প্রদায় ভোগবার, (সন্ন্যাসীর) পদবী বন ও অরণ্য ॥ ১ ॥

পুরুষোত্তমস্তু ক্ষেত্রং স্যাজ্ জগন্নাথোঽস্য দেবতা।

বিমলাখ্যা হি দেবী স্যাদাচার্য্যঃ পদ্মপাদকঃ ॥ ২ ॥

**অনুবাদ।**—এই মঠের ক্ষেত্র পুরুষোত্তম—শ্রী৺পুরীধাম, ক্ষেত্রের দেবতা শ্রীশ্রীজগন্নাথ, দেবী শ্রীশ্রীবিমলা, এবং (প্রথম) আচার্য্য পদ্মপাদ ॥ ২ ॥

তীর্থং মহোদধিঃ প্রোক্তং ব্রহ্মচারী প্রকাশকঃ।

মহাবাক্যঞ্চ তত্র স্যাৎ প্রজ্ঞানং ব্রহ্ম চোচ্যতে ॥ ৩ ॥

**অনুবাদ।**—মহাসমুদ্র—তীর্থ ; (প্রথম) ব্রহ্মচারীর নাম প্রকাশক বা প্রকাশ। সেস্থানে 'প্রজ্ঞানং ব্রহ্ম' মহাবাক্যরূপে কথিত হয় ॥ ৩ ॥

ঋগ্বেদপঠনঞ্চৈব কশ্যপো গোত্র- * মুচ্যতে।
অঙ্গবঙ্গকলিঙ্গাশ্চ মগধোৎকলবর্ব্বরাঃ ॥ ৪ ॥
গৌড়াঃ সুহ্মাশ্চ পৌণ্ড্রাশ্চ লৌহিত্যাদিসমন্বিতাঃ।
গোবর্দ্ধনমঠাধীনা দেশাঃ প্রাচীব্যবস্থিতাঃ ॥ ৫ ॥

**অনুবাদ**।—ঋগ্বেদ পঠিত হয়, গোত্র কশ্যপ। অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, মগধ, উৎকল, বর্ব্বর, গৌড়, সুহ্ম, পৌণ্ড্র এবং লৌহিত্য ( ব্রহ্মপুত্রতীর ) প্রভৃতি পূর্ব্ব-বিভাগস্থ দেশসমূহ গোবর্দ্ধন মঠের অধীন ॥ ৪-৫ ॥

সুরম্যে নির্জ্জনে স্থানে বনে বাসং করোতি যঃ।
আশাবন্ধবিনির্ম্মুক্তো বননামা স উচ্যতে ॥ ৬ ॥

**অনুবাদ**।—সুরম্য—সাধকের চিত্তের অনুকূল—এবং নির্জ্জন স্থানস্বরূপ বনে যিনি বাস করেন এবং আশা ও আসক্তি যাঁহার নাই—তাঁহার ( সেই সন্ন্যাসাশ্রমীর ) নাম 'বন' ( বনবাস হেতু 'বন' উপাধি ) ॥ ৬ ॥

অরণ্যে সংস্থিতো নিত্যমানন্দে নন্দনে বনে।
ত্যক্ত্বা সর্ব্বমিদং বিশ্বমরণ্যং পরিকীর্ত্ত্যতে ॥ ৭ ॥

**অনুবাদ**।—যিনি এই সমস্ত বিশ্ব ত্যাগ করিয়া অরণ্যে নন্দনবন সদৃশ আনন্দজনক ভাবে সদা অবস্থান করেন, তিনি 'অরণ্য' নামে কীর্ত্তিত হয়েন; ( অরণ্যবাস হেতু 'অরণ্য' উপাধি ) ॥ ৭ ॥

ভোগো বিষয় ইত্যুক্তো বার্য্যতে যেন জীবিনাম্।
সম্প্রদায়ো যতীনাঞ্চ ভোগবারঃ স উচ্যতে ॥ ৮ ॥

**অনুবাদ**।—বিষয়েরই নাম ভোগ অর্থাৎ ভোগ্য, জীবগণের ভোগনিবারণ যাঁহার দ্বারা হয়, সেই যতি-সম্প্রদায় 'ভোগবার' নামে কথিত ॥ ৮ ॥

স্বয়ং জ্যোতির্ব্বিজানাতি যোগযুক্তিবিশারদঃ।
তত্ত্বজ্ঞানপ্রকাশেন তেন প্রোক্তঃ প্রকাশকঃ ॥ ৯ ॥
ইতি গোবর্দ্ধনমঠাম্নায়ঃ।

**অনুবাদ**।—যিনি যোগ-বিশারদ ও বিচারকুশল হইয়া স্বপ্রকাশ ব্রহ্মকে জানেন, সেই তত্ত্বজ্ঞান অর্থাৎ ব্রহ্মজ্ঞানরূপ প্রকাশের অস্তিত্ব হেতু ( ব্রহ্মচারী ) 'প্রকাশক' নামে খ্যাত ॥ ৯ ॥

ইতি গোবর্দ্ধন মঠাম্নায় সমাপ্ত।

---

* 'কশ্যপ গোত্র' ক্বচিৎ পাঠ।

শ্রীশ্রীবদরীনারায়ণো জয়তি ।

অথ জোতির্ধাম্নি প্রতিষ্ঠিতো

## জ্যোতির্ম্মঠাম্নায়ঃ

তীয়স্তূত্তরাম্নায়ো জ্যোতির্নাম মঠো ভবেৎ
শ্রীমঠশ্চেতি বা তস্য নামান্তরমুদীরিতম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—তৃতীয় উত্তরাম্নায়, 'জ্যোতির্ম্মঠ' * ইহার নাম। অথবা তাহার নামান্তর শ্রীমঠ ॥ ১ ॥

আনন্দবারো বিজ্ঞেয়ঃ সম্প্রদায়োঽস্য সিদ্ধিদঃ।
পদানি তস্য খ্যাতানি গিরি-পর্ব্বত-সাগরাঃ ॥ ২ ॥

**অনুবাদ**।—এ স্থানের সম্প্রদায় সিদ্ধিপ্রদানে সমর্থ, নাম আনন্দবার। এই মঠের পদবী,—গিরি, পর্ব্বত ও সাগর ॥ ২ ॥

বদরীশাশ্রমঃ ক্ষেত্রং দেবো নারায়ণঃ স্মৃতঃ।
পূর্ণাগিরী চ দেবী স্যাদাচার্য্যস্তোটকঃ স্মৃতঃ ॥ ৩ ॥

**অনুবাদ**।—ক্ষেত্র বদরীনারায়ণ-ধাম, দেবতা স্বয়ং বদরীনারায়ণ, দেবী পূর্ণাগিরী। (প্রথম) আচার্য্য তোটক ॥ ৩ ॥

তীর্থঞ্চালকনন্দাখ্যং হ্যানন্দো ব্রহ্মচার্য্যভূৎ।
অয়মাত্মা ব্রহ্ম চেতি মহাবাক্যমুদাহৃতম্।
অথর্ব্ববেদবক্তা চ ভৃগ্বাখ্যং গোত্রমুচ্যতে ॥ ৪ ॥

**অনুবাদ**।—'অলকনন্দা' তীর্থ, (প্রথম) ব্রহ্মচারীর নাম আনন্দ। এখানে মহাবাক্য 'অয়মাত্মা ব্রহ্ম'। ব্রহ্মচারী, অথর্ব্ববেদবক্তা, ভৃগু গোত্র। (এই শ্লোক ষট্‌চরণ, ছন্দোগ্রন্থে ষট্‌চরণ পদ্যের উদাহরণ প্রদত্ত হইয়াছে) ॥ ৪ ॥

---

* জ্যোতির্ম্মঠের প্রসিদ্ধ নাম 'জোসী মঠ' এখন এ মঠের অস্তিত্ব নাই। ভারতধর্ম্মমহামণ্ডল ইহার উদ্ধারের জন্য যত্ন করিতেছেন, এইরূপ শুনা গিয়াছে।

কুরুকাশ্মীরকাম্বোজপাঞ্চালাদিবিভাগতঃ।
জ্যোতির্মঠবশা দেশা হ্যুদীচী-দিগবস্থিতাঃ ॥ ৫ ॥

**অনুবাদ**।—কুরুক্ষেত্র, কাশ্মীর, কাম্বোজ, পাঞ্চাল প্রভৃতি উদীচীস্থিত বিভিন্ন প্রকার দেশসমূহ জ্যোতির্ম্মঠের অধীন ॥ ৫ ॥

বাসো গিরিবনে নিত্যং গীতাধ্যয়নতৎপরঃ।
গম্ভীরাচলবুদ্ধিশ্চ গিরিনামা স উচ্যতে ॥ ৬ ॥

**অনুবাদ**।—গিরিকাননে যাঁহার নিত্য বাস এবং গীতাধ্যয়নে যিনি তৎপর, গম্ভীর স্থিরবুদ্ধিসম্পন্ন যিনি, তিনি গিরি নামে অভিহিত। ('গিরি বনে'—এই শব্দে স্পষ্ট গিরিশব্দ বর্ত্তমান,—তৎপরে 'গীতাধ্যয়নতৎপর' এই শব্দে 'গ' ও 'র' এই দুইটি বর্ণ আছে, 'গম্ভীরাচলবুদ্ধি' এ অংশেও 'গ' 'র' বর্ত্তমান, 'অচলবুদ্ধি' শব্দের প্রকৃত অর্থ স্থিরবুদ্ধি, কিন্তু অচল শব্দ 'গিরির' স্মারক। এই তিনটি বিশেষণ দ্বারা "গিরি" নাম সমর্থিত) ॥ ৬ ॥

বসন্ পর্ব্বতমূলেষু প্রৌঢ়ং জ্ঞানং বিভর্ত্তি যঃ।
সারাসারং বিজানাতি পর্ব্বতঃ পরিকীর্ত্ত্যতে ॥ ৭ ॥

**অনুবাদ**।—যিনি পর্ব্বতমূলে বাস করত প্রৌঢ় (প্রবল) জ্ঞান পোষণ করেন, এবং সারাসারবিজ্ঞ, তিনি পর্ব্বত নামে কথিত হয়েন। ('পর্ব্বতমূলে' এই শব্দে স্পষ্টই পর্ব্বত শব্দ বর্ত্তমান, 'প্রৌঢ়ং জ্ঞানং বিভর্ত্তি' এই শব্দমধ্যেও 'পর্ব্বত' শব্দের 'প অ র্ ব অ ত অ এই বর্ণগুলি বিদ্যমান, যথা প্রৌঢ়ং—'প' 'অ' 'বিভর্ত্তি'—র্;—ব্—অ—ত্—'জ্ঞানং—অ এই ভাবে পর্ব্বত নাম সমর্থিত) ॥ ৭ ॥

তত্ত্বসাগরগম্ভীরো জ্ঞানরত্নপরিগ্রহঃ।
মর্য্যাদাং নৈব লঙ্ঘেত সাগরঃ পরিকীর্ত্ত্যতে ॥ ৮ ॥

**অনুবাদ**।—তত্ত্ববিষয় সাগরের ন্যায় গম্ভীর, জ্ঞান-রত্ন যাঁহাকে আশ্রয় করিয়া থাকে এবং যিনি মর্য্যাদা লঙ্ঘন করেন না, তিনি 'সাগর' নামে কীর্ত্তিত হয়েন। (প্রথম বিশেষণে 'সাগর' শব্দই বর্ত্তমান, পরবর্ত্তী দুইটি বিশেষণে সাগরের গুণ তাঁহাতে আছে, ইহা প্রদর্শিত হইয়াছে, সাগর—রত্নাকর; ইনি জ্ঞানরত্নের আশ্রয়, সাগর, মর্য্যাদা—বেলা লঙ্ঘন করেন না, ইনিও শাস্ত্রমর্য্যাদা লঙ্ঘন করেন না) ॥৮॥

আনন্দো হি বিলাসশ্চ বার্য্যতে যেন জীবিনাম্।
সম্প্রদায়ো যতীনাঞ্চানন্দবারঃ স উচ্যতে ॥ ৯ ॥

**অনুবাদ**।—আনন্দ শব্দের (এখানে) অর্থ 'বিলাস' ইন্দ্রিয়সুখ, জীবগণের সেই আনন্দ যিনি নিবারণ করেন, যতিগণের সেই সম্প্রদায়ের নাম 'আনন্দবার' ॥ ৯ ॥

সত্যং জ্ঞানমনন্তং যো নিত্যং ধ্যায়েত তত্ত্ববিৎ।
আনন্দে রমতে নিত্যমানন্দঃ পরিকীর্ত্তিতঃ ॥ ১০ ॥

ইতি জ্যোতির্ম্মঠাম্নায়ঃ।

**অনুবাদ**।—যে তত্ত্বজ্ঞ পুরুষ, অনন্ত সত্য জ্ঞানকে ধ্যান করত সদা আনন্দস্বরূপে রত থাকেন, তিনি আনন্দ নামে কথিত। (এ স্থলে ব্রহ্মচারীর নামার্থ কথিত হইল) ॥ ১০ ॥

ইতি জ্যোতির্ম্মঠাম্নায় তৃতীয় অধ্যায় সমাপ্ত।

শ্রীশ্রীরামেশ্বরো জয়তি।

অথ দক্ষিণদিশি প্রতিষ্ঠিতঃ

## শৃঙ্গেরীমঠাম্নায়ঃ।

চতুর্থো দক্ষিণাম্নায়ঃ শৃঙ্গেরী তু মঠো ভবেৎ।
সম্প্রদায়ো ভূরিবারো ভূর্ভুবো গোত্রমুচ্যতে ॥ ১ ॥

**অনুবাদ**।—অনন্তর দক্ষিণদেশে প্রতিষ্ঠিত শৃঙ্গেরী মঠাম্নায় কথিত হইতেছে,—চতুর্থ দক্ষিণাম্নায়, নাম শৃঙ্গেরী মঠ। ভূরিবার সম্প্রদায়, ভূর্ভুব গোত্র, ইহা কথিত হয়। (গোত্রাণান্তু সহস্রাণি প্রযুতান্যর্ব্বুদানি চ।— ইহা বোধায়ন বলিয়াছেন, অতএব 'ভূর্ভুব' গোত্র অপ্রসিদ্ধ হইলেও অস্বীকার করা যায় না) ॥ ১ ॥

পদানি ত্রীণি খ্যাতানি সরস্বতী ভারতী পুরী।
রামেশ্বরাহ্বয়ং ক্ষেত্রমাদিবরাহদেবতঃ ॥ ২ ॥ *

**অনুবাদ।**—পদবী ৩টি ;—সরস্বতী, ভারতী ও পুরী। (এখানে মূলে ছন্দোহনুরোধে 'সরস্বতী' উচ্চারণ করিতে হইবে।) রামেশ্বর ক্ষেত্র, এই মঠের দেবতা আদিবরাহ ॥ ২ ॥

কামাক্ষী তস্য দেবী স্যাৎ সর্ব্বকামফলপ্রদা।
পৃথ্বীধরাখ্য আচার্য্যস্তুঙ্গভদ্রেতি তীর্থকম্ ॥ ৩ ॥

**অনুবাদ।**— সর্ব্বকামফলপ্রদা কামাক্ষী এই মঠের দেবী। (প্রথম) আচার্য্যের নাম পৃথ্বীধর. তীর্থ তুঙ্গভদ্রা নদী ॥ ৩ ॥

চৈতন্যাখ্যো ব্রহ্মচারী যজুর্ব্বেদস্য পাঠকঃ।
অহং ব্রহ্মাস্মি তত্রৈব মহাবাক্যং সমীরিতম্ ॥ ৪ ॥

**অনুবাদ।**—(প্রথম) ব্রহ্মচারীর নাম চৈতন্য, যজুর্ব্বেদপাঠী ; কথিত হয়, তত্রত্য মহাবাক্য অহং ব্রহ্মাস্মি ॥ ৪ ॥

অন্ধ্র-দ্রবিড়- † কর্ণাট-কেরলাদিপ্রভেদতঃ।
শৃঙ্গের্য্যধীনা দেশাস্তে হ্যবাচী-দিগবস্থিতাঃ ॥ ৫ ॥

**অনুবাদ।**—অন্ধ্র, দ্রবিড়, কর্ণাট, কেরল প্রভৃতি দক্ষিণদেশস্থ বিভিন্ন প্রদেশ, শৃঙ্গেরী মঠের অধীন ॥ ৫ ॥

স্বরজ্ঞানরতো নিত্যং স্বরবাদী কবীশ্বরঃ।
সংসারসাগরাসার-হন্তাসৌ হি সরস্বতী ॥ ৬ ॥

**অনুবাদ।**—(যিনি) সদা স্বরজ্ঞানে রত, স্বরবাদী (স্বরানুসারেই ফলাফলবক্তা), কবীশ্বর এবং সংসার-সাগর সংসরণের বিনাশক, তিনি 'সরস্বতী' হয়েন। (প্রথম দুটি বিশেষণে—সর স্ব ত ও ঈকার-যুক্ত বাক্য আছে, তাহারই বর্ণ সঙ্কোচ পূর্ব্বক মিলনে 'সরস্বতী' নাম, অথবা সরস্বতীর ন্যায় বিদ্যাবত্তা—কবীশ্বর-শব্দ দ্বারা জ্ঞাপিত হইয়াছে, সেই কারণে সরস্বতী, কিংবা সরস্বতী-নদীর মহিমা মহাভারতে কীর্ত্তিত হইয়াছে—"সরস্বতীং প্রাপ্য জনাঃ সুদুষ্কৃতাঃ

---

* 'আদিবরাহ দেবতা' পাঠও দৃষ্ট হয়। † 'অন্ধ্র দ্রাবিড়' ইতি পাঠান্তর।

সদা ন শোচন্তি পরত্র বেহ চ।" 'তরাত শোকং যস্মাৎ' এই শ্রুত্যুক্ত ব্রহ্মজ্ঞ পুরুষলভ্য গতির সমান গতিলাভ সরস্বতী-নদী-সেবনে হইয়া থাকে। এই সাদৃশ্য হেতু সরস্বতী নাম হইয়া থাকে) ॥ ৬ ॥

বিদ্যাভারেণ সম্পূর্ণঃ সর্ব্বং ভারং পরিত্যজন্।
দুঃখভারং ন জানাতি ভারতী পরিকীর্ত্ত্যতে ॥ ৭ ॥

**অনুবাদ**।—সর্ব্বভার পরিত্যাগ করিয়া বিদ্যাভারে যিনি সম্পূর্ণ এবং দুঃখভার জানেন না, ( তাই ) তিনি 'ভারতী' নামে কথিত। ( 'ভারতী' সংজ্ঞার প্রথম দু'টি বর্ণ, তিনটি পদেই আছে, 'দুঃখভারং ন জানাতি' এই বাক্যে 'ভার' 'তি' তাহাই 'ভারতী' হইয়াছে। নামে বাক্য সঙ্কোচ বর্ণাগম ও বর্ণবিপর্য্যয় হইয়া থাকে ) ॥ ৭ ॥

জ্ঞানতত্ত্বেন সম্পূর্ণঃ পূর্ণতত্ত্বপদে স্থিতঃ।
পরব্রহ্মরতো নিত্যং পুরীনামা স উচ্যতে ॥ ৮ ॥

**অনুবাদ**।—জ্ঞানতত্ত্বে পরিপূর্ণ, পূর্ণব্রহ্মপদে অবস্থিত, এবং নিত্য পরব্রহ্মরত বলিয়া পুরী নাম কথিত হইয়া থাকে।

( 'পূরি+ক্ত।' এই পদটির মধ্যে, 'প' 'র' 'ই' আছে, পূর—দীর্ঘ উকারটি নাম বলিয়া হ্রস্ব করিলে, ইকারকে দীর্ঘ করিলে, 'পুরী' এই বর্ণবিন্যাস অনায়াসে হয়। 'পূর্ণব্রহ্মপদে স্থিতঃ'। এই পূর্ণও পূরি+ত,—তাহা হইতে 'পুরী' পূর্ব্ববৎ হইয়াছে। "পরব্রহ্ম-রত" বলিলেও—'পরব্রহ্মরত' এই কথাটির মধ্যেও 'প' 'র' বর্ণদ্বয় আছে। তাহাতে সমগ্র অর্থজ্ঞাপনের জন্য স্বরদ্বয় যোগে 'পুরী'হইয়াছে ) ॥ ৮ ॥

ভূরিশব্দেন সৌবর্ণ্যং বার্য্যতে যেন যোগিনাম্।
সম্প্রদায়ো যতীনাঞ্চ ভূরিবারঃ স উচ্যতে ॥ ৯ ॥

**অনুবাদ**।—ভূরিশব্দের অর্থ সৌবর্ণ্য বা সুবর্ণ, জীবগণের এই সৌবর্ণ্য বা সুবর্ণময়বস্তুর ভোগস্পৃহা বারণে যাঁহার কর্ত্তৃত্ব আছে—সেই যতি সম্প্রদায় 'ভূরি-বার' নামে কথিত ॥ ৯ ॥

চিন্মাত্রং চেত্যরহিতমনন্তমজরং শিবম্ ।
যো জানাতি স বৈ বিদ্বান্ চৈতন্যেত্যভিধীয়তে ॥১০॥ *

**অনুবাদ**।—চেত্য-রহিত জ্ঞেয়সম্পর্কশূন্য অনন্ত অজর শিবস্বরূপ চিন্মাত্রকে যিনি জানেন, সেই বিদ্বান্ চৈতন্য নামে উক্ত হয়েন। অর্থাৎ ( চিন্মাত্রং চেতনং ) ( জানাতি ), চেত্যং ন ( জানাতি ) এইরূপ বর্ণবিন্যাস ও অর্থে চৈতন্য শব্দ উৎপন্ন হইয়াছে ॥ ১০ ॥

মর্য্যাদৈষা সুবিজ্ঞেয়া চতুর্ম্মঠবিধায়িনী ।
তামেতাং সমুপাশ্রিত্য আচার্য্যাঃ স্থাপিতাঃ ক্রমাৎ॥১১॥
ইতি শৃঙ্গেরিমঠাম্নায়ঃ সমাপ্তঃ ।

**অনুবাদ**।—চতুর্ম্মঠবিধানপরায়ণা এইরূপ মর্য্যাদা উত্তমরূপে বিজ্ঞেয় ; এই সেই মর্য্যাদাকে আশ্রয় করিয়া আচার্য্যচতুষ্টয় ক্রমে স্থাপিত হইয়াছেন ॥ ১১ ॥

ইতি শ্রীশৃঙ্গেরিমঠাম্নায় সমাপ্ত ।

# অথ মঠানুশাসনম্ ।

আম্নায়াঃ কথিতা হ্যেতে যতীনাঞ্চ পৃথক্ পৃথক্ ।
তে সর্ব্বে চতুরাচার্য্যা নিয়োগেন যথাক্রমম্ ॥ ১ ॥
প্রযোক্তব্যাঃ স্বধর্ম্মেষু শাসনীয়াস্ততোঽন্যথা ।
কুর্ব্বন্তু † এব সততমটনং ধরণীতলে ॥ ২ ॥

**অনুবাদ**।—মঠানুশাসন কথিত হইতেছে।—এই যতিগণের ( পশ্চিমাদি ভেদে ) পৃথক্ পৃথক্ 'আম্নায়' কথিত হইল। পূর্ব্বোক্ত চারিজন আচার্য্য সকলেই গুরুক্রমানুসারে নিয়োগবশে ধর্ম্মপ্রয়োগে নিয়ন্ত্রিত হইবেন ; ইহার অন্যথা হইলে, তাঁহারা শাসনযোগ্য হইবেন। পৃথিবীতলে সর্ব্বদা ভ্রমণই তাঁহাদের কার্য্য। ( অতএব "এ সময় আমি মঠে অনুপস্থিত, তাই দোষ হইয়াছে" এরূপ প্রতিবাদ আচার্য্য পক্ষে করা চলিবে না ) ॥ ১-২ ॥

---

* 'চৈতনাং তদভিধীয়তে' পাঠও আছে।  † 'কুর্ব্বন্তু'এব' পাঠও দৃষ্ট হয়।

স্বস্বরাষ্ট্র-প্রতিষ্ঠিত্যৈ সঞ্চারঃ সুবিধীয়তাম্।
মঠে তু নিয়তো বাস আচার্য্যস্য ন যুজ্যতে ॥ ৩ ॥

**অনুবাদ**।—( আমার আদেশ ) স্ব স্ব রাষ্ট্রের ( স্ব স্ব অধিকৃত প্রদেশ-সমূহের ) প্রতিষ্ঠা অর্থাৎ ধর্ম্মস্থিতির জন্য আচার্য্যগণের পক্ষে সঞ্চার—দেশভ্রমণ উপযুক্তভাবে করণীয়। মঠে আচার্য্যের নিয়ত বাস করা উচিত নহে ॥ ৩ ॥

বর্ণাশ্রমসদাচারা অস্মাভির্যে প্রসাধিতাঃ।
রক্ষণীয়াস্ত এবৈতে স্বে স্বে ভাগে যথাবিধি ॥ ৪ ॥

**অনুবাদ**।—আমরা যে সকল বর্ণাশ্রমোচিত সদাচার প্রকৃষ্টরূপে প্রচার করিয়াছি, ( মঠাচার্য্যগণের পক্ষে ) স্ব স্ব অংশলব্ধ দেশে তৎসমস্তই যথা-বিধি রক্ষণীয় ॥ ৪ ॥

যতো বিনষ্টির্মহতী ধর্ম্মস্যাত্র প্রজায়তে।
মান্দ্যং সন্ত্যাজ্যমেবাত্র দাক্ষ্যমেব সমাশ্রয়েৎ ॥ ৫ ॥

**অনুবাদ**।—যেহেতু এ সময়ে ধর্ম্মের মহতী হানি হইতেছে, অতএব এ সময়ে মন্থরতা অবশ্য পরিত্যাজ্য—দক্ষতাই আশ্রয় করিবে। অর্থাৎ আলস্য না করিয়া কার্য্যে তৎপর হইবে ॥ ৫ ॥

পরস্পরবিভাগে তু প্রবেশো ন কদাচন।
পরস্পরেণ কর্ত্তব্যা আচার্য্যেণ ব্যবস্থিতিঃ ॥ ৬ ॥

**অনুবাদ**।—আচার্য্যগণ পরস্পরের বিভাগে পরস্পরে কদাচ প্রবেশ করিবেন না, অর্থাৎ এক আচার্য্য অন্য আচার্য্যের শাসনাধিকৃত প্রদেশে প্রবেশ করিবেন না, আচার্য্যগণ পরস্পরে এইরূপ ব্যবস্থা ( মর্য্যাদা ) করিয়া রাখিবেন ॥৬॥

মর্য্যাদায়া বিনাশেন লুপ্যেরন্ নিয়মাঃ শুভাঃ।
কলহাঙ্গারসম্পত্তিরতস্তাং পরিবর্জ্জয়েৎ ॥ ৭ ॥

**অনুবাদ**।—মর্য্যাদার বিনাশে শুভ নিয়মসমূহ বিলুপ্ত হয়। ইহা হইতে কলহরূপ অঙ্গারেরই উৎপত্তি হইয়া থাকে, কলহোৎপত্তি বিশেষভাবে বর্জ্জনীয় ॥৭॥

পরিব্রাডার্য্যমর্য্যাদাং মামকীনাং যথাবিধি।
চতুঃপীঠাধিগাং সত্তাং প্রযুঞ্জীত পৃথক্ পৃথক্ ॥ ৮ ॥

**অনুবাদ**।—পরিব্রাজক ( সন্ন্যাসী ) মদীয় আর্য্য মর্য্যাদা এবং চতুঃপীঠে

বিশেষ সত্তা পৃথক্ পৃথক্ প্রয়োগ করিবেন। অর্থাৎ আচার্য্য শঙ্কর-প্রচারিত ধর্ম্ম-নিয়ম সন্ন্যাসী স্বয়ং পালন করিবেন, শিষ্যবর্গ দ্বারাও পালন করাইবেন। কিন্তু যে সন্ন্যাসী যে পীঠের আচার্য্য, সেই পীঠের অধীনস্থ দেশ শিষ্যপদবী ব্রহ্মচারী পদবী ইত্যাদি বিশেষ বিষয়গুলির প্রতি সাবধান দৃষ্টি রাখিবেন ॥ ৮ ॥

শুচির্জিতেন্দ্রিয়ো বেদ-বেদাঙ্গাদিবিশারদঃ।
যোগজ্ঞঃ সর্ব্বশাস্ত্রাণামস্মদাস্থানমাপ্নুয়াৎ ॥ ৯ ॥

**অনুবাদ।**—শুচিতাযুক্ত, জিতেন্দ্রিয়, বেদবেদাঙ্গাদি শাস্ত্রবিশারদ, সর্ব্ব-শাস্ত্রের সমন্বয়ে অভিজ্ঞ ব্যক্তি অস্মদীয় আস্থান প্রাপ্ত হইবেন। (আস্থান শব্দের সংস্কৃত অর্থ সভা, ভগবান্ শঙ্কর-প্রতিষ্ঠিত মঠ শাস্ত্রনির্ণয়ে উৎকৃষ্ট সভাস্বরূপ ছিল, এই জন্য তাঁহার স্থাপিত মঠ 'আস্থান' শব্দ দ্বারা অভিহিত হইয়াছে। 'প্রাপ্ত হইবেন,' ইহার ভাবার্থ উত্তরাধিকারী হইবেন। জনকের সম্পত্তি প্রাপ্ত হইবেন না ॥ ৯ ॥

উক্তলক্ষণসম্পন্নঃ স্যাচ্চেন্মৎপীঠভাগ্‌ভবেৎ।
অন্যথারূঢ়পীঠোঽপি নিগ্রহার্হো মনীষিণাম্ ॥ ১০ ॥

**অনুবাদ।**—যদি ঐরূপ লক্ষণযুক্ত হয়, তবেই আমার পীঠভাগী অর্থাৎ আচার্য্যপদ প্রাপ্ত হইবে। তাহা না হইলে, পীঠারূঢ় অর্থাৎ আচার্য্যপদে আরূঢ় ব্যক্তিও মনীষিগণের নিগ্রহযোগ্য হইবে ॥ ১০ ॥

ন জাতু মঠমুচ্ছিন্দ্যাদধিকারিণ্যুপস্থিতে।
বিঘ্নানামপি বাহুল্যাদেষ ধর্ম্মঃ † সনাতনঃ ॥ ১১ ॥

**অনুবাদ।**—বিঘ্ন যতই অধিক হউক, উপযুক্ত অধিকারী (যথোক্ত গুণসম্পন্ন আচার্য্য) থাকিলে, (কেহ) কখনও মঠ উচ্ছেদ করিতে পারিবে না। যে হেতু এই ধর্ম্ম সনাতন। অর্থাৎ উপযুক্ত উপদেশকই সনাতন ধর্ম্মের রক্ষক, উপযুক্ত উপদেশকের অভাব হইলে সেই মঠ অকর্ম্মণ্য ॥ ১১ ॥

অস্মৎপীঠে সমারূঢ়ঃ পরিব্রাড়ুক্তলক্ষণঃ।
অহমেবেতি বিজ্ঞেয়ো যস্য দেব ইতি শ্রুতেঃ ॥ ১২ ॥

**অনুবাদ।**—আমার পীঠে আধিপত্যপ্রাপ্ত পূর্ব্বোক্ত লক্ষণসম্পন্ন

† 'দেশধর্ম্ম' ইতি পাঠান্তর।

পরিব্রাজক আমারই (শঙ্করাচার্য্যেরই) স্বরূপ, বলিয়া (সর্ব্বসাধারণের) পরিজ্ঞেয়ঃ প্রমাণ—'যস্য দেবে' ইত্যাদি শ্রুতি। অর্থাৎ শ্রুতির মর্ম্ম এই—"পরম দেব-ভক্তি ও পরম গুরু-ভক্তিবলে, গূঢ় ব্রহ্মতত্ত্ব অবগত হওয়া যায়" তাহারই ফলে আমার যাহা কিছু,—আমার স্থানস্থিত আচার্য্যও সেইরূপ দেব-গুরুভক্ত হইলে মৎস্বরূপই হইবেন ॥ ১২ ॥

এক এবাভিষেচ্যঃ স্যাদন্তে লক্ষণসম্মতঃ।
তত্তৎপীঠে ক্রমেণৈব ন বহুর্যুজ্যতে ক্বচিৎ ॥ ১৩ ॥

**অনুবাদ**।—তত্তৎপীঠে পূর্ব্বাচার্য্যের অবসানে ক্রমে একজন করিয়া (পূর্ব্বশ্লোকবর্ণিত) লক্ষণসম্পন্ন ব্যক্তি অভিষেচনীয়; কোথাও বহু ব্যক্তি যুগপৎ অভিষেচনীয় নহেন ॥ ১৩ ॥

সুধন্বনঃ সমৌৎসুক্য-নিবৃত্ত্যৈ ধর্ম্মহেতবে।
দেবরাজোপচারাংশ্চ যথাবদনুপালয়েৎ ॥ ১৪ ॥

**অনুবাদ**।—রাজা সুধন্বার ধর্ম্ম উদ্দেশ্যে আন্তরিক ঔৎসুক্য নিবৃত্তির জন্য তদীয় দেববৎ বা রাজবৎ যে উপচার, তাহা (পীঠাধিপতি) যথাযথ রাখিয়া দিবেন। অর্থাৎ রাজা সুধন্বা মঠে যাহা যাহা প্রেরণ করেন, তাহা মহার্হ, তথাপি তাহা আচার্য্য প্রত্যাখ্যান করিবেন না। রাজা সুধন্বা ধর্ম্মের আশায় বড় উৎকণ্ঠার সহিত ঐ সব দ্রব্য প্রেরণ করেন, প্রত্যাখ্যান করিলে, সুধন্বার উৎকণ্ঠা-বৃদ্ধি হইবে। রাজা সুধন্বা ধার্ম্মিক, তাঁহার ধর্ম্মার্থ ইচ্ছা পূরণে কোন দোষ নাই, ইহার হেতু পরপদ্যে বর্ণিত হইতেছে ॥ ১৪ ॥

কেবলং ধর্ম্মমুদ্দিশ্য বিভবো হ্যবাহ্যচেতসাম্।
বিহিতশ্চোপকারায় পদ্মপত্রনয়ং ব্রজেৎ ॥ ১৫ ॥

**অনুবাদ**।—যাহারা অবাহ্যচেতাঃ, (বাহ্য পদার্থে যাহাদিগের চিত্ত একেবারেই নিঃসম্বন্ধ) তাহাদিগের সম্পত্তি কেবল ধর্ম্মরক্ষার্থে এবং উপকারার্থে বিহিত, ঐ বিভব পদ্মপত্রন্যায় প্রাপ্ত হয় (জল যেমন পদ্মপত্রে সংলগ্ন হয় না, সেইরূপ ঐ বিভবও আত্মজ্ঞদিগকে স্পর্শ করিতে পারে না; অতএব সুধন্বরাজ-প্রদত্ত উপচারসম্ভার আত্মজ্ঞ আচার্য্যকে সংলিপ্ত করিতে পারে না, কেবল তদ্দ্বারা বর্ণাশ্রমধর্ম্মরক্ষা ও পরোপকার হয়) ॥ ১৫ ॥

সুধন্বা চ মহারাজস্তদন্যে চ নরেশ্বরাঃ ।
ধর্ম্মপরম্পরামেতাং পালয়ন্তু নিরন্তরম্ ॥ ১৬ ॥

**অনুবাদ**।—মহারাজ সুধন্বা এবং তদ্ভিন্ন নরাধিপতিগণও অবিচ্ছেদে এই ধর্ম্মধারা পালন করুন ॥ ১৬ ॥

চাতুর্ব্বর্ণ্যং যথাযোগ্যং বাঙ্‌মনঃকায়কর্ম্মভিঃ ।
গুরোঃ পীঠং সমর্চ্চেচ্চ বিভাগানুক্রমেণ বৈ ॥ ১৭ ॥

**অনুবাদ**।—দেশবিভাগানুসারে অবস্থিত চতুর্ব্বর্ণ—বাক্য, মনঃ, শরীর ও কর্ম্ম দ্বারা যথাযোগ্য গুরুপীঠ পূজা করিবে। ( পশ্চিম দেশের চতুর্ব্বর্ণ—শারদাপীঠ, পূর্ব্বদেশের চতুর্ব্বর্ণ,—গোবর্দ্ধন পীঠ—ইত্যাদি ক্রমে বিভিন্ন দেশের চতুর্ব্বর্ণ বিভিন্ন পীঠের অর্চ্চনা করিবে ) ॥ ১৭ ॥

ধরামালম্ব্য রাজানঃ প্রজাভ্যঃ করভাগিনঃ ।
কৃতাধিকারা আচার্য্যা ধর্ম্মতস্তদ্বদেব হি ॥ ১৮ ॥

**অনুবাদ**।—রাজগণ স্বাধিকৃত ভূমিসম্পর্কে যেমন প্রজাগণের নিকট হইতে কর নামক একটা ভাগ প্রাপ্ত হয়েন, সেইরূপ পীঠাধিকারী আচার্য্য ধর্ম্ম-সম্পর্কে প্রজাগণের নিকট হইতে ভাগ পাইতে অধিকারী। অর্থাৎ চতুর্ব্বর্ণকে যে গুরুপীঠপূজার আজ্ঞা প্রদান করা হইয়াছে, তাহা সঙ্গত, কারণ, রাজা যেমন ভূস্বামী বলিয়া প্রজা তাঁহাকে কর দিয়া থাকে,—সেইরূপ আচার্য্য ধর্ম্মস্বামী—ধর্ম্মানুশাসন তাঁহার নিকট হইতেই লইতে হয়,—সুতরাং তাঁহাকে পূজা করা ও যথাযোগ্য উপহার প্রদান অবশ্য কর্ত্তব্য নহে কি ? ১৮ ॥

ধর্ম্মো মূলং মনুষ্যাণাং সদাচার্য্যাবলম্বনঃ ।
তস্মাদাচার্য্যসুমণেঃ শাসনং সর্ব্বতোঽধিকম্ ॥ ১৯ ॥

**অনুবাদ**।—সদাচার্য্যের উপদিষ্ট ধর্ম্ম মনুষ্যদিগের মূলধন, বা মনুষ্যত্বের মূল কারণ, অতএব উত্তম আচার্য্যরত্নের যে শাসন ( উপদেশ ), তাহা সর্ব্ববিধ শাসন হইতে অধিক ॥ ১৯ ॥

তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন শাসনং সর্ব্বসম্মতম্ ।
আচার্য্যস্য বিশেষেণ হ্যৌদার্য্যভরভাগিনঃ ॥ ২০ ॥

**অনুবাদ**।—অতএব সকলের প্রতি প্রযত্ন-প্রদত্ত, অতীব ঔদার্য্যসম্পন্ন আচার্য্যের শাসন বিশিষ্টভাবেই সর্ব্বসম্মত ॥ ২০ ॥

নির্ম্মলাঃ স্বর্গমায়ান্তি কৃত্বা পাপানি মানবাঃ।
আচার্য্যাক্ষিপ্তদণ্ডাস্তু সন্তঃ সুকৃতিনো যথা ॥ ২১ ॥

**অনুবাদ।**—মানবগণ পাপ করিবার পরে আচার্য্যপ্রদত্ত দণ্ড প্রাপ্ত হইলে, নিষ্পাপ হইয়া পুণ্যশীল সাধুগণের স্থায় স্বর্গে গমন করিয়া থাকে ॥ ২১ ॥

ইত্যেবং মনুরপ্যাহ গৌতমোঽপি বিশেষতঃ।
বিশিষ্টশিষ্টাচারোঽপি মূলাদেব প্রসিধ্যতি ॥ ২২ ॥

**অনুবাদ।**—এইরূপ ভাবের কথা মনুও বলিয়াছেন, গৌতমও বিশেষ করিয়া বলিয়াছেন। মন্বাদি বিশিষ্ট শিষ্টগণের স্বীকৃত আচার মূল হইতেই অর্থাৎ শ্রুতি হইতেই সিদ্ধ হয় ॥ ২২ ॥

তানাচার্য্যোপদেশাংশ্চ দণ্ডাংশ্চ পরিপালয়েৎ।
তস্মাদ্রাজা চাচার্য্যশ্চ দ্বাবনিন্দ্যাভিবন্দিতৌ ॥ ২৩ ॥

**অনুবাদ।**—অতএব আচার্য্যদত্ত তত্তৎ উপদেশ ও দণ্ড মানিয়া লওয়া উচিত, অতএব রাজা ও আচার্য্য উভয়েই অনিন্দনীয় এবং অভিবন্দিত হইয়া থাকেন ॥ ২৩ ॥

ধর্ম্মস্য পদ্ধতিরিয়ং জগতঃ স্থিতিহেতবে।
সর্ব্ববর্ণাশ্রমাণাং হি যথাশাস্ত্রং বিধীয়তে ॥ ২৪ ॥

**অনুবাদ।**—জগৎকে রক্ষা করিবার জন্য সর্ব্বপ্রকার বর্ণ ও আশ্রমের ধর্ম্মপদ্ধতি শাস্ত্রানুসারে এই নির্ম্মিত হইল ॥ ২৪ ॥

কৃতে বিশ্বগুরুর্ব্রহ্মা ত্রেতায়ামৃষিসত্তমঃ।
দ্বাপরে ব্যাস এব স্যাৎ কলাবত্র ভবাম্যহম্ ॥ ২৫ ॥

ইতি মঠানুশাসনম্।

ইতি শ্রীমৎ-পরমহংস-পরিব্রাজকাচার্য্য-শ্রীগোবিন্দভগবৎ-পূজ্য-পাদশিষ্যস্য শ্রীশঙ্কর-ভগবতঃ কৃতৌ মঠাম্নায়ঃ সমাপ্তঃ।

**অনুবাদ।**—সত্যযুগে ব্রহ্মা, ত্রেতাযুগে ঋষিসত্তম বশিষ্ঠ, দ্বাপরে ব্যাস, এই কলিযুগাংশে আমি ( শঙ্করাচার্য্য ) বিশ্বগুরু হইতেছি ॥ ২৫ ॥

ইতি মঠানুশাসন নামক পঞ্চম অধ্যায়, ইতি শ্রীভগবৎ শঙ্করাচার্য্যকৃত মঠাম্নায় সমাপ্ত।

# মোহমুদ্গার। *

মূঢ় জহীহি ধনাগমতৃষ্ণাং, কুরু তনুবুদ্ধিমনঃসু † বিতৃষ্ণাম্।
যল্লভসে নিজকর্ম্মোপাত্তং, বিত্তং তেন বিনোদয় চিত্তম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—হে মূঢ়, ধনাগমের উৎকট আকাঙ্ক্ষা ত্যাগ কর; দেহ, বুদ্ধি ও মনে বৈরাগ্য আনয়ন কর, নিজ কর্ম্মফলে তুমি যে ধন লাভ করিতেছ, তাহাতেই চিত্তের পরিতোষ জন্মাও ॥ ১ ॥

কা তব কান্তা কস্তে পুত্রঃ, সংসারোঽয়মতীব-বিচিত্রঃ।
কস্য ত্বং বা কুত আয়াতস্তত্ত্বং চিন্তয় তদিদং ভ্রাতঃ ॥ ২ ॥

**অনুবাদ**।—কে তোমার স্ত্রী? তোমার পুত্রই বা কে? এ সংসার অতি বিচিত্র। তুমি কাহার এবং কোথা হইতেই বা আসিলে? হে ভ্রাতঃ! এই তত্ত্ব চিন্তা কর ॥ ২ ॥

* মোহমুদ্গার ষোলটি শ্লোকে রচিত, তাহার প্রমাণ "ষোড়শ পজ্ঝটিকাভিঃ" ইত্যাদি অন্তিম শ্লোক। দ্বাদশপঞ্জরিকায় বারটি শ্লোক—নামের দ্বারাই ব্যক্ত। চর্পটপঞ্জরিকার শ্লোকসংখ্যা নামে বা পরিচয়শ্লোকে নির্দ্দিষ্ট নাই। ইহাতে চর্পটপঞ্জরিকায় শ্লোকসংখ্যাভেদ হওয়া বিচিত্র নহে। বাঙ্গালায় এই সিদ্ধান্ত অনুসারে তিনখানি পৃথক্ গ্রন্থ বা পুস্তিকা। বাণীবিলাস প্রেসে মুদ্রিত গ্রন্থে এক মোহমুদ্গারমধ্যে ৩১টি শ্লোক আছে। চর্পটপঞ্জরিকা ও দ্বাদশপঞ্জরিকা পৃথক্ নাই। বাঙ্গালায় মোহমুদ্গারের শ্লোক চর্পটপঞ্জরিকা ও দ্বাদশপঞ্জরিকাতেও আছে। এইটুকু দ্রষ্টব্য।

আমরা আমাদিগের দেশপ্রসিদ্ধি এবং লিখিত প্রমাণ মত মোহমুদ্গার, দ্বাদশপঞ্জরিকা ও চর্পটপঞ্জরিকাকে পৃথক্ 'আদেশ' বলিয়া বুঝিয়াছি। তিন 'আদেশ' নিবন্ধে বহু পদ্যের একতা থাকিলেও, আবশ্যক বোধে কিঞ্চিৎ নূতন যোজনা করিয়া তিন জন শিষ্যকে ভগবান্ আচার্য্য পৃথক্ পৃথক্ আদেশ প্রদান করেন, ইহাই মনে হয়। প্রমাণ মোহমুদ্গারের শেষে আছে—"ষোড়শ পজ্ঝটিকাভিরশেষঃ শিষ্যাণাং কথিতোঽভ্যুপদেশঃ। আর দ্বাদশপঞ্জরিকার শেষে আছে—দ্বাদশ-পজ্ঝটিকাময় এষঃ শিষ্যাণাং কথিতো হ্যাপদেশঃ।

চর্পটপঞ্জরিকাতে জ্ঞানের সঙ্গে ভক্তির সম্মিলন থাকায় উহা সত্যই 'চর্পট' ব্যাপক হইয়াছে। দেহের যেমন পঞ্জর—অস্থি দৃঢ়তাসম্পাদক, অনুশাসন গ্রন্থের এক একটি পদ্যও সেইরূপ। পদ্যগুলিই পঞ্জর। যাহাতে দ্বাদশটি পঞ্জর অর্থাৎ পঞ্জর তুল্য পদ্য, সেই পুস্তিকা বা ক্ষুদ্র গ্রন্থের নাম 'দ্বাদশ-পঞ্জরিকা'। আর যে পুস্তিকার সেই পঞ্জর চর্পট—আকারে এবং বিষয়ে বিস্তৃত, ব্যাপক; তাহা চর্পটপঞ্জরিকা।

† "কুরু তনুবুদ্ধে। মনসি" এইরূপ পাঠান্তর দৃষ্ট হয়। সে স্থলে "হে দেহাভিমানী অথবা হে ক্ষুদ্রবুদ্ধি—মানব। মনে বৈরাগ্য আনয়ন কর" এইরূপ অর্থ হইবে এবং "কুরু সদ্বুদ্ধিং মনসি" ইতি পাঠান্তরও দৃষ্ট হয়।

মা কুরু ধনজনযৌবনগর্ব্বং, হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বম্।
মায়াময়মিদমখিলং হিত্বা, ব্রহ্মপদং প্রবিশাশু বিদিত্বা ॥ ৩ ॥

**অনুবাদ**।—ধন, জন ও যৌবনের গর্ব্ব করিও না। কাল নিমেষমধ্যে সকলই হরণ করিয়া লয়। মায়াময় এই নিখিল সংসার পরিহার করিয়া, জ্ঞানের দ্বারা ব্রহ্মপদে আশু প্রবেশ করিতে যত্নবান্ হও ॥ ৩ ॥

নলিনীদলগতজলমতিতরলং, তদ্বজ্জীবনমতিশয়চপলম্।
ক্ষণমিহ সজ্জনসঙ্গতিরেকা, ভবতি ভবার্ণবতরণে নৌকা ॥ ৪ ॥

**অনুবাদ**।—পদ্মপত্রস্থিত জল অতীব চঞ্চল, সেইরূপ জীবনও অতিশয় চঞ্চল। এই চঞ্চল জীবনের মধ্যে একমাত্র সাধুসঙ্গ ক্ষণকালের জন্য হইলেও উহা সংসারসাগর উত্তীর্ণ হইবার নৌকাস্বরূপ হয় ॥ ৪ ॥

যাবজ্জননং তাবন্মরণং, তাবজ্জননীজঠরে শয়নম্।
ইতি সংসারঃ স্ফুটতরদোষঃ, কথমিহ মানব তব সন্তোষঃ ॥ ৫ ॥

**অনুবাদ**।—জন্ম হইলেই মৃত্যু আছে এবং (মৃত্যুর পর) পুনর্ব্বার জননীজঠরে শয়ন করিতে হইবে। সংসারে এইরূপ দোষ পরিস্ফুট; হে মানব! (তথাপি) ইহাতে তোমার সন্তোষ আসে কেন? ৫ ॥

দিনযামিন্যৌ সায়ং প্রাতঃ, শিশিরবসন্তৌ পুনরায়াতঃ।
কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ুস্তদপি ন মুঞ্চত্যাশাবায়ুঃ ॥ ৬ ॥

**অনুবাদ**।—দিবা ও রাত্রি, সায়ং ও প্রাতঃকাল, শীত ও বসন্ত পুনঃ পুনঃ যাতায়াত করিতেছে, (এইরূপে) কাল ক্রীড়া করে, আর (জীবের) আয়ুঃক্ষয় হয়, তথাপি আশাবায়ুর বিরাম নাই অথবা বায়ু (বাতুলতা) আশা ছাড়ে না ॥৬॥

অঙ্গং বলিতং * পলিতং মুণ্ডং, দন্তবিহীনং জাতং তুণ্ডম্।
করধৃতকম্পিত-শোভিতদণ্ডং, তদপি ন মুঞ্চত্যাশা ভাণ্ডম্॥৭॥

**অনুবাদ**।—অঙ্গ লোল, কেশ শুভ্র, মুখ দন্তহীন হইয়াছে, কিন্তু সুন্দর যষ্টি যাহার জন্য (জরা-কম্পিত) করে ধৃত হইয়া কম্পমান হইতেছে, আশা সেই ধনভাণ্ড ত্যাগ করিতেছে না ॥ ৭ ॥

---

* 'অঙ্গং গলিতং' এইরূপ পাঠান্তর আছে।

সুরবরমন্দিরতরুতলবাসঃ, শয্যা ভূতলমজিনং বাসঃ।
সর্ব্বপরিগ্রহ-ভোগত্যাগঃ, কস্য সুখং ন করোতি বিরাগঃ ॥ ৮ ॥

**অনুবাদ।**—দেবমন্দিরে কিংবা তরুতলে বাস, ভূতল শয্যা এবং মৃগচর্ম্ম পরিধান এবং (দারাদি) সর্ব্বপ্রকার পরিগ্রহ ও ভোগসুখ পরিত্যাগ, এরূপ বৈরাগ্য কাহার সুখ উৎপাদন না করে? ৮ ॥

শত্রৌ মিত্রে পুত্রে বন্ধৌ, মা কুরু যত্নং বিগ্রহসন্ধৌ।
ভব সমচিত্তঃ সর্ব্বত্র ত্বং বাঞ্ছস্যচিরাদ্‌যদি বিষ্ণুত্বম্ ॥ ৯ ॥

**অনুবাদ।**—শত্রু এবং মিত্র, পুত্র অথবা স্বজন, কাহারও সহিত বিবাদ বা সন্ধি বিষয়ে আগ্রহ রাখিও না। যদি তুমি অচিরে বিষ্ণুপদ বাঞ্ছা কর, তাহা হইলে সর্ব্বত্র সমচিত্ত হও ॥ ৯ ॥

অষ্ট কুলাচল- * সপ্তসমুদ্রাঃ, ব্রহ্মপুরন্দরদিনকররুদ্রাঃ।
ন ত্বং নাহং নায়ং লোকস্তদপি কিমর্থং ক্রিয়তে শোকঃ ॥ ১০ ॥

**অনুবাদ।**—অষ্ট কুলাচল, সপ্ত সমুদ্র, ব্রহ্মা, ইন্দ্র, দিবাকর, রুদ্রদেব, তুমি, আমি, এই জগৎ—এ সকল কিছুই নাই; (সবই মায়া-কল্পিত) অতএব কি জন্য শোক করিতেছ? ১০ ॥

ত্বয়ি ময়ি চান্যত্রৈকো বিষ্ণুর্ব্যর্থং কুপ্যসি ময্যসহিষ্ণুঃ।
সর্ব্বস্মিন্নপি পশ্যাত্মানং, † সর্ব্বত্রোৎসৃজ ভেদজ্ঞানম্ ॥ ১১ ॥

**অনুবাদ।**—তোমাতে আমাতে এবং অন্য সকল বস্তুতেই একমাত্র

---

* মৎস্যপুরাণাদি এবং অভিধানে ভারতবর্ষের সপ্ত কুলাচল পরিগণিত হইয়াছে। জম্বুদ্বীপের নববর্ষের সীমান্ত পর্ব্বতরূপে যে আটটি পর্ব্বত শ্রীমদ্ভাগবতে গণিত হইয়াছে, তাহা জম্বুদ্বীপের কুলপর্ব্বত। কারণ, এই আটটি মর্য্যাদা গিরির রাজা সুমেরু "কুলপর্ব্বতরাজ" নামে কথিত হইয়াছেন। তিনি ইলাবৃত বর্ষের মধ্যস্থিত, কিন্তু সীমান্ত পর্ব্বত নহেন।

ভারতের সপ্ত কুলাচল যথা।—মৎস্যপুরাণে—

মহেন্দ্রো মলয়ঃ সহ্যঃ শুক্তিমানৃক্ষবানপি।
বিন্ধ্যশ্চ পারিপাত্রশ্চ ইত্যেতে কুলপর্ব্বতাঃ ॥

জম্বুদ্বীপের অষ্ট কুলাচল যথা,—শ্রীমদ্ভাগবত ১৬ অধ্যায়—

যস্মিন্ নববর্ষাণি নবযোজনসহস্রায়ামানাষ্ঠভির্মর্য্যাদাগিরিভিঃ সুবিভক্তানি ভবন্তি। এষাং মধ্যে ইলাবৃতং নামাভ্যন্তরবর্ষং যস্য নাভ্যামবস্থিতঃ সর্ব্বতঃ সৌবর্ণঃ কুলগিরিরাজো মেরুঃ... প্রবিষ্টঃ। ইত্যাদি। ১। নীলঃ। ২। শ্বেতঃ। ৩। শৃঙ্গবান্। ৪। নিষধঃ। ৫। হেমকূটঃ ৬। হিমালয়ঃ। ৭। মাল্যবান্। ৮। গন্ধমাদনঃ। এই অষ্ট কুলাচল এইখানে সূচিত।

† সর্ব্বং পশ্যন্নাত্মানম্—ইতি পাঠান্তর।

বিষ্ণু বিরাজ করিতেছেন ; অতএব অসহিষ্ণু হইয়া আমার প্রতি বৃথাই কোপ করিতেছ। স্বীয় আত্মাতে সর্ব্বভূতের স্বরূপ দর্শন কর এবং সর্ব্বত্র ভেদজ্ঞান পরিত্যাগ কর ॥ ১১ ॥

বালস্তাবৎ ক্রীড়াসক্তস্তরুণস্তাবত্তরুণীরক্তঃ।
বৃদ্ধস্তাবচ্চিন্তামগ্নঃ, পরমে ব্রহ্মণি কোঽপি ন লগ্নঃ ॥ ১২ ॥

**অনুবাদ**।—বালক ক্রীড়াতে আসক্ত ; তরুণ তরুণীতে অনুরক্ত ; বৃদ্ধ কেবল চিন্তাতেই মগ্ন ; ( কিন্তু ) কেহই পরব্রহ্মে লগ্ন নহে ॥ ১২ ॥

অর্থমনর্থং ভাবয় নিত্যং, নাস্তি ততঃ সুখলেশঃ সত্যম্।
পুত্রাদপি ধনভাজাং ভীতিঃ, সর্ব্বত্রৈষা কথিতা নীতিঃ ॥১৩॥

**অনুবাদ**।—অর্থকেই নিত্য অনর্থস্বরূপ চিন্তা কর, সত্যই ইহাতে সুখের লেশমাত্র নাই। কেন না, পুত্র হইতেও ধনবান্‌দিগের যে ভীতি ( হয় ), এই নীতি সর্ব্বত্র কথিত ॥ ১৩ ॥

যাবদ্‌বিত্তোপার্জ্জনশক্তস্তাবন্নিজপরিবারো রক্তঃ।
তদনু চ জরয়া জর্জ্জরদেহে, বার্ত্তাং কোঽপি ন পৃচ্ছতি গেহে॥১৪॥

**অনুবাদ**।—যে পর্য্যন্ত তুমি অর্থ উপার্জ্জন করিতে সমর্থ থাকিবে, তত দিন নিজ পরিবার তোমাতে অনুরক্ত হইয়া থাকিবে। অনন্তর তোমার শরীর ( বৃদ্ধাবস্থায় ) জরাজীর্ণ হইলে ( যখন উপার্জ্জনে অক্ষম হইবে, তখন ) তোমার সংবাদ পর্য্যন্তও কেহ জিজ্ঞাসা করিবে না ॥ ১৪ ॥

কামং ক্রোধং লোভং মোহং, ত্যক্ত্বাত্মানং পশ্যতি কোঽহম্।
আত্মজ্ঞানবিহীনা মূঢ়াস্তে পচ্যন্তে নরকনিগূঢ়াঃ ॥ ১৫ ॥

**অনুবাদ**।—কাম, ক্রোধ, লোভ, মোহ পরিত্যাগ করিয়া, আমি কে, এই ভাবে আত্মানুসন্ধান করিবে। আত্মজ্ঞানবিহীন মূঢ় লোকেরাই নরকে নিমগ্ন হইয়া থাকে ॥ ১৫ ॥

সৎসঙ্গত্বে নিঃসঙ্গত্বং নিঃসঙ্গত্বে নির্ম্মোহত্বম্।
নিশ্চলিতত্বং নির্ম্মোহত্বে, জীবন্মুক্তির্নিশ্চলিতত্বে ॥১৬॥ *

**অনুবাদ**।—সৎসঙ্গ হইতে নিঃসঙ্গত্ব হয়, নিঃসঙ্গত্ব হইলেই নির্ম্মোহত্ব

* 'নির্ম্মোহত্বে নিশ্চলিতত্বং নিশ্চলিতত্বে জীবমুক্তিঃ' বাণীবিলাসে এই পাঠ, কিন্তু অন্তিমবর্ণ মিলে যে পদরচনা চলিয়া আসিতেছিল, তাহার ভঙ্গ হয়। ষোড়শ সংখ্যা পূরণের জন্য এই শ্লোকটি দেশান্তরের পুস্তক হইতে সংগৃহীত। বাঙ্গালায় মোহমুদ্গরে এই শ্লোক নাই।

হয়, নিশ্চলিতত্ব নির্ম্মোহত্বের সঙ্গেই হয়, জীবন্মুক্তিও নির্ম্মোহত্বের সমকালীন ॥ ১৬ ॥

ষোড়শপজ্ঝটিকাভিরশেষঃ, শিষ্যাণাং কথিতোঽভ্যুপদেশঃ।
যেষাং নৈষ করোতি বিবেকং, তেষাং কঃ কুরুতামতিরেকম্॥১৭॥
ইতি মোহমুদ্গরঃ সমাপ্তঃ।

**অনুবাদ**।—এই ষোড়শপজ্ঝটিকা কবিতা দ্বারা সম্পূর্ণ উপদেশ শিষ্যগণকে প্রদত্ত হইল। ইহাতে যাহাদের বিবেকের উদয় না হইবে, তাহাদের বিবেক জন্মাইবে কে ? ॥ ১৭ ॥

মোহমুদ্গর সমাপ্ত।

# দ্বাদশপঞ্জরিকা।

মূঢ় জহীহি ধনাগমতৃষ্ণাং, কুরু সদ্‌বুদ্ধিং মনসি বিতৃষ্ণাম্।
যল্লভসে নিজকর্ম্মোপাত্তং বিত্তং তেন বিনোদয় চিত্তম্ ॥ ১ ॥

**অনুবাদ**।—হে মূঢ় ! তুমি অধিক ধনলাভের আশা পরিত্যাগ পূর্ব্বক সূক্ষ্মবুদ্ধি দ্বারা সদসদ্‌বিবেচনা করিয়া মনের প্রতি বিরক্ত হও, এবং আপন কর্ম্মানুসারে যে ধন তুমি প্রাপ্ত হইবে, তাহাতে চিত্ত সন্তুষ্ট কর ॥ ১ ॥

অর্থমনর্থং ভাবয় নিত্যং, নাস্তি ততঃ সুখলেশঃ সত্যম্।
পুত্রাদপি ধনভাজাং ভীতিঃ, সর্ব্বত্রৈষা বিহিতা নীতিঃ ॥ ২ ॥

**অনুবাদ**।—এই জগতে যত অর্থ আছে, সকলই অনর্থের কারণ বলিয়া জ্ঞান কর। এই অর্থ দ্বারা কিঞ্চিন্মাত্রও সুখ হইতে পারে না, পরন্তু সর্ব্বত্রই প্রসিদ্ধি আছে যে, যাঁহারা ধনশালী, আপন পুত্র হইতেও তাঁহাদিগের (প্রাণের) ভয় হয় ॥২॥

কা তে কান্তা কস্তে পুত্রঃ, সংসারোঽয়মতীব বিচিত্রঃ।
কস্য ত্বং বা কুত আয়াতস্তত্ত্বং চিন্তয় তদিদং ভ্রাতঃ ॥ ৩ ॥

**অনুবাদ**।—হে ভ্রাতঃ! এই সংসার বড়ই বিচিত্র ; ভাই, যথার্থ চিন্তা

করিয়া দেখ দেখি, তোমার কান্তা কে, তোমার পুত্র কে এবং তুমিই বা কাহার ও কোথা হইতে আসিয়াছ ? ৩ ॥

মা কুরু ধনজনযৌবনগর্ব্বং, হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বম্ ।
মায়াময়মিদমখিলং হিত্বা, ব্রহ্মপদং প্রবিশাশু বিদিত্বা ॥ ৪ ॥

**অনুবাদ** ।—হে ভ্রাতঃ ! ধন, জন ও যৌবনের গর্ব্ব করিও না, (জগদন্তকারী) কাল নিমেষমধ্যেই সকল হরণ করিতে পারে। আর এই অখিল ব্রহ্মাণ্ডই মায়াময়, সুতরাং এই অনিত্য সংসার পরিত্যাগ করিয়া জ্ঞানার্জ্জন পূর্ব্বক শীঘ্র ব্রহ্মপদে প্রবেশ কর ॥ ৪ ॥

কামং ক্রোধং লোভং মোহং, ত্যক্ত্বাত্মানং ভাবয় কোঽহম্ ।
আত্মজ্ঞানবিহীনা মূঢ়াস্তে পচ্যন্তে নরক-নিগূঢ়াঃ ॥ ৫ ॥

**অনুবাদ** ।—কাম, ক্রোধ, লোভ ও মোহ এই সকল পরিত্যাগ করিয়া আমি কে, এই আত্মতত্ত্ব চিন্তা কর। (কারণ) যাহারা আত্মতত্ত্ব-পরিজ্ঞানে পরাঙ্মুখ, তাহারা নরকমগ্ন হইয়া পচিতে থাকে ॥ ৫ ॥

সুরবরমন্দিরতরুতলবাসঃ * শয্যা ভূতলমজিনং বাসঃ ।
সর্ব্বপরিগ্রহভোগত্যাগঃ, কস্য সুখং ন করোতি বিরাগঃ ॥৬॥

**অনুবাদ** ।—দেবালয়-সন্নিহিত বৃক্ষতলে বাস, ভূমিশয্যা, চর্ম্মপরিধান, এইরূপে, গৃহ, শয্যা, পট্টবাসাদি সর্ব্ববিধ বিষয়ভোগ-ত্যাগ হেতু বৈরাগ্য কাহার সুখ সম্পাদন করে না ? ৬ ॥

শত্রৌ মিত্রে পুত্রে বন্ধৌ, মা কুরু যত্নং বিগ্রহসন্ধৌ ।
ভব সমচিত্তঃ সর্ব্বত্র ত্বং, বাঞ্ছস্যচিরাদ্‌যদি বিষ্ণুত্বম্ ॥ ৭ ॥

**অনুবাদ** ।—যদি তোমার অচিরকালমধ্যে বিষ্ণুত্ব-প্রাপ্তির অভিলাষ থাকে, তাহা হইলে শত্রু, মিত্র, পুত্র ও বন্ধু, যুদ্ধ বা সন্ধি কিছুতেই আসক্তি রাখিও না, সর্ব্বত্র সমদর্শী হও ॥ ৭ ॥

ত্বয়ি ময়ি চান্যত্রৈকো বিষ্ণুর্ব্ব্যর্থং কুপ্যসি ময্যসহিষ্ণুঃ ।
সর্ব্বস্মিন্নপি পশ্যাত্মানং, সর্ব্বত্রোৎসৃজ ভেদজ্ঞানম্ ॥ ৮ ॥

**অনুবাদ** ।—তোমাতে, আমাতে ও অন্যান্য ব্যক্তিতে একই বিষ্ণু

---

* 'সুরমন্দির-তরুতলনিবাসঃ' পাঠান্তর।

বিগ্যমান আছেন, তবে তুমি আমার প্রতি অসহিষ্ণু হইয়া বৃথা কোপ করিতেছ কেন? (নিজের উপর কেহ কোপ কি করে?) তুমি সর্ব্বত্রই আত্মজ্ঞান কর এবং সর্ব্বত্রই ভেদজ্ঞান পরিত্যাগ কর ॥ ৮ ॥

প্রাণায়ামং প্রত্যাহারং, নিত্যানিত্যবিবেকবিচারম্।
জাপ্যসমানসমাধিবিধানং কুর্ব্ববধানং মহদবধানম্ ॥ ৯ ॥

**অনুবাদ।**—প্রাণায়াম, প্রত্যাহার, কোন্ বস্তু নিত্য এবং কি অনিত্য বিবেচনা পূর্ব্বক ইহার বিচার এবং জপসহ সমাধি অনুষ্ঠান কর, অর্থাৎ ব্রহ্মে একনিষ্ঠ সমাধি ধারণকে রক্ষা কর। (অব—রক্ষ, ধানং—ধারণম্) ॥ ৯ ॥

নলিনীদলগতসলিলং তরলং, তদ্বজ্জীবিতমতিশয়চপলম্।
বিদ্ধি ব্যাধ্যভিমানগ্রস্তং, লোকং শোকহতঞ্চ সমস্তম্ ॥ ১০ ॥

**অনুবাদ।**—জানিবে, যেমন পদ্মপত্রস্থিত জল চঞ্চল, তোমার জীবনও সেইরূপ চঞ্চল অর্থাৎ পদ্মপত্রগত জল যেমন অল্পকারণেই পতিত হইতে পারে, সেইরূপ তোমার জীবনও অতি সহজে বিনষ্ট হইতে পারে। আর এই সকল লোকই ব্যাধি ও অভিমানগ্রস্ত এবং শোকাভিভূত ; (অতএব অবিলম্বে এমন কার্য্য কর, অনিত্য জীবন, ব্যাধি ও অভিমান এবং শোক কিছুই তোমাকে ব্যথিত করিতে পারিবে না) ॥ ১০ ॥

কা তেঽষ্টাদশদেশে চিন্তা, বাতুল তব কিং নাস্তি নিয়ন্তা।
যস্ত্বাং হস্তে সুদৃঢ়নিবদ্ধং, বোধয়তি প্রভবাদি বিরুদ্ধম্ ॥ ১১ ॥

**অনুবাদ।**—অষ্টাদশ দ্বীপে চিন্তা তোমার কেন? ওহে বাতুল, তোমার কি কেহ নিয়ন্তা নাই? যে তোমাকে বুঝাইতে পারে, তোমার হস্ত দৃঢ়বদ্ধ, সামর্থ্য প্রকাশাদি তোমার পক্ষে বিরুদ্ধ অর্থাৎ বিপরীত কর্ম্ম। (তোমার ইচ্ছায় কর্ম্মই হয় না) ॥ ১১ ॥

গুরুচরণাম্বুজনির্ভরভক্তঃ, সংসারাদচিরাদ্ভব মুক্তঃ।
ইন্দ্রিয়মানসনিয়মাদেবং দ্রক্ষ্যসি নিজহৃদয়স্থং দেবম্ ॥ ১২ ॥

**অনুবাদ।**—শ্রীগুরুচরণাম্বুজে দৃঢ় ভক্ত হইয়া তুমি অচিরে সংসার হইতে মুক্ত হও, কারণ, এই প্রকারে (গুরুভক্তিবলেই) ইন্দ্রিয় ও মনকে সংযত করার ফলে নিজ হৃদয়স্থিত দেবকে—স্বপ্রকাশ আত্মাকে দর্শন করিতে পারিবে ॥ ১২ ॥

দ্বাদশপঞ্জরিকাময় এষঃ, শিষ্যাণাং কথিতো হ্যুপদেশঃ।
যেষাং চিত্তং নৈতি বিবেকং, তে পচ্যন্তে নরকমনেকম্ ॥১৩॥

ইতি দ্বাদশপঞ্জরিকা সম্পূর্ণা।

**অনুবাদ।**—দ্বাদশপঞ্জরিকাময় এই উপদেশ শিষ্যদিগকে প্রদান করিলাম, যাহাদের চিত্ত ইহাতেও বিবেকযুক্ত হইবে না, তাহাদের বিবেকশক্তি নাই, তাহারা নানা প্রকার নরক প্রাপ্ত হইয়া পচিতে থাকিবে ॥ ১৩ ॥

দ্বাদশপঞ্জরিকা সম্পূর্ণ।

# চর্পটপঞ্জরিকা।

দিনমপি রজনী সায়ং প্রাতঃ, শিশিরবসন্তৌ পুনরায়াতঃ।
কালঃ ক্রীড়তি গচ্ছত্যায়ুস্তদপি ন মুঞ্চত্যাশাবায়ুঃ ॥ ১ ॥
ভজ গোবিন্দং ভজ গোবিন্দং ভজ গোবিন্দং ননু মূঢ়মতে।
প্রাপ্তে সন্নিধিমথ তে মরণে, নহি নহি রক্ষতি স ডুকৃঞ্‌করণে ।*
(ধ্রুবপদম্)

**অনুবাদ।**—দিন, রজনী, সায়ংকাল, প্রাতঃসময়, শিশির ও বসন্ত-ঋতু এই সকলই পুনঃ পুনঃ যাতায়াত করিতেছে, কাল ক্রীড়া করিতেছে, আয়ুঃ ক্ষয় পাইতেছে, তথাপি আশাবায়ু তোমাকে পরিত্যাগ করিতেছে না ॥ ১ ॥

হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর, গোবিন্দের ভজনা কর, গোবিন্দের ভজনা কর। (কারণ) অতঃপর তোমার মৃত্যুকাল উপস্থিত হইলে (ব্যাকরণ পাঠের সময়ে, তোমার পুনঃ পুনঃ সেবিত) সেই ডুকৃঞ্‌করণে তোমাকে রক্ষা করিতে পারিবে না ॥ ধ্রু ॥

---

* 'ভজ গোবিন্দং ভজ গোবিন্দং ভজ গোবিন্দং মূঢ়মতে। প্রাপ্তে সন্নিহিতে মরণে নহি নহি রক্ষতি ডুকৃঞ্‌করণে।' ইহা প্রচলিত পাঠ, কিন্তু ছন্দোভঙ্গাদিদুষ্ট। 'ডুকৃঞ্‌একরণে'. এইরূপ পাঠ স্বীকার করিলে ঐ চরণে ছন্দোদোষ নষ্ট হয় বটে, কিন্তু অশুদ্ধ উচ্চারণের সোপহাস অনুকরণ বলিতে হয়।

অগ্রে বহ্নিঃ পৃষ্ঠে ভানু রাত্রৌ চিবুকসমর্পিতজানুঃ।
করতলভিক্ষস্তরুতলবাস- * স্তদপি ন মুঞ্চত্যাশাপাশঃ ॥ ২ ॥
ভজ গোবিন্দং—ইত্যাদি।

**অনুবাদ।**—হে মূঢ়মতে! (তোমার শীতনিবারক বস্ত্রাদির অভাবে) তুমি সম্মুখে অগ্নি এবং পৃষ্ঠে রৌদ্র লইয়া দিনপাত করিয়া থাক, রজনীযোগে চিবুকে জানু বিন্যস্ত করিয়া থাক, (তোমার ভিক্ষাপাত্র নাই) করতলে ভিক্ষা গ্রহণ কর, (তোমার বাসগৃহ নাই) তরুতলে অবস্থান কর, তথাপি তোমার আশাপাশ (তোমাকে) পরিত্যাগ করিতেছে না, অতএব গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ২ ॥

যাবদ্বিত্তোপার্জ্জনশক্তস্তাবন্নিজপরিবারো রক্তঃ।
তদনু চ জরয়া জর্জ্জরদেহে, বার্ত্তাং পৃচ্ছতি কোঽপি ন গেহে॥৩॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—হে মূঢ়মতে! যাবৎ তোমার বিত্তোপার্জ্জনে শক্তি থাকিবে, তাবৎ তোমার পরিবারবর্গ অনুগত রহিবে, পরে তোমার দেহ জরায় জর্জ্জরীভূত হইলে (ধনোপার্জ্জনের ক্ষমতা নষ্ট হইলে) তোমার গৃহে কেহই একটি কথাও জিজ্ঞাসা করিবে না। অতএব (ঐরূপ পরিবারবর্গের আশায় বৃথা সময়ক্ষেপ না করিয়া) গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৩ ॥

জটিলো মুণ্ডী লুঞ্চিতকেশঃ, কাষায়াম্বরবহুকৃতবেশঃ।
পশ্যন্নপি ন চ পশ্যতি মূঢ়, উদরনিমিত্তং বহুধাগূঢ়ঃ ॥ ৪ ॥ †
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—জটাধারী, মুণ্ডিতমুণ্ড, উৎপাটিত-কুন্তল ‡ রঙীন বস্ত্রের বিবিধ বেশধারী যেই হউক, মোহবশতঃ (ইহা দেখিয়াও দেখিতেছে না) উদরের জন্য বহু প্রকারে আত্মপ্রচ্ছাদন করিতে হইতেছে। মূঢ় মানব! অতএব গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৪ ॥

---

* 'করতলভিক্ষা তরুতলবাসঃ' পাঠান্তর।

† 'বহুকৃতবেষঃ' পাঠান্তর।

‡ পূর্ব্বকালে ইহারা 'কেশোল্লুঞ্চক' নামে প্রসিদ্ধ ছিল। এই সম্প্রদায়ের লোকে নিজ উৎপাটিত কেশ দ্বারা কম্বল প্রস্তুত করিয়া তাহাই ব্যবহার করিত।

ভগবদ্গীতা কিঞ্চিদধীতা, গঙ্গাজললবকণিকা পীতা।
সকৃদপি যস্য মুরারিসমর্চ্চা, তস্য যমঃ কুরুতে নহি চর্চ্চাঃ ॥৫॥ *
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ**।—যে ব্যক্তি ভগবদ্গীতার কিয়দংশ অধ্যয়ন করিয়াছে, যে ব্যক্তি কণিকামাত্র গঙ্গাজল পান করিয়াছে, কিংবা একবারমাত্র মুরারির অর্চ্চনা করিয়াছে, তাহার যত চর্চ্চাই (তৎসম্বন্ধে সমালোচনা) থাক না যেন, যম তাহা করিতে পারে না; অর্থাৎ সে ব্যক্তি যমের অধিকার-বহির্ভূত, যম তাহার কিছুই করিতে পারে না; অতএব হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৫ ॥

অঙ্গং গলিতং পলিতং মুণ্ডং, দশনবিহীনং জাতং তুণ্ডম্।
বৃদ্ধো যাতি গৃহীত্বা দণ্ডং, তদপি ন মুঞ্চত্যাশা পিণ্ডম্ ॥ ৬ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ**।—বৃদ্ধকালে অঙ্গসকল শিথিল হইয়া যায়, মস্তকের কেশগুলি শুভ্রবর্ণ হয়, মুখ দন্তহীন হয় এবং দণ্ড ধরিয়া গমন করিতে হয়, তথাপি আশা তাহার দেহপিণ্ড ত্যাগ করে না, দেহ লইয়া চিরতরে আশা পোষণ করে। (কিন্তু এ দেহ যাইবেই। আশা মিটিবে না। কাজেই দুঃখও রহিয়া যাইবে, অতএব বৃথা আশা ছাড়িয়া) হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৬ ॥

বালস্তাবৎ ক্রীড়াসক্তস্তরুণস্তাবত্তরুণীরক্তঃ।
বৃদ্ধস্তাবচ্চিন্তামগ্নঃ, পরমে ব্রহ্মণি কোঽপি ন লগ্নঃ ॥ ৭ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ**।—যাবৎ বাল্যকাল থাকে, তাবৎ ক্রীড়া-কৌতুকে আসক্ত হয়, পরে যৌবনকাল উপস্থিত হইলে যুবতীর প্রেমে অনুরক্ত থাকে, অবশেষে বৃদ্ধকাল সমাগত হইলে নানাপ্রকার চিন্তায় নিমগ্ন হয়, কিন্তু কেহই পরমব্রহ্মচিন্তনে অনুরক্ত হয় না; (অতএব) হে মূঢ়মতে! তুমি (এই সময়ে) গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৭ ॥

---

* 'যেন মুরারিসমর্চ্চা ক্রিয়তে তস্য যমেন ন চর্চ্চা' পাঠান্তর।

পুনরপি জননং পুনরপি মরণং, পুনরপি জননীজঠরে শয়নম্ ।
ইহ সংসারে খলু দুস্তারে, কৃপয়াপারে পাহি মুরারে ॥ ৮ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি ।

**অনুবাদ।**—( মরণের পর ) পুনরায় জন্ম, পুনরায় মরণ ও পুনরায় জননীজঠরে বাস। অতএব এই দুস্তর সংসার পার হইতে কাহারও সাধ্য নাই। হে মুরারে! তুমি কৃপা করিয়া উদ্ধার কর। ( অতএব ) হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৮ ॥

পুনরপি রজনী পুনরপি দিবসঃ, পুনরপি পক্ষঃ পুনরপি মাসঃ ।
পুনরপ্যয়নং পুনরপি বর্ষং, তদপি ন মুঞ্চত্যাশামর্ষম্ ॥ ৯ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি ।

**অনুবাদ।**—পুনর্ব্বার রজনী, পুনর্ব্বার দিন, পুনর্ব্বার পক্ষ, পুনর্ব্বার মাস, পুনর্ব্বার অয়ন ( উত্তরায়ণ বা দক্ষিণায়ন ) ছয় মাস, পুনর্ব্বার বর্ষ ছাড়িয়া চলিয়াছে, তথাপি আশা ও ক্রোধ (জীবকে) ছাড়ে না। ( আশা চ অমর্ষশ্চ সমাহারদ্বন্দ্ব ) অর্থাৎ আশা ও আশা-ব্যাঘাতে ক্রোধ সমানই আছে। অথবা 'আশা মর্ষম্' দুইটি পদ, মর্ষ শব্দের অর্থ সহন,—আশা তাহার সহিষ্ণুতা ছাড়িতেছে না, যতই কাল অতীত হউক, আশা—সহিয়া আছে। ( এইরূপ আশাপাশে বদ্ধ থাকিলে কোন কালেও ক্লেশের নিবৃত্তি হইবে না ) অতএব হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ৯ ॥

বয়সি গতে কঃ কামবিকারঃ, শুষ্কে নীরে কঃ কাসারঃ ।
নষ্টে দ্রব্যে * কঃ পরিবারো, জ্ঞাতে তত্ত্বে কঃ সংসারঃ ॥ ১০ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি ।

**অনুবাদ।**—বার্দ্ধক্য হইলে যেমন কামানুরাগ থাকে না, জল শুষ্ক হইলে যেমন সরোবর থাকে না, ধনাভাব হইলে যেমন পোষ্য পরিবার থাকে না, সেইরূপ ব্রহ্মবিজ্ঞান হইলে সংসারও থাকে না। ( একমাত্র গোবিন্দের আরাধনাই ব্রহ্মতত্ত্ব-পরিজ্ঞানের কারণ, অতএব ) হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥১০॥

* 'নষ্টে বিত্তে' পাঠান্তরম্।

নারী-স্তন-ভর-নাভি-নিবেশং, দৃষ্ট্বা মাগা * মোহাবেশম্।
এতন্মাংসবসাদিবিকারং, মনসি বিচারয় বারংবারম্ ॥ ১১ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—নারীগণের স্তনমণ্ডল ও নাভিসন্নিবেশ দর্শন করিয়া মোহে অভিভূত হইও না। উহা মাংস ও বসার বিকারমাত্রই ; ইহা বারংবার মনে বিচার করিয়া দেখিবে। (ফলে সকল মোহমুক্তির মূল গোবিন্দ-ভজনা, তাই বলি,) গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১১ ॥

কস্ত্বং কোঽহং কুত আয়াতঃ, কা মে জননী কো মে তাতঃ।
ইতি পরিভাবয় সর্ব্বমসারং, বিশ্বং ত্যক্ত্বা স্বপ্নবিচারম্ ॥ ১২ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—তুমি কে? আমি কে? কোথা হইতে আসিয়াছ? আমার জননী কে? পিতা কে? এই প্রকারে সমস্তই যে অসার, তাহা চিন্তা কর ও বিচারে যাহা স্বপ্ন তুল্য, সেই বিশ্ব ছাড়িয়া হে মূঢ়মতে! গোবিন্দের ভজনা কর ইত্যাদি॥১২॥

গেয়ং গীতানামসহস্রং, ধ্যেয়ং শ্রীপতিরূপমজস্রম্।
নেয়ং সজ্জনসঙ্গে চিত্তং, দেয়ং দীনজনায় চ বিত্তম্ ॥ ১৩ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—গীতা ও নারায়ণের সহস্র-নাম গান করিবে, অনবরত শ্রীপতির রূপ ধ্যান করিবে, সজ্জনসঙ্গে মনোনিবেশ করিবে এবং দীনজনকে ধনদান করিবে। হে মূঢ়মতে! এইরূপে গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১৩ ॥

কা তে কান্তা-ধন-গত-চিন্তা বাতুল! কিং তে নাস্তি নিয়ন্তা।
ত্রিজগতি সজ্জনসঙ্গতিরেকা ভবতি ভবার্ণবতরণে নৌকা ॥১৪॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—রে বাতুল! স্ত্রী ও ধনবিষয়ে তোমার চিন্তা কি? তোমার কি কেহ নিয়ন্তা নাই, (নিয়ন্তা থাকিলে এই বিষয়ে চিন্তা করিতে নিষেধ করিতেন।) জগতে সজ্জনসঙ্গই সংসার-সাগর পারের একমাত্র নৌকা, বিষয়চিন্তায় সংসারপার হওয়া যায় না ; অতএব গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১৪ ॥

* 'মিথ্যা মায়া' ইতি পুরাতন পাঠ

যাবজ্জীবো নিবসতি দেহে, তাবৎ কুশলং পৃচ্ছতি গেহে।
গতবতি বায়ৌ দেহাপায়ে, ভার্য্যা বিভ্যতি তস্মিন্ কায়ে ॥১৫॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ**।—যাবৎ দেহে জীব বিদ্যমান থাকে, তাবৎ সকলেই গৃহে আসিয়া কুশল জিজ্ঞাসা করে, পরে প্রাণবায়ু বহির্গত হইয়া গেলে দেহ হইতে যখন জীব অপসৃত হয়েন, তখন ভার্য্যারাও সেই দেহ দেখিয়া ভীত হয়; অতএব দৈহিক বিষয় ভজনা ছাড়িয়া গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১৫ ॥

সুখতঃ ক্রিয়তে রামাভোগঃ, পশ্চাদ্ধন্ত শরীরে রোগঃ।
যদ্যপি লোকে মরণং শরণং, তদপি ন মুঞ্চতি পাপাচরণম্ ॥১৬॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ**।—মানবগণ সুখলালসায় যুবতী-সম্ভোগ করে, হায়! পরে দেহ রোগাভিভূত হইয়া পড়ে। যদি চ (একমাত্র) মরণই (সেই দৈহিক রোগ হইতে) রক্ষা করে, তথাপি লোকে পাপাচরণ পরিত্যাগ করিতেছে না। হে মূঢ়মতে! অর্থাৎ মরণের পর যে আবার জন্ম, জন্ম হইতেই নানা দুঃখ, এ জ্ঞান তাহার নাই,—তাহা বুঝিয়া বিষয়ভোগের পরিবর্ত্তে গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১৬ ॥

রথ্যা কর্পটবিরচিতকন্থঃ পুণ্যাপুণ্য-বিবর্জ্জিত-পান্থঃ।
যোগী যোগনিযোজিতচিত্তঃ রমতে যদ্বদ্বালোন্মত্তঃ * ॥ ১৭ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ**।—রথ্যা-পতিত চীরখণ্ডের কন্থাধারী পাপপুণ্যবর্জ্জিত পথের পথিক যোগী, যোগে সমাহিতচিত্ত হইয়া বালক ও উন্মত্তের ন্যায় (আত্মভাবেই) রত থাকে, (সেই যোগলাভের জন্য) গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১৭ ॥

* নাহং ন ত্বং নায়ং লোকস্তদপি কিমর্থং ক্রিয়তে শোকঃ ইতি পাঠান্তর। 'রমতে বালোন্মত্তবদেব' ইহা শেষ চরণের পাঠান্তর।

কুরুতে গঙ্গাসাগরগমনং ব্রতপরিপালনমথবা দানম্‌।
জ্ঞানবিহীনঃ সপুনরনেন ব্রজতি ন মুক্তিং * জন্মশতেন ॥১৮॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

**অনুবাদ।**—(মানব) গঙ্গাসাগরে গমন করিতেছে, ব্রত করিতেছে অথবা দান করিতেছে, কিন্তু জ্ঞানহীন হইলে এ সকল দ্বারা শতজন্মেও সে মুক্তিলাভ করিবে না। (অতএব জ্ঞানলাভের জন্য) গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥১৮॥

যোগরতো বা ভোগরতো বা সঙ্গরতো বাঽসঙ্গরতো বা †।
যস্য ব্রহ্মণি রমতে চিত্তং পশ্যন্নন্দত্যেব জগত্তম্‌ ‡ ॥ ১৯ ॥
ভজ গোবিন্দং ইত্যাদি।

ইতি চর্পটপঞ্জরিকা সম্পূর্ণা।

**অনুবাদ।**—যাঁহার চিত্ত ব্রহ্মরত, তিনি যোগী হউন, ভোগী হউন, জনসঙ্গী হউন বা নিঃসঙ্গ হউন, তাঁহার দর্শন পাইলেই জগৎ (কেবল বোদ্ধা মানব নহে, কীট পতঙ্গ পর্য্যন্ত) আনন্দমগ্ন হইবে (সেই ব্রহ্মরতি লাভের জন্য) গোবিন্দের ভজনা কর ইত্যাদি ॥ ১৯ ॥

ইতি চর্পটপঞ্জরিকা সম্পূর্ণ।

---

# সাধন-পঞ্চক বা উপদেশ-পঞ্চক।

বেদো নিত্যমধীয়তাং তদুদিতং কর্ম্ম স্বনুষ্ঠীয়তাং,
তেনেশস্য বিধীয়তামপচিতিঃ কামে ¶ মতিস্ত্যজ্যতাম্‌।
পাপৌঘঃ পরিধূয়তাং ভবসুখে দোষোঽনুসন্ধীয়তা-
মাত্মেচ্ছা ব্যবসীয়তাং নিজগৃহাত্তূর্ণং বিনির্গম্যতাম্‌ ॥ ১ ॥

**অনুবাদ।**—নিত্য বেদাধ্যয়ন কর, বেদবিহিত কর্ম্মসকল সুচারুরূপে অনুষ্ঠান কর, তত্তাবতের দ্বারা পরমেশ্বরের পরিচর্য্যা কর, বিষয়বাসনা পরিত্যাগ কর, কলুষরাশি বিধৌত করিয়া দেও, সংসারসুখের অনিত্যত্বাদিদোষের

---

* 'জ্ঞানবিহীনে সর্ব্বমতেন মুক্তির্ন ভবতি' ইতি। 'জ্ঞানবিহীনে সর্ব্বমতেন মুক্তির্ন ভবতি' ইতি এবং 'জ্ঞানবিহীনঃ সর্ব্বমতেন ভজতি ন মুক্তিং' ইতি পাঠান্তর।

† 'সঙ্গবিহীনঃ সঙ্গরতো বা' ইতি বাণীবিলাস পাঠ।

‡ 'নন্দতি নন্দতি নন্দত্যেব।' বাণীবিলাস পাঠ। ¶ 'কামো' ইতি পাঠান্তরম্‌।

অনুসন্ধান কর, আত্মজ্ঞানেচ্ছা নিশ্চিতভাবে অবলম্বন কর এবং শীঘ্রই নিজ গৃহ হইতে বিনির্গত হও অর্থাৎ সন্ন্যাস গ্রহণ কর ॥ ১ ॥

সঙ্গঃ সৎসু বিধীয়তাং ভগবতো ভক্তির্দ্দৃঢ়া ধীয়তাং,
শান্ত্যাদিঃ পরিচীয়তাং দৃঢ়তরং কর্ম্মাশু সন্ত্যজ্যতাম্।
সদ্‌বিদ্বানুপভুজ্যতাং * প্রতিদিনং তৎপাদুকা সেব্যতাং,
ব্রহ্মৈকাক্ষরমর্থ্যতাং শ্রুতিশিরোবাক্যং সমাকর্ণ্যতাম্ ॥২॥

**অনুবাদ**।—সাধুসঙ্গ কর, ভগবানের প্রতি অচলা ভক্তি কর ; শম, দম, উপরতি, তিতিক্ষা প্রভৃতির পরিচয় গ্রহণ কর, সংসারপাশরূপ সকাম কর্ম্মসকলকে আশু বিসর্জ্জন দাও ; সদ্‌বিদ্যাবান্ গুরুর উপাসনা কর, প্রত্যহ তৎপাদুকার পরিষেবণ কর, একাক্ষর পরব্রহ্ম-প্রাপ্তির প্রার্থনা কর এবং বেদান্তবাক্য যথাবিধি শ্রবণ কর ॥ ২ ॥

বাক্যার্থশ্চ বিচার্য্যতাং শ্রুতিশিরঃপক্ষঃ সমাশ্রীয়তাং,
দুস্তর্কাৎ সুবিরম্যতাং শ্রুতিমতস্তর্কোঽনুসন্ধীয়তাম্।
ব্রহ্মৈবাস্মি বিভাব্যতামহরহর্গর্ব্বঃ পরিত্যজ্যতাং,
দেহেঽহম্মতিরুজ্ঝ্যতাং বুধজনৈর্ব্বাদঃ পরিত্যজ্যতাম্ ॥ ৩ ॥

**অনুবাদ**।—মহাবাক্যার্থ বিচার কর, বেদান্ত-পক্ষ আশ্রয় কর, কুতর্ক হইতে বিরত হও, শ্রুতিসম্মত তর্কের তত্ত্বানুসন্ধান কর, "আমিই ব্রহ্ম" এইরূপ চিন্তা কর, গর্ব্ব পরিত্যাগ কর, দেহে আত্মবুদ্ধি ত্যাগ কর, এবং পণ্ডিত মহাত্মগণের সহিত বিবাদ বর্জ্জন কর ॥ ৩ ॥

ক্ষুদ্‌ব্যাধিশ্চ চিকিৎস্যতাং প্রতিদিনং ভিক্ষৌষধং ভুজ্যতাং,
স্বাদ্বন্নং ন তু যাচ্যতাং বিধিবশাৎ প্রাপ্তেন সন্তুষ্যতাম্।
শীতোষ্ণাদি বিষহ্যতাং ন তু বৃথাবাক্যং সমুচ্চার্য্যতা-
মৌদাসীন্যমভীপ্স্যতাং জনকৃপানৈষ্ঠুর্য্যমুৎসৃজ্যতাম্ ॥ ৪ ॥

**অনুবাদ**।—ক্ষুধারূপ ব্যাধির চিকিৎসা কর, প্রত্যহ ভিক্ষারূপ ঔষধ সেবন কর, সুস্বাদু অন্নের প্রার্থনা করিও না, বিধিবশে যাহা প্রাপ্ত হইবে, তাহাতেই সন্তুষ্ট হও, শীত-গ্রীষ্ম সুখ-দুঃখ প্রভৃতি সহ্য কর, বৃথা বাক্যকথন

* 'সদ্বিদ্বো হ্যুপসৃপ্যতাম্' পাঠান্তর।

পরিত্যাগ কর, সাংসারিক তাবদ্বিষয়েই ঔদাসীন্যকেই অভীপ্সিত কর এবং লোকের প্রতি সকরুণ ও কঠোর এই উভয় ভাবই পরিহার কর ॥ ৪ ॥

একান্তে সুখমাস্যতাং পরতরে চেতঃ সমাধীয়তাং,
পূর্ণাত্মা সুসমীক্ষ্যতাং জগদিদং তদ্‌বাধিতং দৃশ্যতাম্‌।
প্রাক্‌কর্ম্ম প্রবিলাপ্যতাং * চিতিবলান্নাপ্যুত্তরে † শ্লিষ্যতাং,
প্রারব্ধস্ত্বিহ ভুজ্যতামথ পরব্রহ্মাত্মনা স্থীয়তাম্‌ ॥ ৫ ॥

**অনুবাদ**।—নির্জ্জন প্রদেশে সুখে বাস কর, পরব্রহ্মে চিত্তের সমাধান কর, উত্তমরূপে ও সম্যক্‌প্রকারে পূর্ণাত্মা নিরীক্ষণ কর, জগৎ তাহাতেই উপসংহৃত ইহা দর্শন কর, পূর্ব্বকর্ম্মকে বিলীন কর, জ্ঞানবলে পরবর্ত্তী কর্ম্মে সংশ্লেষ-শূন্য হইবে, প্রারব্ধ কর্ম্ম ভোগ কর, অনন্তর পর-ব্রহ্মস্বরূপে অবস্থিত হও ॥ ৫ ॥

যঃ শ্লোকপঞ্চকমিদং প্রপঠন্‌ ‡ মনুষ্যঃ
সঞ্চিন্তয়ত্যনুদিনং স্থিরতামুপেত্য।
তস্যাশু সংসৃতিদবানলতীব্রঘোর-
তাপঃ প্রশান্তিমুপযাতি চিতিপ্রসাদাৎ ॥ ৬ ॥

সাধনপঞ্চকং সম্পূর্ণম্‌।

**অনুবাদ**।—যিনি প্রতিদিন এই শ্লোক-পঞ্চক উত্তমরূপে পাঠ করত স্থিরচিত্তে ইহার অর্থ-চিন্তন করেন, আত্মতত্ত্বজ্ঞান-প্রসাদে শীঘ্রই তাঁহার সংসাররূপ দাবানলের ঘোর তীব্র তাপ প্রশমিত হইয়া যায় ॥ ৬ ॥

সাধনপঞ্চক সমাপ্ত।

---

সম্পূর্ণ

---

* 'প্রবিলোপ্যতাং' ইতি পাঠান্তর।
† 'পুত্তরঃ' ইতি পাঠান্তর।
‡ 'পঠতে মনুষ্যা' অশুদ্ধ পাঠ দৃষ্ট হয়।